
মানব ও সভ্যতা



Recommended by the West Bengal Board of Secondary Education as a Text book for Class VII. Vide Notification No. T.B. VII/H/81/57, dated 8.1.81

মানব ও সভ্যতা

(মধ্যযুগ)

[সপ্তম শ্রেণীর পাঠ্য]

এইচ. পাল,
শিক্ষক, শেঠবাগান আদর্শ বিদ্যামন্দির
দম্‌দম্‌, কলিকাতা-৩০

চিরঞ্জীব প্রকাশনী
পুস্তক প্রকাশক ও বিক্রেতা
৪২, বেনিয়াটোলা লেন • কলিকাতা-৭০০০০৯

প্রকাশক ঃ
চিত্ত সিংহ রায়
৪২ বেনিয়াটোলা লেন,
কলিকাতা-৭০০ ০০৯

প্রথম প্রকাশ, মে ১৯৮০
সংশোধিত সংস্করণ, জানুয়ারী ১৯৮১
পরিমার্জিত তৃতীয় সংস্করণ, ডিসেম্বর ১৯৮২
সংশোধিত সংস্করণ, জুলাই ১৯৮৪

মূল্য ঃ বার টাকা মাত্র

[ভারত সরকার প্রদত্ত সুলভ মূল্যে প্রাপ্ত কাগজে মুদ্রিত]

মুদ্রক ঃ
শ্রীদীপককুমার ভুঞ্যা
শ্রীদুর্গা প্রিণ্টার্স,
৪/১এ, সনাতন শীল লেন,
কলিকাতা-৭০০ ০১২

WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION
SYLLABUS ON HISTORY

CLASS—VII

HISTORY OF MEDIEVAL CIVILISATIONS

1. Meaning of the term "Medieval" :

(a) From overthrow of the last Roman Emperor in 476 A.D. to the rise of new society, new State, new learning, new economic patterns.

(b) In India—from the end of the Gupta Era (although 'Feudal' relations end started from the 5th century).

(c) The time period in both cases—roughly 5th century to 15th century A.D.

(d) Periodisation is arbitrary because of gradual transition, in some respect the old merging into the middle ages.

(e) Middle ages—not the same period everywhere.

(f) No single pattern. Unequal and varied developements.

2. The Midle Ages in the West :

(a) Advent, pressure of the Huns upon Germanic Tribes —their migration into the Western part of the Roman Empire —fall of the Empire (476 A.D.)—Survival of Roman Law and Roman idea of imperial unity.

(b) A short reference or Alaric, Atilla. Gaeseric.

(c) Social, political and religious life of the migrants, (a brief account only of) their settlements in the imperial territories—mix-up with Roman population. Christian influence upon the settlers.

3. The myth of "dark age'' in Europe.

4th to 7th Century—not 'dark' ; learning was kept alive in monasteries—ecclesiastical concept of right and wrong functioned as a civilising influence.

4. The Byzantine Civilisation :

(a) Constantine finds Constantinople and makes Christianity the official religion of Byzantium.

(b) Justinian's efforts to establish unified empire (without details about wars). Justinian's Law Code, its importance ; patronage of architecture and painting.

(c) Importance of Byzantium as a centre of trade and commerce, preserver of Culture (Literature, Philosophy, Science).

5. Islam and its impact :

(a) The Arabs—land and people : The prohhet and his teachings ; Factors which facilitated the spread of Islam : The Caliphs, the Arab Empire : Cordova ; How Europe reacted to the achievements of Islam ; Arab contributions to culture, arts and sciences, scholarship. Some scholars.

6. Western Europe in Medieval Period (800-1200 A.D. approx.) :

(a) Charlemagne—revival of the Holy Roman Empire (800 A.D.). Importance of Coronation—relation between State and Church,—Court and its patronage of art and literature.

(b) Monasteries—monks and nuns—life centering round monasteries (Bonedictine vows), the role of monasteries in the preservation and dissemination or learning—Cluny (Freeing the Church from corruption, secularisation and feudalisation).

(c) Investiture issue (Reference only).

(d) 11th and 12th centuries : from monasteries and cathedral schools Universities—some famous scholars students and teacher relationship. The growth of studies on Law, Medicine, Theology as well as logic, liberal arts, Literature.

7. Feudalism in Medieval Europe :

(a) Feudalism : Land—the bond between man and man ; The Feudal hierarchy ; private assumption or public authority, the role of the Feudal Castle and mounted horsemen in saving Europe ; Feudalism—a way of life ; Institution of Chivalry—Troubadours.

(b) Manorial System : Manorialism—economic aspects of Feudalism ; Manor—the local unit of Feudal Govt., Manorial Court, Economic conditions : Cultivation by labour of village community ; peasants' heavy toil and heavy revenue—conditions of peasants' life. Heavy dues to Lord and Church in cash or kind. Manorial life in Castles—Three distinct classes—clergy, nobility and the rest—nobility and peasants at opposite poles. Serf—a chattel of the Lord—obligatory service, hereditary serfdom ; Means of escape—joining a holy order, running away to town for shelter, getting employed in business and industry, Revolt.

8. The Crusades : (lst, 3rd, 4th)

Motives—Impact upon society and culture—new towns and trade-centres (Italy in particular), cottage industries separated from agriculture (11th & 12th centuries).

9. Growth of Towns—Role of the Crusades—Guilds in towns—their activities—a short account of life in towns. Town autonomy by royal charter ; origin of the term "Bourgeois".

10. The Far East in the Middle Ages :

(i) China in Medieval period (from early 7th century to 14th Century).

(a) The T' ang period (618—907 A.D.) Re-unification of China and recasting the laws : Education, learning, literature (poetry) : Tea, printing, arts.

Promotion of trade, commerce and agriculture. Buddhism in China. Chinese civilisation spread to Japan, Korea, Annam; China—a model for emulation.

Hiuen Tsang's visit to India and his return—impact.

(b) The Sung period (960-1280)—Important experiments—State control of Commerce, State loan to farmers, property Tax;—Education and Culture.

(c) The Yuan period (1280-1368) : The Mongols : Kublai Khan (Tibetan Buddhism), and the account of Marcopolo.

(ii) Japan in Medieval period :

(a) Society and Feudal economy in early medieval times. Supremacy of Mikado : Close links with China. Resistance of "Great Families". Mikado combined the office of Shinto High priest and absolute sovereign. Yet the growing power of hereditary clan-families and enrichment of Buddhist Orders weakened the central authority. The Shogunate. The Samurai, Japanese Chivalry (Bushido).

11. India in the Middle Ages :

(a) After the Guptas (5th—7th century). Hun incursions from 458 (occupation of Persia, Kabul, North Western India): (historical importance of the Huns).

Break up of the Gupta Empire ; Age of Harshavardhan ; Shrinking of the ideal of imperial unity to only Uttarapothanath : Hiuen Tsang's travels—his account ; Nalanda—main features of the University.

(b) Post-Harshavardhan period (8th to 12th century) : After Harshavardhan—rise of smaller States : The Feudal Clannish principalities of Rajputana ; Pala, Pratihara, Rastrkute contest (reference only)—Inability to establish a united empire ; smaller kingdoms and vassals.

(c) Bengal : Sasanka, life and Society under the Palas and Senas—Religion and learning (Vikramsila and Uddandapur).

(d) South India—The Chalukyas of Badami and Pallavas of Kanchi,—their contributions to art and architecture—Maritime activities of the Cholas.

12. **India's foreign contacts :** By land-Mahayana Buddhism in Central Asia, thence to China (Khotan ruins, Hiuen-Tsang's evidence) ;

Tibet—(Atisa Dipankar).

By Sea—Settlements and cultural influence in South East Asia Subarnabhumi—Yashodharpur and Angkorvat Angkor-thom—Malay, Java—Barobudur.

13. **The Sultans of Delhi (1206 to 1526 A.D.)**

Coming to Turko-Afghans to India (only a brief reference to the motive and manner of their coming) ; Main features of political, Social and economic life ; Mutual influence of Hinduism and Islam ; liberal developments in Arts and Culture, translation of classics, Bhakti Cult (the medieval Saints)—Sri Chaitanya, Nanak and Kabir. Bengal—Social, Cultural and economic conditions in Ilias Shah and Hussain Shah's periods.

Short account of the general administrative system.

14. Towards the end of the Medieval era (14th & 15th centuries)

Fall of Constantinople : its impact on the Renaissance which had already started in the West.

*Features of the Renaissance era—Spirit of enquiry and reasoning, widening of frontiers of knowledge scientific discoveries based on "observed facts", geographical discoveries—its outcome.

*National States—France, England, Portugal, Spain. Struggle for National Freedom (Dutch).

*Expansion of Europe.

*Old Order Vs. New Order—The English revolt.

Topics with asterisks should only be used as reference, as a conclusion to the old era and introduction of a new era.

সূচীপত্র

১ | 'মধ্যযুগ' শব্দের অর্থ

মধ্যযুগের কাল

মানবসভ্যতার ক্রমবিবর্তনের ইতিহাস একটি নিরবচ্ছিন্ন ধারা। এই ধারার প্রথম স্তরের বিবরণ 'প্রাচীন যুগের ইতিহাস' পূর্ববর্তী শ্রেণীতে আলোচিত হইয়াছে। ইহার সময়কাল ছিল সভ্যতার জন্মলগ্ন হইতে মোটামুটিভাবে খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দী পর্যন্ত। দ্বিতীয় স্তর 'মধ্যযুগের ইতিহাস' বর্তমান শ্রেণীর আলোচ্য বিষয়। সময়কাল মোটামুটিভাবে খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দী হইতে পঞ্চদশ শতাব্দী পর্যন্ত। সাধারণতঃ ৪৭৬ খ্রীষ্টাব্দে রোম সাম্রাজ্যের পতন এবং ১৪৫৩ খ্রীষ্টাব্দে তুর্কীদের হাতে কনস্টান্টিনোপলের পতন পর্যন্ত প্রায় হাজার বছরকে ইউরোপে 'মধ্যযুগ' বলা হয়।

এই সময়সীমা নির্ধারণের কতকগুলি যুক্তিসংগত কারণ আছে। উৎপাদন ও বণ্টন-ব্যবস্থা, শাসক ও শাসিতের মধ্যে সম্পর্ক এবং সমাজ সংগঠনের প্রকার-ভেদ অনুসারে এক-একটি যুগ নির্ধারিত হয়। প্রাচীন যুগের উৎপাদন ও বণ্টন ব্যবস্থা, শাসক ও শাসিত শ্রেণীর সম্পর্ক এবং সমাজ-সংগঠনের বিভিন্ন দিকের সহিত মধ্যযুগের উৎপাদন ও বণ্টন-ব্যবস্থা, শাসক ও শাসিতের সম্পর্ক ও সমাজ-সংগঠনের বিভিন্ন দিকের গুরুত্বপূর্ণ পার্থক্য রহিয়াছে; আবার ঐ সকল বিষয়ে মধ্যযুগের সহিত বর্তমান যুগের পার্থক্য বিরাট। কাজেই কোন যুগকে বুঝিতে হইলে সেই যুগের বৈশিষ্ট্যগুলি অনুধাবন করিতে হয়।

মধ্যযুগের বিশেষত্ব

রোম সাম্রাজ্যের পতনের ফলে সাধারণভাবে মধ্যযুগের প্রথমাবস্থায় কেন্দ্রীয় রাজশক্তি ছিল অত্যন্ত দুর্বল। রাজ্যে ছিল আইন-শৃংখলার অভাব। তাহা ছাড়া সমাজ-জীবন ছিল শিক্ষার অভাবে কুসংস্কারে নিমজ্জিত।

মধ্যযুগের দ্বিতীয় বৈশিষ্ট্য হিসাবে উল্লেখ করা যায় ধর্মীয় প্রতিষ্ঠান ও যাজক শ্রেণীর প্রাধান্য। এই যুগে ইউরোপে খ্রীষ্টান ধর্ম-সংস্থা বা চার্চের প্রাধান্য এবং মধ্যপ্রাচ্যে, মধ্য-এশিয়ায় ও অন্যান্য স্থানে ইসলামের অভ্যুত্থান ও প্রাধান্যবিস্তার বিশেষভাবে লক্ষণীয়।

মধ্যযুগের তৃতীয় ও প্রধান লক্ষণ হইতেছে সামন্ত প্রথা। প্রকৃতপক্ষে, এই সামন্ত প্রথায় সংগঠিত সমাজ সংগঠনের চিত্রই হইতেছে সমগ্র মধ্যযুগের প্রকৃত ইতিহাস। এইরূপ সমাজ সংগঠনের শীর্ষে ছিলেন রাজা। রাজার অধীনে থাকিত বিভিন্ন শ্রেণীর সামন্ত। সামন্তরা আনুগত্য এবং রাজকর ও যুদ্ধকালে সাহায্যদানের ভিত্তিতে রাজার নিকট হইতে জমি পাইত। সমাজের সাধারণ মানুষ এই জায়গিরদারগণের নিকট হইতে চাষের জমি পাইত বিশেষ শর্তে। বিনা-পারিশ্রমিকে তাহাদের একটা নির্দিষ্ট সময় সামন্তদের জমিতে কাজ করিতে হইত। সামন্তরাই ছিল সাধারণ মানুষের প্রভু। প্রাচীন যুগে কৃষিকর্ম, শিল্পকর্ম, পরিচর্যা প্রভৃতি সকল কাজই ক্রীতদাসদের দ্বারা সম্পন্ন হইত। মধ্যযুগে ক্রীতদাসপ্রথা লোপ পাইয়াছিল এবং ঐ সকল কাজের সমস্তই ভূমিদাসদের দ্বারা সম্পন্ন হইত। ভূমিদাসরা ভূমির সহিত বংশ পরম্পরায় আবদ্ধ থাকিত। তাহাদের পক্ষে ভূমিত্যাগ ছিল নিষিদ্ধ ও দণ্ডনীয়।

এইভাবে অর্থনীতি, রাজনীতি ও সমাজ-ব্যবস্থায় আমূল পরিবর্তন ঘটিয়াছিল। সমাজে নূতন ধরনের রাষ্ট্র, নূতন ধরনের অর্থনীতি ও নূতন ধরনের শিক্ষা-সংস্কৃতি দেখা দিয়াছিল।

ভারতে মধ্যযুগ

ভারতের ক্ষেত্রে এই যুগের সূত্রপাত গুপ্তযুগের শেষভাগে। রোম সাম্রাজ্যের ন্যায় গুপ্ত সাম্রাজ্যও এক সময়ে গৌরবের চরম শীর্ষে আরোহণ করিয়াছিল। কালক্রমে সেখানেও অভ্যন্তরীণ গৃহবিবাদে রাজশক্তি দুর্বল হইয়া পড়ে।

খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীতে রোম সাম্রাজ্যের উপর হূণ জাতির আক্রমণ প্রচণ্ড আঘাত হানিয়াছিল। ভারতেও প্রায় ঐ সময়ে হূণ জাতির আক্রমণ

গুপ্ত সাম্রাজ্যের উপর প্রচণ্ড আঘাত হানিয়াছিল। গুপ্ত সাম্রাজ্য ভাঙিয়া পড়ায় দেশে বহু ক্ষুদ্র ও খণ্ড রাজ্যের উদ্ভব হয় এবং মধ্যযুগীয় সামন্ত-তান্ত্রিক সমাজব্যবস্থার লক্ষণগুলি স্পষ্ট হইতে স্পষ্টতর হইতে থাকে।

ভারতবর্ষেও মধ্যযুগের সময়-সীমাকে ইউরোপের মতোই খ্রীষ্টীয় পঞ্চম হইতে পঞ্চদশ শতাব্দী পর্যন্ত ধরা হয়। কিন্তু ভারতবর্ষে মধ্যযুগ প্রকৃতপক্ষে আরও দীর্ঘতর হইয়াছিল। ভারতবর্ষে আধুনিক যুগের সূচনা মুঘল-যুগের অবসান-কালেই হইয়াছিল।

এইরূপ সময়-সীমা নির্ধারণে ত্রুটি

অবশ্য মধ্যযুগের এই সময়সীমা ঠিক নির্দিষ্ট করিয়া দেওয়া সম্ভব নয়, সঠিকও নয়। সমাজ-সভ্যতায় কোন পরিবর্তন হঠাৎ করিয়া আসে না। আবার সকল দেশে একই সময়ে এই পরিবর্তন আসে না। পরিবর্তনগুলি আসিয়া থাকে খুবই ধীরে ধীরে। অবশেষে নানাবিধ পারিপার্শ্বিক ঘটনার পরিপ্রেক্ষিতে এই পরিবর্তন একটি নূতন স্তরে উন্নীত হয় এবং সামগ্রিকভাবে রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক অবস্থায় মৌলিক বা গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটে। বিষয়টি তখন সকলের নিকট স্পষ্ট হইয়া উঠে এবং নূতন এক যুগের আখ্যা পায়।

আবার সকল দেশে মানবসভ্যতার এই পরিবর্তন একই সংগে সাধিত হইবে এমন কোন কথা নাই। আজিও আফ্রিকার কোন কোন অংশে মধ্যযুগীয় সমাজব্যবস্থা বর্তমান। ভারতবর্ষেও মধ্যযুগীয় সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থার কিছু কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য আজিও রহিয়াছে। প্রকৃতপক্ষে মধ্যযুগের সকল বৈশিষ্ট্য সকল স্থানে এক নহে। ফলে ভিন্ন ভিন্ন স্থানে মধ্যযুগের ধাঁচ ভিন্নরূপ হইতে পারে। ফলে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বিকাশের ধারা বিভিন্ন স্থানে অসম এবং বিভিন্নরূপ হইতে পারে।

ঘটনাপঞ্জী

ইউরোপে মধ্যযুগের সূচনা—৪৭৬ খ্রীষ্টাব্দ

ইউরোপে মধ্যযুগের অবসান—১৪৫৩ খ্রীষ্টাব্দ

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। মধ্যযুগ বলিতে কি বুঝ? মধ্যযুগের প্রধান বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে বর্ণনা কর।

২। ইউরোপে মধ্যযুগের সূচনা ও অবসান কবে হইয়াছিল বলা হয়? ঐ কালকে কি সঠিক বলা যায়?

৩। পৃথিবীর বিভিন্ন স্থানে মধ্যযুগের সূচনা, বিকাশ ও অবসান কি একই সময়ে হইয়াছিল? ঐ সূচনা ও বিকাশের ধাঁচ কি একই রূপ? ভারতবর্ষে মধ্যযুগের সূচনা ও অবসান কবে হইয়াছিল বলা যায়?

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। কোন যুগ নির্ধারণে সময়-সীমা বাঁধিয়া দেওয়ায় অসুবিধা কি?

২। মধ্যযুগে ধর্মীয় প্রতিষ্ঠানগুলির ভূমিকা কিরূপ ছিল?

৩। মধ্যযুগে সাধারণ মানুষের অবস্থা কিরূপ ছিল?

নৈর্ব্যক্তিক প্রশ্ন

নির্ভুল উক্তিটি সহযোগে বাক্য সম্পূর্ণ কর ঃ

১। মধ্যযুগের সূচনা হয় ৪৭৬ খ্রীষ্টাব্দে/৫৭৬ খ্রীষ্টাব্দে।

২। মধ্যযুগের অবসান হয় ১৫৭৩ খ্রীষ্টাব্দে/১৪৫৩ খ্রীষ্টাব্দে।

৩। মধ্যযুগে কেন্দ্রীয় রাজশক্তি ছিল অত্যন্ত সবল/দুর্বল।

৪। মধ্যযুগের সকল বৈশিষ্ট্য বিভিন্ন স্থানে একই প্রকার/বিভিন্ন প্রকার ছিল।

সংক্ষিপ্ত বা মৌখিক প্রশ্ন

১। ইউরোপের মধ্যযুগের সূচনা কত খ্রীষ্টাব্দে হইয়াছিল বলা হয়?

২। ইউরোপের মধ্যযুগের অবসান কত খ্রীষ্টাব্দে হইয়াছিল বলা হয়?

৩। কোন্ বৈদেশিক শত্রুর আক্রমণ রোম সাম্রাজ্য ও গুপ্ত সাম্রাজ্যকে কঠিন আঘাত হানিয়াছিল?

৪। মধ্যযুগের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সংগঠনের প্রধানতম বৈশিষ্ট্য কি ছিল?

২ | পশ্চিম দুনিয়ায় মধ্যযুগের সূচনা

জার্মান উপজাতিসমূহের কথা

উত্তর ইউরোপের রাইন, ডানিয়ুব ও ভিশ্চুলা নদী এবং বাল্টিক ও উত্তর সাগর দ্বারা বেষ্টিত অঞ্চলে জার্মান উপজাতিসমূহ বাস করিত। ইহারাও গ্রীক ও রোমানদের মতোই আর্য জাতির লোক হইলেও রোমানদের নিকট ইহারা ছিল বিদেশী। আর এই বিদেশীদের তাহারা 'বর্বর' নামে অভিহিত করিত। কারণ, রোমানদের মতো ইহারা সভ্য ছিল না। জার্মান উপজাতিগুলি না ছিল যাযাবর, না ছিল কোন অঞ্চলের স্থায়ী অধিবাসী। খাদ্য ও আশ্রয়ের সন্ধানে তাহাদিগকে প্রায়ই বসতি পরিবর্তন করিতে হইত। উপজাতিগুলির মধ্যে জনসংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাইবার ফলেই এই অবস্থার সৃষ্টি হইয়াছিল। তাহা ছাড়া, নানাপ্রকার প্রাকৃতিক দুর্যোগও ছিল। অবশ্য বসতি পরিবর্তনের প্রধানতম কারণ ছিল বংশবৃদ্ধি ও বাসস্থানের অভাব। ইহারা নানা উপজাতিতে বা গোষ্ঠীতে বিভক্ত ছিল, যেমন গথ, ভ্যাণ্ডাল, ফ্রাংক, লম্বার্ড, অ্যাংগল প্রভৃতি। গথ-রা আবার ভিসি-গথ (পশ্চিমী গথ) ও অস্ট্রো-গথ (পূর্বী গথ) নামে দুই প্রধান উপজাতিতে বিভক্ত ছিল।


শক্তিশালী উপজাতিগুলি দুর্বলদের বিতাড়িত করিয়া তাহাদের বসতিগুলি অধিকার করিয়া লইত। তাই বাধ্য হইয়াই বিতাড়িত উপজাতিগুলি ধীরে ধীরে রোম সাম্রাজ্যের দিকে অগ্রসর হইত এবং মাঝে মাঝে রোম সাম্রাজ্যের সীমানায় হানা দিতে শুরু করিয়াছিল। শান্তিপূর্ণ-ভাবে তাহারা কিছু কিছু সংখ্যায় রোম সাম্রাজ্যে প্রবেশও করিয়াছিল। কিন্তু অবস্থার ক্রমপরিবর্তন আসিল। মধ্যএশিয়ার দুর্ধর্ষ যাযাবর হূণগণ ইউরোপে প্রবেশ করিয়া সমস্ত ছারখার করিয়া দিতে শুরু করিল। হূণদের প্রবলচাপে জার্মান উপজাতিগুলি রোম সাম্রাজ্যের মধ্যে প্রবেশ

করিতে বাধ্য হইল। ফলে, রোমানদের সহিত জার্মান উপজাতিগুলির সংঘর্ষ অনিবার্য হইয়া উঠিল।

হূণদের কথা

হূণগণ ছিল মধ্যএশিয়ার এক দুর্ধর্ষ হিংস্র যাযাবর জাতি। তাহাদের না ছিল ঘরবাড়ি, না ছিল চাষবাস। ঘোড়াই ছিল তাহাদের প্রধান অবলম্বন। যখন যেদিকে তাহাদের খেয়াল চাপিত, সেই দিকেই তাহারা ঘোড়া ছুটাইয়া দিত। তাহারা যেমন ছিল বলিষ্ঠ, তেমনই ছিল কুৎসিত-দর্শন। মাথায় ছিল কাল লম্বা চুল; গায়ের রং হলদে, আর নাক ছিল এমনই চেপটা যে দুইটি ছিদ্র ছাড়া নাকের আর কিছুই বুঝা যাইত না। ঘোড়ার পিঠেই একরকম ছিল তাহাদের ঘর-সংসার; দিনরাত্র ঘোড়ায় চড়িয়া তাহারা যুদ্ধ করিতে পারিত। তাহাদের হাট-বাজার এবং মন্ত্রণা সভা প্রভৃতি চলিত ঘোড়ার পিঠে চড়িয়াই। ঘোড়ার জিনের তলায় তাহারা কাঁচা মাংসের তাল রাখিয়া দিত। শরীরের উত্তাপে সেই মাংস নরম হইয়া আসিলে তাহারা উহা পরম তৃপ্তি সহকারে খাইত। চামড়া ছিল তাহাদের প্রধান পরিধেয়; কিন্তু একবার যে-চামড়া তাহারা গায়ে চাপাইত, তাহা পচিয়া আপনা হইতে খসিয়া না পড়া পর্যন্ত দেহ হইতে নামাইত না। বর্শা, তলোয়ার, তীর, টাঙি—এই ছিল তাহাদের প্রধান অস্ত্র। আবার যুদ্ধ করিবার সময় তাহারা শত্রুদের উপর জাল ছুঁড়িয়া দিত, যাহাতে শত্রুরা পলাইতে বা অস্ত্রচালনা করিতে না পারে।

এই দুর্ধর্ষ বর্বর হূণরা চীনদেশের উপর প্রায়ই হানা দিত। কিন্তু চীনের হান্-বংশীয় সম্রাটরা শক্তিশালী হইয়া উঠিলে হূণরা আর চীনদেশে হানা দিতে পারে না। ফলে দক্ষিণে ও দক্ষিণ-পশ্চিমে ধ্বংসের ও অত্যাচারের তান্ডবলীলা ক্রমাগত অগ্রসর হইতে থাকে। খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীতে ইহারা রোম সাম্রাজ্যের উত্তরে গিয়া উপস্থিত হয় এবং এক বিভীষিকার সৃষ্টি করে। ইহাদের চাপে জার্মান উপজাতিগুলি ক্রমে দক্ষিণে অগ্রসর হইয়া রোম সাম্রাজ্যে প্রবেশ করিতে থাকে। জার্মান উপজাতিগুলির মধ্যে ভিসি-গথরাই ছিল এ বিষয়ে অগ্রণী।




রোমান সাম্রাজ্যে জার্মান জাতির অনুপ্রবেশ

এলারিক

ভিসি-গথদের প্রধান নেতা ছিলেন এলারিক। রোম সাম্রাজ্য তখন দুইভাগে বিভক্ত হইয়া পড়িয়াছিল। পূর্বাংশ বাইজাণ্টাইন সাম্রাজ্য এবং পশ্চিমাংশ পশ্চিম-রোম সাম্রাজ্য নামে পরিচিত ছিল। পশ্চিমাংশের রাজধানী ছিল রোম। এলারিক সম্রাট থিয়োডোসিয়াসের মৃত্যুর পর তাঁহার এক পুত্র হনুরিয়াসকে কনস্টান্টিনোপলের সিংহাসনে বসাইয়া রোম সম্রাট বলিয়া ঘোষণা করেন। অন্যপক্ষে ভ্যাণ্ডাল-নেতা স্টিলিকো থিয়োডোসিয়াসের অন্য পুত্র আর্কেডিয়াসকে রোমের সিংহাসনে বসান। স্টিলিকো খুবই শক্তিশালী হইয়া উঠিলে আর্কেডিয়াস তাঁহাকে হত্যা করান। তখন জার্মান উপজাতির লোকেরা এলারিকের অধীনে ঐক্যবদ্ধ হয়। এলারিক রোম আক্রমণ করেন। রোমানরা সন্ধির প্রস্তাব দিতে বাধ্য হয়। সন্ধির বিনিময়ে এলারিক রোমের সমস্ত ধনরত্ন দাবি করেন। এই প্রস্তাবে রোম সম্রাটের প্রতিনিধি বলিয়াছিলেন, "সবকিছুই যদি তোমরা লইয়া যাও, তবে আমাদের কি থাকিবে!" উত্তরে এলারিক বলিয়াছিলেন, "কেন, তোমরা প্রাণে বাঁচিয়া থাকিবে!" প্রচুর ধনরত্ন লইয়া এলারিক দেশে ফিরিয়া যান। কিছুদিনের মধ্যেই রোম সম্রাটের আচরণে এলারিক ক্রুদ্ধ হইয়া পুনরায় রোম আক্রমণ করেন। তিনদিন তিনরাত্রি ধরিয়া ভিসি-গথেরা রোম নগরী লুণ্ঠন করিল। ভিসি-গথরা পূর্বেই খ্রীষ্টধর্ম গ্রহণ করিয়াছিল। তাই এলারিকের নির্দেশে রোমের গির্জাগুলি এই অত্যাচার হইতে নিষ্কৃতি পাইয়াছিল। এলারিক সমগ্র ইটালি অধিকারের জন্য অগ্রসর হন। কিন্তু রোম নগরী লুণ্ঠনের কিছুদিন পরেই এলারিকের মৃত্যু হয়।

হূণ ও জার্মান উপজাতিসমূহের আক্রমণে পশ্চিম-রোম সাম্রাজ্য ক্রমশঃ ধ্বংসের দিকে অগ্রসর হইতে থাকে। ইউরোপের রাজনৈতিক ঐক্য সম্পূর্ণ বিনষ্ট হইয়া যায়। রোম সাম্রাজ্যের বিভিন্ন অংশে জার্মান উপজাতিগুলি আধিপত্য বিস্তার করিতে থাকে। ভিসি-গথরা ক্রমশঃ দক্ষিণ গলদেশ ও স্পেনে নিজেদের শাসন প্রতিষ্ঠা করে।


রোমান সাম্রাজ্যে জার্মান জাতির বসতি স্থাপন
উত্তর সাগর
অ্যাংলো স্যাক্সন
আলামান
বার্গাণ্ডিয়ান
স্লাভ উপজাতি
লম্বার্ড
অ্যাড্রিয়াটিক সাগর
রোম
কর্সিকা
সার্ডিনিয়া
সিসিলি

হূণনেতা এটিলা

হূণনেতা এটিলা ইতিহাসে 'ভগবানের অভিশাপ' নামে কুখ্যাত। মধ্য-ইউরোপের এক সুবিশাল অঞ্চল তাঁহার পদানত হইয়াছিল। তাঁহার রাজধানী বর্তমান হাঙ্গেরি। হাঙ্গেরি নামের মধ্যে হূণদের স্মৃতি আজও লুকাইয়া আছে (Hun-gary)। তিনি ছিলেন যেমন দুর্ধর্ষ বীর, তেমনি ভয়ংকর অত্যাচারী। হিংস্র স্বভাবের এটিলা সর্বদাই গর্ব করিয়া বলিতেন, "যে দেশে একবার আমার ঘোড়ার খুরের আঘাত লাগিয়াছে সেই দেশের মাটিতে আর কখনও শস্য গজাইবে না।"

এটিলা রোম সাম্রাজ্য আক্রমণ করিলেন। একটির পর একটি রাজ্য দখল করিয়া এটিলা গলদেশে (বর্তমান ফ্রান্স) উপস্থিত হইলে রোমান সেনাপতি ইটিয়াসের নেতৃত্বে রোমানরা ও বিভিন্ন জার্মান উপজাতি একত্রে এটিলাকে বাধা দেয়। যুদ্ধে এটিলা পরাজিত হন। কিন্তু এটিলা দমিবার পাত্র ছিলেন না। কিছুদিনের মধ্যেই এটিলা আবার তাঁহার দুর্ধর্ষ আক্রমণ ও লুণ্ঠনকার্য শুরু করেন এবং রোম নগরীর নিকট উপস্থিত হন। তাঁহাকে বাধা দেওয়ার মতো ক্ষমতা বা শক্তি রোমানদের ছিল না। রোমের প্রধান ধর্মগুরু পোপ স্বয়ং এটিলার শিবিরে উপস্থিত হন এবং রোম নগরী রক্ষা করিবার জন্য বারংবার তাঁহাকে অনুরোধ করেন। অবশেষে প্রচুর ধনরত্ন পাইয়া এটিলা রোম নগরী আক্রমণ না করিয়াই ফিরিয়া যান। এই ঘটনার কিছুকাল পরেই এটিলার মৃত্যু হয় (৪৫৩ খ্রীষ্টাব্দ)।

গেইসেরিক

অন্যতম জার্মান উপজাতি ভ্যান্ডালরা তাহাদের নেতা গেইসেরিকের নেতৃত্বে খুবই শক্তিশালী হইয়া উঠিল। তাহারা ভূমধ্যসাগরের দক্ষিণে অবস্থিত উত্তর আফ্রিকার রোম সাম্রাজ্যভুক্ত অঞ্চল অধিকার করিয়াছিল এবং সেখানে গেইসেরিক একটি শক্তিশালী রাজ্য স্থাপন করিয়াছিলেন। তিনি দীর্ঘ পঞ্চাশ বৎসর রাজত্ব করিয়াছিলেন এবং সমুদ্রপথে রোম নগরী আক্রমণ করিয়া ভয়ংকর ধ্বংস ও লুণ্ঠন চালাইয়াছিলেন।

রোম সাম্রাজ্যের পতন

এইভাবে রোম সাম্রাজ্য অত্যন্ত দুর্বল ও ছিন্ন-ভিন্ন হইয়া পড়িয়াছিল। রোম সম্রাটগণ জার্মান উপজাতীয় সেনাপতিদের হাতের পুতুল হইয়া পড়িয়াছিলেন। অবশেষে ওডোভাকার নামে এক জার্মান উপজাতীয় সেনাপতি রোমের শেষ সম্রাট রোমুলাস অগাস্টুলাসকে সিংহাসনচ্যুত করিয়া রোমের সিংহাসন অধিকার করেন। এইভাবে পশ্চিম-রোম সাম্রাজ্যের পতন ঘটে (৪৭৬ খ্রীঃ অঃ)। কিন্তু তখনও রোম সাম্রাজ্যের পূর্ব অংশে রোমান সম্রাটরা রাজত্ব করিতে থাকেন। তাহা পূর্ব-রোম সাম্রাজ্য বা বাইজাণ্টাইন সাম্রাজ্য নামে পরিচিত হয়।

জার্মান উপজাতিসমূহের সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় জীবন

রোমান সেনাপতি জুলিয়াস সীজার এবং রোমান ঐতিহাসিক টাসিটাসের রচনা হইতে প্রাচীন জার্মান উপজাতিগুলির সম্বন্ধে বিস্তারিত তথ্য জানিতে পারা যায়। জার্মানরা ছিল প্রাচীন আর্য জাতিরই একটি শাখা। তাহাদের ভাষা ছিল প্রাচীন আর্য ভাষার একটি রূপ। তাহাদের শরীরের গঠন ছিল দীর্ঘ ও বলিষ্ঠ, চুল ছিল লালচে রঙের এবং চোখ ছিল নীলাভ। রোমানদের তুলনায় তাহারা নিতান্তই অনুন্নত ছিল। তাহারা গ্রামে বাস করিত। গ্রামগুলি ছিল বিক্ষিপ্তভাবে অবস্থিত। ঘরগুলির কাঠামো ছিল কাঠের ; ইহার উপর কাদামাটির সাহায্যে দেওয়াল তৈয়ারি করা হইত ; উপরে থাকিত খড়ের চাল। পুরুষেরা সাধারণতঃ জন্তু-জানোয়ারের চামড়ায় তৈয়ারী সামান্য আবরণই পরিধেয় হিসাবে ব্যবহার করিত। মেয়েরা নিজেদের ব্যবহারের জন্য একপ্রকার মোটা সুতার কাপড় তৈয়ারি করিত। মৎস্য শিকার, পশু-পক্ষী শিকার এবং লাঙলের সাহায্যে চাষবাস ও পশুপালন ছিল তাহাদের প্রধান উপজীবিকা। গম, যব ইত্যাদি ছিল প্রধান শস্য। দুধ, মাংস ও আপেল-জাতীয় নানাপ্রকার ফল ছিল তাহাদের প্রিয় খাদ্য। গৃহপালিত পশুদের মধ্যে গোরু, ঘোড়া, ছাগল, ভেড়া, শূকর প্রভৃতি ছিল উল্লেখযোগ্য। অবসর সময়ে পুরুষেরা জুয়াখেলা এবং বাজি রাখিয়া রথ চালনা করিতে খুবই ভালবাসিত।

২। জার্মান উপজাতিগুলির পশ্চিম রোম সাম্রাজ্যে অভিযান ও আধিপত্য বিস্তার সম্পর্কে যাহা জান লিখ।
৩। হূণ জাতি সম্পর্কে যাহা জান লিখ। এটিলার রোম অভিযানের বিবরণ দাও।
৪। জার্মান উপজাতিসমূহের সমাজ-সংস্কৃতির সংক্ষিপ্ত বিবরণ দাও।
৫। পশ্চিম রোম সাম্রাজ্যের পতন সম্পর্কে যাহা জান লিখ।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। টীকা লিখ : এলারিক ; এটিলা ; গেইসেরিক।
২। 'মার্ক' এবং 'হান্ড্রেড' বলিতে কি বুঝ ?
৩। জার্মান উপজাতিসমূহের ধর্মীয় জীবন কিরূপ ছিল ?
৪। জার্মান উপজাতিসমূহের উপর খ্রীষ্ট-ধর্মের প্রভাব বর্ণনা কর।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

বামদিকের যে কথাটির সহিত ডানদিকের যে উক্তিটি প্রযোজ্য তাহা ঠিক করিয়া সাজাইয়া লিখ—

(১) ভ্যাণ্ডাল	(১) জার্মান উপজাতিদের কয়েকটি পরিবারের দল।
(২) রোমুলাস	(২) কুৎসিত।
(৩) এলারিক	(৩) হূণদের নেতা।
(৪) এটিলা	(৪) ভ্যাণ্ডালদের নেতা।
(৫) 'মার্ক'	(৫) বজ্রের দেবতা।
(৬) ওড়ন	(৬) ভিসি-গথদের নেতা।
(৭) ডনর বা থর	(৭) রোমের সম্রাট।
(৮) গেইসেরিক	(৮) জার্মান উপজাতিদের একজন দেবতা।
(৯) রাইন	(৯) জার্মান উপজাতির একটি শাখা।
(১০) হূণ	(১০) একটি নদীর নাম।

সংক্ষিপ্ত বা মৌখিক প্রশ্ন

১। জার্মান উপজাতিদের আদি বাসভূমি কোথায় ছিল ?
২। জার্মান উপজাতিদের রোমানরা কি নামে অভিহিত করিত ?
৩। হূণদের আদি বাসস্থান কোথায় ছিল ?
৪। এটিলা কে ছিলেন ?
৫। এলারিক কে ছিলেন ?
৬। গেইসেরিক কে ছিলেন ?
৭। শেষ রোম সম্রাটের নাম কি ?
৮। কত খ্রীষ্টাব্দে পশ্চিম রোম সাম্রাজ্যের পতন ঘটিয়াছিল ?

৩ | ইউরোপে তথাকথিত অন্ধকারের যুগ

'অন্ধকারের যুগ' বলা হয় কেন

খ্রীষ্টীয় চতুর্থ হইতে সপ্তম শতাব্দী পর্যন্ত কালকে 'অন্ধকারের যুগ' বলা হইয়া থাকে। চতুর্থ শতাব্দী হইতেই রোম সাম্রাজ্য দুর্বল হইয়া পড়িতে শুরু করিয়াছিল। ৩৯৫ খ্রীষ্টাব্দে সম্রাট থিয়োডোসিয়াসের মৃত্যু হইলে রোম সাম্রাজ্য পশ্চিম ও পূর্ব দুই ভাগে বিভক্ত হইয়া পড়িয়াছিল। ইতিমধ্যে জার্মান উপজাতিরা রোম সাম্রাজ্যে প্রবেশ করিয়া সামরিক বাহিনীতে যথেষ্ট প্রভাব বিস্তার করিয়াছিল। পঞ্চম শতাব্দীতে পশ্চিম রোম সাম্রাজ্যের পতন হইয়াছিল। 'বর্বর' নামে পরিচিত জার্মান উপজাতিসমূহ পশ্চিম রোম সাম্রাজ্যের বিভিন্ন অংশে আধিপত্য স্থাপন করিয়াছিল। পশ্চিম রোম সাম্রাজ্য সম্পূর্ণরূপে বিধ্বস্ত হইয়াছিল। সারা পশ্চিম রোম সাম্রাজ্যের বিভিন্ন অংশে শান্তি-শৃংখলা বলিয়া কিছুই ছিল না ; সর্বত্রই ছিল অরাজকতা ও বিশৃংখলা, হত্যা ও অত্যাচার-উৎপীড়নে জনজীবন বিপন্ন হইয়া পড়িয়াছিল। মানুষের জীবন ও ধন-সম্পত্তির নিরাপত্তা ছিল না। পথঘাট বিনষ্ট হইয়াছিল এবং পথঘাটগুলি দস্যু-তস্করের লীলাভূমি হইয়া উঠিয়াছিল। ফলে ব্যবসা-বাণিজ্য নষ্ট হইয়াছিল। বড় বড় শহরগুলি ক্রমেই পরিত্যক্ত জনহীন হইয়া পড়িতেছিল। দেশে ধনসম্পত্তির নিরাপত্তা রক্ষার জন্য যেসব বীর পুরুষ অগ্রসর হইয়া আসিয়াছিলেন, তাঁহারা এক-একজন রাজা বা ছোট-বড় সামন্ত-প্রভুতে পরিণত হইয়া জনসাধারণের রক্ষক না হইয়া ভক্ষক হইয়াছিলেন। দেশে সামন্ততন্ত্র ও ভূমিদাসপ্রথা প্রবর্তিত হইতেছিল। স্বাধীন কৃষকরা তাহাদের স্বাধীনতা ও ভূ-সম্পত্তি হারাইয়া ভূমিদাসে পরিণত হইয়াছিল। বহির্জগৎ ও বৃহত্তর পৃথিবী হইতে বিচ্ছিন্ন হইয়া বিভিন্ন অঞ্চল সংকীর্ণতা, কুসংস্কার ও কূপমণ্ডুকতায় আচ্ছন্ন হইয়াছিল। এই অবস্থায় শিক্ষা-সংস্কৃতি ও সভ্যতার বিকাশ না হওয়াই ছিল স্বাভাবিক। তাই পরবর্তীকালে পণ্ডিতরা এই যুগকে অর্থাৎ খ্রীষ্টীয় চতুর্থ শতাব্দী হইতে সপ্তম শতাব্দী পর্যন্ত কালকে 'অন্ধকারের যুগ' আখ্যা দিয়াছিলেন।

জার্মান উপজাতির লোকেরা খুবই সাহসী ছিল ; যুদ্ধকে তাহারা মোটেই ভয় পাইত না। সাধারণতঃ বর্শা, তরবারি, তীর-ধনুক প্রভৃতি ছিল তাহাদের যুদ্ধের হাতিয়ার। জার্মানদের গৃহস্থালির দায়-দায়িত্ব ছিল মহিলাদের উপর। তাহারা সাহসী ও পরিশ্রমী ছিল। সমাজে তাহাদের সম্মানও ছিল যথেষ্ট। গুরুত্বপূর্ণ কার্যে পুরুষেরা তাহাদের পরামর্শ গ্রহণ করিত। যুদ্ধের সময়ে তাহারাই পুরুষদের হৃদয়ে সাহস ও উৎসাহ জাগাইয়া তুলিত।

জার্মানরা কতকগুলি উপজাতিতে বিভক্ত ছিল ; যেমন—গথ, ভ্যান্ডাল, ফ্রাংক, স্যাক্সন, বার্গান্ডীয় ইত্যাদি। কয়েকটি পরিবার মিলিয়া গড়িয়া উঠিত একটি 'মার্ক' বা গ্রাম। কতকগুলি 'মার্ক' লইয়া গঠিত হইত একটি 'হান্ড্রেড'। কতকগুলি 'হান্ড্রেড'-এর সমন্বয়ে গঠিত ছিল একটি পূর্ণ উপজাতির বাসভূমি। প্রথমে তাহাদের কোনো রাজা ছিল না। এক-একটি উপজাতির লোকেরা তাহাদের নেতৃত্ব দিবার জন্য দলের যোগ্যতম ব্যক্তিকে নেতা নির্বাচিত করিত। এইজন্য প্রত্যেক উপজাতিরই একটি করিয়া 'মুট' বা জনসভা থাকিত। যুদ্ধ করিতে সমর্থ সকল ব্যক্তিই এই জনসভায় যোগদান করিতে পারিত। যুদ্ধ-ঘোষণা বা সন্ধি-স্থাপন ইত্যাদি কার্য এই সভার হস্তেই ন্যস্ত ছিল।

জার্মান উপজাতির লোকেরা বিভিন্ন প্রাকৃতিক শক্তিকে বিভিন্ন দেব-দেবীরূপে পূজা করিত ; পৃথিবীর দেবতা হার্থা, আকাশের দেবতা ওড়ুন, বজ্রের দেবতা ডনর বা থর ইত্যাদি। এই জার্মান দেবদেবীর নাম হইতেই ইংরেজিতে সপ্তাহের দিনগুলির নামোৎপত্তি হইয়াছে ; যেমন—চন্দ্রদেবতা 'মানি' হইতে মানু-ডে ; যুদ্ধের দেবতা 'টিউ' হইতে টিউস-ডে, আকাশের দেবতা 'ওড়ুন' হইতে ওয়েড্‌নস্‌-ডে ইত্যাদি।

রোম সাম্রাজ্যে জার্মান উপজাতিগুলির বসতি স্থাপন

পশ্চিম রোম সাম্রাজ্যের বিভিন্ন অংশে জার্মান উপজাতিরা বসতি স্থাপন করিয়াছিল। ভিসি-গথরা ইটালি হইতে বিতাড়িত হইয়াছিল। তাহারা প্রথমে গল-এ এবং গল হইতে বিতাড়িত হইয়া স্পেনে বসতি

স্থাপন করে। ফ্রান্সে ফ্রাংক জার্মান উপজাতীয়রা বসতি স্থাপন করে। উত্তর ইটালিতে প্রথমে অস্ট্রোগথরা ও পরে লোম্বার্ডরা বসতি স্থাপন করিয়াছিল। ফ্রান্সের পূর্বাংশে বার্গান্ডীয়রা এবং ইংলণ্ডে অ্যাংগল ও স্যাক্সন উপজাতীয়রা বসতি স্থাপন করিয়াছিল। দক্ষিণ আফ্রিকায় বসতি স্থাপন করিয়াছিল ভ্যান্ডালরা।

জার্মান উপজাতিগুলি রোমান অধিবাসীদের সহিত দীর্ঘ মেলামেশার ফলে প্রায় মিশিয়া গিয়াছিল এবং রোমান রীতিনীতি, আইনকানুন ও শিক্ষা-সংস্কৃতি গ্রহণ করিয়া সুসভ্য হইয়া উঠিয়াছিল।

জার্মান উপজাতিসমূহের উপর খ্রীষ্টধর্মের প্রভাব

রোম সাম্রাজ্যে প্রবেশের পূর্বেই ভিসি-গথরা খ্রীষ্টধর্ম গ্রহণ করিয়াছিল। রোম সাম্রাজ্যে বসতি স্থাপনের ফলে অন্যান্য জার্মান উপজাতিগুলিও খ্রীষ্টান-ধর্মের প্রতি আকৃষ্ট হয়। খ্রীষ্টানধর্মের প্রভাবে তাহাদের চরিত্রের নৃশংসতা হ্রাস পায়। সমাজ জীবনে পাপ-পুণ্য, দয়া-মায়া, সৌন্দর্যবোধ প্রভৃতি ধারণাসমূহ জার্মানরা খ্রীষ্টানধর্ম হইতেই লাভ করে। ফলে, তাহাদের জীবন-যাত্রায় আমূল পরিবর্তন ঘটে। অবশেষে খ্রীষ্টধর্ম গ্রহণ করিয়া তাহারা নিজেদের প্রাচীন বিশেষত্বগুলি হারাইয়া ফেলে এবং এক-একটি সুসভ্য জাতিতে পরিণত হয়।

ঘটনাপঞ্জী

সম্রাট থিয়োডোসিয়াসের মৃত্যু—৩৯৫ খ্রীঃ অঃ
এলারিকের রোম আক্রমণ—৪১০ খ্রীঃ অঃ
এটিলার রোম আক্রমণ—৪৫৩ খ্রীঃ অঃ
গেইসেরিকের রোম আক্রমণ—৪৫৫ খ্রীঃ অঃ
পশ্চিম রোম সাম্রাজ্যের পতন—৪৭৬ খ্রীঃ অঃ

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। 'বর্বর' কাহাদিগকে বলা হইত? কেন বলা হইত? তাহারা কেন রোম সাম্রাজ্যে প্রবেশ করিয়াছিল?

প্রকৃত 'অন্ধকারের যুগ' ছিল না

কিন্তু এই যুগ প্রকৃতপক্ষে 'অন্ধকারের যুগ' ছিল না। এই যুগেই রোম সম্রাট কনস্টানটাইন খ্রীষ্টধর্ম গ্রহণ করেন এবং খ্রীষ্টধর্ম রোম সাম্রাজ্যের রাষ্ট্রীয় ধর্মে পরিণত হয়। ইহার ফলে সারা রোম সাম্রাজ্যে খ্রীষ্টধর্মের ত্যাগ, তিতিক্ষা ও প্রেমের আদর্শ প্রচারিত হয় এবং মানুষ হিংস্র, বর্বর ও স্বার্থপর মনোভাব ত্যাগ করিয়া ক্রমেই ন্যায় ও মানবপ্রেমের নব আদর্শে দীক্ষা গ্রহণ করে।

রোম সাম্রাজ্য পরে বিধ্বস্ত হইলেও রোমান চার্চ তাহার স্থান অধিকার করে। রোম সম্রাটের স্থান অধিকার করেন রোমান চার্চের প্রধান যাজক বা পোপ। রোমান চার্চ বর্বর জার্মান উপজাতিগুলিকেও নূতন আদর্শে অনুপ্রাণিত করে। তাহারা ন্যায়-অন্যায়, পাপ-পুণ্য প্রভৃতি সম্পর্কে নূতন ধারণায় উদ্বুদ্ধ হয়। এইভাবে রোমান চার্চ কেবল রোম সাম্রাজ্যে ঐক্য, আইন-শৃংখলা ও রীতি-নীতিকে অক্ষুণ্ণ রাখে নাই, তাহা শিক্ষা-সংস্কৃতির নবধারক ও সংরক্ষক হইয়া উঠে এবং শিক্ষা-সংস্কৃতি ও সভ্যতার বিকাশে বিশেষভাবে সহায়ক হয়।

তাহা ছাড়া, ঐ সময় পূর্ব রোম সাম্রাজ্য অক্ষুণ্ণ ছিল। তাহাও শিক্ষা, সংস্কৃতি এবং রোমক সভ্যতার সংরক্ষণে বিশেষ ভূমিকা লইয়াছিল।

খ্রীষ্টান মঠসমূহ ও যাজক সম্প্রদায়ের ভূমিকা

সারা দেশে খ্রীষ্টান মঠ এবং রোমান চার্চের শাখা-প্রশাখা স্থাপিত হইয়াছিল। এই সকল খ্রীষ্টান মঠ ও রোমান চার্চের যাজকগণ সেই বিশৃংখলা ও অরাজকতার যুগে জ্ঞানের দীপবর্তিকা সন্তর্পণে জ্বালাইয়া রাখিয়াছিলেন। খ্রীষ্টান মঠে ও গির্জায় শিক্ষাদানের ও জ্ঞানচর্চার ব্যবস্থা ছিল। বিভিন্ন মঠে বড় বড় গ্রন্থশালা ও বিদ্যালয় ছিল, মঠবাসী সন্ন্যাসী ও সন্ন্যাসিনীগণ দুষ্প্রাপ্য পুঁথিগুলি নকল করিতেন, পাণ্ডুলিপি প্রস্তুত করিতেন।

খ্রীষ্টান মঠের সন্ন্যাসী ও সন্ন্যাসিনী এবং গীর্জার যাজকরা সকলেই মানুষের মধ্যে ন্যায়-অন্যায় ও নীতি-দুর্নীতির বোধ জাগাইয়া তুলিতেন।

মানুষকে শিখাইতেন ত্যাগ, ক্ষমা, ও সেবার মন্ত্র। এই ভাবে তাঁহারা সেই অরাজকতা, বিশৃংখলা ও হিংসার যুগেও মানুষের মনে সভ্যতার ধ্যান-ধারণাকে জাগাইয়া তুলিয়াছিলেন। রোম সাম্রাজ্যের পতনের যুগে মানুষের মনে যে লোভ, হিংসা, স্বার্থপরতা ও দুর্নীতির বিষবাষ্প জমিয়া উঠিয়াছিল, তাহা তাঁহারা দূর করিয়া মানুষকে ভয়ংকর অধঃপতনের হাত হইতে রক্ষা করিয়াছিলেন।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। খ্রীষ্টীয় চতুর্থ শতাব্দী হইতে সপ্তম শতাব্দী পর্যন্ত কালকে ইউরোপে 'অন্ধকারের যুগ' বলা হয় কেন ?

২। খ্রীষ্টীয় চতুর্থ শতাব্দী হইতে সপ্তম শতাব্দী পর্যন্ত কাল কি সত্যই ইউরোপে 'অন্ধকারের যুগ' ছিল ? তোমার মতের সমর্থনে যুক্তি দাও।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। তথাকথিত 'অন্ধকারের যুগে' মানুষের জীবন ও ধন-সম্পত্তির নিরাপত্তা ছিল না কেন ?

২। তথাকথিত 'অন্ধকারের যুগে' খ্রীষ্টান যাজক সম্প্রদায় সমাজ-সভ্যতার জন্য কি কল্যাণকর ভূমিকা পালন করিয়াছিলেন ?

মৌখিক প্রশ্ন

১। কোন্ সময়টাকে সাধারণতঃ ইউরোপে 'অন্ধকারের যুগ' বলা হয় ?

২। ইউরোপে 'অন্ধকারের যুগে' জ্ঞানের আলো কাহারা জ্বালাইয়া রাখিয়াছিলেন ?

৩। 'ইউরোপে 'অন্ধকারের যুগে' শিক্ষাদান ও জ্ঞানচর্চার ব্যবস্থা কোথায় ছিল ?

৪। 'অন্ধকারের যুগে' অধঃপতনের পথ হইতে কাহারা মানুষকে সভ্যতার পথে আগাইয়া দিয়াছিলেন ?

৪ | বাইজাণ্টাইন সভ্যতা

কন্‌স্টাণ্টিনোপলের প্রতিষ্ঠা ঃ

কৃষ্ণসাগরের তীরে বস্‌ফোরাস প্রণালীর নিকট অবস্থিত ছিল প্রাচীন গ্রীক নগরী বাইজান্টিয়াম। রোম সাম্রাজ্য পূর্বে মেসোপটেমিয়া হইতে পশ্চিমে ইংল্যান্ড পর্যন্ত প্রসারিত ছিল। এই বিশাল রোম সাম্রাজ্যের সুশাসনের জন্য রোম সম্রাট কন্‌স্টানটাইন ৩৩০ খ্রীষ্টাব্দে বাইজাণ্টিয়ামে রোম সাম্রাজ্যের দ্বিতীয় রাজধানী স্থাপন করেন। সম্রাট কন্‌স্টানটাইনের নাম অনুসারে এখন বাইজাণ্টিয়ামের নাম হয় কন্‌স্টাণ্টিনোপল। এই কন্‌স্টাণ্টিনোপলই বর্তমান তুরস্কের ইস্তাম্বুল শহর। বিশেষ কয়েকটি



উদ্দেশ্য সাধনের জন্যই সম্রাট কন্‌স্টাইন কন্‌স্টাণ্টিনোপলকে রাজধানী হিসাবে নির্বাচিত করেন। প্রথমতঃ কন্‌স্টাণ্টিনোপল হইতে সমগ্র রোমান সাম্রাজ্য শাসন করা অনেক সুবিধাজনক ছিল। দ্বিতীয়তঃ এই শহরটির ভৌগোলিক অবস্থান এইরূপ ছিল যে, শত্রুদের পক্ষে শহরটি জয় করা প্রায় অসম্ভব ছিল। এই কারণেই সাম্রাজ্যের অন্যান্য প্রদেশসমূহ শত্রুর

আক্রমণে গভীরভাবে ক্ষতিগ্রস্ত হইলেও কনস্টান্টিনোপল শত্রুর হাত হইতে বহুদিন বাঁচিয়াছিল এবং বাইজান্টাইন সাম্রাজ্যও অনেকদিন টিকিয়াছিল। তাহা ছাড়া, কনস্টান্টিনোপলের সহিত সমুদ্রপথে উত্তর আফ্রিকা ও মধ্য-প্রাচ্য, নদীপথে মধ্য ও উত্তর ইউরোপ এবং স্থলপথে এশিয়ার বিভিন্ন দেশের যোগাযোগ ছিল সহজ। বাণিজ্য কেন্দ্ররূপেও কনস্টান্টিনোপলের গুরুত্ব ছিল অপরিসীম।

বাইজান্টিয়ামে রাষ্ট্রীয় ধর্মরূপে খ্রীষ্টধর্মের স্বীকৃতি :

সম্রাট কনস্টান্টাইন খ্রীষ্টধর্ম গ্রহণ করিয়াছিলেন এবং খ্রীষ্টধর্মকে রাষ্ট্রীয় ধর্মের স্বীকৃতি দিয়াছিলেন। এইরূপে বাইজান্টিয়ামেও খ্রীষ্ট-ধর্ম রাষ্ট্রীয় ধর্মরূপে স্বীকৃতি পাইয়াছিল। বাইজান্টিয়াম ছিল গ্রীক উপনিবেশ। তাই এখানে গ্রীক ভাষা ও গ্রীক সভ্যতা-সংস্কৃতিরই প্রাধান্য। রোম সাম্রাজ্যের অন্য অংশে অবশ্য প্রধান ছিল লাটিন ভাষার ও রোমান সভ্যতা-সংস্কৃতির। বাইজান্টিয়াম গ্রীক ভাষা ও গ্রীক সংস্কৃতির কেন্দ্র হওয়ায় বাইজান্টিয়াম ও পূর্ব রোম সাম্রাজ্যের খ্রীষ্টীয় ধর্মসংস্থা গ্রীক চার্চ নামে পরিচিত হইয়াছিল। রোম ও পশ্চিম রোম সাম্রাজ্যের সরকারী ভাষা লাটিন ও সভ্যতা-সংস্কৃতি রোমান হওয়ায় পশ্চিম রোম সাম্রাজ্যের ধর্মীয় সংস্থার নাম ছিল লাটিন চার্চ বা রোমান চার্চ। গ্রীক চার্চের প্রধানকে বলা হইত প্যাট্রিআর্ক এবং লাটিন বা রোমান চার্চের প্রধানকে বলা হইত পোপ। ধর্মীয় নানা ব্যাপারেই এই চার্চের মধ্যে তীব্র মতানৈক্য ছিল।

সম্রাট জাস্টিনিয়ান :

রোম সাম্রাজ্যের ভাগাভাগি কিন্তু সম্রাট কনস্টান্টাইন-এর সময়ে হয় নাই। এই বিভাজন পাকাপাকি হয় ৩৯৫ খ্রীষ্টাব্দে। এই সময়ে সম্রাট থিয়োডোসিয়াস তাঁহার এক পুত্র হনরিয়াসকে দিয়া যান পশ্চিম-রোম সাম্রাজ্য এবং অপর এক পুত্র আর্কেডিয়াস লাভ করেন পূর্ব-রোম সাম্রাজ্য বা বাইজান্টাইন সাম্রাজ্য। পশ্চিম-রোম সাম্রাজ্যের পতন হইলে পূর্ব-রোম সাম্রাজ্যই রোমান সভ্যতা-সংস্কৃতির ধারক ও বাহক হইয়া উঠে।

বাইজান্টাইন সাম্রাজ্যের সর্বশ্রেষ্ঠ সম্রাট জাস্টিনিয়ান। জাস্টিনিয়ান ছিলেন জার্মান বংশীয় এক দরিদ্র পিতার সন্তান। তাঁহার এক খুল্লতাত ছিলেন সম্রাটের দেহরক্ষী সৈন্যদের সেনাপতি। তিনি জাস্টিন নামে পূর্ব রোম সাম্রাজ্যের সম্রাট হন। জাস্টিনিয়ান কাকার নিকটে থাকিয়া লেখাপড়া শিখিতেন। অবশেষে নিজের প্রতিভা ও অধ্যবসায়ের বলে একদিন তিনি সম্রাটের পদে অভিষিক্ত হন (৫২৭ খ্রীষ্টাব্দ)।



সম্রাট জাস্টিনিয়ান

সম্রাট জাস্টিনিয়ানের চরিত্রে পরস্পর-বিরোধী গুণের এক অদ্ভুত সমন্বয় দেখা যায়। একদিকে তিনি ছিলেন একজন বীর, বুদ্ধিমান ও অক্লান্ত পরিশ্রমী সম্রাট, অপরদিকে তিনি ছিলেন চরম স্বেচ্ছাচারী, আড়ম্বরপ্রিয়, অকৃতজ্ঞ ও সন্দেহপ্রবণ ব্যক্তি।

রোম সাম্রাজ্যের হৃত ঐক্য ও গৌরব পুনরুদ্ধারের চেষ্টা:

রোমের হৃতগৌরব পুনরুদ্ধার করাই ছিল জাস্টিনিয়ানের একমাত্র ধ্যান ও জ্ঞান। সেই সাধনায় তিনি মন-প্রাণ ঢালিয়া দিয়াছিলেন। তিনি সর্বদাই বলিতেন, অকর্মণ্যতার জন্য রোমানগণ যে বিশাল সাম্রাজ্য হারাইয়াছে, সেই সাম্রাজ্য উদ্ধার করাই তাঁহার জীবনের লক্ষ্য। এই ক্ষেত্রে তাঁহার ভাগ্য অত্যন্ত সুপ্রসন্ন ছিল। তিনি এমন একজন অসাধারণ সমর-নেতাকে প্রধান সহায় হিসাবে পাইয়াছিলেন যিনি তাঁহার স্বপ্নকে সার্থক রূপ দিয়াছিলেন। এই ইতিহাস-প্রসিদ্ধ সেনাপতির নাম বেলিসেরিয়াস। সাম্রাজ্যের পশ্চিমাংশে অধিষ্ঠিত জার্মানদের বিতাড়িত করিবার দায়িত্ব তিনি এই বেলিসেরিয়াসের উপরই অর্পণ করিয়াছিলেন।

জার্মান উপজাতিদের মধ্যে ভ্যাণ্ডালগণ খুবই শক্তিশালী ছিল। বেলিসেরিয়াস তাহাদিগকে পরাজিত করিয়া উত্তর আফ্রিকা মুক্ত করেন। তাহার পর ইটালি হইতে তিনি অস্ট্রোগথদের উচ্ছেদ সাধন করেন এবং ইটালির পুনরুদ্ধার ঘটে। অবশেষে দক্ষিণ স্পেন হইতে ভিসিগথগণকে হটাইয়া তথায় রোমের আধিপত্য স্থাপনে সক্ষম হন। ক্রমে ক্রমে পশ্চিম রোম সাম্রাজ্যের বিস্তীর্ণ অঞ্চল তাঁহার করতলগত হইলেও সম্রাট জাস্টিনিয়ান রোম সাম্রাজ্যের সকল অংশ পুনরুদ্ধার করিতে সক্ষম হন নাই।

সামাজ্যের পশ্চিম অংশ পুনরুদ্ধার করিতে তিনি এতই মগ্ন ছিলেন যে, এই সুযোগে সাম্রাজ্যের পূর্বাংশে পারসিকগণ আঘাতের পর আঘাত হানিয়া ক্ষতবিক্ষত করিতে থাকে। ৫৩০ খ্রীষ্টাব্দে সেনাপতি বেলিসেরিয়াস পারসিকদের একবার পরাজিত করিলেও এই বিজয়ের গৌরব দীর্ঘদিন স্থায়ী হয় নাই। শেষ পর্যন্ত সম্রাট জাস্টিনিয়ান পারসিকদের নিকট পরাজিত হন এবং পারসিকদের প্রচুর ধনরত্ন দিয়া নিস্কৃতি পাওয়ার চেষ্টা করেন। শেষদিকে বেলিসেরিয়াসের সহিত তাঁহার সম্পর্কের যথেষ্ট অবনতি ঘটে। বেলিসেরিয়াস খুবই জনপ্রিয় ছিলেন ; জনসাধারণ তাঁহাকে দেবতার মতো ভক্তি করিত। বেলিসেরিয়াসের হৃদয়টি ছিল বড়ই কোমল। গরীব-দুঃখীদের তিনি অকাতরে দান করিতেন। হয়ত বেলিসেরিয়াসের জনপ্রিয়তা ও ক্ষমতা-বৃদ্ধিতে সম্রাটের শঙ্কা বৃদ্ধি পাইয়াছিল। সম্রাট বেলিসেরিয়াসকে সেনাপতির পদ হইতে বরখাস্ত করেন ও তাঁহার ধন-সম্পত্তি সরকার বাজেয়াপ্ত করেন। শেষজীবনে বেলিসেরিয়াসের দুর্দশা চরম সীমায় পোঁছিয়াছিল।

খ্রীষ্টধর্মের প্রতি সম্রাট জাস্টিনিয়ান খুবই অনুরক্ত ছিলেন। এই ধর্ম বিস্তারের জন্য তিনি কতকগুলি ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন ; তাহার মধ্যে আরব, সুদান প্রভৃতি অঞ্চলে ধর্মপ্রচারক প্রেরণ উল্লেখযোগ্য।

জাস্টিনিয়ান আইন-সংহিতা ও ইহার গুরুত্ব :

সম্রাট জাস্টিনিয়ানের খ্যাতি বা গৌরব শুধুমাত্র যুদ্ধক্ষেত্রেই সীমাবদ্ধ ছিল না ; আরও কয়েকটি কারণে তিনি ইতিহাস-বিখ্যাত হইয়াছেন

তন্মধ্যে জাস্টিনিয়ানের মহৎকীর্তি 'কর্পাস্ জুরিস্' বা রোমক আইন-সংহিতা। শত শত বৎসর ধরিয়া রোমে যে আইনসমূহ সৃষ্ট হইয়াছিল এবং রোমানদের জীবনযাত্রা নিয়ন্ত্রিত করিয়াছিল, যে আইনসমূহ রোমান সভ্যতার এক উৎকৃষ্ট নিদর্শন, সম্রাট জাস্টিনিয়ান সেইগুলিকে সংগ্রহ করিবার উপযুক্ত ব্যবস্থা করেন। সেগুলি সংগৃহীত হইলে আইন-সমূহ সাজাইয়া একটি সংহিতা রচনা করান। ইহাই 'জাস্টিনিয়ান আইন-সংহিতা' নামে পরিচিত। সকল মানুষ এই আইনগুলি অনায়াসে যাহাতে বুঝিতে পারে এবং প্রয়োজনমত কাজে লাগাইতে পারে, এই উদ্দেশ্যে তিনি এই মহৎ কাজে ব্রতী হইয়াছিলেন।

এই বিধি বা সংহিতা তিনটি অংশে বিভক্ত ছিল। প্রথম অংশ মূল সংহিতা বা কোড্। ইহার মধ্যে পাওয়া যায় বিভিন্ন সময়ে রোম সম্রাটদের সৃষ্ট আইনসমূহ। দ্বিতীয় অংশের নাম 'ডাইজেস্ট্'। ইহা রোমের আইনবিদ্‌দের দ্বারা লিখিত আইনসমূহের একটি সংকলন। তৃতীয় অংশ 'ইন্স্টিটিউট্'। রোমান আইন কিভাবে এবং কেন রচিত হইয়াছে, তাহার ব্যাখ্যা করা হইয়াছে এই বিভাগে।

জাস্টিনিয়ান বিধির গুরুত্ব অপরিসীম। এই সংহিতা ইউরোপের প্রায় সকল দেশের আইন রচনায় যথেষ্ট প্রভাব বিস্তার করিয়াছিল। এমন কি, বর্তমান যুগেও নানাস্থানে জাস্টিনিয়ান বিধির সাহায্য গ্রহণ করা হয় আইন-কানুন রচনার সময়ে।

জাস্টিনিয়ানের শিল্পকলা প্রভৃতির পৃষ্ঠপোষকতা :

সম্রাট জাস্টিনিয়ান ছিলেন প্রকৃতপক্ষে বহুমুখী প্রতিভার অধিকারী। তিনি ছিলেন শিল্প-সংস্কৃতির একজন বলিষ্ঠ পৃষ্ঠপোষক ও রক্ষক। তাঁহার রাজত্বকালে বহু রাস্তাঘাট, প্রাসাদ, সেতু, গ্রন্থাগার ইত্যাদি নির্মিত হয়। তাঁহার অন্যতম শ্রেষ্ঠকীর্তি সেন্ট সোফিয়া গির্জা। এই গির্জাটির নির্মাণ-কৌশল, কারুকার্য ও জাঁকজমক মানুষকে বিস্মিত করে। সোনা, রূপা এবং নানারঙের পাথরের কারুকার্য করিয়া এই গির্জাটিকে সুসজ্জিত করা হইয়াছিল। গির্জার হলঘরটি ছিল বিরাট—উচ্চতায় প্রায় দুইশত

সত্তর ফুট। ভিতরের ছাদ ও বেদীটি ছিল সোনার দ্বারা প্রস্তুত। গির্জাটিতে আলোর ব্যবস্থা ছিল অতি চমৎকার। এই আলোকের মধ্যে হলঘরের ভিতরের ছাদে অংকিত যীশুখ্রীষ্টের মূর্তিটি দেখিয়া উপাসকেরা মোহিত হইয়া যাইতেন। এই অপূর্ব মূর্তিটি নির্মিত হইয়াছিল বিচিত্র রঙের ছোট ছোট পাথরের সাহায্যে। এইরূপ কারুশিল্পকে বলা হয় 'মোজেইক'। জাস্টিনিয়ানের শাসনকালে 'মোজেইক শিল্প' চরম উৎকর্ষ লাভ করিয়াছিল।

কনস্টান্টিনোপল নগরের উন্মুক্ত স্থানে ছিল রাজপ্রাসাদ ; আর রাজপ্রাসাদের সম্মুখেই ছিল বিরাট রংগশালা। এই রংগশালাগুলিকে বলা হইত হিপোড্রোম। সাম্রাজ্যের বিভিন্ন নগরে এইরূপ হিপোড্রোম ছিল। সর্বাপেক্ষা বৃহৎ হিপোড্রোম ছিল কনস্টাণ্টিনোপল নগরে। এই রংগশালাগুলিতে রথচালনা প্রতিযোগিতা হইত। শত শত মানুষ একসংগে বসিয়া এই ক্রীড়া প্রতিযোগিতা উপভোগ করিত। সার্কাস, জন্তু-জানোয়ার লইয়া বিভিন্ন খেলা, ঘোড়দৌড়, জুয়াখেলা, নাচ-গান প্রভৃতি আমোদ-প্রমোদে কনস্টাণ্টিনোপল নগর সর্বদাই সরগরম থাকিত।

বাইজাণ্টিয়ান সভ্যতার আমলে সম্রাটের দরবারেও সারা বৎসর ধরিয়া উৎসব চলিত। নানাদেশের প্রতিনিধিরা আসিতেন এই উৎসবে যোগদান করিতে। সোনার গাছপালা, সোনার পশুপক্ষী, মণিমুক্তার ফল ও ফুল, কলের পুতুল প্রভৃতি দিয়া উৎসব মণ্ডপ সজ্জিত করা হইত। এমন বিজ্ঞানসম্মত উচ্চ-কারিগরি কৌশলে নির্মিত হইত খেলনা ইত্যাদি যে উহারা আসল না নকল বোঝা কষ্টকর ছিল। পশুগুলির মুখ হইতে গর্জন কিংবা পক্ষীগুলির কণ্ঠ হইতে নিঃসৃত সুমিষ্ট স্বর সকলকে অবাক করিয়া দিত। নানাপ্রকার রাসায়নিক পদার্থের সাহায্যে একপ্রকারের তরল পদার্থ নির্মাণ করিতে পারিত সেই আমলের লোকেরা। এই রাসায়নিক বস্তুটির নাম ছিল 'গ্রীক ফায়ার'। ইহা একপ্রকার তরল আগুন। যুদ্ধের সময় বাইজাণ্টাইন সৈন্যরা ইহা ব্যবহার করিত। শত্রুপক্ষের জাহাজে এই তরল পদার্থ নলের সাহায্যে নিক্ষেপ করিত। পড়িবামাত্র ইহা জ্বলিয়া উঠিত। শত্রুপক্ষ কিছু বুঝিবার পূর্বেই সমস্ত জাহাজে আগুন লাগিয়া যাইত।

ব্যবসায়-বাণিজ্যের কেন্দ্ররূপে বাইজাণ্টিয়ামের গুরুত্ব :

সেকালে চীনদেশে রেশমের চাষ হইত। চীনারা ঐ রেশম রোম সাম্রাজ্যে বিক্রয় করিয়া কোটি কোটি মুদ্রা স্বদেশে লইয়া যাইত। জাস্টিনিয়ান চীনদেশ হইতে গোপনে রেশমের গুটিপোকা আনাইয়া দেশে রেশম উৎপাদনের ব্যবস্থা করিয়াছিলেন। পাশ্চাত্ত্যে ব্যবসায়-বাণিজ্যের কেন্দ্রস্থল ছিল কনস্টাণ্টিনোপল নগরী। বাইজাণ্টাইন সাম্রাজ্যের বিলাসিতা ও আড়ম্বরের বিভিন্ন উপাদান সংগ্রহ করিবার জন্য জোর ব্যবসায়-বাণিজ্য চলিত। লোহিত সাগর, আরব সাগর এবং ভারত মহাসাগরের মধ্য দিয়া তখন বাণিজ্যপথ ছিল। রাশিয়া, ভারত, চীন প্রভৃতি দেশের সহিত বাণিজ্য চলিত। ভারতবর্ষ, চীন ও আফ্রিকার বিভিন্ন অঞ্চল হইতে নানাবিধ দ্রব্যসামগ্রী জলপথে লোহিত সাগরের মধ্য দিয়া মিশরে পৌঁছাইত; সেখান হইতে বণিকেরা উটের পিঠে বোঝাই করিয়া ভূমধ্যসাগরের বন্দরে আনিত। তাহার পর পণ্য-সামগ্রী চালান হইত কনস্টাণ্টিনোপল নগরে। চীনের রেশম, ভারতের নানাপ্রকার বিলাসদ্রব্য এবং সিংহলের মুক্তা প্রভৃতি ছিল প্রধান পণ্য।

সভ্যতা-সংস্কৃতির সংরক্ষক বাইজাণ্টিয়াম :

রোম সাম্রাজ্যের পতনের পর বাইজাণ্টাইন বা পূর্বরোম সাম্রাজ্য আরও হাজার বছর টিকিয়াছিল। বাইজাণ্টাইন সাম্রাজ্য ঐ সময় কেবল রোমান সভ্যতা-সংস্কৃতি ও আইন-কানুনের সংরক্ষক হয় নাই, তাহা প্রাচীন গ্রীক সভ্যতা-সংস্কৃতিরও সংরক্ষক হইয়াছিল। ফলে যে সভ্যতা-সংস্কৃতির উদ্ভব হইয়াছিল, তাহা ইতিহাসে 'বাইজাণ্টাইন সভ্যতা' নামে পরিচিত হইয়াছে। ইউরোপে যখন তথাকথিত 'অন্ধকারের যুগ' চলিতেছিল, তখন জ্ঞান-বিজ্ঞানে ও শিল্প-সাহিত্যে বাইজাণ্টাইন সাম্রাজ্য যথেষ্ট উন্নত ছিল। মুসলমান আক্রমণের মুখেও দীর্ঘকাল বাইজাণ্টিয়াম প্রাচীন রোমক ও গ্রীক সভ্যতা-সংস্কৃতিকে বুক দিয়া রক্ষা করিয়াছিল। বাইজাণ্টিয়াম বিখ্যাত মনীষীদের আবাস-স্থল ও আশ্রয়স্থল হইয়া

উঠিয়াছিল। এখানকার গ্রন্থাগারগুলি অসংখ্য প্রাচীন গ্রীক ও রোমক গ্রন্থে পূর্ণ ছিল। ১৪৫৩ খ্রীষ্টাব্দে তুর্কীদের হস্তে বাইজাণ্টিয়াম বিধ্বস্ত হইলে এখানকার পণ্ডিত ও মনীষীরা প্রাচীন গ্রন্থ, পান্ডুলিপি ও পাণ্ডিত্য, এককথায় জ্ঞানভাণ্ডার লইয়া ইউরোপে পলায়ন করিয়াছিলেন এবং ইউরোপ তাঁহাদের নিকট হইতে যে জ্ঞান-বিজ্ঞানের মহাসম্পদ পাইয়াছিল, তাহাই ইউরোপে নবজাগৃতির যুগের সূচনা করিয়াছিল।

ঘটনাপঞ্জী

কনস্টাণ্টিনোপলের প্রতিষ্ঠা—৩৩০ খ্রীঃ অঃ।

রোম সাম্রাজ্যের বিভাজন—৩৯৫ খ্রীঃ অঃ।

সম্রাট জাস্টিনিয়ানের সিংহাসন লাভ—৫২৭ খ্রীঃ অঃ।

সম্রাট জাস্টিনিয়ানের মৃত্যু—৫৬৫ খ্রীঃ অঃ।

অনুশীলনী

রচনা ভিত্তিক প্রশ্ন

১। রোমান চার্চ ও গ্রীক চার্চ বলিতে কি বুঝ? ঐ দুই চার্চের প্রধানদের কি বলা হয়? উহাদের সম্পর্ক কিরূপ ছিল?

২। সম্রাট জাস্টিনিয়ান কে ছিলেন? তিনি রোম সাম্রাজ্যের হৃত ঐক্য ও গৌরব পুনরুদ্ধারে কি চেষ্টা করিয়াছিলেন?

৩। শিল্প-কলা ও জ্ঞান-বিজ্ঞানের পৃষ্ঠপোষকরূপে জাস্টিনিয়ানের কৃতিত্ব বর্ণনা কর।

৪। সভ্যতা-সংস্কৃতির সংরক্ষকরূপে বাইজাণ্টিয়ামের ভুমিকা বর্ণনা কর।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। সম্রাট কনস্টানটাইন কেন বাইজাণ্টিয়ামে নূতন রাজধানী স্থাপন করিয়াছিলেন?

২। জাস্টিনিয়ানের 'আইন-সংহিতা' কি? উহার গুরুত্ব বর্ণনা কর।

৩। ব্যবসায়-বাণিজ্যের কেন্দ্ররূপে বাইজাণ্টিয়ামের গুরুত্ব কিরূপ ছিল?

৪। 'মোজেইক' কারুশিল্প বলিতে কি বুঝ?

৫। 'গ্রীক ফায়ার' কাহাকে বলে ?

৬। 'হিপোড্রোম' কাহাকে বলা হয় ?

নৈর্ব্যক্তিক প্রশ্ন

পাশের বন্ধনীর মধ্য হইতে সঠিক শব্দ লইয়া শূন্যস্থান পূরণ কর ঃ—

(১) সম্রাট জাস্টিনিয়ান —— (৫৬৫ খ্রীঃ / ৫২৭ খ্রীঃ) খ্রীষ্টাব্দে সিংহাসন লাভ করেন।

(২) রোম সাম্রাজ্যের বিভাজন পাকাপাকি হয় —— (৩৩০ খ্রীঃ / ৩৯৫ খ্রীঃ) খ্রীষ্টাব্দে।

(৩) জাস্টিনিয়ানের প্রধান সেনাপতির নাম —— (রোলান্ড / বেলিসেরিয়াস)।

(৪) জাস্টিনিয়ান আইন-সংহিতার প্রথম ভাগের নাম —— (ডাইজেস্ট্ / কোড)।

(৫) জাস্টিনিয়ান আইন-সংহিতার দ্বিতীয় ভাগের নাম —— (ইন্স্টিটিউট / ডাইজেস্ট্)।

(৬) জাস্টিনিয়ান আইন-সংহিতার তৃতীয় বা শেষ ভাগের নাম —— (কোড / ইন্স্টিটিউট্)।

(৭) রোম সাম্রাজ্য ভাগাভাগির সময়ে পশ্চিম রোম সাম্রাজ্য লাভ করেন সম্রাট থিয়োডোসিয়াসের এক পুত্র —— (আর্কেডিয়াস/হনরিয়াস্) এবং পূর্ব রোম সাম্রাজ্য লাভ করেন অপর এক পুত্র—(হনরিয়াস / আর্কেডিয়াস)।

মৌখিক প্রশ্ন

(১) কনস্টান্টিনোপলের বর্তমান নাম কি ?

(২) কনস্টান্টিনোপলের এইরূপ নামকরণ হইল কেন ?

(৩) থিয়োডোসিয়াস কে ছিলেন ?

(৪) হনরিয়াস্ ও আর্কেডিয়াস্ কাহারা ছিলেন ?

(৫) বেলিসেরিয়াস কে ছিলেন ?

(৬) ভ্যান্ডালগণ কোথায় রাজত্ব করিত ?

(৭) সেন্ট সোফিয়া গির্জা কে নির্মাণ করান ?

(৮) বাইজান্টিয়ামে কে রাজধানী স্থাপন করিয়াছিলেন ?

৫ | ইসলাম ও তাহার প্রভাব

আরব দেশ ঃ


দক্ষিণ ভারতের পশ্চিমে আরব সাগর। আরব সাগরের পশ্চিমে আরব দেশ। আরব দেশ লোহিত সাগর, ভারত মহাসাগর ও পারস্যোপসাগর দিয়া তিনদিকে ঘেরা এক চতুষ্কোণ উপদ্বীপ। আরব দেশের অভ্যন্তরভাগ পর্বত দ্বারা দুইভাগে বিভক্ত। ইহার সমুদ্রতীরবর্তী কিছু অঞ্চল কৃষির উপযোগী। অবশিষ্ট অঞ্চল মরুভূমিতে পূর্ণ। মধ্য-অঞ্চলে ছোট ছোট বহু মরুদ্যান আছে। আরব দেশ অনুর্বর ও মরুভূমিতে পূর্ণ হওয়ায় পার্শ্ববর্তী সমৃদ্ধিশালী ও শক্তিশালী দেশগুলি কখনও আরব দেশ আক্রমণ বা অধিকার করে নাই। ফলে সভ্য জগৎ হইতে ইহা প্রায় বিচ্ছিন্ন ছিল। তবে সমৃদ্ধিশালী দেশগুলির লোকেরা পরস্পরের সহিত যোগাযোগ ও ব্যবসায়-বাণিজ্যের জন্য ইহার মধ্য দিয়া যাইত। আরব দেশের কৃষি-উপযোগী অঞ্চলে মক্কা, ইয়াথ্রেব প্রভৃতি কিছু শহর গড়িয়া উঠিয়াছিল। এই সকল স্থান জনবহুল এবং অপেক্ষাকৃত উন্নত ছিল।

আরব জাতি ঃ

আরব দেশ অনুর্বর ও মরুপ্রধান হওয়ায় এখানকার অধিবাসীরা খুবই বলিষ্ঠ, সাহসী ও কষ্টসহিষ্ণু ছিল। এই অঞ্চল পরপদানত না হওয়ায় এখানকার লোকে ছিল স্বাধীনচেতা ও স্বাতন্ত্রপরায়ণ। শহরের অধিবাসীরা ছিল প্রধানতঃ ব্যবসায়ী। উটের পিঠে পণ্য বোঝাই করিয়া তাহারা দেশ-বিদেশে যাতায়াত করিত। এই ব্যবসায়ী সম্প্রদায় সারবানী নামে পরিচিত। অপর শ্রেণীর নাম মরুবাসী। এই মরুবাসীরাই বেদুইন। ইহারা যাযাবর ছিল। মরুঅঞ্চলে তাহারা ঘুরিয়া বেড়াইত পরিবার ও পালিত পশুসকল সংগে লইয়া, খুঁজিয়া বেড়াইত পশু চরাইবার স্থান। স্থান খুঁজিয়া পাইলে তাঁবু ফেলিয়া কিছুদিনের জন্য তথায় থাকিত। দস্যুতা ও লুণ্ঠনকার্য ছিল তাহাদের প্রধান বৃত্তি। খাদ্য হিসাবে গ্রহণ করিত প্রধানতঃ দুধ, খেজুর ও পশুর মাংস। উট ছিল তাহাদের প্রধান বাহন ও অবলম্বন।

এই আরবগণ বিভিন্ন উপজাতিতে বিভক্ত ছিল। প্রত্যেক উপজাতির এক একজন সর্দার থাকিত; তাহাদের বলা হইত শেখ। এই উপজাতি-সমূহের মধ্যে অবিরাম যুদ্ধবিগ্রহ লাগিয়া থাকিত। মরূদ্যান, জলের কূপ, ভেড়া কিংবা উট প্রভৃতি জীবনধারণের প্রয়োজনীয় দ্রব্য-সামগ্রীর অধিকার লইয়াই সাধারণতঃ এই যুদ্ধবিগ্রহ ও হত্যাকান্ড চলিত। এই ঘটনা হইতেই তাহাদের কঠিন ও করুণ জীবনযাত্রার পরিচয় পাওয়া যায়।

আরববাসীদের ধর্মীয় জীবন ছিল খুবই বৈচিত্র্যময়। তাহারা



কাবা মন্দির

নানা দেবতার পূজা করিত। প্রত্যেক উপজাতির নিজ নিজ দেবতা ছিল। নিজ নিজ উপজাতীয় প্রথা ও পদ্ধতি অনুসারে তাহারা পূজা করিত। মক্কা ছিল তাহাদের তীর্থক্ষেত্র। এখানকার প্রধান মন্দিরের নাম কাবা। কাবা মন্দিরে শত শত দেবদেবীর মূর্তি ছিল। আরবীয়গণ এই সকল দেবদেবীর উপাসনা করিত। কাবা মন্দিরে একটি কালরঙের পাথর ছিল। ইহাকে বিভিন্ন উপজাতিগুলি তাহাদের নিজ নিজ দেব-দেবীর উপরে প্রধান দেবতা বলিয়া মনে করিত। উপজাতিগুলির মধ্যে বিরোধ ছিল প্রচুর; যুদ্ধবিগ্রহ লাগিয়াই ছিল। তথাপি বৎসরের একটি

নির্দিষ্ট সময়ে সব শত্রুতা ভুলিয়া সকলে এখানে সমবেত হইত এক মেলা উপলক্ষে, আর পূজা দিত পবিত্র কাবা মন্দিরে।

আরবীয়গণ লেখাপড়া জানিত না, নিরক্ষর ছিল। কিন্তু গান গাহিতে বা কবিতা আবৃত্তি করিতে তাহারা খুবই ভালবাসিত, আর এই সমস্ত চলিত মুখে মুখে। এইভাবে আরবী ভাষা আরববাসীদের একটি সূত্রে আবদ্ধ করিয়াছিল।

আরবজাতিকে তাহাদের এই অনুন্নত ও অজ্ঞাত জীবন হইতে উন্নীত করিয়া বিশ্বের সম্মুখে যিনি তুলিয়া ধরেন, তিনি মহম্মদ।

হজরত মহম্মদ ও তাঁহার বাণী ঃ

মক্কা শহরের এক সম্ভ্রান্ত কোরেশি উপজাতির পরিবারে মহম্মদের জন্ম হয় (৫৭০ খ্রীষ্টাব্দ)। তাঁহার প্রকৃত নাম আবুল করিজম। পিতার নাম আবদুল্লা ও মাতার নাম আমিনা বিবি। মহম্মদের জন্মের কিছুদিন পূর্বেই মহম্মদের পিতা আবদুল্লা পরলোকগমন করেন। মাত্র ছয় বৎসর বয়সে মহম্মদ মাতৃহারা হন। অবশেষে তিনি পিতামহ আবদুল মুতালেব ও পিতৃব্য আবু তালেবের স্নেহ-যত্নে লালিত-পালিত হন। মহম্মদ নিজে ছিলেন বড়ই দরিদ্র। আবু তালেব ছিলেন সওদাগর। উটের পিঠে পণ্য-সামগ্রী বোঝাই করিয়া তাঁহাকে দেশ-বিদেশে যাইতে হইত। মহম্মদেরও সঙ্গে যাওয়া ছাড়া গত্যন্তর ছিল না। বিভিন্ন দেশ ভ্রমণ করিয়া তিনি ইহুদী, খ্রীষ্টান প্রভৃতি সম্প্রদায়ের রীতিনীতি ও ধর্ম সম্বন্ধে অনেক মূল্যবান অভিজ্ঞতা সঞ্চয় করিতে পারেন। পঁচিশ বৎসর বয়সে এক ধনী বিধবা মহম্মদকে নিজের ব্যবসায়ে কর্মচারী হিসাবে নিয়োগ করেন এবং কিছুদিনের মধ্যে তাঁহাদের বিবাহ হয়। এই ধনী মহিলার নাম খাদিজা বেগম। চল্লিশ বৎসর বয়স পর্যন্ত মহম্মদ মক্কার একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী হিসাবেই পরিচিত ছিলেন।

এই সময় হইতেই তাঁহার মনে ভাবান্তর আসে এবং ধর্মীয় চিন্তার উদয় হয়। আরবীয়দের মধ্যে বিভিন্ন মূর্তিপূজা ও নানাবিধ অনাচার তাঁহাকে বরাবরই বেদনা দিত। অনেক সময় তিনি খুবই উতলা হইয়া

পড়িতেন। মাঝে মাঝে মক্কার অতি নিকটেই হীরা নামে একটি পাহাড়ের গুহায় গিয়া ধ্যানমগ্ন হইতেন, অবশেষে একদিন তিনি সত্য উপলব্ধি করিলেন। তিনি বুঝিলেন, ঈশ্বর এক ও অদ্বিতীয়, তাঁহাকে আল্লা বলা হয়। মহম্মদ আল্লার রসুল বা পয়গম্বর। আল্লার মহিমা তাঁহাকেই প্রচার করিতে হইবে এবং এই ধর্ম প্রচারের মাধ্যমেই আরবীয়দের ঐক্যবদ্ধ ও সভ্য করিয়া তোলা যাইবে।

চল্লিশ বৎসর বয়সে তিনি তাঁহার নবধর্ম জনসাধারণের মধ্যে প্রচার করিতে আরম্ভ করেন। পত্নী খাদিজা, বাল্যবন্ধু আবুবকর, জ্ঞাতিভাই আলী প্রভৃতি নামমাত্র কয়েকজনই ছিল তাঁহার প্রথম দিকের শিষ্য। মক্কার জনসাধারণ তাঁহার এই ধর্মমত গ্রহণ করিল না ; বরঞ্চ তাঁহাকে পাগল বলিয়া বিদ্রূপ করিতে লাগিল। তাঁহাকে ধর্মদ্রোহীও বলা হইল। তাঁহার উপর নামিয়া আসিল নানারূপ অত্যাচার ; এমন কি তাঁহাকে হত্যা করিবারও চেষ্টা চলিল। নিরাপত্তার অভাব বোধ করিয়া মহম্মদ কয়েকজন শিষ্যসহ ইয়াথ্রেব শহরে গমন করেন। ইয়াথ্রেবের এখন নূতন নাম হইল মদিনা। মহম্মদের মদিনা যাত্রার দিনটি মুসলমানদের নিকট পরম পবিত্র দিন হিসাবে গণ্য হইয়া থাকে। এই দিনটি হইতেই 'হিজরী' বা মুসলমানী অব্দ গণনা করা হয়। মদিনার লোকেরা মহম্মদকে সাদরেই গ্রহণ করে এবং দলে দলে তাঁহার নূতন ধর্মমত মানিয়া লয়। মহম্মদের শক্তি দিন দিন বৃদ্ধি পাইতে থাকে। এই সময়ে মক্কাবাসীদের সহিত তাঁহার কয়েকটি যুদ্ধ হয়। এই সকল যুদ্ধে মহম্মদ জয়লাভ করেন। অবশেষে একদিন বিজয়ীর বেশে তিনি মক্কায় প্রবেশ করেন (৬৩০ খ্রীঃ)। মহম্মদ মক্কাবাসীদের প্রতি কোন নির্দয় ব্যবহার করেন না। তাঁহার এই আচরণে মক্কাবাসীগণ মুগ্ধ হয় এবং দলে দলে তাঁহার শিষ্যত্ব গ্রহণ করে।

হজরত মহম্মদ যে-ধর্ম প্রচার করেন তাহার নাম ইসলাম। তাঁহার মৃত্যুর বহু পূর্বেই সমগ্র আরব দেশে ইসলাম প্রতিষ্ঠিত হয়। তিনি যে বাণী বা উপদেশসমূহ বিতরণ করিতেন তাহা মোটামুটি নিম্নরূপ—
(১) ঈশ্বর এক ও অদ্বিতীয়, মহম্মদ তাঁহার রসুল বা পয়গম্বর।

(২) প্রতিদিন নির্দিষ্ট সময়ে পাঁচবার নমাজ পাঠ বা প্রার্থনা। (৩) পবিত্র রমজান মাসে উপবাস পালন। (৪) মক্কায় হজ বা তীর্থযাত্রা অবশ্য করণীয়। (৫) প্রত্যেকের আয়ের এক-পঞ্চমাংশ দরিদ্র ও দুঃখীজনকে দান। এই পাঁচটি বিধিকে বলা হয় ইসলামের পঞ্চস্তম্ভ। তিনি আরও বলিতেন যে ইসলাম ধর্মে কোন জাতিভেদ নাই; সকল ধর্মের লোকই এই ধর্মমত গ্রহণ করিতে পারে; সকলের সংগেই সম্পর্ক হইবে ভাই ভাই।

মহম্মদের সমস্ত বাণী ও উপদেশ তাঁহার সহযোগী বন্ধুরা যাহা হাতের কাছে পাইতেন তাহাতে, পাতায়, শ্লেটের টুকরায় বা ভেড়ার কাঁধের চওড়া হাড়ের উপর লিখিয়া রাখিতেন। পরবর্তী সময়ে এই লেখাগুলি সংগ্রহ করিয়াই মুসলমানদের প্রধান ধর্মগ্রন্থ পবিত্র 'কোরান' রচিত হইয়াছে।

ইসলামের বাণীতে আকৃষ্ট হইয়া আরবীয়গণ সকল বিভেদ ভুলিয়া ঐক্যের বন্ধনে আবদ্ধ হয়। আরবজাতিকে গঠন ও সংঘবদ্ধ করা মহম্মদের জীবনের এক পরম কীর্তি। মহম্মদ যখন আরব দেশে আবির্ভূত হন, তখন আরবীয়েরা ছিল দুর্দান্ত, বর্বর, পরস্পরের প্রতি শত্রুভাবাপন্ন কতকগুলি উপজাতির সমষ্টি মাত্র। তাহাদের জীবন ছিল সবরকম দুর্নীতি, চুরি-ডাকাতি, শিশুহত্যা, মদ্যপান, জুয়াখেলা প্রভৃতি অপকর্মে ভরা। কিন্তু যখন মহম্মদের তিরোধান হয়, তখন আরবীয়রা একটি বিরাট ঐক্যবদ্ধ, শক্তিশালী জাতিতে পরিণত হইয়াছিল। ৬৩২ খ্রীষ্টাব্দে হজরত মহম্মদের মৃত্যু হয়।

ইসলামের দ্রুত বিস্তার লাভের কারণ:

ইসলাম ধর্ম অতি দ্রুত বিস্তার লাভ করিয়াছিল। ইসলামের মতই বৌদ্ধধর্ম ও খ্রীষ্টধর্ম পৃথিবীর বহুদেশে বিস্তার লাভ করিয়াছিল। কিন্তু সেজন্য বহু শতাব্দী লাগিয়াছিল। কিন্তু শতাব্দীকালের মধ্যে ইসলাম এশিয়া ও আফ্রিকার বহু অংশে এবং ইউরোপের কিয়দংশে বিস্তার লাভ করিয়াছিল। ইহার পশ্চাতে কতকগুলি কারণ ছিল।

ইসলামের পূর্বেই ইহুদীরা ও খ্রীষ্টানরা এক ও নিরাকার ঈশ্বর সম্পর্কে প্রচার করিয়াছিল। তাই মহম্মদের ধর্মও অনেকের কাছে নূতন

কিছুই ছিল না। মহম্মদ বাইবেল ও খ্রীষ্টধর্মের বিরোধী ছিলেন না। তাঁহার বাণীর প্রামাণিকতা প্রসঙ্গে তিনি প্রায়ই বাইবেল ও খ্রীষ্টের অবতারণা করিতেন। ঐ সময়ে খ্রীষ্টধর্ম তাহার মূলনীতি ত্যাগ করিয়া নানা সম্প্রদায়ে বিভক্ত হইয়াছিল এবং ঐ সব সম্প্রদায় দলাদলি ও রেষারেষিতে সর্বদা মত্ত ছিল। মহম্মদ আব্রাহাম ও মূশা প্রভৃতিকেও তাঁহার পূর্ববর্তী পয়গম্বর রূপে স্বীকার করিয়া লইয়াছিলেন।

তাহাছাড়া, অন্যান্য ধর্মপ্রচারকগণ তাঁহাদের ধর্মীয় নীতি এবং মানুষের হৃদয় জয়ের উপরই সর্বাধিক জোর দিতেন। এজন্য ইহুদী ও খ্রীষ্টানদের অশেষ লাঞ্ছনা ও উৎপীড়ন সহ্য করিতে হইয়াছিল। কিন্তু মহম্মদ ও ইসলামের প্রচারকগণ তরবারি হস্তে ধর্মপ্রচার করিয়াছিলেন। মানুষের সম্মুখে ইসলাম গ্রহণ বা ইসলামের বশ্যতা স্বীকার, নয় মৃত্যুবরণ ছাড়া পথ ছিল না। ফলে প্রাণভয়ে এবং সুযোগ-সুবিধার লোভেও অনেকে ইসলাম গ্রহণ করিয়াছিল।

ইসলামের ধর্মনেতারা ধর্মপ্রচারক মাত্র ছিলেন না, তাঁহারা বস্তুতঃ ছিলেন মুসলিম দুনিয়ার অধীশ্বর। ফলে ইসলামের বিস্তারে রাষ্ট্রশক্তি ও সৈন্যবাহিনী সর্বদা তৎপর ছিল।

খলিফাগণ ও আরব সাম্রাজ্য ঃ

হজরত মহম্মদ অপুত্রক ছিলেন। তাঁহার মৃত্যুর পর প্রধান শিষ্যগণ এক বৈঠকে মিলিত হইয়া মহম্মদের অন্যতম শ্বশুর ও অন্যতম প্রধান শিষ্য আবুবকরকে মহম্মদের প্রতিনিধি নির্বাচিত করেন। এইরূপ প্রতিনিধিকে বলা হইত খলিফা। আবুবকর সমগ্র আরবদেশে ইসলাম প্রতিষ্ঠা করেন এবং একটি মুসলিম রাষ্ট্ররূপে আরবের অভ্যুত্থান ঘটে। তিনি বাইজাণ্টাইন সাম্রাজ্যেরও কিছু অংশ মুসলিম রাষ্ট্রের অন্তর্ভুক্ত করেন। মাত্র দুই বৎসর খলিফা থাকার পর তাঁহার মৃত্যু হয়।

আবুবকরের মৃত্যুর পর খলিফা হন মহম্মদের অন্যতম শ্বশুর ওমর। তিনি দশ বৎসর খলিফা ছিলেন। তাঁহার সময়ে সিরিয়া, প্যালেস্টাইন, পারস্য, মিশর ও উত্তর আফ্রিকার কিছু অংশে মুসলিম অধিকার বিস্তৃত


হয়। নিষ্ঠাবান, সরল, ধর্মপ্রাণ এবং ইসলামের অক্লান্ত প্রচারক হিসাবে আবুবকর ও ওমর ইসলাম ইতিহাসে চিরস্মরণীয় হইয়া আছেন। ওমরের পর খলিফা নির্বাচিত হন ওসমান। ইনি ৬৫৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত খলিফা ছিলেন। ইঁহাদের প্রধান দফতর বা রাজধানী ছিল মদিনা। ওসমানের পর খলিফা হন আলী। উপরোক্ত চারিজন 'প্রথম চারিজন খলিফা' নামে ইতিহাসে প্রসিদ্ধ।

আলী ছিলেন মহম্মদের খুল্লতাত পুত্র ও জামাতা। ধার্মিক, উদার ও সুপণ্ডিত হিসাবে আলীর খুবই সুনাম ছিল। তাঁহার সময় হইতেই খলিফা পদ লইয়া আরবীয়দের মধ্যে গৃহবিবাদ শুরু হয়। সিরিয়ার শাসক মুয়াবিয়া আলীর বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। শান্তিপ্রিয় আলী যুদ্ধ না করিয়া সন্ধি করেন। কিন্তু মুয়াবিয়ার চক্রান্তে আলী নিহত হন।

আলীর ছিল দুই পুত্র—হাসান ও হোসেন। আলীর মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠপুত্র হাসান খলিফা হন। তিনিও ছিলেন পিতার মতোই পরম শান্তিপ্রিয়। মুয়াবিয়ার চক্রান্তে ও বিরোধিতায় তিনি খলিফা পদ ছাড়িয়া দিতে বাধ্য হন। হাসান এই শর্তে মুয়াবিয়াকে খলিফা পদে মানিয়া লন যে, মুয়াবিয়ার পর তাঁহার কনিষ্ঠ ভ্রাতা হোসেন খলিফা হইবেন। কিন্তু মুয়াবিয়া চুক্তি ভঙ্গ করেন। মুয়াবিয়ার পুত্র এজিদ বিষপ্রয়োগে হাসানকে হত্যা করেন এবং হোসেনও এজিদের চক্রান্তে কারবালা প্রান্তরে নির্মমভাবে নিহত হন। কারবালার করুণ ঘটনার পর মুসলমানগণ দুইটি সম্প্রদায়ে বিভক্ত হইয়া যায়। একটি সম্প্রদায় সুন্নী এবং অপরটি শিয়া সম্প্রদায় নামে পরিচিত। এই শিয়া সম্প্রদায়ভুক্ত মুসলমানগণ কারবালার মরুভূমিতে হোসেন ও তাঁহার সঙ্গীগণের নিদারুণ জলকষ্ট ও করুণ মৃত্যুকাহিনী স্মরণ করিয়া একটি পর্ব পালন করে। এই পর্ব-ই মহরম নামে পরিচিত। মুয়াবিয়ার বংশের খলিফাগণ মুয়াবিয়ার পূর্বপুরুষ উমায়ার নাম অনুসারে উমায়া-বংশীয় খলিফা নামে পরিচিত। তাহাদের রাজধানী ছিল সিরিয়ার দামাস্কাস।

আব্বাসী খলিফাগণ

মুয়াবিয়া-প্রতিষ্ঠিত উমায়া বংশের পতনের পর মহম্মদের এক পিতৃব্য আব্বাস-এর এক বংশধর ৭৫০ খ্রীষ্টাব্দে খলিফা পদ লাভ করেন। পূর্বপুরুষ আব্বাসের নামানুসারে এই বংশের নাম হয় আব্বাসী বংশ। এই বংশের খলিফাগণের সময়ে আরব সাম্রাজ্য ও আরবীয় সভ্যতা-সংস্কৃতি সর্বোচ্চ শীর্ষে আরোহণ করে। আব্বাসী বংশীয় খলিফাদের রাজধানী ছিল বাগদাদ। এই বংশের পঞ্চম খলিফাগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন হারুণ-অল-রসিদ (৭৮৬ খ্রীঃ)। খলিফা হারুন-অল-রসিদ গল্প শুনিতে খুব ভালবাসিতেন। এই গল্পগুলি সংগ্রহ করিয়া রাখা হইত।



এই সুবিখ্যাত গল্প-সংগ্রহই 'আরব্য-উপন্যাস' বা 'আরব্য রজনী'র গল্পরূপে পৃথিবীর সর্বত্র আজিও সমাদর লাভ করিয়া থাকে। খলিফাদের আমলে যথেষ্ট গৃহবিবাদ থাকিলেও আরবীয়দের দিগ্‌বিজয়ের কোন ব্যাঘাত ঘটে নাই ; কিংবা জ্ঞান-বিজ্ঞান, শিল্পচর্চা এবং ব্যবসায়-বাণিজ্যের অগ্রগতির পথেও কোন বাধা সৃষ্টি হয় নাই। বেলুচিস্তান, তুর্কীস্থান, পারস্য, মেসোপটেমিয়া, আর্মেনিয়া, সিরিয়া, সাইপ্রাস, ক্রীট, মিসর, উত্তর আফ্রিকা ও ভারতবর্ষের সিন্ধু অঞ্চল প্রভৃতি দেশ লইয়া

গড়িয়া উঠিয়াছিল বিশাল মুসলিম সাম্রাজ্য। আব্বাসী যুগে ইসলামের তরবারি আফ্রিকার মধ্য দিয়া ইউরোপের স্পেন পর্যন্ত প্রসারিত হইয়াছিল।

স্পেনে আরব রাজত্ব : কর্ডোভা

স্পেনে গথ সাম্রাজ্যের দুরবস্থার সুযোগ লইয়া আরবীয়গণ তথায় আরবীয় শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করিতে সক্ষম হয় এবং কালক্রমে সেখানে এক বিরাট সভ্যতা গড়িয়া তোলে। স্পেনের আরবীয়দের বলা হইত মুর। তাহাদের রাজধানী ছিল কর্ডোভা। উমায়া-বংশীয় খলিফাদের পতনের প্রাক্কালে উমায়া-বংশীয় খলিফার এক পুত্র স্পেনে পলায়ন করেন। সেখানে তিনি নিজেকে খলিফা বলিয়া ঘোষণা করেন। কর্ডোভা আরব সভ্যতা-সংস্কৃতির প্রধান কেন্দ্র হইয়া উঠে। স্পেনের আরবীয় শাসকগণ ছিলেন খুবই উদার ও উন্নত চরিত্রের। তাঁহাদের প্রজাদের মধ্যে বহু খ্রীষ্টান ও ইহুদী ছিল। তাহারা নির্বিবাদে নিজ নিজ ধর্ম পালন করিতে পারিত। জনসাধারণের জন্য নির্মিত প্রশস্ত রাজপথ, বহু মসজিদ, বহু স্নানাগার, ফোয়ারা-শোভিত মনোরম উদ্যানসমূহ প্রভৃতির মধ্যে আরবীয় সভ্যতার উৎকর্ষের পরিচয় পাওয়া যাইত। রাজকীয় পুস্তকাগার, বিশ্ববিদ্যালয়, শিল্পচর্চার কেন্দ্র এবং বহু গুণীজনের সমাবেশ মুর-শাসিত স্পেনকে এক বিরাট সমৃদ্ধিশালী সংস্কৃতি-কেন্দ্রে পরিণত করিয়াছিল। আর, ইহার প্রধান কেন্দ্র ছিল রাজধানী কর্ডোভা।

ইসলামের আমলে ইউরোপীয়দের প্রতিক্রিয়া

আরববাহিনী দুর্বার গতিতে অগ্রসর হইয়া এশিয়া ও আফ্রিকার বহু স্থান জয় করিলেও ইউরোপে তাহাদের অভিযান বিশেষ সাফল্যলাভ করে নাই। আরববাহিনী বাইজাণ্টাইন সাম্রাজ্যের বহু অংশ অধিকার করিলেও তাহা আরববাহিনীর ইউরোপ-প্রবেশের পথে দুর্জয় বাধা স্বরূপ ছিল। উত্তর আফ্রিকার জিব্রাল্টার প্রণালী পার হইয়া তাহারা ইউরোপীয় ভূখণ্ডে প্রবেশ করিয়াছিল এবং স্পেন জয় করিয়া ফ্রান্সের দিকে অগ্রসর হইতে থাকে। ঐ সময় ফ্রান্স ও জার্মানিতে জার্মান ফ্রাংক উপজাতি একটি

শক্তিশালী রাজ্য গড়িয়া তুলিয়াছিল। ফ্রাংক নেতা চার্লস্ মার্টেল ফ্রান্সে একটি যুদ্ধে আরবদের পরাজিত করেন। এইভাবে দক্ষিণ-পশ্চিম হইতেও ইউরোপে আরব অগ্রগতি প্রতিহত হয়। ফ্রাংক-জাতীয় বিখ্যাত সম্রাট শার্লেমান আরবদিগকে স্পেনের অধিকাংশ স্থান হইতেও বিতাড়িত করেন।

যাহা হউক, আরবীয়গণ ইউরোপে আধিপত্য বিস্তারে ব্যর্থ হইলেও তাহারা দীর্ঘকাল ইউরোপীয়দের প্রতিবেশীরূপে ছিল। তাহাদের সভ্যতা-সংস্কৃতি ঐ যুগের ইউরোপীয়দের তুলনায় অনেক উন্নত ছিল। ক্রমেই আরবীয়দের সহিত ইউরোপীয়দের সুসম্পর্ক গড়িয়া উঠে। সম্রাট শার্লেমান ও খলিফা হারুন-অল-রসিদ পরস্পরকে শ্রদ্ধা করিতেন। তাঁহাদের মধ্যে দূত বিনিময় ও সৌহার্দ্য প্রতিষ্ঠা হইয়াছিল। আরবীয়দের মাধ্যমেই গ্রীক ও ভারতীয় জ্ঞান-বিজ্ঞানের সহিত ঐ যুগের ইউরোপ পরিচিত হইয়াছিল। আরবীয়দের মাধ্যমেই ইউরোপীয়দের সঙ্গেও বিদেশের ব্যবসায়-বাণিজ্য ও সাংস্কৃতিক আদান-প্রদান গড়িয়া উঠিয়াছিল।

মানবসভ্যতায় আরবীয়দের দান : কয়েকজন বিখ্যাত আরব-মনীষী

মানবসভ্যতায় আরবীয়দের দান অপরিসীম। মধ্যযুগের অজ্ঞানতার অন্ধকারের মধ্যে জ্ঞানের আলো জ্বালাইয়া রাখিয়াছিলেন আরবীয়গণ। প্রাচীন গ্রীস, পারস্য ও অন্যান্য প্রাচ্য সভ্যতার কেন্দ্রগুলিতে যে-সকল জ্ঞান-বিজ্ঞানের ঐতিহ্য সৃষ্টি হইয়াছিল, আরবীয়গণ তাহাকে বাঁচাইয়া রাখিয়াছিলেন এবং সমৃদ্ধ করিয়াছিলেন। তাঁহারা অন্যান্য সভ্যতা হইতে যে-সকল সম্পদ আহরণ করিয়াছিলেন তাহার সহিত নিজেদের চিন্তা ও আবিষ্কার মিলাইয়া দিয়াছিলেন। গ্রীক বিজ্ঞান, পারসিক দর্শন, হিন্দু গণিত প্রভৃতির সমন্বয়ে এক অভিনব চিন্তাধারার প্রবর্তন করিয়াছিলেন। প্রাচীন জ্ঞান-বিজ্ঞানকে নিজেদের প্রতিভার স্পর্শে এইরূপ সমৃদ্ধ করিয়া ভবিষ্যৎ মানবজাতির জন্য রাখিয়া গিয়াছিলেন। তাই পৃথিবীর মানুষ আরবীয়দের নিকট চিরকৃতজ্ঞ। আরবীয়গণ প্রাচ্য দেশের জ্ঞান-বিজ্ঞান ও কারিগরি বিদ্যা সাদরে গ্রহণ করিয়া তাহার সমৃদ্ধি সাধন করেন ; এই সম্পদ পরবর্তী সময়ে লাভ করে ইউরোপ এবং এই

সংস্কৃতির উপর ভিত্তি করিয়াই পরবর্তী কালের ইউরোপীয় জ্ঞান-বিজ্ঞান গড়িয়া উঠে।

আরবীয় সভ্যতার প্রধান কেন্দ্র ছিল বাগদাদ ও কর্ডোভা। মধ্যযুগে আরবীয় সভ্যতার ভাগ্যাকাশে উজ্জ্বল নক্ষত্রের ন্যায় বিরাজ করিতেন বহু পণ্ডিত ও মনীষীগণ। তাঁহাদের মধ্যে আল্‌কিন্দি, ইবন্‌ সিনা, ইব্‌নে রোশেদ, আলতাবারী, ইবন্‌ খালদুন, আলবেরুনী, ইবন্‌ বতুতা প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

মহাপণ্ডিত আল্‌কিন্দি দর্শন, গণিত, চিকিৎসা শাস্ত্র, জ্যোতিষ, সংগীত বিষয়ে প্রায় দুইশত গ্রন্থ রচনা করিয়াছিলেন। পণ্ডিত ইবন্‌ সিনা ছিলেন দর্শন ও চিকিৎসা বিজ্ঞানে পারদর্শী। তিনি বিভিন্ন বিষয়ে প্রায় একশত পুস্তক রচনা করিয়াছিলেন। ইব্‌নে রোশেদ মুসলমান পণ্ডিতদের মধ্যে সবচাইতে প্রসিদ্ধ ছিলেন। ইউরোপে তিনি আভেররোয়েস্‌ নামে পরিচিত ছিলেন। তাঁহার জন্মস্থান কর্ডোভা। তিনি গ্রীক পণ্ডিত অ্যারিস্টটলের গ্রন্থসমূহ আরবী ভাষায় অনুবাদ করেন। চিকিৎসা ও কাব্য বিষয়ে তাঁহার অনেক রচনা আছে। আলতাবারী ঐতিহাসিক; তিনি একখণ্ড পৃথিবীর ইতিহাস রচনা করিয়াছিলেন। অপর একজন ঐতিহাসিক ইবন্‌ খালদুন। তাঁহার রচনার বৈশিষ্ট্য ভিন্নরূপ। তিনি শুধু রাজা-বাদশাহের বংশ-পরিচয় ও যুদ্ধবিগ্রহের কথা লিখিয়াই ক্ষান্ত হন নাই; সমাজে কিভাবে সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তন আসে তাহার উল্লেখ করিয়াছেন। পর্যটক আল্‌বেরুনী গণিত, ভূগোল, জ্যোতিষ, পদার্থবিদ্যা, রসায়ন প্রভৃতি বিষয়ে বহু গ্রন্থ রচনা করিয়াছিলেন। তাঁহার রচিত 'তারিখ্‌-অল্‌-হিন্দ' নামক ভারতীয় ইতিহাস এক অমূল্য সম্পদ। ভারত পরিভ্রমণ করিবার পর তিনি এই গ্রন্থ রচনা করেন। আলবেরুনীর ন্যায় ইবন্‌ বতুতাও বহুদিন ভারতবর্ষে ছিলেন। মহম্মদ বিন্‌ তুঘলক তাঁহাকে কাজী নিযুক্ত করিয়াছিলেন। পর্যটক ও ধর্মপ্রচারক ইবন্‌ বতুতা উত্তর আফ্রিকার অধিবাসী ছিলেন।

ঘটনাপঞ্জী

হজরত মহম্মদের জন্ম—৫৭০ খ্রীঃ অঃ

হজরত মহম্মদের মদিনাগমন—৬২২ খ্রীঃ অঃ।

হজরত মহম্মদের মৃত্যু—৬৩২ খ্রীঃ অঃ।

খলিফা আবুবকরের মৃত্যু—৬৩৪ খ্রীঃ অঃ।

খলিফা ওমরের মৃত্যু—৬৪৪ খ্রীঃ অঃ।

খলিফা ওসমানের মৃত্যু—৬৫৬ খ্রীঃ অঃ।

উমায়া-বংশের পতন—৭৫০ খ্রীঃ অঃ।

খলিফা হারুন-অল-রসিদ—জন্ম ৭৬৬, মৃত্যু ৮০৯ খ্রীঃ অঃ।

চার্লস্ মার্টেলের হস্তে ফ্রান্সে আরবদের পরাজয়—৭৩২ খ্রীঃ অঃ।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। হজরত মহম্মদের আবির্ভাবের পূর্বেকার আরবদেশ ও আরব জাতি সম্পর্কে যাহা জান লিখ।

২। হজরত মহম্মদের জীবনী ও বাণী সংক্ষেপে লিখ।

৩। প্রথম তিনজন খলিফার অধীনে আরবদের সাম্রাজ্য বিস্তারের কাহিনী লিখ।

৪। ইসলামের বিস্তারে ইউরোপে কিরূপ প্রতিক্রিয়া হইয়াছিল বর্ণনা কর।

৫। মানবসভ্যতায় আরবীয়দের দান সম্পর্কে যাহা জান লিখ।

৬। কর্ডোভা কোথায় অবস্থিত? মূর বলিতে কি বুঝ? কর্ডোভায় কিভাবে পৃথক খলিফার রাজত্ব প্রতিষ্ঠিত হয়? সভ্যতা-সংস্কৃতি বিষয়ে কর্ডোভার দান সম্পর্কে যাহা জান লিখ।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। ইসলাম ধর্মের দ্রুত বিস্তার লাভের কারণ কি?

২। টীকা লিখ: আল্‌কিন্দ; ইবন্ সিনা; ইব্‌নে রোশেদ; আল্‌বেরুনী।

৩। উমায়া-বংশীয় খলিফা এবং আব্বাসী-বংশীয় খলিফা কাহাদের বলা হয় ?

৪। মহরমের ঐতিহাসিক ঘটনার বিবরণ দাও।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

বামদিকের যে কথাটির সহিত ডানদিকের যে উক্তিটি প্রযোজ্য তাহা ঠিক করিয়া সাজাইয়া লিখ—

(১) মদিনা	(১) আরবীয় পর্যটক।
(২) বেদুইন	(২) একজন খলিফা।
(৩) আলবেরুনী	(৩) আফ্রিকাবাসী পর্যটক।
(৪) ইবন্ বতুতা	(৪) একটি শহরের নাম।
(৫) আবুবকর	(৫) মুসলমানদের একটি সম্প্রদায়।
(৬) আল্‌কিন্দি	(৬) যাযাবর।
(৭) ইবন্ খালদুন	(৭) আরবীয় ঐতিহাসিক।
(৮) সুন্নী	(৮) একটি মুসলমানী অব্দ।
(৯) হিজরী	(৯) আরবীয় পণ্ডিত।

সংক্ষিপ্ত বা মৌখিক প্রশ্ন

১। বেদুইন কাহাদিগকে বলা হয় ?

২। হজরত মহম্মদের জন্ম কোথায় হইয়াছিল ?

৩। হজরত মহম্মদের পিতা, মাতা ও পিতৃব্যের নাম কি ?

৪। 'হিজরী' বলিতে কি বুঝ ?

৫। মদিনার নাম পূর্বে কি ছিল ?

৬। কত খ্রীষ্টাব্দে হজরত মহম্মদের জন্ম ও মৃত্যু হইয়াছিল ?

৭। মুয়াবিয়া কে ছিলেন ?

৮। মুয়াবিয়া কোন্ খলিফা বংশের প্রতিষ্ঠা করেন ?

৯। আব্বাসী বংশের সর্বশ্রেষ্ঠ খলিফা কে ?

১০। ইসলামের সর্বশ্রেষ্ঠ ধর্মগ্রন্থ কি ?

৬ পশ্চিম ইউরোপে মধ্যযুগ

(আনুমানিক ৮০০—১২০০ খ্রীঃ অঃ)


শার্লম্যানের কাহিনী

যে-সকল জার্মান উপজাতির আক্রমণে পশ্চিম রোম সাম্রাজ্যের পতন ঘটিয়াছিল তাহাদের মধ্যে ফ্রাংকগণ একসময়ে খুবই পরাক্রান্ত হইয়া উঠে। বর্তমান ফ্রান্স ও জার্মানির কতকাংশ লইয়া গঠিত ছিল এই ফ্রাংকরাজ্য। আমরা যে-সময়ের কথা বলিতেছি, তখন ফ্রাঙ্কগণ খ্রীষ্টধর্ম গ্রহণ করিয়াছিল। এই ফ্রাংকগণের মধ্যে শ্রেষ্ঠ সম্রাট ছিলেন শার্লম্যান। ৭৬৮ খ্রীষ্টাব্দে শার্লম্যান ফ্রাংকদের রাজা হন। এগিনহার্ড নামে শার্লম্যানের একজন সচিব ছিলেন। তিনি শার্লম্যানের একখণ্ড জীবনী রচনা করিয়াছিলেন। এই মূল্যবান গ্রন্থ হইতে শার্লম্যান সম্বন্ধে অনেক কথা জানিতে পারা যায়।

শার্লম্যান ছিলেন দীর্ঘকায় ও বলিষ্ঠ। তাঁহার চুল ছিল সাদা, চোখ ছিল উজ্জ্বল এবং নাক ছিল টিকালো। তিনি অসাধারণ শক্তিশালী ছিলেন ; তরবারির এক আঘাতেই একটি অশ্বসহ অশ্বারোহীকে ধরাশায়ী করিতে পারিতেন। শার্লম্যানের পরিশ্রম করিবার ক্ষমতাও ছিল অসাধারণ। কি শীত, কি গ্রীষ্ম—কি যুদ্ধ, কি শান্তি, বিশ্রাম বলিয়া তাঁহার কিছু ছিল না। অবশ্য, তিনি খুবই মিশুকে ছিলেন, সর্বদা কর্মচারী ও অনুচরদের সহিত অবাধে মেলামেশা ও কৌতুক করিতেন। সকলকে লইয়া একসঙ্গে সাঁতার কাটিতে তিনি বড়ই ভালবাসিতেন।

ফ্রাংকদের রীতি অনুসারে শার্লম্যানের পোশাক ছিল আঁট-সাঁট। তিনি সাধারণতঃ কোট ও রূপার কাজ করা মোজা পরিতেন ; তাঁহার কোমরে সর্বদাই একটি বৃহৎ তলোয়ার থাকিত ; তলোয়ারের হাতল ও বন্ধনীতে ছিল সোনা ও রূপার সুন্দর কাজ। তাঁহার বাদামীরঙের একটি প্রকাণ্ড ঘোড়া ছিল। এই ঘোড়ার পিঠে চড়িয়া শার্লম্যান কমপক্ষে

চুয়ান্নটি অভিযান করিয়াছিলেন। এই যুদ্ধযাত্রাসমূহ তাঁহার খেয়াল বা শখের বিষয় ছিল না; কিংবা শুধুমাত্র রাজ্য জয় করিবার জন্যই তিনি এগুলি করেন নাই। রোম সাম্রাজ্য ভাঙিয়া গেলে সমগ্র ইউরোপে যে



শার্লম্যান

বর্বরতা ও অরাজকতা নামিয়া আসিয়াছিল, শার্লম্যান চাহিয়াছিলেন ঐ অবস্থা দূর করিয়া দেশে শান্তি ও শৃংখলা ফিরাইয়া আনিতে। শার্লম্যানের এই অগণিত যুদ্ধের ফলশ্রুতি হিসাবে বর্তমান ফ্রান্স, বেলজিয়াম, হল্যান্ড, সুইজারল্যান্ড, স্পেন ও ইটালির উত্তরাংশ এবং জার্মানির অধিকাংশ অঞ্চল জুড়িয়া বিশাল ফ্রাংক সাম্রাজ্য গড়িয়া উঠিয়াছিল।

জার্মানির উত্তর-পূর্বে ছিল স্যাক্সন উপজাতির রাজ্য। স্যাক্সনরা খ্রীষ্টধর্মাবলম্বী ছিল না। দুর্ধর্ষ স্যাক্সনদের সহিত শার্লম্যান দীর্ঘকাল যুদ্ধ করিয়াছিলেন। স্যাক্সনরা সুযোগ পাইলেই বিদ্রোহ করিত। শেষ পর্যন্ত শার্লম্যান তাহাদের পরাজিত করেন এবং তাহাদের কঠোর হস্তে দমন করিয়া খ্রীষ্টধর্ম গ্রহণ করিতে বাধ্য করেন। শার্লম্যানের অপর যুদ্ধগুলির মধ্যে লম্বার্ড ও স্পেনীয়দের সহিত যুদ্ধ বিশেষ উল্লেখযোগ্য। লম্বার্ড নামে জার্মান উপজাতিদের রাজা ছিলেন ডেসিডেরিয়াস্।



শার্লম্যানের সাম্রাজ্য

শার্লম্যান সিংহাসনে বসিবার কিছুকালের মধ্যেই ডেসিডেরিয়াস্ রোম অভিমুখে অভিযান করেন। রোমের পোপ লম্বার্ডদের বাধা দিবার জন্য শার্লম্যানকে অনুরোধ করেন। এই অনুরোধে সাড়া দিয়া শার্লম্যান ডেসিডেরিয়াস্‌কে পরাজিত করিয়া নিজেই লম্বার্ডদের রাজা হন।

স্পেনের আরবীয়দের সহিত শার্লম্যানের যুদ্ধ ইতিহাস-প্রসিদ্ধ ঘটনা। স্পেনের তখনকার সুলতান আবদুল রহমানের সহিত দেশের কতিপয় প্রধান ও প্রতিপত্তিশালী ব্যক্তির বিবাদ বাধিলে প্রধানেরা

শার্লম্যানকে স্পেন আক্রমণ করিতে আমন্ত্রণ জানান। শার্লম্যান এই সুযোগ গ্রহণ করিয়া সসৈন্যে স্পেনের দিকে অগ্রসর হন। যুদ্ধ চলাকালে শার্লম্যান সংবাদ পান যে স্যাক্সনরা বিদ্রোহ করিয়াছে। সৈন্যসামন্ত লইয়া শার্লম্যান স্পেন হইতে চলিয়া আসেন। ফিরিবার পথে এক বিরাট দুর্যোগ নামিয়া আসে। অধিকাংশ সৈন্যসহ শার্লম্যান ইতিমধ্যেই অগ্রসর হইয়া গিয়াছিলেন। সৈন্যদলের শেষ অংশ যখন একটি গিরিপথের মধ্য দিয়া অগ্রসর হইতেছিল, তখন আরবীয়গণ তাহাদিগকে আক্রমণ করিয়া সম্পূর্ণ বিধ্বস্ত করিয়া দেয়। শার্লম্যানের সৈন্যরা বীরত্বের সহিত যুদ্ধ করিয়াও শেষ রক্ষা করিতে পারে না। এই শেষ দলে ছিলেন ইতিহাস-বিখ্যাত সেনাপতি শার্লম্যানের ভ্রাতুষ্পুত্র রোলান্ড। রোলান্ড খুবই বীরত্বের সহিত যুদ্ধ করেন। তাঁহার বিখ্যাত তরবারি 'ডুরান্ডাল'-এর সাহায্যে রোলান্ড বহু শত্রুসৈন্য হত্যা করেন। শেষ পর্যন্ত তিনি যুদ্ধক্ষেত্রেই প্রাণ দেন। শার্লম্যান সংবাদ পাইয়া যখন সসৈন্যে যুদ্ধক্ষেত্রে ফিরিয়া আসেন তখন সব শেষ। আরবীয়দের সহিত শার্লম্যান ও রোলান্ডের বীরত্বপূর্ণ যুদ্ধের কাহিনী লইয়া সেই যুগে একটি গীতিকাব্য রচিত হইয়াছিল। ইহার নাম 'সঙ-অব-রোলান্ড' বা রোলান্ড-গীতি। মধ্যযুগে ইউরোপের চারণ কবিরা এই গীতি গ্রামে গ্রামে গাহিয়া বেড়াইত।

শার্লম্যান যখন প্রতিপত্তির চরম শিখরে, তখন রোমের পোপ ছিলেন তৃতীয় লিও। ঘটনাচক্রে পোপের সহিত শার্লম্যানের বন্ধুত্ব জন্মে। মহামান্য পোপ তাঁহার শত্রুদের হাতে নানা বিপদে পড়িয়া শার্লম্যানের আশ্রয় ভিক্ষা করিলে শার্লম্যান তাঁহাকে বিপদ হইতে রক্ষা করিয়াছিলেন। একবার শার্লম্যান রোমে বেড়াইতে আসেন এবং সেণ্ট পিটার্স গির্জায় প্রার্থনা করিতে যান। প্রার্থনার পর পোপ লিও হঠাৎ তাঁহার মাথায় মুকুট পরাইয়া দিয়া, তাঁহাকে পবিত্র রোম সাম্রাজ্যের সম্রাট বলিয়া ঘোষণা করেন। এই ঘটনার মধ্য দিয়া আবার পশ্চিম রোম সাম্রাজ্যের উদ্ভব হয়। যে জার্মান উপজাতিদের আক্রমণে রোম সাম্রাজ্য ধ্বংস হইয়াছিল, সেই জার্মানদেরই একজন রাজা শার্লম্যান আবার রোমের সম্রাট হইলেন।

প্রকৃতপক্ষে প্রাচীন রোমান সাম্রাজ্যের সহিত এই পবিত্র রোম সাম্রাজ্যের বিশেষ কোন সম্পর্ক ছিল না ; পবিত্র রোম সাম্রাজ্য আসলে ফ্রাংকদের সম্রাট শার্লম্যানের প্রতিষ্ঠিত এক নূতন সাম্রাজ্য। শার্লম্যান রোম সম্রাট হইবার পর সাম্রাজ্যের প্রাচীন গৌরব আবার ফিরাইয়া আনিবার চেষ্টা করেন।

শার্লম্যান চাহিয়াছিলেন সম্রাটের শক্তি ও ধর্মের প্রভাবে সমস্ত খ্রীষ্টান জগতে ঐক্য স্থাপন করিতে। তাঁহার এই আন্তরিক প্রচেষ্টা অনেকাংশে সফলতা লাভ করিলেও দীর্ঘস্থায়ী হয় নাই।

অভিষেকের গুরুত্ব—রাষ্ট্র ও চার্চের সম্পর্ক

পূর্বে যেইসব সাম্রাজ্য স্থাপিত হইয়াছিল, সেইসব সাম্রাজ্যের সম্রাটগণ বাহুবলে বা উত্তরাধিকার সূত্রে সম্রাট হইয়াছিলেন। কিন্তু শার্লম্যান এবং পরে অটো পোপ কর্তৃক সম্রাট বলিয়া ঘোষিত হইয়াছিলেন। ফলে এই ধারণার সৃষ্টি হইয়াছিল যে, ইঁহাদের সম্রাট পদ রোমান চার্চের দান। তাই এখন সম্রাট প্রধান, না চার্চ প্রধান, তাহা লইয়া প্রশ্ন উঠিল। সম্রাট শার্লম্যান বা সম্রাট অটোর সময়ে এই প্রশ্ন তুলিবার সাহস চার্চের ছিল না। কিন্তু দুর্বল সম্রাটদের সময়ে এই প্রশ্ন মাথাচাড়া দিয়া উঠিল।

মধ্যযুগে যে সামন্ততান্ত্রিক প্রথা ছিল, তাহাতে রাজা বা সম্রাটই দেশের সমস্ত ভূসম্পত্তির মালিক ছিলেন। আনুগত্যের বিনিময়ে এই ভূসম্পত্তি চার্চকেও রাজা বা সম্রাটের নিকট হইতে গ্রহণ করিতে হইত। এদিক হইতে বিচার করিলে রাজা বা সম্রাট চার্চের প্রভু। কিন্তু চার্চ সম্রাটকে অভিষিক্ত করায় সম্রাট-পদ চার্চেরই দান হইয়াছিল। এদিক হইতে বিচার করিলে চার্চই সম্রাটের প্রভু। এই স্বতঃবিরোধী অবস্থার ফলে রাষ্ট্র ও চার্চের প্রাধান্য লইয়া সম্রাট ও পোপদের মধ্যে প্রায়ই তীব্র বিরোধ দেখা দিত। কোন সম্রাট চার্চকে উপেক্ষা করিলে চার্চ তাঁহাকে ধর্মচ্যুত ও সমাজচ্যুত ঘোষণা করিত এবং সম্রাট ও তাঁহার প্রজারা ধর্মীয় আচার-অনুষ্ঠানের সুযোগ হইতে বঞ্চিত হইতেন। সম্রাট সমাজচ্যুত ও ধর্মচ্যুত ঘোষিত হওয়ায় শক্তিশালী সামন্তরা সম্রাটের বিরুদ্ধে বিদ্রোহ

করিবার সুযোগ পাইত। অন্যপক্ষে সম্রাট শক্তিশালী হইলে তিনি সসৈন্যে উপস্থিত হইয়া পোপকে বিতাড়িত করিতেন। চার্চ কর্তৃক অভিষেকের ফলে রাষ্ট্র ও চার্চের মধ্যে এই দ্বন্দ্ব দেখা দিয়াছিল এবং এই দ্বন্দ্ব সুদীর্ঘকাল স্থায়ী হইয়াছিল।

রাজসভা ও শিল্প-সাহিত্যের পৃষ্ঠপোষকতা

শার্লম্যান জার্মানির আকেন শহরে নূতন রাজধানী স্থাপন করিয়াছিলেন। সেখানে তিনি জমকাল সব রাজপ্রাসাদ ও গির্জা ইত্যাদি নির্মাণ করান। তিনি নিজে ছিলেন নিরক্ষর; কিন্তু বিদ্যাচর্চার প্রতি তাঁহার অসীম অনুরাগ ছিল। তিনি নিজে গ্রীক ও ল্যাটিন ভাষায় লেখা বই পড়িতে শেখেন এবং লেখা শিখিতে চেষ্টা করেন। নিজের সাম্রাজ্যে জ্ঞানচর্চা প্রসারের জন্য দেশ-বিদেশ হইতে তিনি বিখ্যাত পণ্ডিতদের আনয়ন করিয়াছিলেন। তখনকার দিনের ইউরোপের সর্বশ্রেষ্ঠ পণ্ডিত অ্যালকুইনকে তিনি নিজের পরামর্শদাতা ও সভাপণ্ডিতের আসনে অধিষ্ঠিত করিয়াছিলেন। বিভিন্ন দেশ হইতে আগত পণ্ডিতজনেরা শার্লম্যানের সাম্রাজ্যের নানাস্থানে বিদ্যালয় স্থাপন করেন এবং শার্লম্যান নিজেই রাজপ্রাসাদের মধ্যে একটি বিদ্যালয় স্থাপন করিয়াছিলেন। সাম্রাজ্যের মধ্যে কোথাও কোন প্রতিভাশালী ছাত্রের সন্ধান পাইলে, তাহাকে তিনি রাজপ্রাসাদের বিদ্যালয়ে পড়িবার সুযোগ দিতেন। তাহা ছাড়া বিভিন্ন গির্জা ও মঠগুলিতে বিদ্যালয় খোলা হইয়াছিল। এইরূপে শার্লম্যানের উৎসাহ ও প্রচেষ্টায় সেই যুগে ইউরোপে বিদ্যাচর্চার যথেষ্ট প্রসার সাধিত হয়। তিনি তাঁহার সাম্রাজ্যে বহু সুরম্য প্রাসাদ ও গীর্জা নির্মাণ করিয়া স্থাপত্য শিল্পের পৃষ্ঠপোষকতা করেন। তাই ইউরোপের অন্ধকার যুগের প্রদীপ, শার্লম্যানকে সভ্যতা ও সংস্কৃতির রক্ষক ও বাহক হিসাবে ইতিহাসে গ্রেট বা মহান উপাধিতে ভূষিত করা হইয়া থাকে। শার্লম্যান শব্দের অর্থ মহান্ চার্লস্। ৮১৪ খ্রীষ্টাব্দে শার্লম্যানের মৃত্যু হয়।

খ্রীষ্টান মঠ ও সন্ন্যাসীদের কথা

মধ্যযুগে খ্রীষ্টান সন্ন্যাসীদের মঠ সামাজিক সংগঠনে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিয়াছিল। এই মঠনিবাসী খ্রীষ্টানদের মধ্যে পুরুষ ও স্ত্রী, দুই-ই ছিলেন। পুরুষদের বলা হইত 'মঙ্ক' এবং স্ত্রীদের বলা হইত 'নান'। পুরুষদের মঠকে মনস্টারি' এবং স্ত্রীলোকদের মঠকে 'নানারি' বলা হইত। সন্ন্যাসীদের মঠের প্রধান অধ্যক্ষকে বলা হইত 'অ্যাবট' বা 'প্রায়র'। সন্ন্যাসিনীদের মঠের অধ্যক্ষা 'অ্যাবেস' বা 'প্রায়রেস্' নামে পরিচিতা ছিলেন। ইঁহারা নিজেদের জীবনের কথা ভাবিতেন না। ইঁহারা বিবাহও করিতেন না। আত্মত্যাগ, সেবা, দরিদ্রজীবন যাপন, শুচিতা, ধর্মানুবর্তিতা ও বিদ্যাচর্চার জন্য ইঁহারা বিখ্যাত ছিলেন। শিষ্যদেরও ইঁহারা নিজেদের আদর্শে শিক্ষিত করিয়া তুলিতেন। মধ্যযুগের ইউরোপের নানাস্থানে এইরূপ অসংখ্য 'মনস্টারি' ও 'নানারি' গড়িয়া উঠিয়াছিল।

মঠনিবাসী সন্ন্যাসী এবং সন্ন্যাসিনীদের জীবন ও কার্যধারায় দেখা যায়, ইঁহারা বিভিন্ন সম্প্রদায়ে বিভক্ত ছিলেন; যেমন—বেনিডিক্টিন, সিস্টারসিয়ান, কারথিউসিয়ান প্রভৃতি। এই সম্প্রদায়গুলির মধ্যে খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীতে সেণ্ট বেনিডিক্ট যে সন্ন্যাসী সম্প্রদায় গড়িয়া তোলেন, সেইটিই সর্বাপেক্ষা প্রাচীন ও বিখ্যাত। সেণ্ট বেনিডিক্টের নামানুসারেই এই সম্প্রদায় বেনিডিক্টিন সম্প্রদায় নামে পরিচিত। মধ্যযুগের নানাপ্রকার অনাচার ও ভোগ-বিলাসের মধ্যে ধার্মিক মানুষদের মনে কয়েকটি বিষয়ে চিন্তার উদয় হয়। তাঁহারা মনে করেন, এই অনিত্য সংসার-জীবন ও ভোগ-বিলাস হইতে সম্পূর্ণ দূরে থাকিয়া কোন নির্জন স্থানে ভগবৎ-চিন্তার মধ্যেই প্রকৃত মুক্তি আছে। এই চিন্তা হইতেই মূলত মঠ-জীবনের সূত্রপাত।

সেণ্ট বেনিডিক্ট

সেণ্ট বেনিডিক্ট ৪৮০ হইতে ৫৪৪ খ্রীষ্টাব্দের মধ্যে জীবিত ছিলেন। তিনি ইটালীর স্পোলেতো নামক স্থানে এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ

করেন। তৎকালীন দুর্নীতি ও অনাচার তাঁহাকে ব্যাকুল করিয়া তুলে। যুবা বয়সে তিনি তাঁহার চারিপার্শ্বের অনাচার হইতে দূরে রোমের সন্নিকটে অবস্থিত সাবিনা পাহাড়ে চলিয়া যান। তথায় তিনি প্রায় তিন



সেণ্ট বেনিডিক্ট (একজন মঠসন্ন্যাসী)

বৎসর সাধুর জীবন পালন করেন। সাধু হিসাবে তাঁহার খ্যাতি ক্রমশঃ ছড়াইয়া পড়ে ; বেশ কিছু শিষ্য-সামন্তও তিনি সংগ্রহ করিতে সক্ষম হন। অবশেষে নিজেদের নেতৃত্বেই একটি সম্প্রদায় গড়িয়া তোলেন এবং রোম ও নেপল্‌স্‌-এর মধ্যবর্তী 'মণ্টে ক্যাসিনো' নামক স্থানে নিজের মনস্টারি বা মঠ প্রতিষ্ঠা করেন। কালক্রমে 'মণ্টে ক্যাসিনো' মঠ সন্ন্যাসীদের ক্ষেত্রে পশ্চিম ইউরোপের প্রধান কেন্দ্র হিসাবে খ্যাতি লাভ করে। পরে বেনিডিক্টিন সম্প্রদায়ের অসংখ্য মঠ গড়িয়া উঠিয়াছিল।

মণ্টে ক্যাসিনোর সন্ন্যাসীদের সংযম ও সুস্থ জীবন যাপনের উদ্দেশ্যে সেণ্ট বেনিডিক্ট কতকগুলি নিয়মকানুনের প্রবর্তন করেন। সন্ন্যাসীদের ছিল একটি নিজস্ব স্বয়ংশাসিত সংস্থা—তাহার প্রধান ছিলেন অ্যাবট। মনস্টারিতে প্রবেশকালে প্রত্যেককেই অ্যাবটের নিকট আনুগত্যের শপথ গ্রহণ করিতে হইত। এক বৎসর শিক্ষানবিসের জীবন অতিবাহিত করিয়া সন্ন্যাসীরা মূল মনস্টারিতে প্রবেশের সুযোগ পাইতেন। ধনী, গরীব, সম্ভ্রান্ত কিংবা চাষী—সকল সম্প্রদায়ের লোকের নিকট মনস্টারি উন্মুক্ত

ছিল। এইরূপে প্রবেশলাভের পর সন্ন্যাসীদের কঠোর শৃঙ্খলার মধ্যে জীবন যাপন করিতে হইত। সন্ন্যাসীদের নিজস্ব কোন সম্পত্তি থাকিতে পারিত না। অ্যাবটের অনুমতি ভিন্ন সন্ন্যাসীরা মনস্টারি বা মঠের বাহিরে যাইতে পারিতেন না ; এমন কি গৃহ হইতে কোন পত্র ইত্যাদি গ্রহণ করাও নিষিদ্ধ ছিল। এই সকল নিয়ম অমান্য করিলে সন্ন্যাসীদের শাস্তি দেওয়া হইত। শাস্তির মধ্যে ভর্ৎসনা, মিলিত প্রার্থনা-সভা হইতে বাদ দেওয়া, মনস্টারি হইতে বহিষ্কার প্রভৃতি ছিল প্রধান। সেণ্ট বেনিডিক্টের এই নিয়মাবলী সারা পশ্চিম ইউরোপে ব্যাপক প্রভাব বিস্তার করিয়াছিল।

সেণ্ট বেনিডিক্ট মঠ-জীবন ও বহির্জীবনের মধ্যে একটি সীমা নির্দিষ্ট করিয়া দিতে চাহিয়াছিলেন। কাজেই একটি মনস্টারি বা মঠকে তিনি সবদিক হইতে স্বয়ংসম্পূর্ণ করিয়া গড়িয়া তুলিতে চেষ্টা করেন। অবশ্য কালক্রমে এক-একটি মঠ সম্পদে ও ঐশ্বর্যে বিপুলাকার ধারণ করে। এক-একটি মঠের অধীনে বহু একর জমি, অসংখ্য মঠবাসী, অপর্যাপ্ত সম্পদ থাকিত। চারিদিকে বিশাল দেওয়াল দিয়া ঘেরা এক-একটি মঠকে ছোটখাট শহরের সহিত তুলনা করা চলিত।

মধ্যযুগে জ্ঞানের আলো জ্বালাইয়া রাখিয়াছিল এই সকল মঠ ও তাহার সন্ন্যাসীগণ। বিদ্যাচর্চা করিয়া, স্থানীয় শিষ্যদের শিক্ষাদান করিয়া, পাণ্ডুলিপি রচনা ও অনুলিপি করিয়া তাঁহারা সভ্যতার অগ্রগতির ধারাকে রক্ষা করিয়াছিলেন। বিদ্যালয়ে তাঁহারা উভয়বিধ শিক্ষাদানই করিতেন। যাহারা পরবর্তী জীবনে যাজক বা সন্ন্যাসী হইতে চাহিত অথবা যাহারা পার্থিব বিশ্বে কর্মব্যস্ত জীবন যাপন করিতে ইচ্ছুক, উভয় প্রকার মানুষই সেখানে শিক্ষালাভ করিতে পারিত। মনস্টারিগুলি প্রাচীন যুগের বিখ্যাত লেখকদের অমূল্য গ্রন্থসমূহের অনুলিপি করিয়া তাহা সংরক্ষিত রাখিয়াছিল। নতুবা এই সকল অমূল্য সম্পদ চিরকালের জন্য বিনষ্ট হইয়া যাইত। তাহা ছাড়া সমকালের গুরুত্বপূর্ণ ঘটনা-সমূহের বিবরণও তাহারা রক্ষা করিবার ব্যবস্থা করিয়াছিল, যাহা হইতে মধ্যযুগের ইতিহাস সম্বন্ধে অনেক কথা জানিতে পারা যায়। সর্বোপরি

দরিদ্রের সেবা, রোগীর শুশ্রূষা প্রভৃতি কার্যাবলী সন্ন্যাসীরা পরম ভক্তিভরে আন্তরিকতার সহিত পালন করিতেন। মানবসভ্যতা এবং মনুষ্যত্বের রক্ষক হিসাবে মঠবাসী সন্ন্যাসীদের কার্যাবলী প্রশংসার অপেক্ষা রাখে না।

মঠগুলিকে দুর্নীতিমুক্ত করার চেষ্টা—ক্লুনি

ক্রমে এই জাতীয় মঠগুলিতে নানাপ্রকার দুর্নীতি, বেআইনী অর্থ গ্রহণ ইত্যাদির ফলে এগুলির পতন ঘটিতে শুরু করে। খ্রীষ্টীয় দশম শতাব্দীর প্রথম দিকে পুনরায় এই মঠগুলির ক্ষেত্রে এক সংস্কারমুখী



একটি আদর্শ মনস্টারির নক্‌শা

(১) গির্জা। (২) নির্জন স্থান—উভয়দিকে সন্ন্যাসীদের গৃহ। (৩) ভোজনালয়। (৪) শিক্ষানবিশদের আবাস কক্ষ ও চিকিৎসালয়। (৫) সন্ন্যাসীদের সমাধি স্থান। (৬) সবজির বাগান। (৭) হাঁস-মুরগির আবাস। (৮) রন্ধনশালা, বেকারি কারখানা, ভাণ্ডারকক্ষ ইত্যাদি। (৯) গবাদি পশুর আবাসস্থল। (১০) খামার গৃহ। (১১) বিদ্যালয়, অতিথিশালা, অনুলিপি করিবার কক্ষ ইত্যাদি।

আন্দোলন আরম্ভ হয়। এই আন্দোলনের প্রধান কেন্দ্র ছিল প্রথম ডিউক উইলিয়ম প্রতিষ্ঠিত ফ্রান্সের বার্গাণ্ডীয় প্রদেশের ক্লুনি মঠ। মঠাধ্যক্ষ ওডোর নেতৃত্বে এই আন্দোলন সফল আকার ধারণ করে। ডিউক নিজের এবং তাঁহার উত্তরাধিকারীদের সকল অধিকার ক্লুনি মঠের পক্ষে স্বেচ্ছায় ত্যাগ করেন। ফলে, যে অভিজাততন্ত্র অতীতে বহু মঠের পতনের কারণ ছিল, তাহা হইতে ক্লুনি সম্পূর্ণ মুক্ত হয়। ওডো ক্লুনির

নিয়ন্ত্রণের অন্তর্গত মঠসমূহে শৃঙ্খলার পরিবেশ আনয়ন করেন। মঠাধ্যক্ষগণের ব্যক্তিগত গুণাবলী এবং মজবুত সংগঠনের মাধ্যমে ক্লুনি অচিরেই গৌরবের শীর্ষস্থানে উঠে। এই ক্ষেত্রে পরবর্তী সময়ের মঠাধ্যক্ষগণের মধ্যে অ্যাডিলো এবং হিউ-এর অবদান উল্লেখযোগ্য। এই মঠের অন্যতম সন্ন্যাসী হিলডেব্রান্ড পোপদের পরামর্শদাতারূপে কাজ করিতেন এবং তাঁহার চেষ্টায় পোপগণ ক্লুনি মঠের আদর্শ গ্রহণ করিয়াছিলেন। পরে হিলডেব্রান্ড নিজে সপ্তম গ্রেগরি নামে পোপ হইয়াছিলেন। তাঁহার সময়ে চার্চকে রাজা ও সম্রাটদের প্রাধান্য হইতে মুক্ত করিবার প্রবল চেষ্টা হইয়াছিল। চার্চের নির্দেশ অমান্য করায় সম্রাট চতুর্থ হেনরিকে ধর্মচ্যুত ও সমাজচ্যুত করিয়া এবং পরিশেষে অনুতপ্ত হইয়া চার্চের নিকট হীনভাবে মার্জনা ভিক্ষা করিতে তিনি বাধ্য করিয়াছিলেন। একাদশ শতাব্দীর শেষদিকে ক্লুনির নিয়ন্ত্রণাধীন মঠের সংখ্যা ছিল প্রায় দুইশত।

ইন্‌ভেস্টিচার বা আনুগত্যের বিনিময়ে ভূসম্পত্তি লাভ

সম্রাট, রাজা ও সামন্তগণ চার্চকে আনুগত্যের শপথের বিনিময়ে ভূ-সম্পত্তি দান করিতেন। এইরূপে চার্চ বিপুল ধনসম্পত্তির অধিকারী হইয়াছিল। এই প্রথার দ্বারা সম্রাট, রাজা ও সামন্তগণের চার্চের উপর প্রাধান্য স্থাপিত হইয়াছিল। ক্লুনি মঠের প্রেরণায় চার্চ এই প্রথার ঘোর বিরোধিতা করিতে থাকে এবং সম্রাট, রাজা ও সামন্তগণের উপর নিজেদের প্রাধান্য ও শ্রেষ্ঠত্ব স্থাপনের চেষ্টা করে। ফলে চার্চের সহিত রাষ্ট্রের বিরোধ চলিতে থাকে। বহু সম্রাট ও রাজাকে চার্চ সমাজচ্যুত ও ধর্মচ্যুত করে, আবার বহু শক্তিশালী সম্রাট পোপকে বাহুবলে বিতাড়িত করেন।

মধ্যযুগের শিক্ষা—বিশ্ববিদ্যালয় ও মনীষীদের কথা

মধ্যযুগের ইউরোপে শিক্ষাবিস্তারে বিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়গুলির ভূমিকা উল্লেখযোগ্য। সাধারণতঃ প্রধান গির্জা ও মঠগুলির নেতৃত্বেই এই বিদ্যাচর্চা হইত। পরে সম্রাট শার্লম্যান দেশে বহু বিদ্যালয় প্রতিষ্ঠা করিয়াছিলেন। এই জাতীয় বিদ্যালয় ছাড়াও আরও একপ্রকার

বিদ্যাচর্চার কেন্দ্র গড়িয়া উঠিয়াছিল ; সেইগুলি রক্ষণাবেক্ষণ করিত শহরের গীল্ড বা বণিকসংঘ। পরে মধ্যযুগে বহু বিশ্ববিদ্যালয় গড়িয়া উঠিয়াছিল। এই সময়ে ইউরোপে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা নিতান্ত কম ছিল না। বর্তমান যুগেও কমপক্ষে পঞ্চাশটি বিশ্ববিদ্যালয় আছে যাহাদের সূত্রপাত হইয়াছিল মধ্যযুগে। একাদশ ও দ্বাদশ শতাব্দীতে ইউরোপে শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে একটি জাগরণ আসে ; আর, এই জাগরণের পশ্চাতে আরবীয় সভ্যতার অবদান ছিল অনেকখানি। কোন কোন শিক্ষকের ব্যক্তিত্বের উপর নির্ভর করিয়া এক-একটি বিশ্ববিদ্যালয় গড়িয়া উঠিত। পণ্ডিত অ্যাবেলার্ড তাহার প্রকৃষ্ট উদাহরণ। যুবক অ্যাবেলার্ড এক সময়ে প্যারিসে আসিয়া নটরডাম গির্জার বিদ্যালয়ে জনৈক শিক্ষকের বক্তৃতা শুনিতেছিলেন। সেখানে তিনি যুক্তি-তর্কে শিক্ষককে পরাস্ত করেন। এই ঘটনায় অ্যাবেলার্ডের খ্যাতি ছড়াইয়া পড়ে এবং তিনি যথেষ্ট শিষ্য লাভ করেন। কিছুদিনের মধ্যেই অ্যাবেলার্ডের বিশ্ববিদ্যালয় শুরু হইয়া যায় একটি গির্জার ছায়ায়। মধ্যযুগের বিখ্যাত প্যারিস বিশ্ববিদ্যালয়ের সূচনা এইভাবেই হইয়াছিল। কখনও কখনও কয়েকজন শিক্ষক মিলিয়া এইরূপ বিশ্ববিদ্যালয় গঠন করিতেন। তাঁহাদের নিকট ছাত্ররা আসিয়া শিক্ষালাভ করিত ; আবার অনেক সময় ছাত্ররা মিলিয়া বিশ্ববিদ্যালয় স্থাপন করিত এবং তাহারা বেতন দিয়া শিক্ষক নিযুক্ত করিত। এইসকল প্রতিষ্ঠানে সকল দেশ হইতেই ছাত্র এবং শিক্ষক আসিয়া যোগদান করিতে পারিত।

মধ্যযুগের বিশ্ববিদ্যালয়গুলি খুব ব্যয়সাধ্য ছিল না ; বড় বড় পুস্তকাগার, পরীক্ষাগার বা সংগ্রহশালার প্রয়োজন ছিল না। এমন কি চেয়ার, বেঞ্চি না থাকিলেও চলিত। মেঝেতে বসিয়াই ছাত্ররা শিক্ষালাভ করিত। মুদ্রাযন্ত্রের অভাবে মূল্যবান গ্রন্থের সংখ্যা ছিল খুবই কম ; যাহাও বা ছিল তাহা অতি যত্নে সুরক্ষিত অবস্থায় থাকিত। শিক্ষকগণ বক্তৃতার মাধ্যমে প্রধানতঃ শিক্ষা দিতেন। কখনও কখনও শিক্ষকেরা পুস্তক লইয়া ক্লাসে যাইতেন এবং জোরগলায় উহা পাঠ করিতেন। শিক্ষকগণের অধিকাংশই ছিলেন যাজক সম্প্রদায়ের লোক এবং ছাত্ররাও প্রধানতঃ যাজক হইবার উদ্দেশ্যেই বিশ্ববিদ্যালয়ে পড়িতে আসিত। গির্জার

অধীনস্থ বিশ্ববিদ্যালয়গুলির ছাত্ররা কতকগুলি বিশেষ সুবিধা ভোগ করিত। যাজক হওয়ার সুবাদে তাহাদের কর দিতে হইত না বা সৈন্য-বাহিনীতে যোগদান না করিলেও চলিত এবং তাহাদের বিচারও নিজস্ব সংগঠনেই হইত।

বিশ্ববিদ্যালয়গুলিতে বিভিন্ন বিষয়ে শিক্ষা দেওয়া হইত ; যেমন—ব্যাকরণ, অলংকার, গণিত, জ্যামিতি, জ্যোতিষ, সংগীত, তর্কশাস্ত্র, ধর্মীয় তত্ত্ব, আইনশাস্ত্র, চিকিৎসা-বিজ্ঞান প্রভৃতি। এই যুগে ইংলণ্ডের অক্সফোর্ড ও কেম্ব্রিজ, ফ্রান্সের প্যারিস, জার্মানির হাইডেলবার্গ, ইটালির বলোনিয়া ও সালের্নো এবং স্পেনের কর্ডোভা বিশ্ববিদ্যালয় বিখ্যাত ছিল। কোন কোন বিশ্ববিদ্যালয় আবার কোন বিশেষ বিদ্যার জন্য বিখ্যাত ছিল ; যেমন—ধর্মশাস্ত্রে প্যারিস, আইনশাস্ত্রে বলোনিয়া ও চিকিৎসা-বিদ্যায় সালের্নোর খ্যাতি ছিল।

মধ্যযুগের বিশিষ্ট মনীষীদের মধ্যে ফ্রান্সের পিটার অ্যাবেলার্ড, জার্মানির আলবার্টাস্ ম্যাগনাস্, ইটালির টমাস্ একুইনাস্ এবং ইংলণ্ডের রোজার বেকন প্রভৃতির নাম প্রসিদ্ধ।

অ্যাবেলার্ড গ্রীকপণ্ডিত সক্রেটিসের মত ছাত্রদিগকে প্রশ্ন করিয়া তাহাদের চিন্তাশক্তির বিকাশ ঘটাইতে চেষ্টা করিতেন। প্রচলিত ধর্মমতের তিনি ছিলেন বিরোধী। বিখ্যাত দার্শনিক অ্যাবেলার্ড তাঁহার রচিত একটি গ্রন্থে যুক্তি-তর্কের সাহায্যে খ্রীষ্টধর্মের কতকগুলি প্রচলিত সিদ্ধান্তের বিরোধিতা করায় যাজকগণ তাঁহাকে ঐ গ্রন্থখানি তাঁহার নিজের হাতে পুড়াইতে বাধ্য করিয়াছিলেন। অ্যাবেলার্ড চিন্তার ক্ষেত্রে স্বাধীনতার পূজারী ছিলেন।

আলবার্টাস্ ম্যাগনাস্ ছিলেন বৈজ্ঞানিক। বাইবেলের প্রচলিত রীতিনীতির কথা না মানিয়া তিনি বিজ্ঞানের ক্ষেত্রে গাছপালা বা পশু-পক্ষীর দেহের উপর নানাপ্রকার পরীক্ষা-নিরীক্ষা চালাইতে শুরু করেন। গোঁড়া খ্রীষ্টানগণ স্বাভাবিকভাবেই তাঁহার উপর ক্রুদ্ধ হইয়া তাঁহাকে নাস্তিক বলিয়া ঘৃণা করিতে আরম্ভ করে।

ম্যাগনাসের প্রিয় শিষ্য ছিলেন টমাস্ একুইনাস্। মধ্যযুগ ছিল

বিশ্বাসের যুগ ; কিন্তু একুইনাস্ প্রচার করেন যে, ধর্ম কেবল বিশ্বাসের উপরই প্রতিষ্ঠিত নহে, যুক্তির উপরও উহা সমানভাবেই প্রতিষ্ঠিত। তিনি আরও প্রচার করেন যে, সত্য জানিতে হইলে যুক্তি এবং বিশ্বাস উভয়েরই সাহায্য লওয়া দরকার।

রোজার বেকন ছিলেন একজন মঠবাসী সন্ন্যাসী। রোজার বেকন মনে করিতেন—প্রকৃত সত্য জানিতে হইলে প্রাকৃতিক ঘটনাগুলি পর্যবেক্ষণ ও পরীক্ষা করিয়া দেখা দরকার। তিনি নিজেও বহু বৈজ্ঞানিক বিষয় লইয়া গবেষণা করিয়াছিলেন। চার্চ তাঁহাকে তাঁহার স্বাধীন চিন্তার জন্য চৌদ্দ বৎসর কারাদণ্ডে দণ্ডিত করিয়াছিল।

ঘটনাপঞ্জী

সেণ্ট বেনিডিক্ট—আঃ ৪৮০—৫৪৪ খ্রীঃ অঃ
শার্লম্যানের সিংহাসন লাভ—৭৬৮ খ্রীঃ অঃ
শার্লম্যানকে পোপ কর্তৃক সম্রাট বলিয়া ঘোষণা—৮০০ খ্রীঃ অঃ
শার্লম্যানের মৃত্যু —৮১৪ খ্রীঃ অঃ
পিটার অ্যাবেলার্ড—১০৭৯—১১৪২ খ্রীঃ অঃ
আলবার্টাস্ ম্যাগনাস্—১১৩৯—১২৮০ খ্রীঃ অঃ
টমাস একুইনাস্—১২২৫—১২৭৫ খ্রীঃ অঃ
রোজার বেকন—আঃ ১২১০—১২৯৩ খ্রীঃ অঃ

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। শার্লম্যানের রাজ্যলাভ ও রাজ্যবিস্তার সম্পর্কে যাহা জান লিখ।
২। শার্লম্যান শব্দের অর্থ কি? শার্লম্যানের নামের সার্থকতার সমর্থনে যুক্তি দাও।
৩। খ্রীষ্টান মঠগুলির উদ্ভব কিভাবে ঘটিয়াছিল? খ্রীষ্টান মঠগুলির সংগঠন ও গুরুত্বপূর্ণ ভূমিকার বিবরণ দাও।
৪। সেণ্ট বেনিডিক্ট সম্পর্কে যাহা জান লিখ।
৫। সেণ্ট বেনিডিক্ট প্রতিষ্ঠিত মঠ ও সম্প্রদায় কি নামে পরিচিত? সেণ্ট বেনিডিক্ট তাঁহার মঠগুলির জন্য কি কি আদর্শ ব্যবস্থা ও নিয়ম প্রবর্তন করিয়াছিলেন?

৬। ক্লুনি মঠ সম্পর্কে যাহা জান লিখ।

৭। মধ্যযুগে বিদ্যাচর্চা ও বিশ্ববিদ্যালয়সমূহের প্রতিষ্ঠা সম্পর্কে যাহা জান লিখ।

৮। মধ্যযুগের কয়েকটি বিখ্যাত বিশ্ববিদ্যালয়, শিক্ষণীয় বিষয় ও কয়েকজন সুবিখ্যাত পণ্ডিতের বিষয়ে সংক্ষেপে লিখ।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। টীকা লিখ : অ্যাবেলার্ড ; টমাস একুইনাস ; রোজার বেকন।

২। ইনভেস্টিচার বলিতে কি বুঝ ?

৩। পোপ কর্তৃক সম্রাটদের অভিষিক্ত করায় রাষ্ট্র ও চার্চের সম্পর্ক কিরূপ হইয়াছিল ?

৪। 'রোলাণ্ড-গীতি' বলিতে কি বুঝ ?

নৈর্ব্যক্তিক প্রশ্ন

বন্ধনীর মধ্য হইতে সঠিক শব্দটি বাছিয়া লইয়া শূন্যস্থান পূরণ কর :—

১। ফ্রাঙ্কদের সর্বশ্রেষ্ঠ সম্রাট ছিলেন —— (শার্লম্যান/রোলাণ্ড)।

২। শার্লম্যানের একজন সচিব ছিলেন —— (টমাস একুইনাস/এগিনহার্ড)।

৩। সন্ন্যাসীদের মঠের অধ্যক্ষকে বলা হয় —— (অ্যাবট/অ্যাবেস)।

৪। খ্রীষ্টান পুরুষদের মঠকে বলা হয় —— (নানারি/মনস্টারি)।

৫। ক্লুনি মঠের প্রতিষ্ঠা করেন —— (ডিউক উইলিয়ম/ওডো)।

৬। মধ্যযুগে চিকিৎসাবিদ্যা শিক্ষার জন্য বিখ্যাত ছিল —— (বলোনিয়া/সালের্নো) বিশ্ববিদ্যালয়।

সংক্ষিপ্ত বা মৌখিক প্রশ্ন

১। ফ্রাঙ্কদের সর্বশ্রেষ্ঠ সম্রাট কে ছিলেন ?

২। এগিনহার্ড কে ছিলেন ?

৩। শার্লম্যান কত খ্রীষ্টাব্দে চার্চ কর্তৃক সম্রাট রূপে ঘোষিত হন ?

৪। রোলাণ্ড কে ছিলেন ?

৫। সেণ্ট বেনিডিক্ট প্রবর্তিত মঠ ও সম্প্রদায়ের নাম কি ?

৬। হিলডেব্রাণ্ড কি নামে পোপ হইয়াছিলেন ?

৭। মধ্যযুগে কোন্ বিশ্ববিদ্যালয় আইন শিক্ষার জন্য বিখ্যাত ছিল ?

৮। মধ্যযুগে কোন্ বিশ্ববিদ্যালয় ধর্মশাস্ত্র শিক্ষার জন্য বিখ্যাত ছিল ?

৯। মধ্যযুগে কোন্ বিশ্ববিদ্যালয় চিকিৎসাবিদ্যা শিক্ষার জন্য বিখ্যাত ছিল ?

১০। ক্লুনি মঠ কোথায় অবস্থিত ছিল ?

৭ | মধ্যযুগের ইউরোপে সামন্ততন্ত্র

সামন্ততন্ত্র

বাংলায় যাহাকে 'সামন্ততন্ত্র' বলা হয়, ইংরেজীতে তাহাকে বলা হয় 'ফিউড্যালিজ্‌ম্‌'। ফিউড্যালিজ্‌ম্‌ শব্দটি 'ফিউড' শব্দ হইতে আসিয়াছে। 'ফিউড' শব্দের মূল অর্থ আনুগত্যের বিনিময়ে প্রাপ্ত ভূ-সম্পত্তি। ঐভাবে প্রাপ্ত ভূ-সম্পত্তির মালিককে বলা হয় 'ফিউড্যাল লর্ড' বা সামন্ত-প্রভু। যে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থায় সামন্ত-প্রভুদের প্রাধান্য বা আধিপত্য থাকে, তাহাকে 'সামন্ততন্ত্র' বলে।

ভূমি ও মানুষে মানুষে সম্পর্ক

বর্বর জাতিসমূহের আক্রমণের ফলে রোম সাম্রাজ্য ভাঙিয়া পড়িলে দেশে অরাজকতা দেখা দেয়। শত্রুর আক্রমণে মানুষের জীবন ও ধন-সম্পত্তির নিরাপত্তা ও নিশ্চয়তা বিপন্ন হইয়া পড়ে। এই অবস্থায় মানুষ জীবন ও ধনসম্পত্তির নিরাপত্তা ও নিশ্চয়তা রক্ষার আশায় স্বাধীনতা বিসর্জন দিয়া স্থানীয় বীর-পুরুষদের শরণাপন্ন হয়। ঐসব বীরপুরুষ আনুগত্যের বিনিময়ে মানুষের জীবন ও ধনসম্পত্তির প্রতিশ্রুতি দিলেও তাঁহারা নিজেরাও নিরাপদ ছিলেন না। তাই তাঁহারা অপেক্ষাকৃত শক্তিশালী ব্যক্তির শরণাপন্ন হইতেন। এইভাবে স্তরে স্তরে বিভিন্ন সামন্ত-শ্রেণী গড়িয়া উঠিয়াছিল।

এই ব্যাপারটি যেমন নিচের দিক হইতে উপরের দিকে ঘটিয়াছিল, তেমনি সামন্ত-শ্রেণীর স্তর বিন্যাস উপর হইতেও নিচের দিকে ঘটিয়াছিল। কোনও শক্তিশালী বীর সুবিশাল অঞ্চল বা রাজ্য জয় করিলে তাহা তিনি তাঁহার প্রধান সহযোগীদের মধ্যে আনুগত্যের বিনিময়ে বণ্টন করিয়া দিতেন। ঐসব প্রধান সহযোগী হইতেন প্রধান সামন্ত-প্রভু। তাঁহারা আবার আনুগত্যের বিনিময়ে প্রাপ্ত ভূ-সম্পত্তিকে তাঁহাদের প্রধান

অনুগামীদের মধ্যে ভাগ করিয়া দিতেন। এইভাবে দেশে নিচ হইতে উপরের দিকে এবং উপর হইতে নিচের দিকে সামন্ত-শ্রেণীর উদ্ভব হইয়াছিল।

সামন্তরাই জমির মালিক ছিলেন। তাঁহারা ঐ জমি সাধারণ মানুষের মধ্যে বিতরণ করিয়া দিতেন। সাধারণ মানুষ তখন জমিতে অধিকার পাইয়াছিল সত্য, কিন্তু ঐ জমি ত্যাগ করিবার অধিকার তাহারা হারাইয়াছিল। এইভাবে তাহারা ভূমিদাসে পরিণত হইয়াছিল।

সামন্ত শ্রেণীর স্তর-বিন্যাস

সামন্ততান্ত্রিক ব্যবস্থায় সকলের উপরে ছিলেন রাজা। তিনি ছিলেন সামন্ত শ্রেণী ও জনসাধারণ, সকলের প্রভু। রাজাই ছিলেন দেশের সমস্ত ভূ-সম্পত্তির মালিক। ঈশ্বরের নিকট হইতেই তিনি ঐ ভূ-সম্পত্তি লাভ করিয়াছেন, মনে করা হইত। প্রধান সামন্তরা আনুগত্য, রাজকর ও যুদ্ধকালে সাহায্যদানের অঙ্গীকার করিয়া রাজার নিকট হইতে ভূ-সম্পত্তি লাভ করিতেন। ঐসব প্রধান সামন্ত আবার আনুগত্য, কর ও যুদ্ধকালে সাহায্যদানের প্রতিশ্রুতির বিনিময়ে নিম্নতর শ্রেণীর সামন্তকে ভূ-সম্পত্তি দান করিতেন। এইভাবে সামন্ত-শ্রেণীর স্তর-বিন্যাস করা হইত। ফলে সামন্ত-তন্ত্রে একই ব্যক্তি উর্ধ্বতন সামন্ত বা রাজার 'ভ্যামাল' বা 'অনুগত ব্যক্তি' এবং নিম্নতর সামন্তের বা জনসাধারণের 'লর্ড' বা 'প্রভু' হইতেন। ভ্যামাল বা অনুগত ব্যক্তিরা লর্ড বা প্রভুর নিকট নতজানু হইয়া আনুগত্য, কর ও যুদ্ধকালে সাহায্যদানের অঙ্গীকার করিয়া ভূ-সম্পত্তি লাভ করিতেন। ফলে সামন্তরা একাধারে ছিলেন অনুগত ব্যক্তি ও প্রভু। উর্ধ্বতন সামন্ত বা রাজার সহিত আনুগত্য এবং নিম্নতর সামন্ত বা প্রজার সহিত প্রভুত্বের দ্বৈতবন্ধনে সামন্তরা আবদ্ধ ছিলেন।

ভ্যামাল বা অনুগত সামন্তরা তাঁহার 'লর্ড' বা প্রভুকে কেবল কর ও সামরিক সাহায্যই দিতেন না, তাঁহারা প্রভুর দরবারে উপস্থিত হইতেন, প্রয়োজন হইলে প্রভুকে পরামর্শ দিতেন, প্রভু শত্রুহস্তে বন্দী হইলে মুক্তিপণ দিয়া প্রভুকে মুক্ত করিতেন, প্রভু-কন্যার বিবাহে উপযুক্ত

যৌতুক দিতেন, প্রভু-পুত্রের 'নাইট' হইবার উৎসবে অর্থ যোগাইতেন। সামন্ত-প্রভুরা ভ্যামালদের বিপদে রক্ষা করিতেন, ভ্যামালদের পুত্রকে নিজ পরিবারে রাখিয়া 'নাইট' হইবার উপযুক্ত শিক্ষা দিতেন।

সামন্ততান্ত্রিক সমাজে সামন্তরা নানা স্তরে বিভক্ত ছিলেন। প্রধান সামন্ত-প্রভুরা ডিউক, আর্চডিউক, প্রিন্স প্রভৃতি আখ্যা পাইতেন। নিম্নতর স্তরের নাইটরা আর্ল, কাউণ্ট, ব্যারন, ব্যারনেট প্রভৃতি উপাধিতে ভূষিত হইতেন।

জনসাধারণের জীবনে সামন্তদের প্রভুত্ব


দেশের শাসন-ব্যবস্থার উচ্চতম শিখরে রাজা থাকিলেও তিনি রাজ-কর্মচারী ও সৈন্যবাহিনীর সাহায্যে দেশ-শাসন করিতেন না। সামন্তরাই নিজ নিজ এলাকায় প্রভুত্ব করিতেন। তাঁহারা নিজেরাই আইন করিতেন, সেই আইনে বিচার করিতেন। তাঁহাদের গৃহ-ভবনে আদালত বসিত। সামন্ত-প্রভু বা তাঁহার কর্মচারীরা বিচার করিতেন। সামন্তরা তাঁহাদের ভূ-সম্পত্তি ও চাষ-আবাদ দেখাশোনা ও শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য কর্মচারী রাখিতেন। সামন্তদের বহু জমিদারি থাকিত। কর্মচারীরা তাঁহাদের প্রতিনিধিরূপে ঐসব জমিদারি দেখাশোনা করিত।

নিজ নিজ এলাকায় শাসন, আইন-শৃঙ্খলা রক্ষা প্রভৃতির দায়িত্ব ছিল সামন্তদের। শত্রুর আক্রমণ প্রতিরোধ ও দস্যু-তস্করের হাত হইতে রক্ষার দায়িত্বও ছিল তাঁহাদের। প্রতি জমিদারিতে সামন্তদের সুরক্ষিত বাসভবন থাকিত। সামন্তদের জমিদারিকে বলা হইত 'ম্যানর', এজন্য ঐসব বাসভবনকে বলা হইত 'ম্যানর-হাউস'। ম্যানরগুলি অতিশয় সুরক্ষিত ছিল। তাই ঐগুলি 'ক্যাস্‌ল্‌' বা প্রাসাদ-দুর্গ নামেও পরিচিত ছিল। মধ্যযুগে এইসব প্রাসাদ-দুর্গ অতিশয় গুরুত্বপূর্ণ ছিল।

মধ্যযুগে ক্যাস্‌ল্‌ বা প্রাসাদ-দুর্গের ভূমিকা

মধ্যযুগে সামন্ত-প্রভুদের বাসভবন বা প্রাসাদ-দুর্গগুলির একটি বিশেষ ভূমিকা ছিল। সামন্ত-প্রভুরা এইসব প্রাসাদ-দুর্গে থাকিতেন এবং জমিদারি শাসন করিতেন।

প্রাথমিক ক্ষেত্রে নিরাপত্তার খাতিরেই এই জাতীয় প্রাসাদ-দুর্গ নির্মিত হইত। গ্রামের শ্রেষ্ঠ স্থানটিই এইজন্য বাছিয়া লওয়া হইত। পরবর্তী সময়ে আরও নিরাপত্তার প্রয়োজনে উঁচু পাহাড়ের উপর, কোন দ্বীপে কিংবা জলাভূমির মধ্যস্থানে নির্মিত হইত এই সকল প্রাসাদ-দুর্গ। সুউচ্চ পুরু দেওয়াল দিয়া এগুলি ঘেরা থাকিত। চারিদিকে থাকিত জলপূর্ণ গভীর খাত। তাহার উপর সেতু দ্বারা যোগসূত্র থাকিত। সেতুটিকে ইচ্ছামত উঠানো ও নামানো যাইত এবং সেই সেতুটিই প্রয়োজনমতো বাহিরের জগৎ ও



মধ্যযুগের প্রাসাদ-দুর্গ

প্রাসাদের সহিত যোগাযোগ রক্ষা করিত। প্রাসাদগুলি পাথরের তৈয়ারী ও খুব জমকাল ছিল। প্রাসাদ-দুর্গগুলি শত্রুর আক্রমণ প্রতিরোধের উপযুক্ত করিয়া প্রস্তুত ছিল। শত্রুর আক্রমণকালে প্রাসাদ-দুর্গগুলি অনেক সময় প্রজাদেরও আশ্রয়স্থল হইয়া উঠিত। সেই যুগে মশালই ছিল আলোর প্রধান বন্দোবস্ত। শত্রুর আক্রমণের ভয়ে প্রাসাদের দরজা ও জানালার সংখ্যা ছিল নগণ্য। তাই প্রাসাদের অভ্যন্তর সর্বদাই অন্ধকার ও থমথমে থাকিত। অবশ্য ঘরের দেওয়ালে নানাপ্রকার নক্শা করা সুন্দর সুন্দর পর্দার ব্যবস্থা থাকিত। ঘরের সংখ্যা খুব একটা বেশী থাকিত না; কয়েকটি শয়ন ঘর এবং মাঝখানে একটা বিরাট হলঘর থাকিত। সেখানে মাঝে মাঝে বিরাট ভোজের আয়োজন হইত। হাস্য-কৌতুক, নাচ-গান প্রভৃতি ছিল সামন্ত-প্রভুদের আমোদ-প্রমোদের উপকরণ।

সামন্ত-প্রভুরা পশমের পোশাক পরিধান করিতেন এবং খাওয়া-দাওয়ার ব্যাপারে ছিল এলাহী কাণ্ড। ষাঁড়, হরিণ, শুয়োর প্রভৃতি পশু ও নানা রকম পক্ষী প্রায় আস্তই রান্না হইত। কাঁটা-চামচের ব্যবহার না থাকিলেও আঙ্গুল ও কাঠের চামচের সাহায্যেই খাওয়া-দাওয়া হইত। আমোদ-প্রমোদের মধ্যে অপর একটি বিষয় ছিল শিকার করা ; সামন্ত-প্রভু ও তাঁহাদের ছেলেরা শিকার খুবই পছন্দ করিতেন।

মধ্যযুগে বর্মাবৃত অশ্বারোহীদের ভূমিকা—নাইটদের কাহিনী

মধ্যযুগে যুদ্ধবিগ্রহ লাগিয়াই ছিল ; পথঘাট দস্যু-তস্করের উপদ্রবে বিপজ্জনক ছিল ; সমাজ-জীবনও দুর্বৃত্তদের অত্যাচারে প্রপীড়িত ছিল।



লোহবর্মে আবৃত সশস্ত্র একজন নাইট

এই অবস্থায় রক্ষাকর্তা রূপে দেখা দিয়াছিল লোহবর্মাবৃত অশ্বারোহী বীরের দল। তাহারা শত্রু প্রতিরোধ করিত, বিপন্নকে উদ্ধার করিত,

দুবৃ'ত্তকে দণ্ড দিত। মধ্যযুগে এই লৌহবর্মাবৃত অশ্বারোহী বীরদের একটি বিশেষ ভূমিকা ছিল। ইঁহারা 'নাইট' নামে পরিচিত ছিলেন।

সেই যুগের জমিদারগণ লেখাপড়ার প্রতি বিশেষ আকৃষ্ট ছিলেন না। তাঁহাদের ছেলেরাও বিদ্যালয়ে যাইত না। ছেলেরা সাধারণতঃ 'নাইট' হওয়াকেই বেশী সম্মানের বলিয়া মনে করিত। এইরূপ সন্তানদের সাত-আট বছর বয়সেই কোন সামন্ত-প্রভুর শিক্ষানবিশ রূপে রাখিয়া দেওয়া হইত। সেখানে কোন খ্যাতনামা যোদ্ধার নিকট থাকিয়া তাহারা ঘোড়ায় চড়া, বর্শা ও তরবারি চালনা, শিকার করা ইত্যাদি বিষয়ে শিক্ষা গ্রহণ করিত। এই সময়ে তাহাদিগকে বলা হইত 'স্কোয়ার'। স্কোয়ারগণ ওস্তাদের সহিত থাকিয়া তাহাদের ঢাল বহন করিয়া চলিত। উত্তমরূপে শিক্ষা সমাপন করিয়া স্কোয়ারগণ নিজেদের জমিদারিতে ফিরিয়া আসিত। এখানে ধর্মযাজকের পরিচালনায় গির্জাতে এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে সে 'নাইট' উপাধি লাভ করিত। স্কোয়ারকে ধর্মযাজকের নিকট অকপটে নিজের সমস্ত পাপের কথা স্বীকার করিতে হইত। ধর্মযাজক তাহাকে তাহার নৈতিক, ধর্মীয়, সামাজিক ও সামরিক কর্তব্য সম্বন্ধে নানাবিধ উপদেশ দিতেন। উপদেশগুলির মধ্যে প্রধান ছিল কাপুরুষতা ত্যাগ করা, কথায় ও কাজে ভদ্রতা রক্ষা করা এবং প্রভুর প্রতি অনুরক্ত থাকা ইত্যাদি। উপদেশগুলি পালন করিবার শপথগ্রহণ সমাপ্ত হইলে মূল অনুষ্ঠান শুরু হইত। স্কোয়ার একখানা তরবারি কাঁধে রাখিয়া পুরোহিতদের নিকট উপস্থিত হইলে, পুরোহিত তরবারিটি মন্ত্রপূত করিয়া তাঁহার কাঁধে রাখিয়া দিতেন। তখন স্কোয়ার অনুষ্ঠানকক্ষে উপবিষ্ট তাহার প্রভুর নিকট 'নাইট' উপাধি প্রার্থনা করিলে প্রভু আর একপ্রস্থ উপদেশ দিয়া তাহাকে 'নাইট' উপাধিতে ভূষিত করিতেন। অস্ত্র ও লৌহবর্মে সজ্জিত নাইট লৌহ-শিরস্ত্রাণটি পরিধান করিয়া একলাফে ঘোড়ায় চড়িয়া বসিতেন এবং গির্জা হইতে সবেগে বাহির হইয়া যাইতেন। তাহার পর অনুচর ও বন্ধুবান্ধবদের সহিত ভোজে মিলিত হইতেন।

শিভালরি

সেই যুগের অরাজকতা, নিরাপত্তার অভাব ও দুর্নীতির মধ্যে নাইটরা ছিল সমাজের রক্ষক। তাহাদের চরিত্রে সভ্য সমাজের আদর্শগুলি বর্তমান ছিল। একদিকে তাঁহারা ছিলেন সত্যের পূজারী, বীর, বিনয়ী ও নম্র। যে-সকল রীতি-নীতি ও আচার-আচরণ নাইটদের মানিয়া চলিতে হইত, এককথায় ঐগুলিকে বলা হইত 'শিভালরি'। 'শিভালরি' শব্দটির মূল অর্থ অশ্বারোহী দল। 'শিভালরি'র প্রধান প্রধান লক্ষণগুলি ছিল—সাহস, শিষ্টাচার, প্রভুভক্তি, বিপন্ন ও দুর্বলকে বিপদ হইতে উদ্ধার, নারীজাতির প্রতি সম্মান ও সৌজন্য প্রদর্শন, খ্রীষ্টধর্মের সংরক্ষণ ইত্যাদি। আত্ম-সম্মানের প্রশ্নে নাইটরা বড়ই স্পর্শকাতর ছিলেন, তাই কথায় কথায় তাঁহাদের মধ্যে বিবাদ বাধিত; আর এইরূপ বিবাদের মীমাংসা হইত দ্বন্দ্বযুদ্ধের মাধ্যমে।

সামন্ততান্ত্রিক সমাজে জীবনধারার পদ্ধতি

সামন্ততান্ত্রিক যুগের জীবনধারা প্রাচীন যুগের ও আধুনিক যুগের জীবনধারা হইতে স্বতন্ত্র ছিল। রোম সাম্রাজ্যের যুগে সাম্রাজ্যের সর্বত্র শান্তি-শৃঙ্খলা, পথঘাট, নিরাপদ যাতায়াতের সুযোগ থাকায় বাহিরের সহিত অবাধ যোগাযোগ ও ব্যবসায়-বাণিজ্য চলিত। কিন্তু সামন্ততান্ত্রিক যুগে তাহা না থাকায় মানুষের জীবনধারা এক-একটি অঞ্চলে সীমাবদ্ধ ও সংকীর্ণ হইয়া পড়িয়াছিল। সাধারণ মানুষ ছিল ভূমিদাস, নিজ নিজ ভূমি ছাড়িয়া তাহাদের অন্যত্র যাওয়া নিষিদ্ধ ও দণ্ডনীয় ছিল। প্রাচীন যুগে তথা রোম সাম্রাজ্যের কালে ক্রীতদাসরাই চাষ-আবাদ, শিল্পকর্ম, পরিচর্যা ইত্যাদি সকলপ্রকার কায়িক শ্রম করিত। কিন্তু সামন্ততান্ত্রিক যুগে ক্রীতদাস-প্রথা লোপ পাইয়াছিল, সমস্ত প্রকার কায়িক শ্রম ভূমিদাসদেরই করিতে হইত।

মানুষের জীবন এক-একটি অঞ্চলে স্থানীয় সীমাবদ্ধ থাকায় মানুষ অত্যন্ত সংকীর্ণ, অনুদার ও কুসংস্কারাচ্ছন্ন হইয়া পড়িয়াছিল। তাহারা তাহাদের নিজ নিজ অঞ্চলকেই জগৎ মনে করিত; তাহারা সামন্ত-

প্রভুকেই তাহাদের জীবনের হর্তাকর্তা-বিধাতা ভাবিত; দেশে রাজা থাকিলেও সাধারণ মানুষ অনেক সময় রাজার নামও জানিত না।

ব্যবসায়-বাণিজ্য চালু না থাকায় বাহিরের মাল আসিত না। ফলে প্রায় সমস্ত প্রয়োজনীয় দ্রব্যই স্থানীয় লোককে উৎপন্ন করিতে হইত এবং যাহা স্থানীয় লোক উৎপাদন করিত, তাহাতেই সকলকে সন্তুষ্ট থাকিতে হইত। ব্যবসায়-বাণিজ্য না থাকায় দেশে মুদ্রার প্রচলন হ্রাস পাইয়া, না থাকার মতোই হইয়াছিল। অর্থ নয়, ভূমির পরিমাণই ছিল সমাজের পরিমাণের মাপকাঠি। বাহিরে মাল পাঠাইবার ব্যবস্থা না থাকায় প্রয়োজনের অতিরিক্ত উৎপাদন মানুষ করিত না। বাহির হইতে মাল না আসায় বিলাসদ্রব্য বলিতে যাহা বুঝায় তাহা বড় বড় সামন্তদের গৃহেও বড় একটা দেখা যাইত না। তাই ঐ যুগে ভোগ-বিলাস বলিতে যাহা বুঝায়, তাহা সামন্ততান্ত্রিক সমাজে স্বপ্নেরও অগোচর ছিল। সামন্ততান্ত্রিক সমাজে সুখ-স্বাচ্ছন্দ্য যেটুকু ছিল, তাহা সামন্তরা ও যাজকরাই ভোগ করিতেন।


সামন্ততান্ত্রিক সমাজে নাইট শ্রেণী সমাজের কেবল রক্ষক ছিল না, সমাজের অলংকার স্বরূপ ছিল। তাহাদের বীরত্বপূর্ণ জীবন ও বিস্ময়কর কার্যকলাপ কাহিনী ও কিংবদন্তীর বিষয় হইয়াছিল। নাইটরাও নিজেদের জীবনকে বিখ্যাত বীরদের জীবনের আদর্শে গড়িয়া তুলিতেন। তাই বিখ্যাত বীরদের বীরত্ব, আত্মত্যাগ ও প্রেমের কাহিনী অত্যন্ত জনপ্রিয় ছিল। ঐসব কাহিনী গানের আকারে মাতৃভাষায় রচিত হইত। ফ্রান্সে রোলান্ডের বীরত্ব কাহিনী সুপ্রচলিত ছিল। ইংলন্ডের রাজা আর্থার ও তাঁহার নাইটদের বীরত্বকাহিনী অতিশয় জনপ্রিয় ছিল। জার্মানিতে খুব জনপ্রিয় ও সুপ্রচলিত ছিল পার্সিভাল, ট্রিস্টান, সিগফ্রীড প্রভৃতির জীবন লইয়া রচিত বীরগাথা।

এইসব গাথা গাহিয়া বেড়াইতেন চারণ-কবিরা। ইহাদের 'ত্রুবেদর' বলা হইত। ত্রুবেদররা ছিলেন সামন্ত শ্রেণীর লোক। তাঁহারা সামন্তদের প্রাসাদে প্রাসাদে ঘুরিয়া এইসব বীরগাথা গাহিয়া শুনাইতেন। তাঁহারা সর্বত্র সমাদর পাইতেন। আঞ্চলিক ভাষায় বীরগাথাগুলি রচিত হওয়ায় ইউরোপে শিক্ষিত শ্রেণীর মধ্যে প্রচলিত ল্যাটিন ভাষার

পরিবর্তে আঞ্চলিক ভাষাগুলি বিকাশের সুযোগ পাইয়াছিল এবং তাহা কালক্রমে এক-একটি জাতির মাতৃভাষায় পরিণত হইয়াছিল।

মধ্যযুগের ম্যানরীয় ব্যবস্থা

সামন্তযুগে রাজাই ছিলেন দেশের সমস্ত ভূ-সম্পত্তির প্রকৃত মালিক। রাজার নিকট হইতে ভূ-সম্পত্তি লাভ করিতেন প্রধান সামন্তগণ ; আর প্রধান



সামন্ততান্ত্রিক সমাজ-ব্যবস্থায় শ্রেণীবিন্যাস

সামন্তগণ রাজার নিকট হইতে প্রাপ্ত ভূমি বিলি-বন্দোবস্ত করিতেন তাঁহার অধস্তন সামন্ত বা উপ-সামন্তদের মধ্যে। উপ-সামন্তগণ তাঁহাদের জমি বিলি করিতেন তাঁহাদের অধীন ক্ষুদ্রতর সামন্তদের মধ্যে। অবশ্য এইরূপ বিলি-বন্দোবস্তের মধ্যে একটি বিশেষ বৈশিষ্ট্য ছিল ; বিভিন্ন স্তরের ভূ-সম্পত্তির মালিকগণ সমস্ত জমিই বিলি করিতেন না, নিজেদের দখলে কিছু জমি রাখিয়া দিতেন। নিজেদের দখলে রাখা জমির কিছু অংশে তাঁহারা ভূমিদাসদের বসাইতেন এবং বাকী অংশ থাকিত তাঁহাদের খাস জমি। এইভাবে গ্রামগুলি গড়িয়া উঠিত। এই পদ্ধতিতে সংগঠিত

কতিপয় গ্রাম লইয়া গঠিত হইত 'ম্যানর'। ম্যানরের মধ্যস্থলে থাকিত সামন্ত-প্রভুর বাসভবন বা 'ম্যানর হাউস'। ম্যানর হাউসের অদূরে থাকিত গির্জা। সেখানে ধর্মযাজক থাকিতেন, ম্যানরের অধিবাসীরা সেখানকার ধর্মীয় অনুষ্ঠানে যোগ দিত। ম্যানর হাউসের নিকটে থাকিত সামন্ত-প্রভুর খাসজমি। তাহার চারিদিকে থাকিত ভূমিদাসদের জমি, পথঘাট,



ম্যানর বা মধ্যযুগের গ্রামের নকশা

পশুচারণ ক্ষেত্র, শিকারের জন্য সংরক্ষিত বন ও ভূমিদাসদের কুটির। সামন্ত-প্রভুর খাস জমি ছাড়া অন্য সব জমি ফালি ফালি করিয়া ভূমিদাসদিগকে চাষের জন্য দেওয়া হইত। ভূমিদাসরা নিজ নিজ জমি চাষ করিত এবং সামন্ত-প্রভুর খাস জমি চাষ করিয়া দিতে বাধ্য থাকিত। একজন মালিকের এক বা একাধিক ম্যানর থাকিত। ম্যানর-মালিকের

পরিবারের লোকেরা পালাক্রমে ম্যানরগুলিতে বাস করিত এবং এক ম্যানরের খাদ্যাদি শেষ হইলে অন্য ম্যানরে চলিয়া যাইত।

ম্যানরগুলি অর্থনৈতিক দিক হইতে স্বয়ংসম্পূর্ণ ছিল। লবণ, লৌহ, কিছু কিছু মশলা প্রভৃতি ছাড়া অন্যান্য প্রায় সকল প্রয়োজনীয় দ্রব্যই ম্যানরে উৎপন্ন হইত। খাদ্যশস্য, শাকসব্জি, তরকারি, দুধ, মাংস, ডিম, আসবাবপত্র, অস্ত্রশস্ত্র, কৃষির যন্ত্রপাতি, ব্যবহার্য পাত্রাদি, বস্ত্র, চামড়া, পোশাক প্রভৃতি সকল কিছুই ম্যানরে উৎপন্ন হইত। ভূমিদাসরা একই সঙ্গে ছিল কৃষক, পশুপালক, কারিগর, শিল্পী, পরিচালক। ব্যবসায়-বাণিজ্যের সুযোগ না থাকায় প্রয়োজনের অতিরিক্ত দ্রব্য উৎপন্ন করা হইত না। একই ব্যক্তি কৃষক ও কারিগর হওয়ায় দক্ষতার উন্নতি সম্ভব ছিল না।

ম্যানরের সব চাষ-আবাদ ভূমিদাসরাই করিত ; তাহাদিগকে নিজের ও সামন্ত-প্রভুর খাস জমিতে চাষের জন্য অক্লান্ত পরিশ্রম করিতে হইত। তদুপরি তাহাদিগকে নানারূপ কর, জরিমানা প্রভৃতি দিতে হইত। এইসব কর তাহারা গির্জাকেও দিতে বাধ্য থাকিত।

ম্যানরগুলিই ছিল শাসন ও বিচার-ব্যবস্থার ক্ষুদ্রতম অংশ। সামন্ত-প্রভুদের আদেশই ছিল ম্যানরের আইন। সেই আইন অনুসারেই ম্যানর-হাউসে সামন্ত-প্রভুর কাছারি-বাড়িতে অভিযোগ ও অপরাধের বিচার হইত। ম্যানরের শান্তি-শৃঙ্খলা রক্ষার ব্যবস্থাও করিতেন সামন্ত-প্রভুরা। এইসব কাজের জন্য তাঁহারা তাঁহাদের প্রতিনিধি স্থানীয় কর্মচারীও নিয়োগ করিতেন।

সাধারণ মানুষ, অর্থাৎ ভূমিদাসদের জীবন দুঃসহ হইলেও সামন্ত-প্রভুদের ম্যানর-হাউস বা প্রাসাদ দুর্গের জীবনযাত্রা অনেকটা সুখের ছিল। ম্যানর-হাউসে সামন্ত, তাঁহার পরিবার ও পরিবারের পরিচালক, লোকজন, কর্মচারী, পাইক-পেয়াদা প্রভৃতি বাস করিত। শৌখিন দ্রব্য পাওয়ার সুযোগ না থাকায় ম্যানরে জীবনযাত্রা সরল ও অনাড়ম্বর ছিল। খাদ্য-পানীয় ছিল প্রচুর। খাদ্য-ভাণ্ডার রুটি, মাছ-মাংস, ডিম, দুধ, মাখন, পনির, বাঁধাকপি, গাজর, পেঁয়াজ, শশা, আঙুর, আপেল, চেরি মদ্য

প্রভৃতিতে পূর্ণ থাকিত। ছুরি ও কাঁটার ব্যবহার তখনও অপ্রচলিত ছিল, তাই আঙুল ও কাঠের চামচের সাহায্যে খাওয়া হইত।

ম্যানর-হাউসগুলিতে বিলাসদ্রব্য যথেষ্ট থাকিত না। তবে যেসব আসবাবপত্র ও পাত্র ব্যবহৃত হইত, সেগুলি রুচির পরিচয় দিত। সামন্তরা সাধারণতঃ পশম ও চামড়ার পোশাক ব্যবহার করিতেন। প্রাসাদে প্রায়ই উৎসবের আয়োজন হইত। তাহাতে ভোজ, নৃত্য-গীত-বাদ্য, শিকার, অস্ত্রবিদ্যার প্রতিযোগিতা প্রভৃতি হইত।

সামন্ততান্ত্রিক সমাজ-ব্যবস্থা

সামন্ততান্ত্রিক সমাজ তিনটি শ্রেণীতে বিভক্ত ছিল—সম্ভ্রান্ত, যাজক ও জনসাধারণ। সবার ঊর্ধ্বে ছিল সম্ভ্রান্ত শ্রেণী এবং সবার নিম্নে জনসাধারণ। সম্ভ্রান্ত শ্রেণী ও জনসাধারণ ছিল সমাজের দুই বিপরীত মেরুতে। যাজক শ্রেণী প্রচুর ভূসম্পত্তির মালিক, বহু সুযোগ-সুবিধা ও মর্যাদার অধিকারী হওয়ায় তাহাদের অবস্থা কতকটা সামন্ত-প্রভুদের মতোই ছিল।

যাজক ও তাঁহাদের প্রতিষ্ঠান ক্যাথলিক চার্চের প্রতাপ ছিল প্রচণ্ড। যাজকদের মধ্যে রোমের বিশপ ছিলেন সর্বপ্রধান। তাঁহাকে বলা হইত পোপ। খ্রীষ্টান জগতের প্রধান ধর্মগুরু হিসাবে ইউরোপের সকল মানুষের উপর তাঁহার অখণ্ড আধিপত্য ছিল। দেশের রাজা নিজের প্রজাদের উপর কর্তৃত্ব করিতে পারিতেন ; কিন্তু ঈশ্বরের প্রতিনিধি ও মানুষের ধর্মীয় জীবনের প্রধান নির্দেশক হিসাবে মহামান্য পোপ পাইতেন ইউরোপের রাজা এবং প্রজা—সকল অংশের মানুষের আনুগত্য।

ধর্মীয় শাসন পরিচালনার জন্য পোপ সমগ্র খ্রীষ্টান জগৎকে কয়েকটি প্রদেশ, প্রদেশগুলি ডায়োসেস বা জেলায় এবং জেলাগুলি প্যারিসে বিভক্ত করিয়াছিলেন। প্রদেশের প্রধান যাজক আর্চবিশপ, জেলার প্রধান যাজক বিশপ এবং প্যারিসের প্রধান যাজক প্রীস্ট নামে পরিচিত ছিলেন। এইরূপ সংগঠনের মাধ্যমে মহামান্য পোপ ইউরোপের খ্রীষ্টান জগৎকে নিয়ন্ত্রিত করিতেন। পরিচালনার জন্য তিনি কতকগুলি আইন রচনা

করিয়াছিলেন ; আইনগুলির নাম ছিল 'ক্যানন্-ল'। এই আইনসমূহ খ্রীণ্টান জগতে ঈশ্বর-সৃষ্ট বলিয়া বিবেচিত হইত। ইহা অমান্য করা কিংবা যাজকদের নির্দেশ লঙ্ঘন করা পাপ বলিয়া গণ্য হইত। ইহা অমান্য করা কাহারও পক্ষে সম্ভব ছিল না ; এমন কি স্বয়ং রাজার পক্ষেও না।

সামন্তযুগে গির্জা বা চার্চগুলি ছিল জমির বড় বড় মালিক। নানা উপায়ে চার্চগুলি জমি লাভ করিত। ঈশ্বরকে তুষ্ট করিবার নামে অনেকে চার্চকে জমি দিত ; চার্চ যে-সকল জনহিতকর কার্যাবলী করিত তাহার জন্যও অনেকে চার্চকে জমি দিত ; আবার রাজা কিংবা সামন্তগণ কোন অঞ্চল জয় করিবার পর বিজিত অঞ্চলের কিছু অংশ চার্চকে দিত। এইরূপে এক-এক চার্চ এক-একটি বিশাল জমিদারির মালিকে পরিণত হইত। পশ্চিম ইউরোপের প্রায় অর্ধেক জমির মালিক ছিল এই চার্চ বা গির্জাসমূহ। চার্চগুলি তাহাদের জমির কিছু কিছু অংশ অনেক সময় সামন্তদের মধ্যে বিলি করিত ; আবার জমির মালিক হিসাবে চার্চের ভারপ্রাপ্ত যাজক নিজেই ভূমিদাস রাখিত। সামন্ত ও ভূমিদাসদের মধ্যে যেমন প্রভু-ভৃত্যের সম্পর্ক ছিল, তেমনই সম্পর্ক ছিল যাজক ও ভূমিদাসদের মধ্যে। তখনকার সময়ে যাহার যত বেশী পরিমাণ জমি ছিল, সে তত বেশী ধনী বলিয়া পরিগণিত হইত। তাহাছাড়া রাজা, সামন্ত, ভূমিদাস সকলের নিকট হইতে নানা খাতে অর্থ পাইত ও আদায় করিত। এইভাবে রোমের পোপ ছিলেন ধনীদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ধনী ব্যক্তি।

ম্যানরীয় ব্যবস্থায় ভূমিদাসদের অবস্থা

ম্যানরীয় ব্যবস্থায় সামন্ত, তাঁহার পরিবারের লোকজন ও কর্মচারীরা এবং যাজক শ্রেণীর লোকেরা ছাড়া আর প্রায় সকলেই ছিল ভূমিদাস। ভূমিদাস কেবল চাষ-আবাদই করিত না, কারিগরি ও পরিচর্যাদি সকল কায়িক শ্রমের কাজই তাহাদিগকে করিতে হইত। তাহারা বংশানুক্রমে ভূমির সহিত আবদ্ধ থাকিত। মালিক কোনও ভূমি বিক্রয় করিলে সেই বিক্রীত

ভূমির সহিত ভূমিদাসকেও বিক্রয় করা হইত। ভূমি-বিক্রয়কালে হাল-লাঙল, কৃষি-যন্ত্রপাতি, গরু-ছাগল, ঘোড়া প্রভৃতির মতোই তাহাদেরও মূল্য নির্ধারিত হইত। ক্রীতদাসকে মালিক বিক্রয় করিত, কিন্তু তাহার ভরণ-পোষণের দায়িত্ব ছিল মালিকের। ভূ-সম্পত্তির মালিক ভূমিদাসকে বিক্রয় করিত, কিন্তু তাহার ভরণ-পোষণের দায়িত্ব মালিকের ছিল না। ভূমিদাসকে নিজের জীবিকা নিজেই উপার্জন করিতে হইত। ফলে ভূমিদাসদের জীবন ছিল বড়ই করুণ—বড়ই অসহায়। এই ভূমিদাসরাই চাষ করিত, খাদ্য উৎপাদন করিত এবং সমাজকে বাঁচাইয়া রাখিত। সেই সংগে তাহাকে কারিগরি শিল্পকার্য ও অন্যান্য সকল প্রকার কায়িক শ্রম করিতে হইত। তবু মূলতঃ সে ছিল কৃষক। কিন্তু জমির প্রকৃত মালিক সামন্ত-প্রভুরা। সামন্তযুগ সম্বন্ধে বলা যায়, জমি ছাড়া প্রভু ছিল না, আবার প্রভু ছাড়াও জমি ছিল না। এখন দেখ, ভূমিদাসদের উদ্ভব কিরূপে হইল।

তোমরা জান রোমান সাম্রাজ্যে ক্রীতদাসরাই ছিল সমাজে প্রধান মজুর-শ্রেণী। উৎপাদনের প্রধান অংশ তাহারাই উৎপন্ন করিত। রোম সাম্রাজ্যের পতনের পর সাম্রাজ্যে দেখা যায় চরম বিশৃংখলা ও অরাজকতা। ক্রমাগত দাসবিদ্রোহ, ব্যবসায়-বাণিজ্যে চরম অবনতির ফলে দেশের উৎপাদন-ব্যবস্থার সম্পূর্ণ পরিবর্তন আসে। সমাজে শ্রমিকের অভাব দেখা দিতে শুরু করে। ফলে, মালিক শ্রেণীর লোকেরা খাদ্যোৎপাদন ও অন্যান্য কাজে নূতন বন্দোবস্ত শুরু করে। মালিকগণ ক্রীতদাসদের আংশিক মুক্তি দিয়া প্রত্যেককে এক এক খণ্ড জমি বন্দোবস্ত করিয়া দিতে আরম্ভ করে। এইরূপ বন্দোবস্তের প্রবর্তন হইলে চাষীরা জমির উপর কতকটা অধিকার লাভ করে। অবশ্য মালিক ইচ্ছা করিলেই জমি হইতে চাষীকে উচ্ছেদ করিতে পারিত। ক্রমে এই ব্যবস্থা একটি নির্দিষ্ট আকৃতি লাভ করে এবং ক্রীতদাসেরা ভূমিদাসে পরিণত হয়। অবশ্য ঋণের দায়ে বহু স্বাধীন কৃষকও ক্রমে ক্রমে ভূমিদাসে পরিণত হইতে থাকে।

ম্যানরের প্রভুরা কতকগুলি শর্তে ভূমিদাসদের কয়েক ফালি জমি বন্দোবস্ত করিয়া দিত। ভূমিদাসরা ঐ শর্তগুলি পালন না করিলে

জমির মালিক তাহাদিগকে জমি হইতে উচ্ছেদ করিত ; এমন কি ম্যানর হইতে বহিষ্কার করা ছিল অতি সাধারণ ব্যাপার। এই সকল শর্ত ছিল প্রকৃতপক্ষে একতরফা। জমির প্রভুকে কোন প্রতিশ্রুতি দিতে হইত না। ক্রীতদাসদের তুলনায় ভূমিদাসদের অবস্থা কতকটা ভাল ছিল বলা যায়। কেননা, শর্ত পালন করিলে ভূমিদাসদের জমির উপর অধিকার বজায় থাকিত। জমির প্রভু তাহার জমি অপর কোন মালিকের নিকট বিক্রয় করিলে ভূমিদাসসহ জমি বিক্রয় হইত। কাজেই এই ভূমিদাস-প্রথা ছিল বংশানুক্রমিক। ভূমিদাস এক প্রভুর পরিবর্তে অন্য এক প্রভুর অধীন হইত মাত্র।

ভূমিদাসদের নিকট হইতে জমির মালিকের পাওনা ছিল বহুবিধ। প্রথমতঃ, তাহাকে উৎপন্ন ফসলের একটা বড় অংশ কর হিসাবে জমির মালিককে দিতে হইত। দ্বিতীয়তঃ, সপ্তাহের প্রায় অর্ধেক সময় মালিকের খাস জমিতে বেগার খাটিতে হইত। তৃতীয়তঃ, ভূমিদাসদের নিজেদের জমি ছাড়িয়া চলিয়া যাইবার কোন অধিকার ছিল না। চতুর্থতঃ ভূমিদাসগণ তাহাদের ছেলেমেয়েদের বিবাহ জমির মালিকের অন্য ভূমিদাস পরিবারের মধ্যে সীমাবদ্ধ রাখিতে বাধ্য হইত এবং তাহাও জমির মালিকের অনুমতি লাভের পর। পঞ্চমতঃ, কোন ভূমিদাসের মৃত্যু হইলে তাহার উত্তরাধিকারীকে একটা নির্দিষ্ট কর দিয়া অধিকার পাইতে হইত। তাহা ছাড়া রুটি প্রস্তুত করিতে যাইতে হইত মালিকের উনানে, মালিকের কলেই গম ভাঙাইতে কিংবা আঙুর হইতে মদ চোলাই করিতে যাইতে হইত এবং প্রতি ক্ষেত্রেই ইহার জন্য ফসলের একটা অংশ কর হিসাবে দিতে হইত। ভূমিদাসদের বিচার হইত মালিকের আদালতে এবং সামান্য অপরাধে যথেষ্ট জরিমানা হইত। জরিমানার অর্থও যাইত জমির মালিকেরই তহবিলে।

ভূমিদাসদের পরিবারের মেয়েদেরও অমানুষিক পরিশ্রম করিতে হইত। গৃহস্থালির কাজকর্ম, ছেলেমেয়েদের দেখাশুনা ছাড়াও সুতা কাটা, কাপড় বোনা এবং চাষের কাজে সাহায্য করা প্রভৃতি ছিল তাহাদের নিয়মিত কাজ।

ভূমিদাসদের বাসস্থান ছিল খড়ের চালে ঢাকা ছোট ছোট কাঠের বাড়ি।

বাড়িঘরগুলি থাকিত খুবই অপরিচ্ছন্ন। ভূমিদাসদের সকলেই ছিল নিরক্ষর, কাজেই সারাদিনের পরিশ্রমের পর রাত্রে শুইয়া পড়া ছাড়া আর কোন কাজ থাকিত না। ভূমিদাসদের সম্পত্তি বলিতে থাকিত কয়েকটি শুয়োর, গরু, বলদ, আর হয়ত কাহারও কাহারও একটা ঘোড়া। জমির মালিকের চোখে তাহারা গরু-বলদের চাইতে উচ্চস্তরের জীব ছিল না। একজন ভূমিদাসের মূল্য অপেক্ষা একটা ঘোড়ার দাম সেই যুগে অনেক বেশীই ছিল।

ভূমিদাসত্ব হইতে মুক্তিলাভের চেষ্টা ও উপায়

কালক্রমে এই অবস্থারও পরিবর্তন শুরু হয়। মধ্যযুগের শেষভাগে সামন্ততন্ত্রের ভাঙন দ্রুত হইতে থাকে। আবার, উৎপাদন-ব্যবস্থার পরিবর্তনের ফলে শহরের পত্তন ও প্রসার আরম্ভ হয়; সেখানে কারখানাজাত দ্রব্য-সামগ্রীর উৎপাদন বৃদ্ধি পায়। ভূমিদাসদের মধ্যেও তাহাদের অসহনীয় জীবন হইতে মুক্তির জন্য বিক্ষোভ বৃদ্ধি পাইতে থাকে এবং সুযোগ পাইলেই কোন কোন ভূমিদাস পলায়ন করিয়া রাজকীয় সৈন্যদলে যোগ দিত; শহরে আসিয়া আশ্রয় লইত। ব্যবসায়-বাণিজ্যে কিংবা শিল্পকারখানায় শ্রমিকের কাজে নিযুক্ত হইত। এইভাবেই এই ভূমিদাস-প্রথা অবলুপ্তির পথে অগ্রসর হয়।

ভূমিদাসরা তাহাদের দুঃসহ জীবন হইতে মুক্তিলাভের চেষ্টা করে। নিজ বাসস্থান ছাড়িয়া ভূমিদাসদের অন্যত্র যাওয়া দণ্ডনীয় অপরাধ ছিল। তাই তাহারা গোপনে ম্যানর ত্যাগ করিয়া পলায়ন করিত। ধরা পড়িলে দণ্ডের হাত হইতে বাঁচিবার জন্য তাহারা সাধু-সন্ন্যাসী হইয়া অনেকে ধর্মীয় সম্প্রদায়ে যোগ দিত। ঐ সময় দেশে নূতন নূতন শহর গড়িয়া উঠিতেছিল। ভূমিদাসরা অনেক সময় ম্যানর হইতে পলাইয়া গোপনে শহরে যাইত এবং শহরের কাজকর্মে, ব্যবসায়-বাণিজ্যে ও কারখানায় যোগ দিত। ক্রুসেড বা ধর্মযুদ্ধের সময়ে অনেক ভূমিদাস ধর্মযোদ্ধা সামন্ত-প্রভুদের সহিত ধর্মযুদ্ধে গিয়াছিল। তাহাদের অনেকে মরিয়াছিল, অনেকে আর ম্যানরে ফিরে নাই, শহরে বন্দরে নানা কাজে

যোগ দিয়া সেখানেই রহিয়া গিয়াছিল। সামন্ততন্ত্র নানা কারণেই দুর্বল হইয়া পড়িয়াছিল। বহু সামন্ত-প্রভু ধর্মযুদ্ধে গিয়া মারা গিয়াছিল, অনেকে ঋণভারে জর্জরিত হইয়া সর্বস্বান্ত হইয়াছিল। সামন্ত-প্রভুরা দেশের অভ্যন্তরে নিজেদের মধ্যে যুদ্ধেও অনেকে মরিয়াছিল। দেশের রাজারা ক্রমেই শক্তিশালী হইয়া উঠিয়াছিলেন এবং নিজ নিজ সৈন্যবাহিনীর সাহায্যে সামন্তদের প্রতাপ-প্রতিপত্তি নষ্ট করিয়া, দেশে রাজশক্তির আধিপত্য প্রতিষ্ঠা করিয়াছিলেন। বহু ভূমিদাস রাজার সৈন্যদলে যোগ দিয়া বীরত্ব প্রদর্শনের পুরস্কাররূপে স্বাধীনতা পাইয়াছিল। সামন্ত-প্রভুরা দুর্বল হইয়া পড়ায় ভূমিদাসদের সাহস বৃদ্ধি পাইয়াছিল। তাহারা নানা স্থানে প্রকাশ্য বিদ্রোহ করিতেছিল। এক এক স্থানে ভূমিদাসদের বিদ্রোহ এমন ব্যাপক আকার ধারণ করিয়াছিল যে, তাহাদের ভূমিদাসত্ব হইতে মুক্তি না দিয়া উপায় ছিল না। এইরূপে দেশে ভূমিদাসদের স্থলে স্বাধীন কৃষক ও শ্রমিক শ্রেণীর উদ্ভব হইয়াছিল এবং কালক্রমে ভূমিদাস-প্রথা লোপ পাইয়াছিল।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। 'সামন্ততন্ত্র' কথার অর্থ কি? কিভাবে ইউরোপে সামন্ততন্ত্র গড়িয়া উঠিয়াছিল?

২। সামন্ততান্ত্রিক সমাজে ভূমি-ব্যবস্থা কিরূপ ছিল?

৩। সামন্ততান্ত্রিক সমাজে সামন্তদের স্তর-বিন্যাস সম্পর্কে যাহা জান লিখ।

৪। মধ্যযুগীয় সমাজে 'ম্যানর-হাউস' বা প্রাসাদ-দুর্গগুলির ভূমিকা কিরূপ ছিল?

৫। মধ্যযুগে লৌহবর্মাবৃত অশ্বারোহী বা নাইটদের ভূমিকা কিরূপ ছিল? কি ভাবে 'নাইট' হইত? 'নাইট'দের গুণাবলী সম্পর্কে যাহা জান লিখ।

৬। সামন্ততান্ত্রিক সমাজে জীবনধারা কিরূপ ছিল?

৭। সামন্ততান্ত্রিক সমাজ কয়টি শ্রেণীতে বিভক্ত ছিল? যাজক শ্রেণী সম্পর্কে যাহা জান লিখ।

৮। ভূমিদাস-প্রথার উদ্ভব কি ভাবে হইয়াছিল? ভূমিদাসদের দুঃসহ জীবনের বিবরণ দাও।

৯। ভূমিদাস-প্রথা কি ভাবে লোপ পাইয়াছিল?

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। টীকা লিখঃ ম্যানর; নাইট; ত্রুবেদর; ম্যানর-হাউস।

২। লর্ড ও ভ্যামাল বলিতে কি বুঝ?

৩। 'সিভ্যালরি' বলিতে কি বুঝ?

৪। ত্রুবেদর বলিতে কি বুঝ?

নৈর্ব্যক্তিক প্রশ্ন

বন্ধনীর মধ্য হইতে সঠিক শব্দটি বাছিয়া লও এবং উহার সাহায্যে শূন্যস্থান পূরণ কর—

১। আনুগত্যের বিনিময়ে প্রাপ্ত ভূ-সম্পত্তির মালিককে বলা হয় —— (সামন্ত-প্রভু/ভ্যামাল)।

২। সামন্ততান্ত্রিক ব্যবস্থায় সকলের উপরে ছিলেন —— (রাজা/সামন্ত-প্রভু)।

৩। সামন্তদের জমিদারিকে বলা হইত —— (ম্যানর/ম্যানর-হাউস)।

৪। মধ্যযুগের ম্যানরগুলি অর্থনৈতিক দিক হইতে — — (স্বয়ংসম্পূর্ণ ছিল/স্বয়ংসম্পূর্ণ ছিল না)।

৫। মধ্যযুগের অরাজকতা ও দুর্নীতির মধ্যে নাইটরা সমাজের —— —— (রক্ষক ছিলেন না/রক্ষক ছিলেন)।

সংক্ষিপ্ত বা মৌখিক প্রশ্ন

১। ফিউড্যালিজম্ শব্দের বাংলা প্রতিশব্দ কি?

২। সামন্ততান্ত্রিক ব্যবস্থায় দেশের সমস্ত ভূ-সম্পত্তির মালিক কে ছিলেন?

৩। ম্যানর কাহাকে বলে?

৪। মধ্যযুগের সামাজিক স্তর-বিন্যাসে ভ্যামাল কাহাদিগকে বলা হইত?

৫। ত্রুবেদর কাহাদিগকে বলা হইত?

৮ | ক্রুসেড বা ধর্মযুদ্ধ (১ম, ৩য়, ৪র্থ)

ধর্মযুদ্ধ বলিতে কি বোঝায় ?

মধ্যযুগের ইতিহাসে 'ক্রুসেড' বা ধর্মযুদ্ধ একটি প্রসিদ্ধ ঘটনা। ধর্মের নামে পৃথিবীতে বহু যুদ্ধ হইয়াছে, কিন্তু মধ্যযুগে খ্রীষ্টান ও মুসলমানদের মধ্যে যে প্রায় দুই শতাব্দীব্যাপী রক্তক্ষয়ী যুদ্ধ চলিয়াছিল, তাহাই 'ক্রুসেড' বা ধর্মযুদ্ধ নামে পরিচিত। 'ক্রুসেড' শব্দের অর্থ ক্রুসের যুদ্ধ। যীশু খ্রীষ্ট ক্রুসবিদ্ধ হইয়া মৃত্যুবরণ করিয়াছিলেন। তাই ক্রুসের চিহ্ন ছিল খ্রীষ্টান ধর্মের প্রতীক। খ্রীষ্টান যোদ্ধারা যুদ্ধকালে এই চিহ্ন ব্যবহার করিত। নানা কারণে এই যুদ্ধের সূচনা হয়। খ্রীষ্টানদের নিকট জেরুজালেম একটি পবিত্র স্থান। এই জেরুজালেমেই যীশু খ্রীষ্টের জন্ম ও মৃত্যু ঘটিয়াছিল। তাই জেরুজালেম খ্রীষ্টানদের নিকট পবিত্রতম তীর্থস্থান ছিল। শত শত খ্রীষ্টান তীর্থযাত্রী সেখানে যাইত। জেরুজালেম আরবীয়দের অধীনে থাকিলেও খ্রীষ্টান তীর্থযাত্রীদের যাইতে অসুবিধা ছিল না। খলিফাগণ তীর্থযাত্রীদের উপর কোন অত্যাচার করিতেন না। হজরত মহম্মদ নিজে কিন্তু খ্রীষ্টকে অন্যতম পয়গম্বর বলিয়া মানিতেন ও অতিশয় শ্রদ্ধা করিতেন। পরবর্তী সময়ে তুর্কীজাতীয় সেলজুক বংশের আধিপত্য স্থাপনের পর অবস্থার দ্রুত পরিবর্তন হইতে থাকে। তুর্কীরা খ্রীষ্টান তীর্থযাত্রীদের উপর নানারূপ অত্যাচার করে,—এইরূপ সংবাদে ইউরোপে প্রচণ্ড বিক্ষোভের সঞ্চার হয় এবং মুসলমানদের হাত হইতে পবিত্র জেরুজালেম উদ্ধার করিবার বাসনা তাহাদের মনে জাগ্রত হইতে থাকে। অবশেষে খ্রীষ্টান-জগতের প্রধান ধর্মগুরু মহামান্য পোপ দ্বিতীয় আরবান এক মহাসভা আহ্বান করিয়া ঘোষণা করিলেন যে, বিধর্মীদের হাত হইতে খ্রীষ্টানদের পুণ্যভূমি জেরুজালেম উদ্ধার করা প্রতিটি খ্রীষ্টানের অবশ্য কর্তব্য। মহামান্য পোপের আহ্বানে সারা খ্রীষ্টানজগতে সাজ সাজ রব পড়িয়া গেল। শুরু হইল এক রক্তক্ষয়ী ধর্মযুদ্ধ। প্রায় দুইশত বৎসর (১০৯৫ খ্রীঃ—১২৯১ খ্রীঃ) ধরিয়া এই যুদ্ধ চলে। এই সময়কালের মধ্যে অগণিত বার ধর্মযুদ্ধ হয়। তাহার

মধ্যে কয়েকটি ধর্মযুদ্ধ বিশেষভাবে উল্লেখযোগ্য, বিশেষতঃ প্রথম, তৃতীয় ও চতুর্থ ক্রুসেড বা ধর্মযুদ্ধ।

ক্রুসেডের উদ্দেশ্য

মধ্যপ্রাচ্যে সেলজুক-তুর্কী অধিকৃত অঞ্চলে খ্রীষ্টানদের উপর অত্যাচার এবং মুসলমানদের হাত হইতে খ্রীষ্টানদের পবিত্রতম তীর্থস্থান জেরুজালেমের উদ্ধার সাধন ছিল ক্রুসেডের প্রধান উদ্দেশ্য। কিন্তু তাহার সহিত অন্যান্য নানা কারণও যুক্ত ছিল। ঐ সময়ে সামন্তদের বংশবৃদ্ধি হইতেছিল এবং ভূমির প্রয়োজন বৃদ্ধি পাইয়াছিল। ভূমি অধিকারের জন্য সামন্তগণ ক্রমাগত নিজেদের মধ্যে যুদ্ধ করিতেছিলেন। ঐ সময়ে উত্তর হইতে যে দুর্ধর্ষ নর্স জাতির লোকেরা পশ্চিম ইউরোপে প্রবেশ করিয়াছিল তাহারা অত্যন্ত যুদ্ধপ্রিয় ছিল। এইসব নানা কারণে পশ্চিম ইউরোপে খ্রীষ্টানদের মধ্যে যুদ্ধবিগ্রহ চলিতেছিল এবং শান্তি-শৃঙ্খলা বিপন্ন হইয়াছিল। মহামান্য পোপ খ্রীষ্টান সামন্তদের যুদ্ধ-প্রিয়তাকে মুসলমানদের বিরুদ্ধে প্রয়োগ করিয়া পশ্চিম ইউরোপে শান্তি ফিরাইয়া আনিতে চাহিয়াছিলেন। সেলজুক-তুর্কী অধিকৃত মধ্য-প্রাচ্য ধন-সম্পদে পূর্ণ ছিল। সামন্তরাজগণ যদি ঐ অঞ্চল অধিকার করিয়া নূতন নূতন রাজ্য স্থাপন করিতে পারেন, তাহাতে অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটারও সুযোগ ও সম্ভাবনা ছিল। তাহা ছাড়া ঐ সময়ে পশ্চিম ইউরোপের খ্রীষ্টান জগতের পোপের নিরঙ্কুশ প্রাধান্য থাকিলেও পূর্ব ইউরোপে গ্রীক চার্চের প্রভুত্ব ছিল এবং বাইজানটাইন সম্রাটরা গ্রীক চার্চের প্রভুত্ব মানিয়া চলিতেন। সেলজুক-তুর্কীদের আক্রমণে বাইজানটাইন সম্রাট অত্যন্ত বিপন্ন বোধ করিতেছিলেন। তাঁহার সাম্রাজ্যের সুবিশাল অংশ সেলজুক-তুর্কীরা অধিকার করিয়াছিল। কনস্টান্টিনোপল রক্ষা করাও কঠিন হইয়া পড়িয়াছিল। তাই তিনি পোপের নিকট মুসলমানদের বিরুদ্ধে সাহায্য চাহিয়াছিলেন। পোপ এই সাহায্য প্রার্থনাকে বাইজাণ্টাইন সাম্রাজ্যেও আপন প্রভুত্ব বিস্তারের সুযোগ মনে করিলেন। এইসব নানা কারণেই তিনি ইউরোপের রাজা ও সামন্ত-প্রভুদিগকে

মুসলমানদের বিরুদ্ধে ধর্মযুদ্ধে নামিবার জন্য আহ্বান দিলেন। এইভাবে পশ্চিম ইউরোপের খ্রীষ্টানদের মধ্যে ধর্মযুদ্ধের সাড়া পড়িয়া যায়।

প্রথম ক্রুসেড

পোপ সম্রাট, রাজা ও সামন্তদেরই ধর্মযুদ্ধের আহ্বান জানাইয়াছিলেন। কিন্তু এই আহ্বানে দরিদ্র জনসাধারণও সাড়া দিল। সন্ন্যাসী পিটার, কপর্দকহীন ওয়াল্টার প্রভৃতি সন্ন্যাসী ও ধর্মযাজকগণ গ্রামে গ্রামে ঘুরিয়া কৃষক ও সাধারণ মানুষকেও ক্রুসেডের জন্য উত্তেজিত করিলেন। ম্যানর হইতে পলায়িত ভূমিদাস, চুরি-ডাকাতি ও অন্যান্য অপরাধে দণ্ডিত হইবার ভয়ে ভীত ফেরার লোকেরাও ক্রুসেডে যোগ দিল। ভূমিদাসরা ইহাকে ভূমিদাসত্ব হইতে মুক্তির একটি উপায় মনে করিল। এইভাবে দলে দলে খ্রীষ্টানরা পূর্ব ইউরোপের মধ্য দিয়া বাইজাণ্টাইন সাম্রাজ্যের পথে যাত্রা করিয়া অবশেষে জেরুজালেমে গিয়া পৌঁছিল। পথে অনেকের মৃত্যু হয়; তুর্কীদের সহিত যুদ্ধেও অনেকের মৃত্যু ঘটে। অনেকে ধর্মযুদ্ধ ত্যাগ করিয়া ফিরিয়া যায়। তাহা সত্ত্বেও ধর্মযোদ্ধারা নির্মম যুদ্ধের পর ১০৯৯ খ্রীষ্টাব্দে পবিত্র জেরুজালেম অধিকার করে। এখানে তাহারা নির্বিচারে মুসলমানদের হত্যা করে, লুণ্ঠন চালায়, রক্তস্রোত বহাইয়া দেয়। পার্শ্ববর্তী অঞ্চলে খ্রীষ্টান আধিপত্য স্থাপিত হয়। খ্রীষ্টানরা কয়েকটি সামন্ত রাজ্যও স্থাপন করে।

তৃতীয় ক্রুসেড

খ্রীষ্টানগণ জেরুজালেম দখল করিল বটে, কিন্তু এই দখল স্থায়িভাবে রক্ষা করা তাহাদের পক্ষে সম্ভব হয় নাই। প্রায় নব্বই বৎসর পর ১১৮৭ খ্রীষ্টাব্দে তুর্কী সুলতান সালাদিন পুনরায় জেরুজালেম অধিকার করেন, তখন শুরু হয় তৃতীয় ক্রুসেড। ধর্মযুদ্ধের মধ্যে এইটিই সর্বাপেক্ষা বিখ্যাত যুদ্ধ। তৃতীয় ক্রুসেডে খ্রীষ্টান জগতের নেতৃত্ব দিয়াছিলেন পবিত্র রোম সাম্রাজ্যের জার্মান সম্রাট ফ্রেডারিক বারবারোসা, ইংলণ্ডের রাজা প্রথম রিচার্ড এবং ফ্রান্সের রাজা দ্বিতীয় ফিলিপ অগস্টাস। সম্রাট বারবারোসার বয়স তখন প্রায় সত্তর বৎসর। এই বৃদ্ধ বয়সেও তাঁহার

উৎসাহের অভাব ছিল না। পুণ্যভূমি জেরুজালেম উদ্ধারের জন্য তিনি সকলের আগে আগে চলিলেন। অনেক দুঃখকষ্ট ও বাধাবিঘ্ন অতিক্রম করিয়া সম্রাট বারবারোসা এশিয়া মাইনরে উপস্থিত হন। কিন্তু জেরুজালেমের নিকটবর্তী কোন পার্বত্য নদী অতিক্রম করিবার সময়ে তিনি জলে ডুবিয়া মারা যান। অবশেষে ত্রিশ বৎসর বয়সের রিচার্ড এবং তেইশ বৎসর বয়সের ফিলিপ যুদ্ধ চালাইয়া যাইতে থাকেন। উভয়ের মধ্যে বনিবনা ছিল না। ফিলিপ অসুস্থ হইয়া দেশে ফিরিয়া আসিলে রিচার্ড একাই যুদ্ধ পরিচালনা করিতে থাকেন। রাজা রিচার্ড ছিলেন প্রকৃত বীরপুরুষ। তাই লোকে তাঁহাকে 'সিংহহৃদয় রিচার্ড' বলিত। সিংহহৃদয় রিচার্ড জেরুজালেম পুনরুদ্ধার করিবার জন্য বীরের ন্যায় যুদ্ধ করিয়াছিলেন। কিন্তু তাঁহার চেষ্টা ফলবতী হয় নাই। তাঁহার প্রধান প্রতিপক্ষ ছিলেন সালাদিন। সালাদিনও ছিলেন বীর ও মহৎ প্রকৃতির মানুষ। শত্রুর প্রতি তাঁহার ব্যবহার ছিল খুবই উদার ; আবার যুদ্ধক্ষেত্রে তিনি ছিলেন সকলের আতংকের কারণ। একবার রাজা রিচার্ড যুদ্ধে পরাজিত হইবার পর অসুস্থ হইয়া পড়িলে তিনি রিচার্ডের সুচিকিৎসার ব্যবস্থা করেন। রিচার্ড তাঁহার বীরত্বে, মহত্ত্বে ও সৌজন্যে মুগ্ধ হন। সালাদিনের সহিত সন্ধি স্থাপন করিয়া রিচার্ড দেশে ফিরিয়া আসেন। জেরুজালেম অধিকার করা তাঁহার পক্ষে সম্ভব হয় নাই। অবশ্য সন্ধির শর্তে ঠিক হয় খ্রীষ্টানগণ নির্বিঘ্নে পুণ্যভূমি জেরুজালেম দর্শন করিতে যাইতে পারিবে। রিচার্ডের প্রত্যাবর্তনের সংগে সংগেই তৃতীয় ক্রুসেডের অবসান হয়।

চতুর্থ ক্রুসেড

চতুর্থ ক্রুসেডের (১২০২ খ্রীঃ—১২৬১ খ্রীঃ) সূচনা করেন মহামান্য পোপ তৃতীয় ইনোসেণ্ট। ইসলামের বিরুদ্ধে সমস্ত খ্রীষ্টানজগৎকে ঐক্যবদ্ধ করিবার চেষ্টায় তিনি সফল হন নাই। রাজারা এই ব্যাপারে বিশেষ সাড়া না দেওয়ায় অবশেষে এই ক্রুসেডের নেতৃত্ব দিতে অগ্রসর হইয়া আসে একদল ফরাসী নাইট সম্প্রদায়। এই দল মিশরকে তাহাদের

আক্রমণের মূল লক্ষ্য হিসাবে স্থির করে। কেননা, মিশর ছিল সেই সময়ের ইসলামের শক্তির প্রধান কেন্দ্রবিন্দু। এই উপলক্ষে ক্রুসেডাররা ভেনিস নগরে আসিয়া সমবেত হয় এবং ভূমধ্যসাগর অতিক্রমের জন্য জাহাজের অপেক্ষা করে। ক্রুসেডাররা ইটালির বিভিন্ন বন্দর হইতেই সাধারণতঃ ভূমধ্যসাগর অতিক্রম করিত। ভেনেসীয়গণ একটি শর্তে জাহাজ দিতে রাজী হয়; শর্তটি ছিল ক্রুসেডারগণকে আড্রিয়াটিক সাগরের পূর্ব পারে অবস্থিত জেরা শহরটি সর্বপ্রথমে দখল করিতে হইবে। জেরা একটি খ্রীষ্টান নগরী, কিন্তু ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে ভেনেসীয়গণের প্রবল প্রতিপক্ষ। পোপের প্রতিবাদ সত্ত্বেও ক্রুসেডাররা এই শর্তে রাজী হয় এবং ভূমধ্যসাগর অতিক্রম করিয়া জেরা নগরটি দখল করে, এমন কি ভেনেসীয়গণের অনুরোধে কনস্টাণ্টিনোপল-এর দিকে অগ্রসর হয়। কনস্টাণ্টিনোপল ভেনেসীয় নিয়ন্ত্রণে আসিলে প্রাচ্যে ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে ভেনেসীয়দের প্রতিপত্তি আরও বৃদ্ধি পাইবে সন্দেহ নাই। তাহারা সেই উদ্দেশ্যেই ক্রুসেডারদের এই অনুরোধ করিয়াছিল। কিন্তু ক্রুসেডারগণ তাহাদের মূল উদ্দেশ্য ইসলামের বিরুদ্ধে যুদ্ধ করিতে আসিয়া শেষ পর্যন্ত একটি খ্রীষ্টান নগরী দখল করিয়া বসে এবং কনস্টাণ্টিনোপল লুণ্ঠন ও ধ্বংসকার্যে নিযুক্ত হয়। ধর্মযোদ্ধারা কনস্টাণ্টিনোপল অধিকার করিয়া ভেনিসের ব্যবসায়ীদের মনোনীত এক ব্যক্তিকে বাইজাণ্টাইন সাম্রাজ্যের সিংহাসনে বসায়। এইভাবে ধর্মযুদ্ধের নামে ভেনেসীয় ব্যবসায়ীরা তাহাদের ব্যবসায়ের অনুকূল বহু দ্বীপে ও বন্দরে এবং কনস্টাণ্টিনোপলে তাহাদের আধিপত্য বিস্তার করে। তাই চতুর্থ ক্রুসেড প্রকৃতপক্ষে ধর্মযুদ্ধ ছিল না; ইহাতে খ্রীষ্টান ধর্মযোদ্ধারা খ্রীষ্টানদের বিরুদ্ধেই যুদ্ধ করিয়াছিল এবং ভেনিস প্রাচ্যের সহিত ইউরোপীয় বাণিজ্যে সর্বাধিক প্রাধান্য লাভ করিয়াছিল।

ক্রুসেডের ফলাফল

ক্রুসেডের ফল ইতিহাসে সুদূরপ্রসারী হইয়াছিল। সামন্ত-প্রভুরা অনেকে ধর্মযুদ্ধে ব্যস্ত থাকায় নিজেদের মধ্যে যুদ্ধ-বিগ্রহ ত্যাগ

করিয়াছিলেন, ফলে পশ্চিম ইউরোপে কিছুটা শান্তি-শৃঙ্খলা ফিরিয়া আসিয়াছিল। বহু সামন্ত-প্রভু ধর্মযুদ্ধে প্রাণ দিয়াছিলেন, অনেকে ধর্মযুদ্ধের ব্যয়ের ভারে সর্বস্বান্ত হইয়াছিলেন। বহু ভূমিদাস ধর্মযুদ্ধে গিয়া নিহত হইয়াছিল, অনেকে শহরে বন্দরে আশ্রয় লইয়াছিল। এইভাবে ধর্মযুদ্ধের ফলে সামন্ত-প্রথা দুর্বল হইয়া পড়িয়াছিল। ক্রুসেড-যাত্রার ফলে ইউরোপবাসীরা প্রাচ্য সভ্যতার সহিত পরিচিত হইবার সুযোগ লাভ করে। ইউরোপ মধ্যযুগে যে স্থানীয় সংকীর্ণতার মধ্যে আবদ্ধ হইয়া পড়িয়াছিল, এখন তাহা হইতে তাহারা মুক্তি পায়। ক্রুসেডই যুদ্ধবিগ্রহের মধ্য দিয়া প্রাচ্য ও পাশ্চাত্ত্যের মধ্যে এক মিলনের সেতু রচনা করিতে সাহায্য করে। ক্রুসেডের ফলে সমগ্র ইউরোপে এক ব্যাপক চাঞ্চল্য শুরু হইয়াছিল। ক্রুসেডে পুণ্যভূমি অধিকারের সংগ্রামে ইটালির বন্দরগুলি ব্যবহার করিতে হইত। জনসমাগমের তীব্রতায় নূতন নূতন নগরের পত্তন হয়। নগরগুলিও ব্যবসা-বাণিজ্যের প্রধান কেন্দ্র হইয়া উঠে। গ্রাম হইতে লোকজন আসিয়া শহরের ব্যবসায়-বাণিজ্যে অংশগ্রহণ শুরু করে। ইউরোপবাসীদের জীবনযাত্রা পদ্ধতিতে ব্যাপক পরিবর্তন ঘটে। তাহারা প্রাচ্যের শৌখিন জীবনযাত্রার সহিত পরিচিত হয়। ফলে ইউরোপ শিল্পে ও ব্যবসায়-বাণিজ্যে দ্রুত উন্নতি লাভ করে।

ঘটনাপঞ্জী

প্রথম ক্রুসেড	১০৯৫ খ্রীঃ—১০৯৯ খ্রীঃ।
সালাদিন কর্তৃক জেরুজালেম অধিকার—১১৮৭ খ্রীঃ।	
তৃতীয় ক্রুসেড	১১৮৯ খ্রীঃ—১১৯২ খ্রীঃ।
চতুর্থ ক্রুসেড	১২০২ খ্রীঃ—১২৬১ খ্রীঃ।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। ক্রুসেড বলিতে কি বোঝায়? ক্রুসেডের পশ্চাতে কি কি কারণ নিহিত ছিল?
২। প্রথম ক্রুসেডের বিবরণ দাও।
৩। তৃতীয় ক্রুসেডের বিবরণ দাও।
৪। চতুর্থ ক্রুসেড কি প্রকৃতপক্ষে ধর্মযুদ্ধ ছিল? চতুর্থ ক্রুসেডের বিবরণ দাও।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। ক্রুসেডের প্রধান উদ্দেশ্য কি ছিল ব্যাখ্যা কর।
২। টীকা লিখ: ফ্রেডারিক বারবারোসা; সালাদিন।
৩। ক্রুসেডের ফলাফল বর্ণনা কর।
৪। ক্রুসেডে সন্ন্যাসী পিটার ও কপর্দকহীন ওয়াল্টার-এর ভূমিকা কি ছিল?

নৈর্ব্যক্তিক প্রশ্ন

বন্ধনী হইতে সঠিক উক্তিটি বাছিয়া লও এবং উহার সাহায্যে শূন্যস্থান পূরণ কর—

১। প্রথম ক্রুসেড আরম্ভ হয় —— (১১৯৫ খ্রীষ্টাব্দে/১০৯৫ খ্রীষ্টাব্দে)।
২। হজরত মহম্মদ খ্রীষ্টকে অন্যতম পয়গম্বর বলিয়া —— —— (শ্রদ্ধা করিতেন/শ্রদ্ধা করিতেন না)।
৩। সিংহহৃদয় রিচার্ডের প্রধান প্রতিপক্ষ ছিলেন —— (ফিলিপ অগস্টাস/সালাদিন)।
৪। চতুর্থ ক্রুসেডের নেতৃত্ব দিতে অগ্রসর হইয়াছিলেন —— (ইউরোপের একদল রাজা/একদল ফরাসী নাইট সম্প্রদায়)।
৫। খ্রীষ্টান নগরী জেরা ছিল ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে ভেনিসের —— (সমকক্ষ/প্রতিপক্ষ)।
৬। চতুর্থ ক্রুসেড প্রকৃতপক্ষে —— (ধর্মযুদ্ধ ছিল/ধর্মযুদ্ধ ছিল না)।
৭। দীর্ঘদিনব্যাপী ধর্মযুদ্ধের ফলে সামন্ত-প্রথা—(সবল/দুর্বল) হইয়া পড়িয়াছিল।

সংক্ষিপ্ত বা মৌখিক প্রশ্ন

১। ক্রুসেড শব্দের অর্থ কি?
২। কাহাদের বিরুদ্ধে ক্রুসেড ঘোষণা করা হইয়াছিল?
৩। ক্রুসেড কতদিন ধরিয়া চলিয়াছিল?
৪। কোন্ পোপ প্রথম ক্রুসেডের আহ্বান দিয়াছিলেন?
৫। কোন্ পবিত্র রোম সম্রাট তৃতীয় ক্রুসেডে অংশ লইয়াছিলেন?
৬। 'সিংহহৃদয় রিচার্ড' কে ছিলেন?
৭। তৃতীয় ক্রুসেড যে তুর্কী সুলতানের বিরুদ্ধে হইয়াছিল, তাঁহার নাম কি?
৮। চতুর্থ ক্রুসেডের ফলে কোন্ ইটালীয় শহরের প্রতিপত্তি ও ব্যবসায়-বাণিজ্যের সুযোগ সর্বাধিক বাড়িয়াছিল?
৯। কত খ্রীষ্টাব্দে ধর্মযোদ্ধারা জেরুজালেম উদ্ধার করিয়াছিলেন?
১০। কত খ্রীষ্টাব্দে সালাদিন জেরুজালেম অধিকার করিয়াছিলেন?

নূতন শহরের উদ্ভবে ও বিকাশে ক্রুসেডের ভূমিকা

মধ্যযুগের প্রথম অবস্থায় শহর বলিতে যাহা বুঝায় ইউরোপে তাহা ছিল না। শহর ও শহর-জীবনের পত্তন শুরু হয় ধীরে ধীরে। রোমান যুগে ইউরোপে যেসব বড় বড় শহরের উদ্ভব হইয়াছিল, মধ্যযুগের গোড়ার দিকে দেশে পথঘাট, ব্যবসায়-বাণিজ্য না থাকায় এবং গ্রাম্য ম্যানরীয় জীবন প্রবর্তিত হওয়ায় সেইসব শহর ধ্বংসপ্রাপ্ত হইয়াছিল। ম্যানরীয় গ্রামীণ জীবন ছিল কৃষিনির্ভর। কারিগররা স্থানীয় প্রয়োজন অনুসারে সামগ্রী উৎপন্ন করিত। কারিগরদেরও কৃষিকার্য করিতে হইত এবং তাহারা ম্যানর ছাড়িয়া কোথাও যাইতে পারিত না। এই অবস্থায় প্রাচীন শহর-গুলির অবনতি ও ধ্বংসই ছিল স্বাভাবিক। কিন্তু ক্রুসেডের সময়ে মানুষ বাহিরে যাইত এবং বাহিরের জীবনযাত্রার উন্নত মানের সহিত পরিচিত হইয়াছিল। মানুষের চাহিদা বৃদ্ধি পাইয়াছিল, ফলে ব্যবসায়-বাণিজ্য বাড়িয়াছিল। তাই ব্যবসায়ীরা প্রাচীন দুর্গ, নদী-পারাপারের স্থান, রাস্তায় গুরুত্বপূর্ণ চৌমাথা প্রভৃতি স্থানে ঘাঁটি গড়িয়া তুলিয়াছিল। ব্যবসায়ীদের এইসব ঘাঁটিতে শিল্পী ও কারিগররাও আসিয়া জুটিয়াছিল, জনসমাগম বাড়িয়াছিল। ব্যবসায়ীরাও এই সকল কারিগর ও বণিকদের সেখানে বাস করিতে অনুমতি দিত। উঁচু দেওয়াল দিয়া ঘেরা জায়গাগুলিতে তাহারা বাস করিত এবং শিল্পজাত দ্রব্য-সামগ্রী নির্মাণ করিত। চোরের ভয় হইতেই এই দেওয়ালের বন্দোবস্ত। ক্রমে এইরূপ এলাকাগুলি বেশ জনবহুল হইয়া উঠে। দেওয়াল দিয়া ঘেরা এই জায়গাগুলিকে বলা হইত বার্গ এবং সেখানকার অধিবাসীদের বলা হইত বার্গার বা বার্জেসিস্। এই বার্গগুলি হইতেই বণিকশ্রেণীর এবং এলাকাগুলি হইতে শহর বা নগরের উদ্ভব হয়। ক্রমে ক্রমে নানাবিধ কারণে, বিশেষতঃ ক্রুসেডের ফলে, শহরের সংখ্যা দ্রুত বৃদ্ধি পায় ও তাহাদের প্রাধান্যও তদ্রূপ বাড়িয়া যায়। ক্রুসেডের সময়ে পূর্বাঞ্চলে যাতায়াত খুব বৃদ্ধি পায়। ফলে ব্যবসায়-বাণিজ্যে দ্রুত প্রসার সাধিত হয়। শহরবাসী বণিকেরাও ক্রমেই বিত্তশালী হইয়া উঠে এবং তাহাদের

ক্ষমতাও দ্রুত বৃদ্ধি পায়। ব্যবসায়-বাণিজ্যের প্রধান প্রধান কেন্দ্র হিসাবে ভেনিস, রোম, জেনোয়া, মিলান, মার্সেঈ, ভিয়েনা, লন্ডন, ব্রিস্টল, ডাবলিন প্রভৃতি শহর ইউরোপে খ্যাতিলাভ করে। বড় বড় শহর ও




ভেনিস নগর

বাণিজ্য-কেন্দ্রগুলি প্রধানতঃ সমুদ্র ও নদীর তীরেই গড়িয়া উঠিয়াছিল। কেননা, তখনকার দিনে প্রধানতঃ জলপথেই ব্যবসায়-বাণিজ্য চলিত। এইসব শহরের মধ্যে ভেনিস সর্বাধিক উন্নত ও সমৃদ্ধ ছিল।

শহরে গিল্ড্ বা নিগম ও তাহাদের কার্যকলাপ

শহরের ব্যবসায়ী ও শিল্পীরা সংঘবদ্ধ হইত। এইসব সংঘকে বলা হইত 'গিল্ড্' বা নিগম। গিল্ড্গুলির ক্ষমতা ও অধিকার ছিল প্রচুর, তাহাদের দায়িত্বও কম ছিল না। তাহারাই উৎপন্ন দ্রব্যের মান ও মূল্য, শ্রমিক ও শিল্পীর সংখ্যা প্রভৃতি নির্ধারণ করিত। ব্যবসায়, কারিগরি ও কারখানার গিল্ড্গুলির সদস্যদিগকে বলা হইত 'মাস্টার'। মাস্টারেরা নিজ নিজ কারবারে বা কারখানায় যাহাতে উপযুক্ত লোকের অভাব না হয়, সেজন্য 'অ্যাপ্রেন্টিস' বা শিক্ষানবিস নিয়োগ করিত। শিক্ষানবিসেরা যখন কাজ শিখিত, তখন তাহাদের খাওয়া-পরা ও থাকার খরচ কারবার ও


মধ্যযুগের নগর সমূহ
বাইজান্টাইন সাম্রাজ্য
আরব সাম্রাজ্য
ফ্রাঙ্ক সাম্রাজ্য
চীন সাম্রাজ্য
লণ্ডন
প্যারিস
কর্ডোভা
রোম
ভেনিস
ভিয়েনা
এথেন্স
কায়রো
আলেকজান্দ্রিয়া
জেরুজালেম
দামাস্কাস
বাগদাদ
বসরা
মদিনা
মক্কা
কিয়েভ
নভগরদ
মস্কো
বোখারা
সমরখন্দ
বল্খ
গজনী
খোটান
কাশগড়
তক্ষশিলা
দিল্লী
পাটনা
কাশী
উজ্জয়িনী
কালিকট
পিকিং
ক্যান্টন
আঙ্কোর
বরবুদুর

কারখানার মালিকেরা বহন করিত। ঐ সময়ে শিক্ষানবিসেরা যাহা উৎপাদন করিত, তাহার মালিক ছিল মাস্টাররা। শিক্ষানবিসী শেষ হইলে অ্যাপ্রেনটিসরা কাজের সন্ধানে শহর হইতে শহরে ঘুরিয়া বেড়াইত এবং যেখানে ভালো মজুরি পাইত, সেখানে দিন-মজুরিতে কাজ করিত। ঐ সময় তাহাদিগকে বলা হইত 'জার্নিম্যান'। কাজ করিতে করিতে জার্নিম্যানদের দক্ষতা ও অর্থসামর্থ্য বৃদ্ধি পাইত। তখন তাহারা নিজেরা কারবার বা কারখানা খুলিয়া বসিত এবং গিলডের সদস্য বা 'মাস্টার' হইবার জন্য আবেদন করিত। গিলডের সদস্য বা মাস্টার হইবার জন্য তাহাকে তাহার উৎপাদনের সেরা নমুনা দেখাইতে হইত। ঐ সেরা নমুনাকে বলা হইত 'মাস্টারপীস'। উৎকৃষ্ট নমুনা দেখাইতে পারিলে তাহারা গিলডের সদস্য বা মাস্টার হইত।

যাহাতে দক্ষ শ্রমিক বেকার হইয়া না পড়ে বা দক্ষ শ্রমিকের অভাব না ঘটে, সেজন্য গিলডগুলি শিক্ষানবিসীর ও কর্মীর সংখ্যা নির্ধারণ করিত। তাহা ছাড়া কাজের সময়, শ্রমিকের বেতন, উৎপাদনের মান ও মূল্য, পরিবেশ, স্বাস্থ্য প্রভৃতির তত্ত্বাবধান করিত গিলডগুলি। তাহারা শহরবাসীদের বহু হিতকর কাজও করিত।

শহরের জীবনযাত্রা

শহরগুলি জনবহুল হইলেও খুব বড় ছিল না। পথ-ঘাট ছিল অপ্রশস্ত, নোংরা, স্যাঁতস্যাঁতে ও অন্ধকার। কূপ হইতেই শহরের জল সরবরাহ হইত। শহরের আবহাওয়া ছিল অস্বাস্থ্যকর। মহামারী দেখা দিলে তাহা রোধ করা কঠিন ছিল। ঘরবাড়ি এত ঘন ছিল যে, অগ্নিকাণ্ড বাধিলে শহরের এক-একটি অংশ ভস্মীভূত হইত। চোর-ডাকাতের উপদ্রবের জন্য চৌকিদার ও পাহারাওয়ালার ব্যবস্থা থাকিত। হাট-বাজার, লোক-সমাগম, কেনা-বেচা ও কাজে শহরগুলি সর্বদা সরগরম থাকিত।

গ্রামীণ ম্যানরীয় জীবনে মানুষকে প্রধানতঃ কৃষির উপর নির্ভর করিতে হইত। কিন্তু শহরের মানুষ নির্ভর করিত ব্যবসায়-বাণিজ্য ও

কারখানার উপর। তাই শহরের জীবনে প্রধান লক্ষ্য ছিল অর্থ-উপার্জন ; শহরের মানুষ অর্থ দিয়াই খাদ্য-বস্ত্র, আশ্রয় ইত্যাদির ব্যবস্থা করিত। ম্যানরীয় জীবনে সাধারণ মানুষ ছিল ভূমিদাস। কিন্তু শহুরে জীবনে তাহারা স্বাধীন ছিল, ইচ্ছামতো যত্রতত্র যাইত, ইচ্ছামতো কাজ করিত।

তবে শহরেও শাসন ও শোষণ ছিল। ধনী ব্যবসায়ী ও কারখানার ধনী মালিকরা শ্রমিক ও কর্মচারীদের নানাভাবে শোষণ করিত। ফলে শহরে একদিকে যেমন বহু বিত্তশালী লোক বাস করিত, তেমনি অন্যদিকে বাস করিত অসংখ্য মধ্যবিত্ত ও দরিদ্র মানুষ।

রাজকীয় সনদ-বলে শহরগুলির স্বায়ত্তশাসনাধিকার লাভ

কালক্রমে এইরূপ শহরগুলির দ্রুত অগ্রগতি হইতে থাকে। বণিক ও কারিগর শ্রেণীর লোকেরা ব্যবসা-বাণিজ্য করিয়া প্রচুর অর্থ উপার্জন করিতে সক্ষম হয় এবং এই অর্থের বিনিময়ে তাহারা রাজা কিংবা জমিদারের নিকট হইতে লিখিতভাবে বিশেষ বিশেষ অধিকার লাভ করিতে থাকে। এই সকল বণিক সম্প্রদায়ের লোকদের পোশাক-পরিচ্ছদের চাকচিক্য ও আড়ম্বর দেখিলে অভিজাত সম্প্রদায়ের লোক বলিয়াই মনে হইত। প্রকৃত-পক্ষে সামন্তদের সমান না হইলেও তখনকার দিনে এই সকল বণিক সম্প্রদায়ের লোকদের অর্থবল যথেষ্ট ছিল। যাহা হউক, রাজা কিংবা জমিদারদের নিকট হইতে লিখিত অধিকারপত্রের নাম ছিল চার্টার বা সনদ। ক্রুসেডের সময় ইংলন্ডের রাজা প্রথম রিচার্ড এইরূপ চার্টার বা সনদের বিনিময়ে অনেক অর্থ সংগ্রহ করিয়াছিলেন। এইরূপ রাজকীয় সনদের বলে শহরের সংঘবদ্ধ ব্যবসায়ী ও কারখানার মালিকরা শহরের জন্য নিজেরাই আইন রচনা করিত, নিজেদের মুদ্রার প্রচলন করিত, শহরের শান্তি-শৃংখলা রক্ষা করিত। শহরগুলি যতই সমৃদ্ধ ও শক্তিশালী হইয়া উঠিতেছিল, ততই তাহাদের ক্ষমতা ও অধিকার বাড়িতেছিল। শহরগুলির এক-একটি ধনী-পরিবার খুবই শক্তিশালী হইয়া শহরকে কেন্দ্র করিয়া রাজ্য গড়িয়া তুলিতেন। এইভাবে ক্রমে ক্রমে শহরকে কেন্দ্র করিয়া ইউরোপে বহু শক্তিশালী রাজ্য গড়িয়া উঠে। ইটালীর ভেনিস, ফ্লোরেন্স,

জার্মানীর মিউনিক, নুরেনবার্গ প্রভৃতি শহরে প্রতিপত্তিশালী পরিবার রাজা হইয়া স্বাধীনভাবে শাসন করিতে আরম্ভ করিয়াছিল।

বুর্জোয়া শব্দের উৎপত্তি

গোড়ার দিকে শহরবাসীকে 'বুর্জোয়া' বলা হইত। বুর্জোয়া শব্দটি ফরাসী। শহরের অধিবাসীদের 'বার্গার' ও 'বার্গেনসিস'-ও বলা হইত। কিন্তু শহরবাসী সকলকেই এখন 'বুর্জোয়া' বলা হয় না। শহরের অর্থনীতিতে মুদ্রার প্রচলন ও ব্যবহার অত্যধিক বৃদ্ধি পাওয়ায় অর্থই ক্ষমতার উৎস হইয়া উঠিয়াছিল। শহরের এক শ্রেণীর লোক তখন খুবই অর্থশালী হইয়া উঠিয়াছিলেন। ইঁহাদের বলা হইত 'ধনিক' শ্রেণী। ইঁহারা বড় বড় জমিদারির মালিক ছিলেন না, ছিলেন বড় বড় ব্যবসায় ও কারখানার মালিক এবং বিপুল পরিমাণ অর্থের অধিকারী। এখন এই ধনিক শ্রেণীই 'বুর্জোয়া' নামে পরিচিত হয়।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। ইউরোপে মধ্যযুগের গোড়ার দিকে শহরগুলির অবনতি ও ধ্বংস কেন হইয়াছিল?
২। কিভাবে ইউরোপে নূতন নূতন শহরের উদ্ভব ও বিকাশ ঘটিয়াছিল?
৩। শহরগুলির বিকাশে ক্রুসেডের প্রভাব বর্ণনা কর।
৪। শহরগুলির জীবনযাত্রা পদ্ধতি বর্ণনা কর।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। 'জার্নিম্যান' ও 'মাস্টারপীস' বলিতে কি বুঝ?
২। 'বুর্জোয়া' শব্দের অর্থ কি? এখন 'বুর্জোয়া' শব্দ কি অর্থে ব্যবহৃত হয়?
৩। শহর জীবনে 'গিল্ড্'-এর গুরুত্ব বর্ণনা কর।

মৌখিক প্রশ্ন

১। 'বার্গার' কাহাকে বলে?
২। 'বার্জেনসিস্' কাহাকে বলে?
৩। মধ্যযুগে ইটালীর সর্বাধিক উন্নত ও সমৃদ্ধশালী বন্দরের নাম কি?
৪। 'মাস্টার' কাহাকে বলে?
৫। 'অ্যাপ্রেন্টিস' কাহাদের বলা হইত?

১০ | মধ্যযুগে দূরপ্রাচ্য

মধ্যযুগে চীনদেশ (খ্রীষ্টীয় ৭ম হইতে ১৪শ শতাব্দী)

তাং যুগ (৬১৮—৯০৭ খ্রীষ্টাব্দ)


ভারতবর্ষে যখন হর্ষবর্ধন রাজত্ব করিতেছিলেন, তখন চীনদেশে তাং বংশের রাজারা রাজত্ব করিতেন। তাং যুগ (খ্রীঃ ৬১৮—খ্রীঃ ৯০৭) চীনদেশের ইতিহাসে এক স্বর্ণ যুগ হিসাবে চিহ্নিত।

তোমরা ষষ্ঠ শ্রেণীতে চীনদেশের সম্রাট শি-হুয়াং-তির কথা পড়িয়াছ। তিনিই চীনকে ঐক্যবদ্ধ করিয়া এক বিশাল রাজ্য স্থাপন করিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পর চীনদেশে হানবংশীয় সম্রাটরা রাজত্ব করেন। হানবংশের পতনের পর চীনে বিশৃংখলা দেখা দেয়। শেষে সুই-বংশীয় রাজারা চীনদেশে একটি ঐক্যবদ্ধ শক্তিশালী রাজ্য গড়িয়া তোলেন। সুই বংশের রাজত্বের শেষদিকে সাম্রাজ্যে ব্যাপক অরাজকতা দেখা দেয় এবং কেন্দ্রীয় রাজশক্তি দুর্বল হইয়া পড়ে। এই সুযোগে উত্তর-পশ্চিম চীনের তাং অঞ্চলের একজন সম্ভ্রান্ত যোদ্ধা লী-উয়ান্ চীনদেশে তাং রাজবংশের সূচনা করেন। লী-উয়ান্ তাঁহার পুত্র লী-সি-মিন্-এর সাহায্যে চাষীদের মধ্যে বিশৃংখলা দূর করেন এবং সুই সম্রাটদের অবশিষ্ট প্রভাব সম্পূর্ণ বিনষ্ট করিয়া সাম্রাজ্যে ঐক্য ফিরাইয়া আনিতে সক্ষম হন। চাষীদের বিনা-বেতনে বেগার খাটা কমানো হয়, খাজনা ও কর আদায়ের সুবন্দোবস্ত হয় এবং ভূমি বণিক, হস্তশিল্পী ও সরকারী দাসদের মধ্যে বণ্টন করা হয়। এই সকল ঘটনায় সাম্রাজ্যে বিশৃংখলা দূর হয় এবং ফলে অর্থনৈতিক ও সাংস্কৃতিক জগতে সম্প্রসারণে সুবিধা আনয়ন করে। এই লী-সি-মিন্‌ই ইতিহাস-বিখ্যাত সম্রাট তাই সুং। ৬২৬ খ্রীষ্টাব্দে তিনি সিংহাসনে আরোহণ করেন। সম্রাট তাই সুং তাং বংশের সর্বশ্রেষ্ঠ সম্রাট। তাঁহার অক্লান্ত চেষ্টায় ও পৃষ্ঠপোষকতায় শিক্ষা-সাহিত্য, শিল্প-সংস্কৃতি ও ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে তাং সাম্রাজ্য উন্নতির চরমশীর্ষে আরোহণ করে।

তাং যুগের শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রের বৈশিষ্ট্য বিশেষভাবে উল্লেখযোগ্য। পূর্বে সরকারী কাজের জন্য লোক-নিয়োগ রাজশক্তির

পছন্দ বা অপছন্দের উপর সম্পূর্ণ নির্ভর করিত। তাং যুগে এই ব্যবস্থার পরিবর্তন হয় এবং একটি স্বতন্ত্র ব্যবস্থার প্রবর্তন করা হয়। সরকারী তত্ত্বাবধানে প্রতি তিন বৎসর অন্তর একটি করিয়া পরীক্ষা লইবার ব্যবস্থা হয়। সকল অংশের মানুষই এই পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিত। পরীক্ষার বিষয় ছিল—কাব্য ও ছন্দোবদ্ধ গদ্য-সাহিত্য। প্রায় দুই তিন হাজার পরীক্ষার্থী এই জাতীয় পরীক্ষায় অংশ গ্রহণ করিত। পরীক্ষায় সফল প্রার্থীদের মধ্য হইতে বিভিন্ন সরকারী পদে কর্মচারী নিয়োগ করা হইত।

তাং যুগে কাব্যচর্চার ব্যাপক প্রসার ঘটে। এই যুগের বিখ্যাত কবিদের মধ্যে লী-পো (খ্রীঃ ৭০১—খ্রীঃ ৭৬২) এবং টু-ফু (খ্রীঃ ৭১২—খ্রীঃ ৭৭০) সর্বাধিক প্রসিদ্ধ। কবি লী-পো যুদ্ধ-বিগ্রহ পছন্দ করিতেন না, স্বাধীন ও শান্তিপূর্ণ জীবনের পূজারী ছিলেন। পাহাড়ী ঝরনার প্রাকৃতিক সৌন্দর্য, কিংবা ইয়াংসি নদীর বুকে ভাসমান জাহাজের অকৃত্রিম সৌন্দর্য তাঁহাকে মুগ্ধ করিত। প্রকৃতির সৌন্দর্যের পূজারী কবি লী-পো এই সকল প্রাকৃতিক সৌন্দর্যের দৃশ্যসমূহ ছন্দোবদ্ধ করিয়া রাখিয়াছেন তাঁহার অগণিত বিখ্যাত কবিতাগুলির মধ্যে। কবি টু-ফু ছিলেন দরিদ্র সংস্কৃতিবান এক পরিবারের সন্তান। বাস্তব জীবনের কঠোরতার স্বাদ তাঁহার কাব্যে ছন্দে ছন্দে বর্ণিত হইয়াছে। তাহার সম্বন্ধে একটি সুন্দর কাহিনী আছে। একবার তিনি রাজধানী চাংআন: হইতে


কবি লী-পো

বাড়ি ফিরিতেছিলেন। পথে লী-সান্ পাহাড়ের নিকট দিয়া যাইবার সময় পাহাড়ের উপরে অবস্থিত রাজপ্রাসাদটির প্রতি নজর পড়ে। সেখানে তখন গান-বাজনা, খাওয়া-দাওয়ার উল্লাস ও হট্টগোল চলিতেছিল। রাজপ্রাসাদের আরাম-বিলাস ও অজস্র অর্থ অপচয়ের চিত্র দেখিয়া তাঁহার মনে প্রশ্ন জাগে—এই প্রাচুর্যের বিপরীত প্রান্তে দরিদ্র মানুষের কঠোর দুঃখদুর্দশার জীবনের কথা ভাবিয়া বেদনায় তাঁহার মন ভরিয়া যায়। কবি গৃহে ফিরিয়া দেখেন তাঁহার কনিষ্ঠ পুত্র ক্ষুধার তাড়নায় মারা গিয়াছে। দরিদ্র মানুষের এই দুঃখযন্ত্রণার জীবন তাঁহাকে ভাবাইয়া তুলে; চীনদেশের দরিদ্র চাষীদের ভাগ্যবিড়ম্বিত কঠোর দুঃখদুর্দশার জীবন তাঁহাকে পীড়া দেয়। এই সব দরিদ্র মানুষের কথা তিনি তাঁহার কবিতার ছন্দে ফুটাইয়া তুলিতে চেষ্টা করেন। ঐ যুগের আরও দুইজন বিখ্যাত কবি ছিলেন পো-চু-ই ও ওয়াংওয়ে।



কবি টু-ফু

তখনকার যুগে পুস্তক অনুলিপি খুবই ব্যয়সাধ্য ও সময়সাপেক্ষ ছিল। তাং যুগে এই ব্যবস্থার অগ্রগতি হয়। অক্ষরগুলি উল্টাভাবে খোদাই করিয়া তাহার সাহায্যে ছাপাইবার পদ্ধতি আবিষ্কার হওয়ার ফলে ছাপাখানার প্রবর্তন হয়। ফলে, অল্প খরচে ও সময়ে পুস্তক ছাপানো সম্ভব হয় এবং সস্তায় দ্রুত পুস্তক সরবরাহ বৃদ্ধি পায়। ছাপাখানার এই আবিষ্কার বিশ্বের শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে যে এক অতুলনীয় অবদান তাহাতে সন্দেহ নাই।

তাং যুগে কুটিরশিল্পের ব্যাপক প্রসার সাধিত হয়। সরকারী

উদ্যোগে বহু কুটিরশিল্পের প্রতিষ্ঠান পরিচালিত হইত। অবশ্য সরকার-পরিচালিত প্রতিষ্ঠানগুলিতে সাধারণতঃ রাজপ্রাসাদ, অভিজাত সম্প্রদায় ও সরকারী পদস্থ কর্মচারীদের ব্যবহারের জন্য দ্রব্য-সামগ্রী নির্মিত হইত। তাঁত ও ছাপার কাজের জন্য প্রায় পঁচিশ ধরনের শিল্প-সামগ্রীর উৎপাদন-কেন্দ্র ছিল। বাজারে শিল্প-সামগ্রী আসিত বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত উৎপাদন-কেন্দ্রসমূহ হইতে। রেশম, বুটিদার রেশমের কাজের কেন্দ্র, কাপড়ে রং করিবার কৌশল, বিভিন্ন প্রকার কাগজ উৎপাদন, লৌহ ও চীনামাটি-নির্মিত নানাপ্রকার সুন্দর সুন্দর বাসনপত্র প্রভৃতি উৎপাদন-কেন্দ্রগুলি হইতে নির্মিত দ্রব্য-সামগ্রীর সৌন্দর্য শিল্প-রসিকদের বিস্ময় উদ্রেক করে।

তাং যুগে কৃষির ক্ষেত্রে ব্যাপক অগ্রগতি লক্ষ্য করিবার মতো। উন্নত ধরনের লাঙ্গলের প্রবর্তন, উন্নত ধরনের জলসেচের ব্যবস্থার মাধ্যমে সরাসরি কৃষিক্ষেত্রে জল লইয়া যাইবার ব্যবস্থা প্রভৃতি প্রচলনের ফলে তাং যুগে কৃষিজাত পণ্যের উৎপাদন যথেষ্ট বৃদ্ধি পায়। 'চা' উৎপাদন প্রক্রিয়াও এই যুগের অবদান।

কৃষি ও কুটিরশিল্পে উন্নত তাং যুগ স্বাভাবিকভাবেই ব্যবসায়-বাণিজ্যে ও যোগাযোগ ব্যবস্থায় বিরাট অগ্রগতি সাধন করে। ব্যবসায়-বাণিজ্যের কেন্দ্র হিসাবে বহু নগরের পত্তন ও বিস্তারলাভ হয়।


রাজধানী চাংআন্ ছিল ব্যবসায়-বাণিজ্য ও যোগাযোগের প্রধান কেন্দ্র। ব্যবসায়-বাণিজ্য ও সাংস্কৃতিক ভাব-বিনিময়ের ক্ষেত্রে বহু দেশের সহিতই তখনকার দিনের চীনের যোগাযোগ গড়িয়া উঠিয়াছিল। এই যোগাযোগ গড়িয়া উঠার ক্ষেত্রে বৌদ্ধধর্মের প্রভাব উল্লেখযোগ্য। চীন ও কোরিয়ার সহিত ঘনিষ্ঠ সম্পর্ক বহু প্রাচীনকাল হইতেই ছিল; তাং যুগে এই সম্পর্ক আরও ঘনিষ্ঠ হয়। তাং যুগে চীন ও কোরিয়ার মধ্যে শিক্ষা-দীক্ষা, সভ্যতা-সংস্কৃতি, ধর্ম ও ব্যবসায়-বাণিজ্যের সম্বন্ধ অত্যন্ত ঘনিষ্ঠ হইয়া উঠে। চীনের রেশম ও রেশমজাত বস্ত্র, চীনামাটির বাসনপত্র, নানাপ্রকার ঔষধ ও বিভিন্ন পুস্তক ইত্যাদি কোরিয়ায় রফতানি হইত এবং কোরিয়া হইতে চীনদেশে আমদানি হইত গবাদি পশু, ঘোড়া, নানাপ্রকার সুতী বস্ত্র, কাগজ, লিখিবার তুলি ও কালি ইত্যাদি।

তাং যুগে জাপানের সহিত চীনের যোগাযোগ খুবই বৃদ্ধি পাইয়াছিল। এই যুগে জাপান হইতে প্রায় তেরো চৌদ্দ বার সরকারী প্রতিনিধি দল চীনে আসিয়াছিল। সরকারী প্রতিনিধি এবং ছাত্র সম্প্রদায়ভুক্ত লোকই বেশী সংখ্যায় আসিতেন। জাপান হইতে আগত ছাত্ররা চীনদেশের ইতিহাস, দর্শন, রাজনৈতিক ব্যবস্থা, সাহিত্য, শিল্প, কুটিরশিল্প ইত্যাদি বিষয়ে শিক্ষালাভ করিত। তাং যুগে শিক্ষা-সংস্কৃতির যে সম্পদ জাপানী ছাত্রগণ গ্রহণ করিয়াছিল তাহা জাপানে খুবই প্রভাব বিস্তার করে। জাপান তাং যুগের জমি বিলি-বন্দোবস্তের ও খাজনা ধার্যের বিষয়টি নিজের দেশে প্রয়োগ করে। জাপানের প্রাচীন রাজধানী কিয়োটো চীনদেশের চাংআন্-এর অবিকল আদর্শে গড়িয়া উঠে বলা যায়। জাপানী ভাষা ও অক্ষরের ক্ষেত্রে হান্‌ভাষার প্রভাব লক্ষ্য করা যায়। পোশাক-পরিচ্ছদ ও খাদ্যদ্রব্য গ্রহণ ইত্যাদি রীতিনীতিতেও তাং-বৈশিষ্ট্য জাপানীদের মধ্যে বিরাজমান। তাহা ছাড়া দক্ষিণ-পূর্ব এশিয়ার আন্নামে চীনদেশের সাংস্কৃতিক প্রভাব প্রসারলাভ করে। বর্তমান কাম্বোডিয়া অঞ্চলই তখনকার যুগে আন্নাম নামে পরিচিত ছিল।

হান্‌দের শাসনকাল হইতেই চীনদেশে বৌদ্ধধর্মের প্রসার শুরু হয়। চীনদেশের বৌদ্ধসন্ন্যাসী ফা-হিয়েনের ভারত হইতে প্রত্যাবর্তনের পর তথায় বৌদ্ধধর্মের বিস্তৃতি আরও বৃদ্ধি পায়। বৌদ্ধসন্ন্যাসী ফা-হিয়েন ভারতবর্ষে তিন বৎসর থাকিয়া বহু বৌদ্ধধর্মগ্রন্থ অনুবাদ করেন। অবশেষে বহুদেশ ভ্রমণ করিয়া তিনি চীনে ফিরিয়া যান এবং সংগে লইয়া যান বহু বৌদ্ধধর্মগ্রন্থ ও পুঁথিপত্র। তখন হইতে চীনদেশের মানুষের কাছে বৌদ্ধধর্মমত নূতন চিন্তার খোরাক লইয়া উপস্থিত হয়। কোন কোন রাজ্যে বৌদ্ধধর্ম রাজধর্ম হিসাবে স্বীকৃতি লাভ করে। খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীতে চীনের সর্বত্র বৌদ্ধ মঠ ও বিহার স্থাপিত হয়। তাং যুগে চীনের সর্বত্র বৌদ্ধধর্মের প্রভাব লক্ষণীয়ভাবে বৃদ্ধি পায়। এই যুগেই বৌদ্ধসন্ন্যাসী হিউয়েন-সাং ভারত-ভ্রমণে আসিয়াছিলেন।

হিউয়েন-সাং চীনের রাজধানী চাংআন্-এর নিকটে একটি মঠে বাস করিতেন। সেখানে থাকিয়া তিনি সংস্কৃতভাষা শিক্ষা করেন। পরবর্তী

সময় তিনি ভারতবর্ষের বৌদ্ধতীর্থসমূহ দর্শন করিতে এবং এখানকার বৌদ্ধ পুঁথিপত্র সংগ্রহ করিতে মনস্থ করেন এবং ভারতবর্ষের উদ্দেশ্যে যাত্রা করেন (৬২৯ খ্রীঃ)। পথে বহু বাধা-বিঘ্ন অতিক্রম করিয়া তিনি গোবি মরুভূমি পার হন এবং তুর্ফান, কুচি প্রভৃতি রাজ্যের ভিতর দিয়া তিয়েনশান পর্বতে আসিয়া পৌঁছান। মরুভূমির দারুণ উত্তাপ ও অসংখ্য বাধা অতিক্রম করিয়া তিনি এইবার প্রচণ্ড শীত ও পর্বতের তুষারপাতের কবলে পড়েন। কোনমতে পর্বত পার হইয়া তুর্কীস্তানে উপস্থিত হন। সেখান হইতে সমরকন্দ এবং সমরকন্দ হইতে বহ্লীক দেশ এবং অবশেষে হিন্দুকুশ পর্বত অতিক্রম করিয়া খাইবার গিরিপথ দিয়া ভারতবর্ষে প্রবেশ করেন। এখানে তিনি দীর্ঘকাল, প্রায় চোদ্দ বৎসর, অতিবাহিত করেন। ভারতের বহু বৌদ্ধমঠ পরিদর্শন, বুদ্ধদেবের জন্মস্থান দর্শন, বহু ভারতীয় ভাষা শিক্ষালাভ



হিউয়েন সাং-এর ভারত আগমন


সমাপন করিয়া বহু বৌদ্ধধর্মগ্রন্থ এবং পুঁথিপত্র সহ তিনি স্বদেশে ফিরিয়া যান (৬৪৫ খ্রীঃ)। ফিরিবার পথেও তিনি নানাপ্রকার বিপদের সম্মুখীন হইয়াছিলেন। দেশে ফিরিলে সম্রাট তাই সুং তাঁহাকে সাদরে অভ্যর্থনা জানাইলেন। হিউয়েন সাং দীর্ঘ ২০ বৎসর ধরিয়া ভারতীয় গ্রন্থসমূহ চীন ভাষায় অনুবাদ করেন এবং মৃত্যুর পূর্বে তাঁহার ভ্রমণবৃত্তান্ত পুস্তকাকারে লিখিয়া যান। হিউয়েন সাং-এর অনুরোধে সম্রাট তাই সুং ভারতীয় সম্রাট হর্ষবর্ধনের রাজসভায় দূত প্রেরণ করিয়াছিলেন। হিউয়েন সাং-এর ভারত হইতে প্রত্যাবর্তনের পরে চীনদেশের সহিত ভারতের ঘনিষ্ঠতা আরও বৃদ্ধি পায়; ভারতীয় সভ্যতার সহিত চীনদেশের সভ্যতার সংযোগের ফলে উভয় দেশ নানাভাবে উপকৃত হয়। ভারতীয় চিকিৎসাবিজ্ঞান, জ্যোতিষশাস্ত্র, সংগীতশাস্ত্র, নানাপ্রকার কুটিরশিল্পের উৎপাদন-প্রণালী প্রভৃতি চীনদেশে প্রচলিত হয়; পক্ষান্তরে চীনদেশের প্রাচীন উৎকৃষ্ট সাহিত্য ও কাগজ নির্মাণ প্রণালী ভারতবর্ষে প্রচলিত হয়।

সুং বংশের রাজত্বকাল (৯৬০ খ্রীষ্টাব্দ—১২৮০ খ্রীষ্টাব্দ)

তাং বংশের পতনের পর চীনদেশে পুনরায় অনৈক্য ও বিশৃঙ্খলা দেখা দেয়। তাং বংশের পতনের প্রায় পঞ্চাশ বছর পরে সুং বংশের অধীনে চীন পুনরায় ঐক্যবদ্ধ ও শক্তিশালী হইয়া উঠে। ৯৬০ খ্রীষ্টাব্দে চাও-কুয়াং-ঈন্ এই রাজবংশের প্রতিষ্ঠা করেন। সাম্রাজ্যের অর্থনৈতিক ভিত্তি ও শাসনক্ষমতা সুসংবদ্ধ করিবার জন্য সুং সম্রাটগণ কতকগুলি সংস্কার সাধন করিয়াছিলেন। যেমন—

(১) সরকারের উদ্যোগে পতিত জমি বণ্টন এবং উন্নত জলসেচের ব্যবস্থা। (২) জমিদার ও সুদখোরদের হাত হইতে চাষীদের নিষ্কৃতি দেওয়ার জন্য চাষীদের সরকারী ঋণদানের ব্যবস্থা। উৎপন্ন ফসলের জামিনে শতকরা ২০ ভাগ সুদে ছয় মাসের জন্য ঋণ দেওয়ার বন্দোবস্ত। (৩) চাষীদের মাঠের কাজের সময় নির্দিষ্ট করিয়া দেওয়া। (৪) সরকারী সম্ভ্রান্ত পরিবারগুলির অতিরিক্ত সুযোগ-সুবিধা হ্রাস।

(৫) সম্ভ্রান্ত পরিবারগুলি এবং জমিদারেরা যাহাতে তাহাদের ভূসম্পত্তির হিসাবে কারচুপি করিতে না পারে এবং সরকারের আয় যাহাতে বৃদ্ধি পায় —তাই সমস্ত জমি জরিপ করিয়া আয় অনুপাতে খাজনা ধার্য করা হয়। ফলে, সম্ভ্রান্ত পরিবার ও জমিদারগণ এই খাজনার আওতায় আসে, তাহাদের খাজনা হইতে নিষ্কৃতি দেওয়া হয় না। (৬) বড় বড় ব্যবসায়ীরা যাহাতে দ্রব্য-সামগ্রীর বাজারকে সম্পূর্ণ নিয়ন্ত্রণ করিতে না পারে, সেদিকে লক্ষ্য রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়। বাজারে যখন প্রচুর শস্য ও নানাবিধ পণ্য আমদানি হইত সরকার তখন নিজস্ব উদ্যোগে ন্যায্য দরে পণ্য-সামগ্রী কিনিয়া রাখিত এবং অভাবের সময় সেইগুলি ন্যায্য দরে বিক্রয় করিত। এইসব ব্যবস্থা অবলম্বনের ফলে চাষীরা কিছু সুবিধা পায় এবং সরকারী পদস্থ কর্মচারীদের পরিবার, জমিদার ও বণিক সম্প্রদায়-গুলিকে কিছুটা নিয়ন্ত্রণ করা সম্ভব হয়। সরকারের আয়ও যথেষ্ট বৃদ্ধি পায়। এই ব্যবস্থা বেশীদিন রক্ষা করা সম্ভব হয় নাই। স্বাভাবিক কারণেই সরকারী পদস্থ কর্মচারী ও জমিদারগণ এই নূতন বিধিসমূহের বিরোধিতা করিয়া আসিতেছিল এবং সম্রাট চেন্-স্থং এবং এই নববিধি-সমূহের জনক ওয়াং-আন্-শী-এর মৃত্যুর পর এই ব্যবস্থারও প্রকৃতপক্ষে মৃত্যু হয়।



সুং যুগে নির্মিত চীনামাটির পাত্র

সুং বংশের রাজত্বকালে শিক্ষা-সংস্কৃতির যথেষ্ট অগ্রগতি সাধিত হয়। এই যুগে গদ্য-সাহিত্যের প্রসার লক্ষ্য করিবার মতো। আরবীয়গণের সহিত ব্যবসায়-বাণিজ্যের যোগাযোগের ফলে চীনাগণ আরবীয় সভ্যতার সংস্পর্শে আসে এবং জ্ঞান-বিজ্ঞানের প্রসার ঘটে। সুং রাজত্বের মধ্যলগ্নে মুদ্রণজগতে ব্যাপক অগ্রগতি হয় এবং কেন্দ্রীয় সরকার, স্থানীয় সরকার, এমন কি ব্যক্তিগত উদ্যোগে পুস্তক ছাপাইবার ব্যবস্থা হয়। এই সময়ে চীনে বারুদের ব্যবহার শুরু হয়। চীনবাসীরা বাঁশের খোলে বারুদের

সাহায্যে এক ধরনের আগ্নেয়াস্ত্র ব্যবহার করিতে শিখিয়াছিল। এই অস্ত্রটিকে বন্দুকের পূর্বপুরুষ বলা চলে।

ইউয়ান যুগ (১২৮০ খ্রীঃ—১৩৬৮ খ্রীঃ)

ইউয়ান যুগের চীনদেশের ইতিহাস মূলতঃ মঙ্গোলদের ইতিহাস। এই মঙ্গোলদের প্রাচীন ইতিহাস বিশেষ-কিছু জানা যায় না। মধ্য এশিয়ার পূর্ব প্রান্তে এই যাযাবর জাতির আদি বাসভূমি ছিল। তাহারা তাঁবুতে বাস করিত এবং সঙ্গে থাকিত পশুর পাল। পশুপালনই ছিল তাহাদের প্রধান উপজীবিকা। মাংস ও ঘোড়ার দুধ ছিল তাহাদের প্রধান খাদ্য। তীর-ধনুক লইয়া তাহারা সাধারণতঃ যুদ্ধ করিত। তাহাদের তীরের সম্মুখে কাহারও দাঁড়াইবার সাধ্য ছিল না। মঙ্গোলরা বন্দুকের ব্যবহারও শিখিয়াছিল। শিকার ও যুদ্ধ করা ছিল তাহাদের নিত্যকার ঘটনা। ইহাদের দলপতিদের উপাধি ছিল 'খান'। কিন্তু ইহারা মুসলমান ছিল না। মঙ্গোলরা উন্মুক্ত নীল আকাশের আরাধনা করিত। তাহারা প্রথমে ছিল দুর্বল ও পরাধীন। কিন্ নামে শক্তিশালী এক তাতার জাতি তাহাদের উপর কর্তৃত্ব করিত। কিন্তু মঙ্গোল সর্দার চেঙ্গিস খানের সময় হইতে মঙ্গোলদের অবস্থার পরিবর্তন হয়। চেঙ্গিসের পূর্ব নাম তেমুচিন। মঙ্গোলদের একটি দুর্ধর্ষ সামরিক জাতিতে পরিণত করাই ছিল তাঁহার একমাত্র লক্ষ্য। ১২১৪ খ্রীষ্টাব্দে চেঙ্গিস খান কিন্দের হটাইয়া দিয়া উত্তর চীনের পিকিং দখল করেন। চেঙ্গিস খান যেখানেই গিয়াছেন, সেখানেই ভাঙ্গিয়া-চুরিয়া, জ্বালাইয়া-পোড়াইয়া সব বিধ্বস্ত করিয়া দিয়াছেন। কত মানুষের প্রাণ যে তাঁহার আক্রমণে বিনষ্ট হইয়াছে, তাহার সীমা-সংখ্যা নাই। স্ত্রী-পুরুষ, শিশু-বৃদ্ধ কেহই তাঁহার হাত হইতে নিস্তার পায় নাই ; ঘরবাড়ি, মসজিদ, গ্রন্থাগার কিছুই তিনি বাদ দেন নাই। তাঁহার আক্রমণে সভ্যতার অপূরণীয় ক্ষতি হইয়াছে সন্দেহ নাই। চেঙ্গিস খানের সাম্রাজ্য পূর্বে প্রশান্ত মহাসাগর হইতে পশ্চিমে কৃষ্ণসাগর পর্যন্ত বিস্তৃত ছিল।

চেঙ্গিস খানের মৃত্যুর পর মঙ্গোলদের প্রধান হন ওগদাই খান। তাঁহার মৃত্যুর পর মঙ্গু খান মঙ্গোলদের নেতৃত্ব গ্রহণ করেন। সেই সময় মঙ্গু খান তাঁহার এক ভ্রাতা কুবলাই খানকে চীনদেশের প্রধান শাসনকর্তা নিযুক্ত করেন। কুবলাই খানের নেতৃত্বে ক্রমশঃ সমগ্র চীনদেশ মঙ্গোলদের অধিকারে আসে। এইভাবে পূর্বদিকে মঙ্গোলরা চীনের সভ্যতার দ্বারা প্রভাবিত হয়। মঙ্গু খানের মৃত্যুর পর কুবলাই খান প্রধান খানের পদ লাভ করেন (১২৫৯ খ্রীঃ)। তিনি মঙ্গোলদের প্রধান রাজধানী কারাকোরাম হইতে পিকিং-এ স্থানান্তরিত করেন। কুবলাই খান চীনদেশটিকে বড়ই ভালবাসিতেন। তিনি চীনদেশকে তাঁহার সাম্রাজ্যের কেন্দ্র করিয়া তোলেন। সাম্রাজ্যের অন্যান্য অংশের প্রতি তাঁহার বিশেষ কোন দৃষ্টি ছিল না। ফলে, ঐসব অংশের শাসনকর্তাগণ একরূপ স্বাধীন-ভাবেই রাজত্ব করিতে থাকেন, যদিও তাঁহারা কুবলাই খানকে সম্রাট বলিয়া স্বীকার করিতেন। কুবলাই খান তাঁহার রাজত্বে কাগজের নোটের প্রচলন ও ডাক চলাচলের সুবন্দোবস্ত করিয়া খ্যাতি অর্জন করেন। তিব্বতে বহু প্রাচীন কাল হইতেই বৌদ্ধধর্ম প্রচলিত ছিল। কিন্তু অন্যান্য অঞ্চলের বৌদ্ধধর্ম হইতে ইহা পৃথক। তিব্বতীদের দীর্ঘদিনের রীতিনীতি, বিভিন্ন প্রথা ও নানা প্রকার মন্ত্রতন্ত্র বৌদ্ধধর্মের সহিত যুক্ত হইয়া একটি নিজস্ব বিশেষ ধরনের বৌদ্ধধর্মমত তথায় প্রচলিত হয়। কুবলাই খান চীনদেশে তাঁহার রাজত্বে বৌদ্ধধর্মমত প্রচলন করেন এবং একজন যুবক বৌদ্ধসন্ন্যাসী 'লামা'-কে তিব্বতের যুবরাজের পদে অভিষিক্ত করেন। তখন হইতে তিব্বতীরা 'লামা'কে তাহাদের রাজা ও প্রধান ধর্মগুরু হিসাবে গণ্য করিতে থাকে।




কুবলাই খান

মার্কো পোলোর কাহিনী

ইটালীয় পরিব্রাজক মার্কো পোলোর ভ্রমণকাহিনী হইতে সম্রাট কুবলাই খান ও তাঁহার সাম্রাজ্যের অনেক কথা জানিতে পারা যায়। মার্কো পোলো দীর্ঘকাল কুবলাই খানের সাম্রাজ্যে ছিলেন ; এমন কি এক সময়ে তিনি হ্যাংচাও-এর শাসনকর্তাও ছিলেন। তাঁহার ভ্রমণকাহিনী মধ্যযুগের একটি শ্রেষ্ঠ গ্রন্থ। মার্কো পোলো ছিলেন ইটালির ভেনিসের অধিবাসী। একবার ভেনিসের সহিত ইটালির জেনোয়া শহরের যুদ্ধ হইয়াছিল। এই যুদ্ধে মার্কো পোলো বন্দী হইয়াছিলেন। কারাগারে তিনি তাঁহার ভ্রমণ-কথা একজন সহ-বন্দীকে বলিয়াছিলেন। সহবন্দী তাঁহার ভ্রমণবৃত্তান্তটি লিখিয়া রাখেন। পরে ইহা মার্কো পোলোর ভ্রমণবৃত্তান্ত নামে প্রচারিত হয় এবং সমগ্র ইউরোপে চাঞ্চল্যের সৃষ্টি করে।

নিকোলো পোলো এবং মাফিও পোলো নামে দুইভাই একবার বাণিজ্য উপলক্ষে বোখারায় যান। তথায় কুবলাই খানের দূতের সহিত তাঁহাদের আলাপ হয়। তিনি দুইজনকে কুবলাই খানের দরবারে যাওয়ার জন্য অনুরোধ করেন। এই অনুরোধে সাড়া দিয়া দুইভাই কুবলাই খানের রাজধানীতে আসিয়া রাজদরবারে যান। কুবলাই খান তাঁহাদের নিকট হইতে খ্রীষ্টান-ধর্ম সম্বন্ধে নানা কথা শুনিয়া মুগ্ধ হন এবং খ্রীষ্টানধর্ম সম্পর্কে জানিতে উৎসুক হন। এই উদ্দেশ্যে তিনি পোলো ভাইদের ইউরোপে পাঠাইয়া দেন এবং তাঁহাদের মাধ্যমে মহামান্য পোপকে অনুরোধ জানান একশত খ্রীষ্টান পণ্ডিতকে তাঁহার দরবারে পাঠাইবার জন্য। খ্রীষ্টান পণ্ডিতেরা এত দূরে আসিতে রাজী না হওয়ায়, দুই বৎসর পরে পোলো ভাইয়েরা দুইজন খ্রীষ্টান সন্ন্যাসীকে সঙ্গে লইয়া পুনরায় চীনযাত্রা করেন। এইবার নিকোলো পোলোর পুত্র সতেরো বৎসরের মার্কো পোলোও সঙ্গে আসেন। মার্কোকে কুবলাই খান খুব পছন্দ করিতেন। মার্কোও আসিবার পথেই মঙ্গোল ভাষা শিখিয়া লইয়াছিলেন। কুবলাই খান মার্কোকে নানা সরকারী কাজের দায়িত্ব দিয়াছিলেন এবং অবশেষে হ্যাংচাও শহরের শাসনকর্তা নিযুক্ত করেন। ষোল বৎসর চীনদেশে থাকিবার পর পোলো তিনজনই দেশে ফিরিবার জন্য কাতর হইয়া উঠেন। কিন্তু কুবলাই খান

তাঁহাদের ছাড়িতে চাহিলেন না। এমন সময়ে একটি সুযোগ উপস্থিত হইল। পারস্যের একজন মঙ্গোল শাসনকর্তার সহিত চীনের এক



রাজকুমারীর বিবাহ স্থির হয়। রাজকুমারীকে পারস্যে লইয়া যাইবার ভার পড়ে পোলো তিনজনের উপর। চীনের এক বন্দর হইতে যাত্রা করিয়া

সুমাত্রা, ভারতবর্ষ ইত্যাদি দেশ হইয়া দুই বৎসরে তাঁহারা পারস্যে উপস্থিত হন এবং সেখান হইতে কনস্টান্টিনোপল হইয়া নিজের দেশে ফিরিয়া যান। মঙ্গোলজাতীয় পোশাক পরিয়া থাকায় তাঁহাদের আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবরা তাঁহাদের চিনিতে পারে নাই। তাঁহাদের সঙ্গে ছিল মহামূল্য মণি-মাণিক্য, হীরা, পান্না ও জহরত। এইসব দেখিয়া তাহারা পরে বিশ্বাস করিতে শুরু করে এবং পোশাক খুলিবার পর আত্মীয়-স্বজন তাঁহাদের চিনিতে পারে।

মার্কো পোলোর ভ্রমণকাহিনী হইতে সেইযুগের চীনদেশ সম্পর্কে অনেক কথা জানিতে পারা যায়। সেইযুগে চীন ছিল একটি অতিশয় সমৃদ্ধিশালী দেশ। সুন্দর সুন্দর উদ্যান, আঙুরের খামার ছিল দেশের সর্বত্র। প্রতি রাস্তার ধারে সরাইখানা ছিল; ছোট বড় শহরগুলি মানুষের চলাফেরায় এবং কাজকর্মে মুখরিত থাকিত। বহু বৌদ্ধমঠ ও বিহার নানা প্রান্তে গড়িয়া উঠিয়াছিল। রাজধানী ও রাজদরবারের জাঁকজমক ছিল খুবই। তাঁহার ভ্রমণ-বৃত্তান্তে জাপান, ব্রহ্মদেশ ও ভারতবর্ষ সম্বন্ধেও অনেক কথা জানা যায়। জাপানের রাজারা সোনার প্রাসাদে বাস করিতেন, ব্রহ্মদেশের রাজার ছিল অগণিত হাতি। হাতির পিঠে চড়িয়া তাঁহারা যুদ্ধ করিতেন। ভারতবর্ষ সম্বন্ধেও তিনি বহু কথা লিখিয়াছেন। ভারতবর্ষ ছিল একটি সমৃদ্ধিশালী দেশ। সেখানে প্রচুর গোলমরিচ, আদা এবং ঔষধি গাছ পাওয়া যাইত। সেখানে মার্কো ভারতীয় সন্ন্যাসী বা সাধুদের দেখিয়াছিলেন। এই সকল সাধুদের পরমায়ু ছিল দেড়শত বৎসর। দক্ষিণ ভারতের এক শক্তিশালিনী রানীর কথাও তাঁহার বিবরণীতে পাওয়া যায়।

মধ্যযুগে জাপান

জাপান

চীনের উত্তর-পূর্বে প্রশান্ত মহাসাগরে চারটি বড় ও কয়েক হাজার ছোট ছোট দ্বীপ লইয়া জাপান দেশটি গঠিত। ইহা প্রাচীনকালে ইয়ামাতো নামে পরিচিত ছিল। পরে তাং সম্রাট উহাকে 'সূর্যোদয়ের মহান রাজ্য' আখ্যা

দেন। ঐ অ্যখ্যা হইতে 'দাই নিপ্পন' ও দাই নিপ্পন হইতে জাপান নামের উৎপত্তি।

মধ্যযুগের জাপানে সমাজ ও অর্থনীতি

প্রাচীন কাল হইতে জাপানে আইনু নামে এক উপজাতি বাস করিত। পরে এখানে মঙ্গোল জাতীয় লোক এবং অন্যান্য এশীয়রা আসিয়া বাস করিতে থাকে। ইহাদের সংমিশ্রণে জাপানী জাতির উদ্ভব হয়।

জাপানীরা মূলতঃ মঙ্গোল জাতির লোক। তাহারা বহু দলে বা গোষ্ঠীতে বিভক্ত ছিল। গোষ্ঠী নেতৃত্বের মধ্য হইতেই ধীরে ধীরে উদ্ভব হইয়াছিল বংশপরম্পরায় এক-একটি অভিজাত পরিবার। ষষ্ঠ শতাব্দীর শেষদিকে দেখা দেয় রাজকীয় পরিবার বা মিকাডো-র আবির্ভাব। বিদেশীদের নিকট এই রাজকীয় পরিবারের প্রধান মিকাডো নামে পরিচিত ছিলেন। মিকাডোর অধীনস্থ লোকেরা তাঁহাকে সম্রাটের মর্যাদা দিত। তাঁহাকে তাহারা ঈশ্বরের অংশ বলিয়াই মনে করিত ; তাহারা মনে করিত সূর্যদেবী আমাতেরাসু ওমিকামির নির্দেশে সম্রাটগণ মর্ত্যে শাসন করিবার জন্য আসিয়াছেন। স্বাভাবিকভাবেই সাধারণ লোকেরা তাঁহাকে ভয়, ভক্তি ও শ্রদ্ধা করিত। তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া সম্রাট হইবার কথা কেহ কল্পনাও করিত না।

উৎপাদন ও সামাজিক সংগঠনগুলি ছিল পুরোপুরি সামন্ততান্ত্রিক। ষষ্ঠ শতাব্দী হইতে বংশপরম্পরায় রাজপরিবারের হাতে বিধিসম্মত ক্ষমতা থাকিলেও প্রকৃত ক্ষমতা ছিল ভূ-সম্পত্তির মালিক সম্ভ্রান্ত পরিবারবর্গ, পদস্থ সরকারী কর্মচারী এবং অনুচরদের হাতে। ইহারা ছিল সুবিধা-ভোগী শ্রেণী। ইহাদের কর দিতে হইত না। ইহারা যথেষ্ট ক্ষমতাশালী হইলেও রাজপরিবারকে উচ্ছেদ করিবার চেষ্টা করে নাই। তাহারা সম্রাটের উপর প্রভাব বিস্তার করিয়াই তৃপ্ত ছিল।

ষষ্ঠ শতাব্দীতে চীনের সহিত জাপানের যোগাযোগ বহুল পরিমাণে বৃদ্ধি পায়। ভাষার ক্ষেত্রে জাপানে হরফের প্রচলন ছিল না। জাপানীরা চীনদেশ হইতে ইহা গ্রহণ করে। ওয়ানি নামে একজন কোরীয় পণ্ডিত

ইয়ামাতো রাজপরিবারের শিক্ষক ছিলেন। তাঁহার চেষ্টায় তথায় চীনদেশের ভাষা রাজভাষা হিসাবে প্রচলিত হয় এবং চীনদেশের বৌদ্ধধর্মও রাজধর্মরূপে স্বীকৃত হয়। ইয়ামাতো রাজ্য হইতে বহুলোক জ্ঞান অন্বেষণে চীনদেশে যান এবং তথায় শিক্ষা অর্জন করিয়া স্বদেশে ফিরিয়া আসেন। এইভাবে জাপানে শিক্ষা-সংস্কৃতি, ধর্ম, রাষ্ট্রীয় ব্যবস্থা প্রভৃতি বিষয়ে চীনদেশের প্রভাব বৃদ্ধি পায়। চীনদেশের তাং যুগের অগ্রগতির ধারা ইয়ামাতো রাজত্বে প্রসারিত হয়। ক্রমে তথায় চীনদেশের অনুকরণে নানাবিধ সংস্কার সাধনের কাজ চলে। চীনের রাজধানী চাংআন্-এর অনুকরণে নূতন নগর নারা প্রতিষ্ঠিত হয়। ইয়ামাতো রাজ্যের স্থায়ী রাজধানী নারা জাপানে নূতন যুগের সূচনা করে, উহাকে নারা যুগ বলা হয়। চীনদেশের রীতিনীতি ব্যাপকভাবে জাপানে প্রচলন হইতে শুরু করে; তথায় বৌদ্ধধর্মের ব্যাপক প্রসার লক্ষ্য করা যায় এবং রাষ্ট্রীয় ও অর্থনৈতিক ব্যবস্থা চীনের আদলে গড়িয়া উঠিতে শুরু করে। অবশ্য, জাপানে বৌদ্ধধর্মের পাশাপাশি জাপানের আদিধর্ম সিন্টো (দেবতার পথ)-ও প্রচলিত থাকে।

নারা যুগের জাপান প্রাচীন বংশানুক্রমিক অভিজাত সম্প্রদায়ের শাসনের নিদর্শন। কিন্তু কয়েকটি কারণে ইঁহাদের শাসন দীর্ঘস্থায়ী হয় নাই। বংশানুক্রমিক পরিবারতন্ত্রের প্রতি তাঁহাদের আনুগত্য এবং প্রীতি এতই প্রবল ছিল যে তাঁহারা এমন এক শ্রেণীর আমলাতন্ত্রের সৃষ্টি করিতে পারেন নাই, যে আমলারা প্রকৃতপক্ষে রাষ্ট্রীয় প্রধানের স্বার্থে একটি ঐক্যবদ্ধ রাষ্ট্রগঠনে সাহায্য এবং কেন্দ্রীয় শক্তির প্রতিপত্তি রক্ষা করিবেন। উপরন্তু নানা যুগের সম্রাটরা ক্রমে সরকারী আমলাদের উপর নির্ভরশীল হইয়া পড়িলেন। ফলে, ভূসম্পত্তি ও চাষীদের নিয়ন্ত্রণ করিবার প্রকৃত ক্ষমতা চলিয়া যায় স্থানীয় প্রতিপত্তিশালী জমিদারগুলির হাতে। এই জমিদার পরিবারগুলির সহিত পদস্থ সরকারী কর্মচারীদের সম্পর্ক বেশ ভালই ছিল; কারণ, তাহাদের স্বার্থও ছিল অভিন্ন। তাহারা চাহিতেছিল, তাহাদের পদের সহিত প্রাপ্ত জমিদারিগুলিও যাহাতে বংশানুক্রমিক সম্পত্তিতে রূপান্তরিত হয়। উভয়ের চাপে কেন্দ্রীয়

রাজশক্তি দুর্বল হইয়া পড়ে এবং প্রকৃত ক্ষমতা ফুজিওয়ারা নামক জমিদার পরিবারের হাতে চলিয়া যায়। ফুজিওয়ারা পরিবার প্রকৃতপক্ষে পদস্থ সরকারী কর্মচারী ও স্থানীয় ভূ-সম্পত্তির মালিকদের দ্বারা প্রভাবিত পরিবার। এই সময় হইতেই জাপানে হেইয়ান যুগের (খ্রীষ্টীয় নবম হইতে একাদশ শতাব্দীর প্রথম ভাগ) শুরু হয়।

হেইয়ান যুগের প্রথম দিকে রাজশক্তির উপর বৌদ্ধমঠগুলির প্রভাব খুবই ছিল। রাজকীয় পরিবার এই অবস্থায় জাপানী সিনটো পুরোহিতদের সহায়তায় অবস্থার পরিবর্তন করিতে চেষ্টা করেন। রাজধানী পরিবর্তিত হয় কিয়োটা নামক স্থানে। সিনটো পুরোহিতদের সমর্থনে ধর্মীয় ব্যবস্থায় পরিবর্তন আসে। বৌদ্ধধর্ম জাপানী সিনটো-ধর্মের সহিত সম্পর্ক স্থাপন করার ফলে ধর্মীয় রীতিনীতি এরূপভাবে পরিবর্তিত হয় যে, তখন তাহা আর চীনদেশের বৌদ্ধধর্ম না হইয়া জাপানী বৌদ্ধধর্মে পরিণত হয়। রাষ্ট্রীয় ও সামাজিক সংগঠনের অন্যান্য ক্ষেত্রেও এই নীতিটি গ্রহণ করা হয়। চীনদেশের অনুকরণ করিয়াও জাপান ক্রমে ক্রমে সবকিছুর মধ্যে নিজের দেশের রীতিনীতি ও বৈশিষ্ট্য অক্ষুণ্ণ রাখিবার চেষ্টা করে। যেমন—সরকারী কর্মচারী নিয়োগের ব্যাপারে চীনদেশের অনুকরণে পরীক্ষা পদ্ধতি চালু করে ; কিন্তু নিয়োগের ক্ষেত্রে বংশপরম্পরা পরিবারগুলিই গুরুত্ব পায়। ফলে কেন্দ্রশাসিত সকল অংশ হইতে আগত রাজভক্ত আমলাশ্রেণী গড়িয়া উঠিতে পারে না।

জমি বিলি-বন্দোবস্তের ক্ষেত্রে পূর্ববর্তী যুগের ত্রুটিপূর্ণ ব্যবস্থার কুফল দেখা দিতে শুরু করে : অ-কর্ষিত জমিতে চাষ আরম্ভ করিবার ফলে এই অবস্থার উদ্ভব হয়। এইরূপ জমি চাষ করিলে খাজনা বা কর দিতে হইত না। হেইয়ান যুগে এই জাতীয় জমিদারি বা শোয়েনের প্রতিপত্তি বাড়িয়া যায়। চাষীরা দলে দলে এই জাতীয় জমিতে কাজ করিবার জন্য নিজেদের নাম তালিকাভুক্ত করিতে আরম্ভ করে। ফলে সরকারী রাজস্বের আয় প্রভূত পরিমাণে কমিয়া যায়। সরকার করের হার বৃদ্ধি করিলে সরকারী চাষীরা দলে দলে শোয়েন

জমিদারিতে প্রবেশ করিতে শুরু করে। সরকার কৃষকদের শ্রমকে সুসংগঠিত করিতে অক্ষম হয় এবং রাজশক্তি বাধ্য হইয়া তাহার বহু ভূমি ছোট ছোট বংশানুক্রমিক জমিদারি হিসাবে যোদ্ধাশ্রেণী সামুরাইদের মধ্যে বণ্টন করে। সামুরাইদের সহিত ইউরোপীয় নাইট সম্প্রদায়ের তুলনা করা চলে। ইহাদের পেশা ছিল প্রধানতঃ যুদ্ধ করা। এই সামুরাইগণ রাষ্ট্র বা শক্তিশালী জমিদারদের অধীনে কাজ করিত। ইহারা ছিল শক্তিশালী জমিদারদের অলংকারস্বরূপ। ইহারা ছিল প্রকৃতপক্ষে বীর, বিনয়ী ও নম্র। ইহাদের চরিত্রের এই সকল গুণাবলী জাপানীদের নিকট 'বুশিডো' নামে পরিচিত। ভূসম্পত্তির মালিক হওয়ার পর সমাজের এই অংশটি দ্রুত বৃদ্ধি পাইতে থাকে এবং কালক্রমে প্রদেশের প্রশাসনিক পদস্থ কর্মচারীদের স্থান দখল করিতে সমর্থ হয়। খ্রীষ্টীয় একাদশ ও দ্বাদশ শতাব্দীতে সামুরাইগণ দেশের উত্তর ও পূর্বাঞ্চলে শোয়েনের মালিকদের সহিত কেন্দ্রীয় ক্ষমতার প্রভাব বিস্তার করিতে প্রতিযোগিতায় নামিয়া পড়ে। সম্রাটেরা মঠগুলির সিনটো পুরোহিতদের সমর্থনে কোনক্রমে টিঁকিয়া থাকেন মাত্র; তাঁহাদের এই সংহতি অত্যন্ত সীমাবদ্ধ ছিল। কেন্দ্রীয় শক্তির দুর্বলতা, উন্নত জলসেচ-ব্যবস্থার অভাব, সরকারী মালিকানার ভিত্তিতে গঠিত অর্থনৈতিক ব্যবস্থার অবনতি এবং ছোট ছোট জমিদারির আবির্ভাব প্রভৃতির ফলে সামুরাই ও তাহাদের জমিদার-প্রভুদের পরিবারগুলির শক্তি খুবই বৃদ্ধি পায়। কেন্দ্রীয় শক্তির স্থায়িত্ব লইয়া ইহারা মাথা ঘামাইত না; নিজস্ব অঞ্চলের উপর স্বাধীনতা অর্জন করাকেই তাহারা বেশী প্রাধান্য দিয়াছিল।

জাপানে শোগুন শাসন

দ্বাদশ শতাব্দীর মধ্যভাগে জাপানে তিনটি জমিদার পরিবার প্রবল ছিল। উত্তরাঞ্চলে ছিল সামুরাই এবং তাহাদের জমিদার-প্রভু 'মিনামোতো' পরিবার, দক্ষিণাঞ্চলে বড় জমিদার-মালিক 'তাইরা' পরিবার এবং শোয়েনের মালিক ও সরকারী পদস্থ কর্মচারী প্রভাবিত 'ফুজিওয়ারা' পরিবার।

ক্রমে উন্নততর সমাজব্যবস্থা ও ক্ষুদ্র ক্ষুদ্র ভূসম্পত্তির প্রাধান্যবিশিষ্ট উত্তরাঞ্চল জয়যুক্ত হয়। এই অংশের নেতা ছিলেন মিনামোতো



মিনামোতো ইয়োরিতোমো

ইয়োরিতোমো। তাইরা পরিবার পরাজিত হয় ১১৮৫ খ্রীষ্টাব্দে এবং ফুজিওয়ারা পরিবার তাহাদের প্রাধান্য হারায় ১১৯২ খ্রীষ্টাব্দে। মিনামোতো ইয়োরিতোমোর হস্তে মিকাডো দেশ শাসনের পূর্ণ অধিকার অর্পণ করেন। তাঁহাকে 'সেই-ই-তাই শোগুন' বা বর্বর দমনকারী মহাসেনাপতি উপাধি দেন। শোগুন শব্দের অর্থ মহাসেনাপতি বা সামরিক প্রধান। এই উপাধিটি বংশানুক্রমিক করা হয়। এইভাবে জাপানে শোগুন-শাসনের যুগ শুরু হয়।

মিকাডো থাকিতেন রাজধানী কিয়োটোতে এবং শোগুন ইয়োরিতোমো থাকিতেন কামাকুরায়। ইয়োরিতোমো ও তাঁহার বংশধরেরা কামাকুরা হইতে দেশশাসন করিতেন। পরে অন্যান্য কয়েকটি বংশও শোগুনরূপে দেশশাসন করেন। তাঁহারা তাঁহাদের রাজধানী টোকিওতে স্থানান্তরিত করেন। জাপানে প্রায় সাড়ে ছয় শত বৎসর (১১৯২-১৮৬৭) শোগুন

শাসন ছিল। অবশেষে মিকাডো মুৎসোহিটো জাপানে শোগুন-শাসনের অবসান ঘটাইয়া স্বহস্তে শাসনভার গ্রহণ করেন। ইহার পূর্ব পর্যন্ত মিকাডোরা নিতান্ত অবহেলিত অবস্থায় ছিলেন।

ঘটনাপঞ্জী

তাং যুগ—	৬১৮ খ্রীঃ—৯০৭ খ্রীঃ অঃ।
তাই স্থং-এর সিংহাসনে আরোহণ—	৬২৬ „ „।
লী-পো-এর সময়কাল—	৭০১ „ —৭৬২ „ „।
টু-ফু-এর সময়কাল—	৭১২ „ —৭৭০ „ „।
হিউয়েন-সাং-এর ভারত যাত্রা—	৬২৯ „ „।
হিউয়েন-সাং-এর চীনে প্রত্যাবর্তন—	৬৪৫ „ „।
স্থং বংশের রাজত্বকাল—	৯৬০ „ —১২৮০ „ „।
ইউয়ান যুগের শাসনকাল—	১২৮০ „ —১৩৬৮ „ „।
কুবলাই খানের সিংহাসনলাভ—	১২৬৯ „ „।
জাপানে শোগুন-শাসনের প্রবর্তন	১১৯২ „ „।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। কি ভাবে চীনদেশে তাং বংশের প্রতিষ্ঠা হইয়াছিল ? তাং বংশের সর্বশ্রেষ্ঠ সম্রাট কে ছিলেন ? তাঁহার সম্পর্কে যাহা জান লিখ।

২। কোন্ রাজবংশের রাজত্বকালকে চীনের সুবর্ণযুগ বলা হয় ? ঐ যুগের শিক্ষা, সংস্কৃতি, সাহিত্য ও অর্থনৈতিক অবস্থা সম্পর্কে যাহা জান লিখ।

৩। কোন্ চীনা সম্রাটের শাসনকালে হিউয়েন সাং ভারতে আসিয়াছিলেন ? তাঁহার ভারতে আগমন ও প্রত্যাবর্তন সম্পর্কে যাহা জান লিখ।

৪। তাং যুগে চীনে এবং চীন হইতে অন্যত্র বৌদ্ধধর্মের বিস্তার সম্পর্কে যাহা জান লিখ।

৫। সুং-বংশীয় সম্রাটদের রাজত্বকালে চীনের অগ্রগতি সম্পর্কে যাহা জান লিখ।

৬। চীনে ইউয়ান রাজবংশের প্রতিষ্ঠার বিবরণ দাও।

৭। মার্কো পোলো ও তাঁহার ভ্রমণ বৃত্তান্তের বিবরণ দাও।

৮। কিভাবে জাপানে শোগুন শাসনের প্রবর্তন হইয়াছিল? ঐ শাসন ব্যবস্থা জাপানে কতকাল প্রচলিত ছিল? কে কখন ঐ শাসন-ব্যবস্থা লোপ করিয়াছিলেন?

৯। কুবলাই খান সম্পর্কে যাহা জান লিখ।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। টীকা লিখ: সামুরাই; বুশিডো; শোগুন; লী-পো; টু-ফু।

২। জাপান নাম কি ভাবে হইয়াছে লিখ।

৩। জাপানের রাজবংশ সম্পর্কে যাহা জান লিখ।

৪। মঙ্গোল জাতির অভ্যুত্থান সম্পর্কে বিবরণ দাও।

মৌখিক প্রশ্ন

১। তাং রাজবংশের সর্বশ্রেষ্ঠ সম্রাট কে ছিলেন?

২। তাং সম্রাটদের রাজধানী কোথায় ছিল?

৩। কোন্ যুগে চীনে মুদ্রণ-ব্যবস্থা চালু হইয়াছিল?

৪। চেঙ্গিস খানের প্রকৃত নাম কি ছিল?

৫। চীনে ইউয়ান রাজবংশের প্রতিষ্ঠা কে করিয়াছিলেন?

৬। মার্কো পোলো কোথাকার অধিবাসী ছিলেন?

৭। মার্কো পোলো কোন্ চীনা সম্রাটের আমলে চীনদেশে গিয়াছিলেন?

৮। কোন্ চীনা সম্রাটের সময়ে হিউয়েন সাং ভারতে আসিয়াছিলেন?

৯। জাপানের পূর্ব নাম কি ছিল?

১০। জাপানে বৌদ্ধ ধর্ম ছাড়া অন্য কোন্ ধর্ম প্রচলিত ছিল?

১১। জাপানের সম্রাটকে কি বলা হয়?

১২। জাপানে শোগুন শাসনের প্রবর্তন কে করেন?

১৩। মিনামোতো ইয়োরিতোমো কে ছিলেন?

১৪। জাপানে কে শোগুন শাসনের উচ্ছেদ করেন?

১৫। সামুরাই কাহাদের বলা হয়?

১১ মধ্যযুগে ভারতবর্ষ

গুপ্তোত্তর যুগ (খ্রীষ্টীয় ৫ম—৭ম শতাব্দী)

৪৫৮ খ্রীঃ হইতে হূণ আক্রমণ

হূণগণের একটি শাখা যখন ইউরোপে রোম সাম্রাজ্যের উপর আক্রমণ চালাইয়া তাহার পতন ঘটাইতেছিল, প্রায় সেই সময়েই হূণ জাতির অপর একটি শাখা গুপ্ত সাম্রাজ্যের উপরও আক্রমণ শুরু করে। গুপ্তযুগের শেষদিকে হূণগণ ভারতবর্ষ আক্রমণ করে। এই সময় হইতেই ভারতবর্ষে মধ্যযুগের আরম্ভ হয় বলিয়া ধরা হয়। হিউং-নু বা হূণগণ মধ্য-এশিয়ার একটি বর্বর যাযাবর জাতি। খ্রীষ্টপূর্ব দ্বিতীয় শতাব্দীর শেষভাগে ইহারা নানা কারণে দেশত্যাগে বাধ্য হয় এবং উত্তর-পশ্চিম চীন হইতে ইউচি জাতিকে বিতাড়িত করিয়া তথায় বসবাস করে। পরবর্তী সময়ে এই হূণ দলের একটি শাখা ইউরোপ আক্রমণ করে। এই শাখাটি কৃষ্ণ-হূণ নামে পরিচিত। অপর শাখা পারস্যের সাসানীয় বংশের রাজা ফিরোজকে হত্যা করিয়া পারস্য ও কাবুল অধিকার করিয়া ভারতবর্ষের দিকে অগ্রসর হয়। হূণদের এই শাখা শ্বেত-হূণ নামে পরিচিত। ভারতবর্ষে যখন গুপ্ত সম্রাট স্কন্দগুপ্ত রাজত্ব করিতেছিলেন, ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে তখন এই দুর্ধর্ষ হূণ জাতি প্রবল আক্রমণ চালাইয়াছিল। সম্রাট স্কন্দগুপ্ত এই আক্রমণ প্রতিহত করিয়া স্বীয় সাম্রাজ্যের শক্তি, সংহতি ও মর্যাদা অক্ষুণ্ণ রাখিতে সমর্থ হইয়াছিলেন (৪৫৮ খ্রীঃ)। ষষ্ঠ শতাব্দীর প্রথম ভাগে হূণ-নায়ক তোরমান আবার ভারতবর্ষ আক্রমণ করেন এবং গুপ্ত সাম্রাজ্যের পশ্চিমাংশের কতক স্থান অধিকার করেন। তোরমানের মুদ্রা হইতে জানিতে পারা যায় যে, উত্তর প্রদেশ, রাজস্থান, পাঞ্জাব ও কাশ্মীরের কতকাংশ তাঁহার অধিকারে ছিল। তোরমানের পুত্র মিহিরকুল একজন নৃশংস ও অত্যাচারী শাসক হিসাবে কুখ্যাত। হিউয়েন সাং-এর বিবরণ অনুসারে মিহিরকুল শিয়ালকোটে রাজধানী স্থাপন করিয়া উত্তর ভারতে রাজ্য বিস্তার করিয়াছিলেন। তাঁহার আমলে হূণ-অধিকার গোয়ালিয়র পর্যন্ত বিস্তৃত হইয়াছিল। পরবর্তীকালে মিহিরকুল

গুপ্তসম্রাট বালাদিত্য গুপ্ত ও মান্দাশোরের শাসনকর্তা যশোধর্মণ কর্তৃক পরাজিত হইয়া কাশ্মীরে পলায়ন করেন এবং কাশ্মীরের সিংহাসন অধিকার করেন। মিহিরকুলের মৃত্যুর পর হূণশক্তি অত্যন্ত দুর্বল হইয়া পড়ে। ইহার পরেও দীর্ঘকাল হূণরা উত্তর-পশ্চিম ভারতে রাজত্ব করেন।

কনৌজরাজ ঈশানবর্মণ, থানেশ্বররাজ প্রভাকরবর্ধন প্রভৃতিকেও হূণদের সহিত যুদ্ধ করিতে হয়। পরে কালক্রমে ইহারা ভারতীয় জনসমুদ্রে মিশিয়া যায় এবং পরে নিজেদের ভারতীয় আর্যদের বংশধর এবং ক্ষত্রিয় বলিয়া প্রচার করে।

হূণগণের ঐতিহাসিক গুরুত্ব

হূণ-আক্রমণ ভারতের ইতিহাসে একটি উল্লেখযোগ্য ঘটনা। যে সময়ে ভারতে কেন্দ্রীয় রাজশক্তি অত্যন্ত দুর্বল হইয়া পড়িতেছিল, সেই সময়ে হূণদের প্রচণ্ড আক্রমণ গুপ্ত সাম্রাজ্যের ভিত্তি অত্যন্ত দুর্বল করিয়া দেয় এবং উহার পতনের পথ প্রশস্ত করিয়া তোলে। কিন্তু ভারতের সামাজিক জীবনে হূণ-আক্রমণের প্রতিক্রিয়া আরও গুরুত্বপূর্ণ। ভারতীয়দের সহিত বৈবাহিক সম্পর্ক স্থাপন করিয়া এবং ভারতীয় ধর্ম ও সংস্কৃতি গ্রহণ করিয়া উহারা ভারতীয় সমাজের সহিত মিশিয়া গিয়াছিল। ইহাদের সংমিশ্রণে ভারতীয় সমাজে এমন কতকগুলি বংশ বা গোষ্ঠীর উদ্ভব হয়, যাহাদের চারিত্রিক বৈশিষ্ট্য প্রাচীন ভারতীয় ঐতিহ্য হইতে কিছু স্বতন্ত্র। ফলে, ভারতীয় সমাজ-সংস্কৃতির জীবনে যেমন নূতন বৈচিত্র্য আসিয়াছিল, তেমনি আবার রাজনৈতিক মঞ্চেও নূতন নূতন শক্তির উদ্ভব হইয়াছিল। কোন কোন ঐতিহাসিক মনে করেন, আধুনিক রাজপুত জাতিগুলির মধ্যে হূণ রক্তের প্রাধান্য রহিয়াছে।

গুপ্ত সাম্রাজ্যের পতন

গুপ্তসম্রাট স্কন্দগুপ্ত মোটামুটি একটি ঐক্যবদ্ধ রাজ্য শাসন করিতে সমর্থ হইয়াছিলেন। তাঁহার মৃত্যুর পর সাম্রাজ্যের পতনের প্রক্রিয়াটি দ্রুত শুরু

হয়। তখনকার সময়ের রাজনৈতিক অবস্থাটি বিশ্লেষণ করিলে গুপ্ত সাম্রাজ্যের পতনের কারণগুলি স্পষ্ট হইয়া উঠে ; যেমন—কেন্দ্রীয় রাজশক্তি অত্যন্ত দুর্বল, প্রদেশের বংশগত শাসনকর্তা ও পদস্থ রাজকর্মচারীগণের শক্তিবৃদ্ধি, অভ্যন্তরীণ বিদ্রোহ, বৈদেশিক শক্তির প্রচণ্ড আক্রমণ এবং রাজপরিবারে আত্মকলহ। ফলে কালক্রমে বিভিন্ন প্রদেশের শাসনকর্তাগণ স্বাধীন ও স্বতন্ত্র হইয়া যান। বল্লভী রাজ্যে মৈত্রকগণ, মান্দাশোরে যশোধর্মণ, উত্তর গাঙ্গেয় উপত্যকায় মৌখরী বংশ এবং পূর্ব ভারতে গুপ্তবংশীয় মহাসেনগুপ্ত ও গৌড়ের শাসনকর্তা শশাঙ্কের উত্থান অবশেষে গুপ্তসাম্রাজ্যকে ছিন্নভিন্ন করিয়া দিয়াছিল।

গুপ্তোত্তর যুগ

হর্ষবর্ধন

গুপ্ত সাম্রাজ্যের পতনের পর সুবিশাল ঐক্যবদ্ধ সাম্রাজ্য প্রতিষ্ঠার চেষ্টা প্রায় পরিত্যক্ত হইয়াছিল। সাম্রাজ্য স্থাপনের প্রতিষ্ঠা উত্তরাপথেই সীমাবদ্ধ ছিল। তাই হর্ষবর্ধন একটি বিশাল সাম্রাজ্য স্থাপন করিলেন। তাঁহার সাম্রাজ্য উত্তরাপথেই সীমাবদ্ধ ছিল। তাই তিনি 'উত্তরাপথনাথ' মাত্র ছিলেন।

গুপ্ত সাম্রাজ্যের পতনের প্রায় একশত বৎসর পরে হর্ষবর্ধন উত্তর ভারতের এক বৃহৎ অংশ অধিকার করিয়া একটি ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠনে প্রয়াসী হন। তখন হইতে কনৌজ উত্তর ভারতের রাজনৈতিক প্রধান কেন্দ্র হিসাবে পরিচিতি লাভ করে। পাঞ্জাবের পূর্বপ্রান্তে অবস্থিত থানেশ্বর ছিল একটি ক্ষুদ্র রাজ্য। এখানে পুষ্যভূতি বংশের রাজারা শাসন করিতেন। প্রভাকরবর্ধন এই বংশের প্রথম উল্লেখযোগ্য রাজা। তাঁহার মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠপুত্র রাজ্যবর্ধন থানেশ্বরের সিংহাসনে বসেন। সেই সময়ে কনৌজের শাসনকর্তা ছিলেন মৌখরীরাজ গ্রহবর্মণ, মালবের রাজা ছিলেন দেবগুপ্ত এবং গৌড়ের অধিপতি ছিলেন শশাঙ্ক। পূর্বে থানেশ্বরের সহিত কনৌজের বিবাদ ছিল। তাই মালবের দেবগুপ্ত এবং মগধ ও গৌড়ের শশাঙ্ক কিছুটা নিরাপদ বোধ করিতেন। কিন্তু

রাজ্যবর্ধনের ভগিনী রাজ্যশ্রীকে গ্রহবর্মণ বিবাহ করায় থানেশ্বর ও কনৌজের মধ্যে বন্ধুত্ব হইয়াছিল। ইহাতে দেবগুপ্ত ও শশাংক ভীত হইয়া মৈত্রীসূত্রে আবদ্ধ হন। সংবাদ আসিল, মালবরাজ দেবগুপ্ত কর্তৃক গ্রহবর্মণ নিহত এবং রাজ্যবর্ধনের ভগিনী রাজশ্রী বন্দিনী হইয়াছেন। দ্রুত প্রতিশোধ গ্রহণের উদ্দেশ্যে রাজ্যবর্ধন মালবরাজের বিরুদ্ধে অভিযান করেন। যুদ্ধে দেবগুপ্ত পরাজিত ও নিহত হইলেও শশাঙ্কের হস্তে রাজ্যবর্ধন নিহত হন। অপরদিকে বন্দিনী রাজ্যশ্রী কারাগার হইতে নিখোঁজ হন। এই সংকটময় মুহূর্তে হর্ষবর্ধন রাজ্যভার গ্রহণ করেন (৬০৬ খ্রীঃ)। হর্ষবর্ধন রাজ্যভার গ্রহণ করিয়াই প্রথমে ভগিনীর সন্ধানে বাহির হন এবং বিন্ধ্যপর্বতের এক গহন অরণ্য হইতে ভগিনী রাজ্যশ্রীকে উদ্ধার করিতে সমর্থ হন। এই সময়ে কনৌজের অমাত্যগণ তাঁহাকে কনৌজের শাসনভার গ্রহণের জন্য অনুরোধ করেন। ফলে হর্ষবর্ধন থানেশ্বর ও কনৌজ উভয় রাজ্যেরই অধিপতি হন এবং কনৌজে রাজধানী স্থানান্তরিত করেন। এইভাবে কনৌজ উত্তর ভারতের প্রধান রাজনৈতিক কেন্দ্রে পরিণত হয়। কনৌজের ইতিহাসে হর্ষবর্ধন 'শিলাদিত্য' নামেও পরিচিত ছিলেন। হর্ষবর্ধনের রাজ্যভার গ্রহণের বৎসর হইতে 'হর্ষাব্দ' নামে একটি নূতন অব্দের প্রচলন হয় (৬০৬ খ্রীঃ)।


হর্ষবর্ধন

হর্ষবর্ধনের সামরিক অভিযানের সূচনা হয় ভ্রাতৃহন্তা শশাঙ্কের বিরুদ্ধে। কামরূপরাজ ভাস্করবর্মণের সহিত মিত্রতা করিয়া তিনি শশাঙ্কের বিরুদ্ধে অভিযান শুরু করেন। হর্ষবর্ধনের সহিত দীর্ঘকাল শশাঙ্কের যুদ্ধ চলিয়াছিল। এই সকল যুদ্ধের বিবরণ না পাওয়া গেলেও বিভিন্ন সূত্র হইতে জানা যায় যে, শশাংক মৃত্যুকাল পর্যন্ত গৌড় ও মগধের উপর আধিপত্য রাখিতে সমর্থ হইয়াছিলেন। অবশ্য শশাঙ্কের মৃত্যুর

পর তাঁহার রাজ্যের পশ্চিমাংশ মগধ হর্ষবর্ধনের এবং পূর্বাংশ গৌড় ভাস্করবর্মণের অধিকারে চলিয়া যায়। হর্ষবর্ধন উত্তর ভারতে তাঁহার সাম্রাজ্যকে সুদৃঢ় ও সুবিস্তৃত করেন। অতঃপর তিনি দক্ষিণ ভারত জয়ে অগ্রসর হন। কিন্তু তাঁহার এই সাম্রাজ্য পূর্ব-পাঞ্জাব হইতে মগধ এবং হিমালয় হইতে নর্মদা পর্যন্ত বিস্তৃত ছিল। সৌরাষ্ট্র, সুদূর সিন্ধুপ্রদেশ, পশ্চিম-পাঞ্জাব, কাশ্মীর ও কামরূপের রাজারা তাঁহার প্রভুত্ব মানিয়া লইয়াছিলেন।

আইহোল শিলালিপিতে হর্ষবর্ধনকে 'সকলোত্তরাপথনাথ' বলিয়া বর্ণনা করা হইয়াছে। তাই অনেক ঐতিহাসিক তাঁহাকে 'হিন্দু ভারতের শেষ সাম্রাজ্য-সংগঠক' হিসাবে উল্লেখ করেন। এই ব্যাপারে সকল ঐতিহাসিক অবশ্য একমত নহেন। আধুনিক ঐতিহাসিকগণ মনে করেন, হর্ষবর্ধন উত্তর ভারতের একটি সীমাবদ্ধ অঞ্চলেই রাজত্ব করিতেন। ইহাকে 'সাম্রাজ্য' না বলিয়া সুবৃহৎ রাজ্য বলাই যুক্তিসংগত। তখনকার সময়ে দক্ষিণ ভারত ও উত্তর ভারতের কয়েকটি অঞ্চলে বহু ক্ষুদ্র রাজ্য ছিল। উপরন্তু তাঁহার মৃত্যুর পর চোল, চালুক্য, রাষ্ট্রকূট ও পাল রাজগণ স্থায়ী ও বিস্তৃত সাম্রাজ্য স্থাপন করিতে সচেষ্ট হইয়াছিলেন। যাহা হউক, সেই সময়ের উত্তর ভারতে তিনিই যে উল্লেখযোগ্য রাজা ছিলেন, সে বিষয়ে কোন সন্দেহ নাই।

ভারতবর্ষের ইতিহাসে হর্ষবর্ধন জ্ঞানী, গুণী, বিদ্যোৎসাহী, দানশীল ও উদার শাসক রূপেও খ্যাতি অর্জন করিয়াছিলেন। তিনি গুণীজনদের সমাদর করিতেন। তাঁহার সভাপণ্ডিত ছিলেন কবি বাণভট্ট। বাণভট্ট-রচিত 'হর্ষচরিত' একখানি বিখ্যাত গ্রন্থ। 'কাদম্বরী' তাঁহার অপর একটি সার্থক রচনা। হর্ষবর্ধন নিজেও সংস্কৃত ভাষায় 'রত্নাবলী', 'প্রিয়দর্শিকা' এবং 'নাগানন্দ' নামে তিনখানি নাটক রচনা করিয়াছিলেন। ইতিহাস-বিখ্যাত নালন্দা বিশ্ববিদ্যালয়ে তিনি প্রচুর অর্থ দান করিয়াছিলেন। তাঁহার রাজত্বকালে প্রখ্যাত চৈনিক বৌদ্ধসন্ন্যাসী ও পরিব্রাজক হিউয়েন সাং ভারত পরিভ্রমণে আসেন। তিনি হর্ষবর্ধনের রাজ্যে বহুদিন অবস্থান করেন।

হিউয়েন সাং-এর ভারত ভ্রমণ ও ভ্রমণবৃত্তান্ত


বৌদ্ধাচার্য হিউয়েন সাং চীনদেশের তদানীন্তন রাজধানী চাংআন্ হইতে মধ্য-এশিয়ার মধ্য দিয়া ভারতে আসিয়াছিলেন। উদ্দেশ্য ছিল বৌদ্ধধর্ম সম্বন্ধে জ্ঞান আহরণ এবং ভগবান বুদ্ধের জন্মস্থান দর্শন। তাঁহার লিখিত বিবরণ হইতে হর্ষবর্ধনের রাজত্বকাল ও তখনকার ভারতবর্ষ সম্বন্ধে অনেক কথা জানিতে পারা যায়। ভারতবর্ষ সম্বন্ধে তিনি লিখিয়াছিলেন যে, ভারতে তিনি অনেক পরিত্যক্ত ও ধ্বংসমুখী নগর ও গ্রাম দেখিয়াছেন। বিশেষ করিয়া হূণ-আক্রমণে ধ্বংসপ্রাপ্ত পুরুষপুর ও তক্ষশিলার কথা তিনি উল্লেখ করিয়াছেন। পাটলিপুত্রের অবস্থাও ছিল খুবই শোচনীয়। কিন্তু প্রয়াগ, কাশী, উজ্জয়িনী ও কনৌজের সমৃদ্ধি ও ঐশ্বর্য দেখিয়া তিনি মুগ্ধ হইয়াছিলেন। প্রতি পাঁচ বৎসর অন্তর হর্ষবর্ধন প্রয়াগে একটি উৎসবের আয়োজন করিতেন। ভারতবর্ষের নানাস্থান হইতে বিভিন্ন ধর্মের সাধু-সন্ন্যাসীরা তথায় আসিতেন। হর্ষবর্ধন নিজে বৌদ্ধ-ধর্মাবলম্বী হইলেও এই উৎসবে বুদ্ধ, সূর্য ও শিবের পূজা হইত। এই উপলক্ষে উৎসব প্রাঙ্গণে রাজভাণ্ডারের অর্থরাশি আনয়ন করা হইত। প্রাঙ্গণটি 'দানক্ষেত্র' বা 'সন্তোষক্ষেত্র' নামে পরিচিত ছিল। হর্ষবর্ধন এখান হইতে দরিদ্র ও জাতিধর্মনির্বিশেষে সাধু-সন্ন্যাসী ও আতুরজনদের অকাতরে ধন বিতরণ করিতেন। কথিত আছে, দান করিতে করিতে শেষ পর্যন্ত হর্ষবর্ধন নিজের রাজপরিচ্ছদও দান করিয়া ফেলিতেন।



হিউয়েন সাং

হিউয়েন সাং-এর বিবরণী হইতে জানা যায়, হর্ষবর্ধনের সময়ে রাজ্যে শাসন-শৃঙ্খলা বজায় ছিল। কেন্দ্রীয় শাসনে সম্রাট ছিলেন সমস্ত ক্ষমতার অধিকারী এবং প্রাদেশিক শাসনকার্য পরিচালিত হইত পদস্থ রাজকর্মচারীগণের মাধ্যমে।

হিউয়েন সাং-এর বিবরণ হইতে নালন্দা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে বহু তথ্য জানা গিয়াছে। নালন্দা ছিল একটি বিরাট বৌদ্ধবিহার এবং তখনকার যুগের সর্বশ্রেষ্ঠ শিক্ষাকেন্দ্র। হর্ষবর্ধনের সময়ে এই বিহারের চরম উন্নতিলাভ হয়। এশিয়ার নানাদেশ হইতে ছাত্রেরা আসিয়া এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করিত। ছাত্রসংখ্যা ছিল প্রায় দশ হাজার। নালন্দা



নালন্দা বিশ্ববিদ্যালয়ের ধ্বংসাবশেষ

বিশ্ববিদ্যালয়ের ব্যয়নির্বাহের জন্য সম্রাট একশত গ্রামের রাজস্ব দান করিয়াছিলেন। অনেক বিদেশী রাজাও এখানে ছাত্রাবাস নির্মাণ করাইয়া দিতেন। স্থানীয় ধনী লোকেরা ছাত্রদের দৈনন্দিন আহারের জন্য শত শত মণ চাউল, প্রচুর দুধ, ঘি ইত্যাদি পাঠাইয়া দিতেন। খাদ্য, পোশাক-পরিচ্ছদ এবং ঔষধ ইত্যাদির জন্য ছাত্রদের কোনও চিন্তা করিতে হইত না। ভরতির পূর্বে ছাত্রদের শাস্ত্রজ্ঞানের পরীক্ষা দিতে হইত। ভরতি হওয়া ছিল বড়ই কঠিন ; প্রতি দশজনে তিনজনের বেশী ভরতি হইতে পারিত না। নালন্দা বিশ্ববিদ্যালয়ে বিরাট পাঠাগার ছিল এবং ছাত্রদের বাসোপযোগী এক প্রকাণ্ড ছয়তলা-বিশিষ্ট বাড়ি ছিল। বিশ্ববিদ্যালয়টি ছিল সম্পূর্ণ আবাসিক। এখানে শুধু বৌদ্ধশাস্ত্র নহে—বেদ, দর্শন, শব্দতত্ত্ব, চিকিৎসাশাস্ত্র প্রভৃতি নানা বিষয়ে শিক্ষাদান করা হইত। ছাত্রেরা নিয়মিত ক্লাসে যোগদান করিত। ছাত্র, শিক্ষক সকলেই বিশ্ববিদ্যালয়ের নিয়মাবলী মানিয়া চলিতেন।

হিউয়েন সাং-এর সময়ে নালন্দা বিহারের সর্বাধ্যক্ষ ছিলেন মহাপণ্ডিত শীলভদ্র। তিনি ছিলেন বাঙালী। সেই সময়ে তাঁহার মত বড় পণ্ডিত ভারতবর্ষে আর কেহ ছিলেন না। হিউয়েন সাং স্বয়ং ছাত্র হিসাবে পাঁচ বৎসর নালন্দায় অতিবাহিত করেন এবং মহাপণ্ডিত শীলভদ্রের নিকট যোগশাস্ত্র অধ্যয়ন করেন।

উত্তর ভারত ভ্রমণ শেষ করিয়া তিনি দক্ষিণ ভারতে গিয়াছিলেন। সেই সময়ে দাক্ষিণাত্যে চালুক্যবংশীয় দ্বিতীয় পুলকেশী সর্বাপেক্ষা পরাক্রান্ত রাজা ছিলেন। হর্ষবর্ধনও তাঁহার সহিত যুদ্ধে পরাস্ত হইয়াছিলেন। হিউয়েন সাং দ্বিতীয় পুলকেশী ও তাঁহার সৈন্যদের বীরত্বের কথা তাঁহার বিবরণীতে উল্লেখ করিয়াছেন। চালুক্যদের দক্ষিণ-পূর্বে ছিল পল্লবদের রাজ্য। পল্লবরা সেই সময়ে অনেক সুন্দর সুন্দর মন্দির নির্মাণ করিয়াছিল। হিউয়েন সাং দীর্ঘ ১৪ বৎসর ভারতের বিভিন্ন স্থানে অতিবাহিত করিয়া, বহু পুঁথিপত্র সঙ্গে লইয়া চীনদেশে ফিরিয়া যান। তখন চীনদেশের সম্রাট ছিলেন তাই সুং। হিউয়েন-সাংয়ের অনুরোধে সম্রাট তাই সুং হর্ষবর্ধনের রাজসভায় একজন দূত পাঠাইয়াছিলেন।

হর্ষোত্তর যুগ (খ্রীষ্টীয় অষ্টম শতাব্দী হইতে দ্বাদশ শতাব্দী)

হর্ষোত্তর যুগে ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের উৎপত্তি : রাজপুত রাজ্যসমূহ

হর্ষবর্ধন অপুত্রক ছিলেন। হর্ষবর্ধনের মৃত্যুর পর তাঁহার সাম্রাজ্যের পতন হয়। প্রাদেশিক শাসনকর্তা ও কোন কোন অঞ্চলের সামন্তরাজা এবং ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের প্রভাব বৃদ্ধি পাইতে থাকে। ইহার ফলে, ভারতের বিভিন্ন অংশে কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্যের উদ্ভব হয়। হর্ষবর্ধনের এক মন্ত্রী কনৌজের সিংহাসন অধিকার করেন। অষ্টম শতাব্দীর প্রথম ভাগে কনৌজে যশোবর্মন নামে এক শক্তিশালী রাজার অভ্যুত্থান হয়। রাজপুত জাতির অভ্যুত্থান এই যুগের একটি উল্লেখযোগ্য ঘটনা। রাজপুত জাতির উৎপত্তি সম্পর্কে মতভেদ আছে। কোন কোন ঐতিহাসিক তাঁহাদের প্রাচীন ভারতীয় জাতির বংশধর বলিয়া মনে করেন।

আবার আধুনিক ঐতিহাসিকদের মতে—রাজপুতগণ হূণ, গুর্জর, শক প্রভৃতি বিদেশী জাতিগুলির সংমিশ্রণে উদ্ভূত জাতি। ভারতীয় সমাজে এই বহিরাগত জাতিসমূহের স্থান বৃত্তি অনুসারে নির্ধারিত হইয়াছিল। ইহাদের মধ্যে যাহারা রাজ্য স্থাপন করিয়া শাসনকর্তৃত্ব লাভ করিতে সক্ষম হইয়াছিল, তাহারা রাজপুত নামে পরিচিত হইয়াছিল। রাজপুত বংশগুলির মধ্যে গুর্জর প্রতিহার বংশ, কনৌজের গাহড়বাল বংশ, দিল্লীর চৌহান বংশ, মালবের পরমার বংশ, বুন্দেলখণ্ডের চন্দেল বংশ, ডাহলের চেদী বংশ বা কলচুরী বংশ বিশেষভাবে উল্লেখযোগ্য। অবশ্য ইহাদের মধ্যে কয়েকটি শাখা, বিশেষভাবে চন্দেলগণ ও গাহড়বালগণ ভারতীয় জাতিগোষ্ঠী হইতে উদ্ভূত হইয়াছিল বলিয়া অনেক মনে করেন।

গুর্জর জাতি হূণদের সহিত ভারতবর্ষে আসিয়াছিল। খ্রীষ্টীয় অষ্টম শতাব্দীর প্রথম ভাগে গুর্জরদের একটি শাখা গুর্জর প্রতিহারগণ প্রথম নাগভট্টের নেতৃত্বে মারবাড় প্রদেশে একটি শক্তিশালী রাজ্য প্রতিষ্ঠা করিতে সক্ষম হয়। বাংলার পাল রাজগণ ও রাষ্ট্রকুট রাজগণের সহিত প্রতিহার রাজাদের যুদ্ধ হইয়াছিল।

পাল-প্রতিহার-রাষ্ট্রকূট দ্বন্দ্ব

খ্রীষ্টীয় অষ্টম শতাব্দীর শেষভাগে উত্তর ভারতের আধিপত্য লইয়া গুর্জর প্রতিহার, পাল ও রাষ্ট্রকুটগণের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা চলিতেছিল। ঐ সময়ে গৌড়ে ও মগধে পালরাজগণ রাজত্ব করিতেছিলেন। তাঁহাদের রাজধানী ছিল পাটলিপুত্র। পালবংশের শ্রেষ্ঠ নরপতি ধর্মপাল সমগ্র আর্যাবর্তে এক সার্বভৌম রাজশক্তি স্থাপন করিতে উদ্যোগী হন। ফলে, উত্তর ভারতের আধিপত্য লইয়া এক ত্রিশক্তি সংগ্রামের সূচনা হয়। ধর্মপাল কনৌজ অধিকার করিয়া সেখানে চক্রায়ুধ নামে স্বীয় মনোনীত এক ব্যক্তিকে সিংহাসনে বসান, কিন্তু উত্তর ভারতে তাঁহার সর্বময় কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয় না। তিনি গুর্জর-প্রতিহার-রাজ বৎসরাজের হস্তে পরাজিত হন। ঐ সময়ে রাষ্ট্রকুটরাজ ধ্রুব উত্তর ভারত আক্রমণ করিয়াছিলেন। তাঁহার হস্তে বৎসরাজ পরাজিত হইলে ধর্মপালের বিশেষ

ক্ষতি হয় না। রাষ্ট্রকূটরাজের হস্তে ধর্মপালও একবার পরাজিত হন। কিন্তু রাষ্ট্রকূটরাজ মৈত্রী স্থাপন করিয়া স্বদেশে ফিরিয়া যান। পরে প্রতিহাররাজ দ্বিতীয় নাগভট্ট কনৌজ দখল করেন এবং বাংলার দিকে অগ্রসর হইয়া ধর্মপালকেও পরাজিত করেন। এইবারও রাষ্ট্রকূটরাজ তৃতীয় গোবিন্দের হস্তক্ষেপে ধর্মপাল রক্ষা পান। তৃতীয় গোবিন্দ নাগভট্টকে পরাজিত করিলে নাগভট্ট স্বদেশে ফিরিয়া যাইতে বাধ্য হন। ধর্মপাল উত্তর ভারতে একটি শক্তিশালী রাজ্য স্থাপন করেন। ধর্মপালের পুত্র দেবপালের সময়েও উত্তর ভারতে পালরাজাদের আধিপত্য অক্ষুণ্ণ ছিল। পরে পালরাজগণ দুর্বল হইয়া পড়েন। গুর্জর-প্রতিহাররাজ মহেন্দ্রপাল উত্তর ভারতে একটি শক্তিশালী রাজ্য স্থাপন করেন। তাঁহার সাম্রাজ্যকেই উত্তর ভারতে হিন্দুদের শেষ সাম্রাজ্য বলা চলে। মহেন্দ্রপালের মৃত্যুর পর গুর্জর-প্রতিহার বংশ ভাঙিয়া পড়ে।

রাজপুত রাজ্যগুলির উত্থান

গুর্জর-প্রতিহার সাম্রাজ্য ভাঙিয়া পড়িলে রাজপুতানায় ও মধ্যভারতে অনেক ক্ষুদ্র ক্ষুদ্র রাজপুত রাজ্যের উদ্ভব হয়।

রাজপুত বংশগুলির মধ্যে গুর্জর প্রতিহার বংশ, কনৌজের গাহড়বাল বংশ, মালবের পরমার বংশ, বুন্দেলখণ্ডের চন্দেল বংশ, ডাহলের চেদী বংশ বা কলচুরি বংশ, গুজরাটের সোলাঙ্কি বংশ, শাকম্ভরির চৌহান বংশ বিশেষভাবে উল্লেখযোগ্য।

গুপ্তোত্তর যুগে বাংলাদেশ

গৌড়াধিপতি শশাঙ্ক

খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দী হইতে গৌড় জনপদ স্বাধীনতা-অভিলাষী হইয়া উঠে এবং সপ্তম শতাব্দীর প্রারম্ভে গুপ্ত রাজগণের দুর্বলতার সুযোগে জনৈক শ্রীমহাসামন্ত শশাঙ্কের উত্থানে গৌড় স্বাধীন রাজ্য রূপে আত্ম-প্রকাশ করে (৬০৬ খ্রীঃ)। বাংলার এই প্রথম সার্বভৌম নরপতির জীবন ও কার্যাবলীর বিস্তারিত বিবরণ এখনও জানা যায় নাই। সম্ভবতঃ তিনি গুপ্তবংশীয় শাসনকর্তা মহাসেন গুপ্তের সামন্ত ছিলেন। মহাসেন

গুপ্তের পতনের পর বিশৃঙ্খলা দেখা দিলে তিনি গৌড়ে একটি স্বাধীন রাজ্য স্থাপন করেন। পশ্চিম বাংলার রাঢ় এবং উত্তর বাংলার বরেন্দ্রভূমি লইয়া এই গৌড় রাজ্যের উৎপত্তি। শশাঙ্ক গৌড়ে একটি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করিয়াই সন্তুষ্ট ছিলেন না। তিনি পার্শ্ববর্তী অঞ্চলে রাজ্যবিস্তারে মনোযোগী হন এবং দক্ষিণে দণ্ডভুক্তি (মেদিনীপুরের দাঁতন অঞ্চল) এবং ওড়িশার কোঙ্গদ রাজ্য (উৎকল ও গঞ্জাম জিলা) জয় করেন। মগধ (বর্তমান বিহার) ও বঙ্গরাজ্য (বাংলার দক্ষিণ ও পূর্ব অঞ্চল) তাঁহার অধীনে ছিল। দীর্ঘকাল তিনি শক্তিশালী কনৌজ, থানেশ্বর ও কামরূপের মিলিত শক্তির বিরুদ্ধে সংগ্রাম করিয়াছিলেন। তাঁহার জীবদ্দশায় হর্ষবর্ধন ও ভাস্করবর্মণ তাঁহার রাজ্য অধিকার করিতে পারেন নাই। মৃত্যুকাল পর্যন্ত শশাঙ্ক গৌড়, মগধ, দণ্ডভুক্তি, উৎকল ও কোঙ্গদের অধিপতি ছিলেন। তাঁহার পূর্বে আর কোন বাঙালী রাজা এইরূপ বিরাট সাম্রাজ্য স্থাপন করিতে পারেন নাই। তাঁহার মৃত্যুর পর তাঁহার রাজ্যের পশ্চিমাংশ হর্ষবর্ধনের ও পূর্বাংশ ভাস্করবর্মণের অধিকারে গিয়াছিল।

শশাঙ্ক ছিলেন শিবের উপাসক। তাঁহার মুদ্রার একদিকে বৃষ এবং অন্যদিকে শিবের মূর্তি দেখিতে পাওয়া যায়। তাঁহার রাজধানী ছিল কর্ণসুবর্ণ। মুর্শিদাবাদ জিলার বহরমপুরের নিকটে রাঙ্গামাটি অঞ্চলের 'কানাসোনা' প্রাচীন কর্ণসুবর্ণ বলিয়া পণ্ডিতেরা মনে করেন।

চৈনিক পরিব্রাজক হিউয়েন-সাং এবং হর্ষবর্ধনের সভাকবি বাণভট্ট তাঁহাকে বৌদ্ধধর্ম-বিরোধী বলিয়া বর্ণনা করিয়াছেন। কিন্তু অনেকে ইহা সত্য বলিয়া মনে করেন না। কারণ, শশাঙ্কের রাজধানী কর্ণসুবর্ণের চারিপার্শ্বে অনেক বৌদ্ধমঠ ও স্তূপ ছিল এবং সেখানে বহু বৌদ্ধভিক্ষু বাস করিতেন। শশাঙ্ক বৌদ্ধধর্ম-বিদ্বেষী হইলে ইহা সম্ভব হইত না।

পাল ও সেন যুগে সমাজ-সংস্কৃতি

শশাঙ্কের মৃত্যুর পর বাংলাদেশে প্রায় একশত বৎসর ধরিয়া ঘোর অরাজকতা চলিতেছিল। জলাশয়ে যেমন বড় মাছ ছোট মাছকে খাইয়া

ফেলে, তেমনি বাংলাদেশেও শক্তিমান ব্যক্তি শক্তিহীনদের ধ্বংস করিতেছিল। ইতিহাসে এইরূপ অবস্থার নাম মাৎস্যন্যায়। এই মাৎস্যন্যায় হইতে বাংলাদেশকে রক্ষা করিয়াছিলেন পালবংশের প্রতিষ্ঠাতা গোপাল এবং তাঁহার উত্তরপুরুষেরা। পালরাজগণ সুদীর্ঘ চারিশত বৎসর রাজত্ব করিয়াছিলেন। পালবংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন ধর্মপাল। তিনি 'বিক্রমশীল' উপাধি গ্রহণ করিয়াছিলেন এবং রাজধানী পাটলিপুত্র হইতে তাঁহার বিশাল রাজ্য শাসন করিতেন। ধর্মপালের পুত্র দেবপালও পরাক্রান্ত রাজা ছিলেন। পালরাজারা বৌদ্ধ ছিলেন। কিন্তু তাঁহারা পরধর্মবিদ্বেষী ছিলেন না। পালরাজাদের মন্ত্রীরা ছিলেন বঙ্গ ব্রাহ্মণ।

পালবংশের পতনের পরে বাংলাদেশে সেনবংশ নামে একটি শক্তিশালী রাজবংশের প্রতিষ্ঠা হয়। ইঁহারা ছিলেন দক্ষিণ ভারতের কর্ণাটক অঞ্চলের ব্রাহ্মণ। তাঁহারা যুদ্ধবিদ্যায় সুনিপুণ হওয়ায় 'ব্রহ্ম-ক্ষত্রিয়' নামে পরিচিত ছিলেন। পালরাজগণের সময়ে বাংলাদেশে যেমন বৌদ্ধধর্মের অভ্যুত্থান হইয়াছিল, তেমনি সেনবংশের সময়ে হইয়াছিল হিন্দুধর্মের অভ্যুত্থান। সেনরাজা প্রায় একশত বৎসর বাংলাদেশে রাজত্ব করিয়াছিলেন। এই বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন বল্লালসেন ও তৎপুত্র লক্ষ্মণসেন। লক্ষ্মণসেনের রাজত্বকালেই বাংলাদেশে প্রথম মুসলমান আক্রমণ ঘটিয়াছিল।

বাংলাদেশে পাল ও সেন যুগ এক অতিশয় গৌরবময় যুগ। এই সময়ে বাংলাদেশ সমাজ-সংস্কৃতির ক্ষেত্রে অভাবনীয় উন্নতি করিয়াছিল।

সেই যুগে বাংলাদেশ ছিল খুবই সম্পদশালী ; আর বাঙালীরা ছিল সেই অনুপাতে সৌন্দর্য ও উৎসব-প্রিয়। তাহাদের পোশাক-পরিচ্ছদ, খাদ্য ও বিভিন্ন পূজাপার্বণ—এইসব কিছুর মধ্যেই সৌন্দর্য-প্রিয়তার নিদর্শন পাওয়া যায়। বাংলাদেশ পূজাপার্বণের দেশ, সেখানে ঋতুতে ঋতুতে বিভিন্ন উৎসব ও মেলা লাগিয়াই ছিল। মানুষের জীবনযাত্রা ছিল সহজ ও স্বচ্ছল। তাই উৎসবে নাচগান ও অভিনয় করিয়া তাহারা আনন্দ করিত। নাচগানে তাহারা বীণা, বাঁশী, মৃদঙ্গ, ঢাক, ঢোল ইত্যাদি ব্যবহার করিত। পুরুষেরা শিকার, মল্লযুদ্ধ, লাঠিখেলা, নৌকা চালানো

ইত্যাদিতে অংশ গ্রহণ করিয়া আনন্দ প্রকাশ করিত। দাবা ও পাশা খেলার প্রচলনও সেই যুগে ছিল। নারী ও পুরুষ উভয়ের মধ্যেই অলংকার এবং শৌখিন সাজসজ্জা ব্যবহারের প্রচলন ছিল। সাধারণ বাঙালীদের খাদ্য ছিল ভাত, মাছ, মাংস, দুধ, ক্ষীর, ঘি ইত্যাদি। অধিকাংশ মানুষ গ্রামে বাস করিত এবং কৃষিই ছিল বাঙালীর প্রধান উপজীবিকা। বাঙালী কর্মকার, স্বর্ণকার, কুম্ভকার, মালাকার, সূত্রধর ও বণিক সম্প্রদায় সেই যুগের বাংলাদেশের সমৃদ্ধির পরিচয় বহন করে।

পালসম্রাটগণ বৌদ্ধধর্মাবলম্বী হইলেও সমাজে পরধর্মবিদ্বেষ ও ধর্মের সংকীর্ণ গোঁড়ামি ছিল না। সমাজের অধিকাংশ মানুষই ছিল হিন্দুধর্মাবলম্বী। সেন রাজাদের আমলে ব্রাহ্মণ্যধর্ম ও হিন্দু শাস্ত্র রাজাদের অনুগ্রহ লাভ করে। ফলে, সেনযুগে ব্রাহ্মণ্যধর্মের বিপুল প্রসার ঘটে। বেদ, বেদান্ত, ন্যায় ও অন্যান্য শাস্ত্রের চর্চা নূতন করিয়া শুরু হয়। বল্লাল সেন বাংলাদেশের উচ্চ তিনটি বর্ণের—ব্রাহ্মণ, বৈদ্য ও কায়স্থদের মধ্যে কৌলীন্যপ্রথা প্রবর্তন করেন। কৌলীন্যপ্রথার ফলে সমাজে ধীরে ধীরে জাতিভেদ প্রথা কঠোর হয়।

ভারতবর্ষের অন্যান্য অঞ্চলের ন্যায় সেই যুগে বাংলাদেশেও প্রকৃতপক্ষে নারী-সমাজের বিশেষ স্বাধীনতা ছিল না। পুরুষের মধ্যে বহু-বিবাহের প্রথা ছিল ; কিন্তু বিধবা-বিবাহ নিন্দিত ছিল। সহমরণের প্রথাও চালু ছিল। অবশ্য স্বামীর সম্পত্তিতে বিধবার অধিকার ছিল এইরূপ উল্লেখ পাওয়া যায়।

পালযুগে শিক্ষা, সাহিত্য এবং শিল্প-সংস্কৃতির ব্যাপক প্রসার ঘটিয়াছিল। বৌদ্ধযুগের রীতি অনুসরণ করিয়া পালরাজারা শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে বিভিন্ন বিদ্যাচর্চার কেন্দ্র স্থাপন করেন। এইগুলির মধ্যে বিক্রমশীলা, ওদন্তপুরী ও সোমপুর বিহার বিখ্যাত। দক্ষিণ বিহারের পাথরঘাট পর্বতের উপর প্রতিষ্ঠিত হইয়াছিল বিক্রমশীলা বিহার ও বিশ্ববিদ্যালয়। ধর্মপাল ইহা প্রতিষ্ঠা করিয়াছিলেন এবং তাঁহার উপাধি 'বিক্রমশীল' অনুসারে এই বিহারটির নাম হয় বিক্রমশীলা। দেশ-বিদেশ হইতে বহু ছাত্র এখানে অধ্যয়ন করিতে আসিত। শিক্ষার

ব্যয়ভার রাজা বহন করিতেন। দীপংকর শ্রীজ্ঞান অতীশ কোন এক সময়ে এই বিহারের অধ্যক্ষ ছিলেন। বিক্রমশীলা বিশ্ববিদ্যালয় ঐ যুগে নালন্দার স্থান অধিকার করিয়াছিল।

পালযুগে তৈয়ারী অপর একটি শিক্ষাকেন্দ্র ওদন্তপুরী। এই বিহারটি নালন্দার নিকটে অবস্থিত। এখানে বৌদ্ধশাস্ত্র ও দর্শনশাস্ত্র শিক্ষা দেওয়া হইত। ওদন্তপুরীর গ্রন্থাগার অতি বিখ্যাত ছিল। বৌদ্ধপণ্ডিত শীলরক্ষিত কোন এক সময়ে এখানকার অধ্যক্ষ ছিলেন। তাঁহার কাছে শিক্ষালাভ করিয়াছিলেন ঢাকা জিলার বিক্রমপুরের চন্দ্রগর্ভ নামে এক যুবক। ইনিই বিখ্যাত বৌদ্ধপণ্ডিত দীপংকর শ্রীজ্ঞান নামে পরিচিত।

রাজশাহী জিলার পাহাড়পুরের সোমপুর মহাবিহার পালরাজাদের অপর একটি কীর্তি।

সাহিত্য ও শিল্পের ক্ষেত্রে পাল ও সেনযুগ বিশেষভাবে উল্লেখযোগ্য। ঐ যুগে সংস্কৃতেই সাহিত্য রচিত হইত। পালরাজ রামপালের সভাকবি সন্ধ্যাকর নন্দী রচিত 'রামচরিত' সংস্কৃত সাহিত্যের একটি অমূল্য সম্পদ। দর্শনশাস্ত্র রচয়িতা শ্রীধর ভট্ট, আয়ুর্বেদাচার্য চক্রপাণি দত্ত ও স্মৃতিশাস্ত্র রচয়িতা জীমূতবাহন এই যুগে জন্মগ্রহণ করিয়াছিলেন। কবি জয়দেবের 'গীতগোবিন্দ' সমগ্র সংস্কৃত সাহিত্যের এক বিখ্যাত কাব্য। রাজা বল্লাল সেন স্বয়ং 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' নামে কাব্য রচনা করিয়াছিলেন।

পালযুগের বিখ্যাত শিল্পী ছিলেন ধীমান ও তাঁহার পুত্র বীতপাল। তাঁহারা একাধারে ভাস্কর, স্থপতি, চিত্রশিল্পী ও ধাতুমূর্তি নির্মাতা ছিলেন। পাল ও সেনযুগের পোড়ামাটির ফলক, কষ্টিপাথরের এবং পিতল কিংবা অষ্টধাতুর তৈয়ারী মূর্তি পাওয়া গিয়াছে, যাহাতে উৎকৃষ্ট শিল্পরীতির পরিচয় পাওয়া যায়।



বাংলার পোড়ামাটি-শিল্পের একটি নিদর্শন

গুপ্তোত্তর যুগে দক্ষিণ ভারত

বাতাপীর চালুক্য বংশ

খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে দক্ষিণ ভারতের বিজাপুর জিলায় চালুক্যবংশীয় প্রথম পুলকেশী একটি ক্ষুদ্র রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন। এই রাজ্যের রাজধানীর নাম ছিল বাতাপী। রাজধানীর নামানুসারে এই বংশ বাতাপীর চালুক্যবংশ নামে পরিচিত। প্রথম পুলকেশী ও তাঁহার পুত্র কীর্তিবর্মণ প্রখ্যাত রাজা ছিলেন। প্রথম পুলকেশী বিস্তীর্ণ অঞ্চল জয় করিয়া অশ্বমেধ যজ্ঞ করেন এবং কীর্তিবর্মণ রাজ্যের সীমা আরও বৃদ্ধি করিয়া পরাক্রমের পরিচয় দেন। এই বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি দ্বিতীয় পুলকেশী (৬০৯—৬৪২ খ্রীঃ) কীর্তিবর্মণের পুত্র ছিলেন। সুদূর দক্ষিণের চোল, কেরল ও পাণ্ড্য রাজ্যসমূহের রাজারা তাঁহার অধীনতা স্বীকার করিয়াছিলেন। তিনি হর্ষবর্ধনের সৈন্যদলকে প্রতিরোধ করিতে সক্ষম হইয়াছিলেন। ৬৪১ খ্রীষ্টাব্দে চৈনিক পরিব্রাজক হিউয়েন সাং আসিয়াছিলেন এবং চালুক্য নরপতি দ্বিতীয় পুলকেশীর প্রচণ্ড সামরিক শক্তি ও বিপুল ঐশ্বর্য দেখিয়া মুগ্ধ হইয়াছিলেন। দ্বিতীয় পুলকেশী পারস্যরাজের সহিতও দূত বিনিময় করিয়াছিলেন। চালুক্যদের ক্ষমতা দীর্ঘদিন স্থায়ী হয় নাই। ৬৪২ খ্রীষ্টাব্দে দ্বিতীয় পুলকেশী পল্লবরাজ নরসিংহবর্মণ কর্তৃক পরাজিত ও নিহত হন। দ্বিতীয় পুলকেশীর পুত্র প্রথম বিক্রমাদিত্য পল্লবরাজ নরসিংহবর্মণকে পরাজিত ও নিহত করেন। এইভাবে পল্লবগণের সহিত চালুক্যগণের যুদ্ধ-বিগ্রহ চলিতে থাকে এবং চালুক্য শক্তি ধীরে ধীরে হ্রাস পাইয়া যায়।

চালুক্য রাজাদের পৃষ্ঠপোষকতায় শিল্প ও সভ্যতার বিপুল অগ্রগতি হয়। সেই সময়ে পর্বতের গুহা কাটিয়া হিন্দু দেবদেবীর সুন্দর সুন্দর মন্দির তৈয়ারি করা হইয়াছিল। চালুক্য রাজাদের পৃষ্ঠপোষকতায় নির্মিত সংগমেশ্বর মন্দির, বিরূপাক্ষের মন্দির এবং মেগুতি শিবমন্দির প্রভৃতি উল্লেখযোগ্য। মন্দিরগুলির অভ্যন্তরস্থ দেবদেবীর মূর্তিগুলি

অপূর্ব ভাস্কর্যের নিদর্শন। চালুক্য আমলে অজন্তা গুহারও বহু চিত্র অঙ্কিত হইয়াছিল।

কাঞ্চীর পল্লবগণ

কাঞ্চীর পল্লবগণের বংশ-পরিচয় সম্বন্ধে গ্রহণযোগ্য কোন প্রমাণ পাওয়া না গেলেও তাঁহাদের কার্যকলাপের কিছু কিছু পরিচয় খ্রীষ্টীয় তৃতীয় ও চতুর্থ শতাব্দীতে পাওয়া যায়। খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীতে সিংহবিষ্ণু রাজা হইবার পর হইতে পল্লবদের ইতিহাস ভালোভাবে জানা যায়। সিংহবিষ্ণু চের, চোল ও পাণ্ড্য রাজ্য অধিকার করিয়া তামিলদের মধ্যে ঐক্য আনয়ন করিতে সক্ষম হন। সিংহবিষ্ণু সমরকুশলী নরপতি ছিলেন এবং তিনি সিংহলের রাজাকে পরাজিত করিয়াছিলেন।

সিংহবিষ্ণুর পর তাঁহার পুত্র প্রথম মহেন্দ্রবর্মণ সিংহাসনে আরোহণ করেন। তাঁহার আমল হইতে পল্লব ও চালুক্যদের মধ্যে বিরোধ আরম্ভ হয়। চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশী মহেন্দ্রবর্মণকে পরাজিত করিয়াছিলেন।


মহেন্দ্রবর্মণের পুত্র প্রথম নরসিংহবর্মণ পল্লববংশের শ্রেষ্ঠ নরপতি। পিতার পরাজয়ের প্রতিশোধ গ্রহণে তিনি তৎপর হন। তাঁহার হস্তে চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশী পরাজিত ও নিহত হন। তিনি চালুক্য রাজধানী বাতাপী অধিকার করেন। ফলে, দক্ষিণ ভারতে পল্লবদের সম্মান ও প্রতিপত্তি বৃদ্ধি পায়।

খ্রীষ্টীয় সপ্তম শতাব্দীতে পল্লবদের সহিত চালুক্যরাজাদের যুদ্ধ-বিগ্রহ চলিতেই থাকে। দ্বিতীয় পুলকেশীর পুত্র প্রথম বিক্রমাদিত্য পল্লবরাজ নরসিংহবর্মণকে পরাজিত করিয়া কাঞ্চী দখল করেন; অবশ্য পল্লবরা কাঞ্চী পুনরুদ্ধার করিতে সক্ষম হইয়াছিল। অষ্টম শতাব্দীর প্রথমভাগে চালুক্যরা পুনরায় পল্লবরাজ্য আক্রমণ করে। পল্লবরাজ নন্দবর্মণ পরাজিত হন এবং রাজধানী কাঞ্চী চালুক্যদের অধিকারে চলিয়া যায়। এই সময়ে দক্ষিণের পাণ্ড্যরাও পল্লবদের আক্রমণ করিয়া তাহাদের রাজ্যের কতক অংশ অধিকার করে। অবশেষে খ্রীষ্টীয় নবম শতাব্দীর

শেষভাগে চোলরাজ প্রথম আদিত্য শেষ পল্লবরাজ অপরাজিতবর্মণকে পরাজিত করিয়া পল্লবরাজ্যের পতন ঘটান।

পল্লবদের শিল্প-সংস্কৃতি


দক্ষিণ ভারতের সভ্যতা ও সংস্কৃতির ইতিহাসে পল্লবদের রাজত্বকাল স্মরণীয় যুগ। পল্লবরাজগণ সংস্কৃত ভাষার উন্নতির জন্য উৎসাহ দান করিয়াছিলেন। কাঞ্চী ছিল সংস্কৃত সাহিত্যচর্চার পীঠস্থান। কবি ভারবী ও দণ্ডিণ পল্লবযুগের শ্রেষ্ঠ সন্তান। পল্লবরাজগণের শিল্পানুরাগ তখনকার যুগে দক্ষিণ ভারতে নূতন যুগের সূত্রপাত করিয়াছিল। পল্লবরাজগণের পৃষ্ঠপোষকতায় নির্মিত কাঞ্চীর কৈলাসনাথ মন্দির ও মহাবলীপুরমের রথমন্দিরসমূহ আজিও সকলের মন জয় করিয়া চলিয়াছে। পল্লবরাজগণ অনেক সুন্দর সুন্দর মন্দির নির্মাণ করিয়াছিলেন। উহাদের মধ্যে অনেকগুলি মন্দির এখনও বর্তমান রহিয়াছে। মন্দিরগুলি দেখিতে অনেকটা রথের মত, তাই ইহাদিগকে 'রথ' বলা হইয়া থাকে।



মহাবলীপুরমের রথমন্দির

প্রত্যেকটি রথ এক একটি আস্ত পাহাড় কাটিয়া নির্মাণ করা হইয়াছে। ইহাদের নামকরণ করা হইয়াছে মহাভারতের পঞ্চপাণ্ডব ও দ্রৌপদীর নাম অনুসারে যেমন—'ধর্মরাজ রথ', 'ভীম রথ', দ্রৌপদী রথ' ইত্যাদি।

পাহাড় কাটিয়া মন্দির নির্মাণের পদ্ধতি পল্লবযুগেই প্রথম অনুসৃত



পর্বতগাত্রে প্রস্তর-খোদিত ভাস্কর্যের একটি উৎকৃষ্ট নিদর্শন


হইয়াছিল। প্রস্তর খোদাই করিয়া মূর্তির প্রাণময় প্রকাশে সেই যুগের শিল্পীগণ অসামান্য দক্ষতা প্রদর্শন করিয়াছেন।

তাঞ্জোরের চোল রাজবংশ

খ্রীষ্টীয় নবম শতাব্দীতে পল্লবগণ দুর্বল হইয়া পড়িলে দক্ষিণ ভারতে চোলবংশ প্রভূত ক্ষমতাশালী হইয়া উঠিয়াছিল। চোলরাজ রাজরাজের সময় (৯৮৫ খ্রীঃ) হইতে চোলবংশের গৌরবময় যুগের সূত্রপাত। এই সময়ে চোলরাজ্যের লোকেরা ব্যবসায়-বাণিজ্য ও নৌবিদ্যায় পারদর্শী হইয়া উঠে। চোলরাজগণের পৃষ্ঠপোষকতায় নৌবিদ্যার যথেষ্ট অগ্রগতি সাধিত হয়। রাজরাজের বিশাল নৌবাহিনী সিংহল জয় করিয়াছিল। তাঁহার নৌশক্তি ভারত মহাসাগরের কতকগুলি দ্বীপও অধিকার করিতে সমর্থ হয়।

রাজরাজের পুত্র ছিলেন প্রথম রাজেন্দ্র চোল। তিনি এই বংশের সর্বশ্রেষ্ঠ রাজা। তিনি সমগ্র সিংহল দ্বীপের উপর চোল-আধিপত্য

প্রতিষ্ঠা করিতে সক্ষম হইয়াছিলেন। তাঁহার সুবিশাল নৌবাহিনী চোলরাজ্যের গর্বের বস্তু ছিল। তাঁহার নৌবাহিনী বঙ্গোপসাগর অতিক্রম করিয়া আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, মালয় উপদ্বীপের কিছু অংশ এবং সুমাত্রা দ্বীপ অধিকার করিয়াছিল।



তাঞ্জোরের রাজরাজেশ্বর মন্দির

চোলরাজগণ যুদ্ধবিদ্যায় যেমন পারদর্শী ছিলেন, সেইরূপ শাসন-ব্যবস্থায়ও নিপুণ ছিলেন। স্বায়ত্তশাসন ছিল তাঁহাদের শাসন-ব্যবস্থার মূলনীতি। চোল-শাসন-ব্যবস্থায় গ্রামের প্রাধান্য লক্ষ্য করা যায়।

কয়েকটি ছোট গ্রামের সমষ্টিকে বলা হইত 'কুর্রম'। 'কুর্রম'-এর শাসনকার্য পরিচালনা করিতেন জনসাধারণের প্রতিনিধিগণ।

মন্দিরময় দক্ষিণ ভারতের স্থাপত্যশিল্পে চোলরাজগণের অবদান উল্লেখযোগ্য। তাঞ্জোরের রাজরাজেশ্বর শিবমন্দিরটি নির্মাণ করাইয়াছিলেন চোলরাজ রাজরাজ। ইহা ভারতের সর্বোচ্চ মন্দির। মন্দিরটির



নটরাজ (চোল ধাতুশিল্পের একটি উৎকৃষ্ট নিদর্শন)

কারুকার্য আজিও সকলের মন জয় করে। চোলযুগের তাম্র বা ব্রোঞ্জ-নির্মিত মূর্তিগুলিও অপূর্ব শিল্পগুণ-সমন্বিত। বিখ্যাত 'নটরাজ' মূর্তিতে 'জীবন ও মৃত্যু'র ছন্দোময় অভিব্যক্তি প্রকাশ পাইয়াছে।

ঘটনাপঞ্জী

ভারতে প্রথম হূণ আক্রমণ—	৪৫৮ খ্রীঃ অঃ।
হর্ষবর্ধনের সিংহাসন লাভ—	৬০৬ খ্রীঃ অঃ।
হিউয়েন সাংয়ের ভারত ভ্রমণ—	৬২৯—৬৪৩ খ্রীঃ অঃ।
স্বাধীন গৌড় রাজ্যের প্রতিষ্ঠা—	৬০৬ খ্রীঃ অঃ।
দ্বিতীয় পুলকেশীর রাজত্বকাল—	৬০৯—৬৪২ খ্রীঃ অঃ।
ধর্মপাল—	আঃ ৭৭০—৮১০ খ্রীঃ অঃ।
বল্লাল সেন—	১১৫৮—১১৭৯ খ্রীঃ অঃ।
রাজেন্দ্র চোল—	আঃ ১০১৬—১০৪৪ খ্রীঃ অঃ।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। ভারতে প্রথম হূণ আক্রমণ কখন হইয়াছিল ? উহার ফলাফল বর্ণনা কর।

২। তোরমান কে ছিলেন ? তাঁহার ভারত আক্রমণ সম্পর্কে লিখ।

৩। ভারতে হূণ আক্রমণের ঐতিহাসিক গুরুত্ব আলোচনা কর।

৪। হর্ষবর্ধনের রাজ্যলাভ ও ভারতে একটি সাম্রাজ্য স্থাপনে তাঁহার প্রয়াসের বিবরণ দাও।

৫। হিউয়েন সাং-এর ভ্রমণ বৃত্তান্ত হইতে তৎকালীন ভারতবর্ষ সম্পর্কে কি জানা যায় ?

৬। মহারাজ শশাঙ্কের রাজত্বকালের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৭। পাল ও সেনযুগের বাংলার সমাজ-সংস্কৃতির সংক্ষিপ্ত বিবরণ দাও।

৮। চোল শক্তির অভ্যুত্থান ও তাঁহাদের নৌশক্তি সম্পর্কে যাহা জান লিখ।

৯। দক্ষিণ ভারতে স্থাপত্য শিল্পের বিস্ময়কর উৎকর্ষ বিষয়ে লিখ।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। টীকা লিখ : মিহিরকুল ; শশাঙ্ক ; মাৎস্যন্যায় ; নালন্দা বিশ্ববিদ্যালয় ; বিক্রমশীলা বিশ্ববিদ্যালয় ; দ্বিতীয় পুলকেশী ; রাজেন্দ্র চোল ; বল্লাল সেন।

২। সংক্ষিপ্ত বিবরণ দাও : গুর্জর প্রতিহার বংশ ; রাজপুত রাজ্যগুলির অভ্যুত্থান ; বাতাপীর চালুক্য বংশ ; কাঞ্চীর পল্লব রাজবংশ।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

বন্ধনীর মধ্য হইতে সঠিক উক্তিটি বাছিয়া লও এবং উহার সাহায্যে শূন্যস্থান পূরণ কর :—

(১) হূণগণ মধ্য এশিয়ার একটি —— (বর্বর/সভ্য) জাতি।

(২) মিহিরকুল একজন —— (প্রজারঞ্জক / অত্যাচারী) শাসক হিসাবে ইতিহাসে পরিচিত।

(৩) হর্ষবর্ধন —— (৭০৬/৬০৬) খ্রীষ্টাব্দে রাজ্যভার গ্রহণ করেন।

(৪) (বল্লাল সেন/লক্ষ্মণ সেন) বাংলা দেশে কৌটিল্য প্রথার প্রবর্তন করেন।

(৫) হর্ষবর্ধন —— (শিলাদিত্য/বিক্রমশীল) ও ধর্মপাল —— (বিক্রম-শীল/শিলাদিত্য) উপাধিতে ভূষিত ছিলেন।

সংক্ষিপ্ত বা মৌখিক প্রশ্ন

১। শ্বেত-হূণ কাহারা ছিলেন ?

২। কোন্ গুপ্ত সম্রাটের আমলে প্রথম হূণ আক্রমণ হইয়াছিল ?

৩। তোরমান কে ছিলেন ?

৪। মিহিরকুল কে ছিলেন ?

৫। 'সকলোত্তরাপথনাথ' কে ছিলেন ?

৬। 'শিলাদিত্য' কাহার উপাধি ছিল ?

৭। 'হর্ষচরিতের' রচয়িতা কে ?

৮। হর্ষবর্ধন রচিত নাটকগুলির নাম কি কি ?

৯। হর্ষবর্ধনের রাজত্বকালে কোন্ বৈদেশিক পরিব্রাজক ভারত-ভ্রমণে আসেন ?

১০। শীলভদ্র কে ছিলেন ?

১১। শশাঙ্ক কোন্ দেবতার উপাসক ছিলেন ?

১২। শশাঙ্কের রাজধানীর নাম কি ছিল ?

১৩। 'রামচরিত'-এর লেখক কে ?

১৪। 'গীতগোবিন্দ' কাহার রচনা ?

১৫। 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' কাহার রচনা ?

১৬। ধীমান ও বীতপাল কে ছিলেন ?

১৭। চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি কে ছিলেন ?

১৮। পল্লব বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন ?

১৯। মহাবলীপুরম কেন বিখ্যাত ?

২০। চোল বংশের সর্বশ্রেষ্ঠ রাজা কে ছিলেন ?

২১। বিক্রমশীল বিশ্ববিদ্যালয় কে প্রতিষ্ঠা করিয়াছিলেন ?

২২। কোন্ বিশ্ববিদ্যালয়ে হিউয়েন সাং অধ্যয়ন করিয়াছিলেন ?

১২ বহির্বিশ্বের সহিত ভারতবর্ষের যোগাযোগ

অতি প্রাচীনকাল হইতে স্থলপথ ও জলপথে ভারতবর্ষের সহিত বহির্জগতের যোগাযোগ চলিয়া আসিতেছিল। স্থলপথে পশ্চিম এশিয়া, মধ্য এশিয়া, চীন ও তিব্বতে ভারতীয় সভ্যতার প্রসার ঘটে এবং জলপথে



সিংহল, ব্রহ্মদেশ, মালয়, শ্যাম, কাম্বোডিয়া, সুমাত্রা, জাভা, বলি দ্বীপ প্রভৃতি দেশের সহিত ভারতের সম্পর্ক গড়িয়া উঠে। প্রধানতঃ বাণিজ্য ও ধর্মকে কেন্দ্র করিয়া এই সভ্যতার প্রসার ঘটে।

মধ্য এশিয়া ও চীন

কুষাণ সম্রাট কণিষ্কের সাম্রাজ্য মধ্য-এশিয়া ও চীনের সীমান্ত পর্যন্ত বিস্তৃত ছিল। কণিষ্কের সময়েই বৌদ্ধধর্ম মহাযান ও হীনযান নামে দুই মতে ও সম্প্রদায়ে বিভক্ত হয়। বৌদ্ধধর্ম ও হিন্দুধর্ম সুদীর্ঘকাল পাশাপাশি থাকায় বৌদ্ধধর্মে হিন্দুধর্মের প্রভাব অনিবার্য ছিল। হিন্দুধর্মের প্রভাবে কণিষ্কের সময়ে বুদ্ধ ও বোধিসত্ত্বের মূর্তি গড়িয়া

তাহার উপাসনা প্রচলিত হয়। যাঁহারা এইরূপ উপাসনার সমর্থক ছিলেন, তাঁহারা মহাযান এবং যাঁহারা ইহার বিরোধী ছিলেন তাঁহারা হীনযান নামে দুইটি সম্প্রদায়ে বিভক্ত হন।

কণিষ্কের আমলে ভারতবর্ষের সহিত মধ্য এশিয়া ও চীনদেশের সম্বন্ধ ঘনিষ্ঠতর হইয়াছিল। কণিষ্ক মহাযান বৌদ্ধধর্মের সমর্থক ছিলেন। তাই প্রধানতঃ মহাযান বৌদ্ধধর্মকে আশ্রয় করিয়া এই সময়ে উক্ত অঞ্চলের সহিত ভারতীয় সভ্যতার গভীর সংযোগ স্থাপিত হয়।

পারস্য, আফগানিস্থান, কাফিরিস্থান (কপিশা) একদা বৌদ্ধধর্মের প্রধান কর্মকেন্দ্র ছিল। সেখান হইতে হিন্দুকুশ পর্বতমালার বাসিয়েন গিরিপথ পার হইয়া বৌদ্ধ ও হিন্দুধর্ম, ভারতীয় সংস্কৃতি মধ্য-এশিয়া ও চীনদেশে ছড়াইয়া পড়িয়াছিল। খোটান, কাশগড়, কারাশর, কুচি ও ইয়ারকন্দ, নিয়া, তুরফান প্রভৃতি স্থানে ভারতীয় নগর ও উপনিবেশ স্থাপিত হইয়াছিল এইরূপ নিদর্শন পাওয়া গিয়াছে। ১৯০৮ খ্রীষ্টাব্দে প্রখ্যাত পণ্ডিত অরেলস্টাইন মধ্য-এশিয়ায় অনুসন্ধানের ফলে বহু বৌদ্ধ-স্তূপ ও মঠ, হিন্দু ও বৌদ্ধ দেবদেবীর মূর্তি, অনেক প্রাচীন পুঁথিপত্র ও পাণ্ডুলিপি আবিষ্কার করেন। আবিষ্কৃত পুঁথিসমূহের অধিকাংশ ভারতীয় ভাষা ও অক্ষরে লিখিত। চীনের সীমান্ত তুন্-হোয়াং-এ 'সহস্র বুদ্ধ' নামে একটি গুহা আবিষ্কৃত হয়। এই গুহার অভ্যন্তরে একটি কক্ষে একটি বিরাট গ্রন্থাগার ছিল। গ্রন্থাগারটির মধ্যে প্রায় বিশ হাজার পুঁথি ও পাঁচ শতাধিক ছবি পাওয়া গিয়াছে। পুঁথিসমূহের মধ্যে প্রায় তিন হাজার পুঁথি সংস্কৃত ও পালি ভাষায় লিখিত; পাঁচশত গ্রন্থ বৌদ্ধধর্ম সম্বন্ধীয়। তাহা ছাড়া ইতিহাস, ভূগোল এবং সাহিত্য বিষয়ক রচনাও ছিল। খোটানে পাওয়া গিয়াছে বহু বৌদ্ধধর্মগ্রন্থ এবং কুচি নামক স্থানে সংস্কৃত ভাষায় সংকলিত পুঁথিপত্র আবিষ্কৃত হইয়াছে। খোটান অঞ্চলে আবিষ্কৃত মুদ্রা ও লিপিমালা ভারতীয় ভাষায় উৎকীর্ণ; এমন কি রাজকর্মচারীদের নামের মধ্যে ভারতীয় নামের মিল স্পষ্ট। যেমন—ভীম, নন্দসেন ইত্যাদি। সপ্তম শতাব্দীর প্রখ্যাত বৌদ্ধ সন্ন্যাসী ও তীর্থযাত্রী হিউয়েন সাং মধ্য এশিয়ার পথ অতিক্রম করিয়া ভারতে

আসিয়াছিলেন এবং মোটামুটি ঐ পথেই স্বদেশে ফিরিয়া যান। এই যাতায়াতের পথে তিনি এসব অঞ্চলে বহু বৌদ্ধ ও ভারতীয় সভ্যতার কেন্দ্রসমূহের অস্তিত্ব লক্ষ্য করিয়াছিলেন। উক্ত অঞ্চলে ভারতীয় উপনিবেশ কোনো এক সময়ে যে স্থাপিত ও প্রাধান্য লাভ করিয়াছিল—বর্তমানে তাহা প্রমাণিত।

এই পথেই চীনদেশে ভারতীয় সভ্যতার প্রবেশ ঘটে। কুষাণদের আমলে বহু বৌদ্ধাচার্য চীনদেশে গমন করিয়াছিলেন এবং তথায় ভারতীয় ধর্ম ও সংস্কৃতি প্রচার করেন। অন্যদিকে ফা হিয়েন, হিউয়েন সাং, ইৎ-সিং প্রমুখ পরিব্রাজকগণ ভারতে আসিয়া বৌদ্ধধর্ম ও ভারতীয় সংস্কৃতির ধারাকে চীনদেশে বহন করিয়া লইয়া যান। কালক্রমে ভারতীয় সংগীত, চিকিৎসাশাস্ত্র, গণিত, বিজ্ঞান প্রভৃতি বিষয় চীনদেশে প্রসারিত হয় এবং এই সকল ভারতীয় সংস্কৃতি চীনের মধ্য দিয়া মঙ্গোলিয়া, কোরিয়া ও জাপানে প্রবেশ করে।

তিব্বত

তিব্বতের সহিত ভারতবর্ষের সংযোগ সুপ্রাচীন। খ্রীষ্টীয় সপ্তম শতাব্দীতে পরাক্রান্ত রাজা স্রংসান গাম্পো তিব্বতে এক শক্তিশালী রাজ্য স্থাপন করেন। তিনি তাং বংশীয় এক রাজকুমারীকে বিবাহ করেন এবং তাঁহার দ্বিতীয় মহিষী ছিলেন নেপালের রাজদুহিতা। এই দুইজন বৌদ্ধপত্নীর প্রভাবে তিব্বতরাজ গাম্পো বৌদ্ধধর্ম গ্রহণ করেন এবং তিব্বতে বৌদ্ধধর্ম প্রচলন করেন। তিনি খোটানে ব্যবহৃত ভারতীয় লিপি তিব্বতে প্রচলন করেন। ঐ সময় হইতে তিব্বতে বৌদ্ধমঠ ও মন্দির নির্মিত হইতে শুরু করে এবং সংস্কৃত ভাষার চর্চা আরম্ভ হয়। পরবর্তী সময়ে তিব্বতীয় বৌদ্ধগণ বিক্রমশীলা ও নালন্দায় বৌদ্ধশাস্ত্র অধ্যয়ন করিতে আসেন এবং বহু বৌদ্ধগ্রন্থ তিব্বতী ভাষায় অনুবাদ করেন।

বাংলার পাল রাজগণের সহিত তিব্বতের যোগাযোগ খুব ঘনিষ্ঠ ছিল। বিখ্যাত বাঙালী পণ্ডিত বিক্রমশীলার অধ্যক্ষ দীপংকর শ্রীজ্ঞান

অতীশ তিব্বতরাজের আমন্ত্রণে একাদশ শতাব্দীতে (১০৪২ খ্রীঃ) তিব্বত গমন করেন। সেখানে বৌদ্ধধর্মের সংস্কার ও প্রসারে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেন। তিব্বতী বর্ণনায় রাজভিক্ষু যোধিপ্রভ, শান্তিপ্রভ প্রভৃতির শ্রদ্ধানুকূল্যে মহাচার্য অতীশ তিব্বতের মানুষকে কুসংস্কারমুক্ত করিয়া মহাযানশাস্ত্র-সম্মত, অনাবিল, নীতিনিষ্ঠ বৌদ্ধধর্মে দীক্ষিত করেন। তিব্বতের সর্বত্র মঠে, বিহারে বৌদ্ধধর্মানুরাগীদের নিকটে ও পণ্ডিত-অপণ্ডিত-নির্বিশেষে সহস্র সহস্র জনমণ্ডলীর সম্মুখে সহজ, সুললিত ভাষায় বৌদ্ধধর্মের সুগভীর দার্শনিক মতগুলি ব্যাখ্যা করেন। তিনি শেষ পর্যন্ত ৭৩ বৎসর বয়সে তিব্বতেই মারা যান। রাজধানী লাসার অদূরে এখনও তাঁহার সমাধি বর্তমান। আজিও তিব্বতীয়গণ শ্রদ্ধার সহিত তাঁহার নাম স্মরণ করে।

দক্ষিণ-পূর্ব এশিয়া ও ভারত

অতি প্রাচীনকাল হইতে দক্ষিণ-পূর্ব এশিয়ার দ্বীপগুলির সহিত জলপথে ভারতবর্ষের ব্যবসায়-বাণিজ্যের সম্পর্ক ছিল। ভারতবর্ষের বাংলা ও উড়িষ্যার পূর্ব উপকূলের বন্দরসমূহ হইতে ভারতীয় বণিকগণ সমুদ্রপথে মালয়, শ্যাম, কম্বোজ, সুমাত্রা, জাভা, বলি, বোর্ণিও প্রভৃতি দেশে যাতায়াত করিত। ভারত হইতে বিভিন্ন পণ্যসামগ্রী তাহারা তথায় লইয়া যাইত এবং সেখানকার পণ্যসামগ্রী আনিত ভারতে। ঐ সকল দেশ তখন ভারতীয়দের নিকটে 'সুবর্ণভূমি' নামে পরিচিত ছিল। কালক্রমে বহু ভারতীয় ক্ষত্রিয় রাজপুত্র, প্রচারক ও শিল্পীর দল ভাগ্য পরিবর্তনের আশায় ঐ সকল দেশসমূহে বসবাস করিতে আরম্ভ করেন। এইভাবেই দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলিতে ভারতীয় সভ্যতার প্রবেশ ঘটে।

শ্যাম বা থাইল্যাণ্ড


বহু প্রাচীনকাল হইতেই শ্যাম রাজ্যের সহিত ভারতের সম্পর্ক প্রতিষ্ঠিত হইয়াছিল। ঐতিহাসিকগণ মনে করেন, কোন এক সময়ে এই স্থানে বহু ভারতীয় উপনিবেশ গড়িয়া উঠিয়াছিল। শ্যাম বা থাইল্যাণ্ডের প্রাচীন সভ্যতার উপর ভারতীয় সংস্কৃতির গভীর প্রভাব লক্ষ্য করিয়া এই সিদ্ধান্ত করা যায়।

কম্বোজ

বর্তমান কাম্বোডিয়া বা কাম্পুচিয়ার প্রাচীন নাম কম্বোজ। চীনদেশের লোকেরা এই অঞ্চলকে বলিত ফুনান। কথিত আছে, কৌডিন্য নামক জনৈক হিন্দু খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে কম্বোজে ভারতীয় উপনিবেশ স্থাপন করিয়াছিলেন। দীর্ঘদিন তথায় হিন্দুরাজগণ রাজত্ব করেন এবং তাঁহাদের চেষ্টায় ভারতীয় সংস্কৃতি ও সভ্যতা ঐ অঞ্চলের সর্বত্র প্রসারিত হয়। ১৮৬১ খ্রীষ্টাব্দে একজন ফরাসী পাদ্রী কম্বোজের প্রাচীন রাজধানী আংকোর থোম বা আংকোর ধাম আবিষ্কার করেন। এই নগরের প্রাচীন নাম যশোধরপুর। নবম শতাব্দীর শেষভাগে (৮৮৯ খ্রীঃ) হিন্দু রাজা যশোবর্মণ এই নগর স্থাপন করেন। যশোধরপুর সেই যুগে ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির একটি প্রধান কেন্দ্র হইয়া উঠে। নগরটি ছিল দৈর্ঘ্যে ও প্রস্থে দুই মাইল। এখানে বহু লোক বাস করিত। বহু মন্দির, রথ, হস্তী ও ভ্রমণের নৌকা ছিল এই নগরে। নগরে ছিল চিকিৎসার জন্য হাসপাতাল। প্রাচীর দ্বারা বেষ্টিত নগরের বিরাট প্রবেশদ্বারের উপরে গম্বুজ ও সান্ত্রীর ঘর ছিল। নগর-তোরণ হইতে একশত ফুট প্রশস্ত এবং এক মাইল দীর্ঘ পাঁচটি রাস্তা নগরের কেন্দ্রস্থল পর্যন্ত বিস্তৃত ছিল। কয়েকটি বৃহৎ দীঘি নগরের শোভা বর্ধন করিত। তেরশত ফুট দীর্ঘ রাজপ্রাসাদের প্রাচীরের গায়ে ছিল খোদাই করা সুন্দর সুন্দর চিত্র। দশম শতাব্দীতে যশোধরপুর পৃথিবীর শ্রেষ্ঠ নগরগুলির অন্যতম ছিল।

রাজধানীর নিকটে আংকোরভাট নামে একটি বিষ্ণুমন্দির ছিল। পৃথিবীর মধ্যে আকারে বৃহত্তম এবং সৌন্দর্যে অনুপম এই মন্দিরটি দ্বাদশ শতাব্দীতে রাজা সূর্যবর্মণ স্থাপন করেন। আংকোরভাটের মুখ্য দেবতা বিষ্ণু। এই মন্দিরে নটরাজ শিব, কিরাতবেশী মহাদেব ও অর্জুনের যুদ্ধের দৃশ্য খোদিত আছে। মন্দিরটির মধ্যে বিষ্ণু, শিব ও ব্রহ্মার পাথরের মূর্তি ছিল। মূল তিনটি মন্দিরের উপরে স্তরে স্তরে একটি তলার উপর আরেকটি তল স্থাপিত ছিল। তিনটি মন্দিরের বারান্দার দেওয়ালের গায়ে পাথরে খোদিত চিত্রাবলী আজিও বর্তমান। শিবমন্দির ও ব্রহ্মমন্দিরের দেওয়ালে রামায়ণের বিভিন্ন ঘটনার চিত্রাবলী খোদিত

আছে। আংকোরভাট মন্দিরটির ঠিক মধ্যস্থলে যে উচ্চতম শিখরটি রহিয়াছে, তাহার উচ্চতা ২১৩ ফুট। জলবেষ্টিত আংকোরভাট মন্দিরটির সহিত সেতু দ্বারা যুক্ত অপর একটি মন্দির ছিল। এই মন্দিরটির নাম বেয়ন মন্দির। বেয়ন মন্দিরের গায়ে চিত্রিত ছিল ভারতীয় পুরাণে বর্ণিত



আংকোরভাটের বিষ্ণুমন্দির


চুয়াল্লিশটি বিরাট দেবমূর্তি। বেয়ন মন্দিরের তোরণের পাশে অবস্থিত ষাট ফুট দীর্ঘ নাগমূর্তি, গম্বুজশীর্ষে ধ্যানমগ্ন শিবমূর্তি, মন্দিরের দেবতা বৌদ্ধদেবতা অবলোকিতেশ্বর এবং মন্দিরের গায়ে খোদিত বেদ ও পুরাণের শ্লোক প্রভৃতি বিষয় হিন্দু ও বৌদ্ধধর্মের পাশাপাশি অবস্থানের উৎকৃষ্ট নিদর্শন।

মালয় উপদ্বীপ ও যবদ্বীপ বা জাভার কথা

৭৭৫ খ্রীষ্টাব্দে খোদিত একটি প্রস্তর-লিপি হইতে শৈলেন্দ্রবংশীয় রাজা শ্রীমহারাজের নামের উল্লেখ পাওয়া গিয়াছে। শৈলেন্দ্র নাম হইতে অনুমান করা সহজ যে, এই রাজবংশ ভারতীয় কোন বংশ হইতে উদ্ভূত। চীনদেশের কাহিনী হইতে জানা যায় যে, তাহারা শৈলেন্দ্র বংশকে শানফুৎসী নামে অভিহিত করিত। আবার আরবীয় বণিকেরা শৈলেন্দ্র রাজ্যকে 'জাবাগ' (বিস্তৃত রাজ্য) বলিয়া উল্লেখ করিয়াছেন। যাহা হউক, খ্রীষ্টীয় অষ্টম শতাব্দীতে মালয়, সুমাত্রা, জাভা, বলি ও বোর্নিও প্রভৃতি অঞ্চল শৈলেন্দ্রবংশীয় রাজাদের অধীনে একটি বৃহৎ সাম্রাজ্যে

পরিণত হইয়াছিল সন্দেহ নাই। শৈলেন্দ্রবংশীয় রাজগণ মহাযানপন্থী বৌদ্ধ ছিলেন। বিখ্যাত বৌদ্ধসন্ন্যাসী বাংলাদেশের কুমার ঘোষ তাঁহাদের গুরু ছিলেন। এই বংশের পৃষ্ঠপোষকতায় ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি পূর্ব-ভারতীয় দ্বীপপুঞ্জেও বিশেষভাবে প্রসার লাভ করে। বাংলার পাল রাজগণের সহিত শৈলেন্দ্রবংশীয় রাজাদের ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। শৈলেন্দ্রবংশীয় রাজা বালপুত্রদেব দেবপালের নিকট দূত পাঠাইয়াছিলেন এবং নালন্দায় একটি বৌদ্ধমঠ নির্মাণ করিতে চাহিয়াছিলেন। সেই অনুসারে নালন্দায় একটি বৌদ্ধমঠ নির্মিত হয়।

শৈলেন্দ্রবংশীয় রাজগণ শিল্পসৃষ্টিতে যথেষ্ট উৎসাহ প্রদর্শন করিয়াছিলেন। তাঁহাদের শাসনকালে বহু সুন্দর ও বিশাল মন্দির নির্মিত হইয়াছিল। ইহাদের মধ্যে জাভায় বরবুদুরের প্রকাণ্ড বৌদ্ধমঠ



বরবুদুরের বৌদ্ধমঠ

পৃথিবীর অষ্টম আশ্চর্য বলিয়া অভিহিত হইয়া থাকে। মন্দিরটি পর পর নয়টি স্তরে নির্মিত এবং শীর্ষদেশে রহিয়াছে এক বিরাট স্তূপ। মন্দিরের প্রধান বিগ্রহ বুদ্ধমূর্তি। বরবুদুরের মন্দিরটির নির্মাণ-কৌশল প্রশংসার অপেক্ষা রাখে। মন্দিরটি অষ্টকোণ। মন্দিরে চারটি মঞ্চ আছে। প্রত্যেক মঞ্চের উপরে আছে খোদিত তাক বা কুলুঙ্গী। কুলুঙ্গীগুলির মধ্যে বৌদ্ধশাস্ত্রের বিভিন্ন শ্লোক খোদাই করা হইয়াছে। শ্লোকগুলি মূলতঃ বুদ্ধদেবের জন্মকথা বা জাতকের কাহিনী। শৈলেন্দ্র-বংশের পতনের পর পরবর্তী কালে হিন্দুগণ এই বরবুদুরের মন্দিরে ব্রহ্মা, বিষ্ণু, ও শিবের মূর্তি খোদিত করিয়াছিলেন ; মন্দিরগাত্রে রামায়ণের আকর্ষণীয় বহু কাহিনীর দৃশ্যাবলী অঙ্কিত করিয়া রাখিয়াছেন। সীতার

বিবাহ, সীতা হরণ, বানর সৈন্যদের লংকায় অবতরণ, হনুমানের লংকাকাণ্ড, রাম-রাবণের যুদ্ধ, সীতা উদ্ধার প্রভৃতি উল্লেখযোগ্য দৃশ্যাবলী। শ্রীকৃষ্ণের জীবনকাহিনীর কিছু কিছু দৃশ্যও এই মন্দিরগাত্রে লক্ষ্য করা যায়।

খ্রীষ্টীয় ত্রয়োদশ শতাব্দীতে শৈলেন্দ্রবংশের পতন ঘটিলেও হিন্দুযুগের বহু নিদর্শন আজিও সেইসব অঞ্চলে বর্তমান।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। মধ্য এশিয়া ও চীনদেশে ভারতীয় সভ্যতার প্রসার কিরূপে হইয়াছিল সংক্ষেপে বর্ণনা কর।

২। কম্বোজে ভারতীয় উপনিবেশ স্থাপনের সংক্ষিপ্ত ইতিহাস বর্ণনা কর।

৩। মালয় উপদ্বীপের শৈলেন্দ্রবংশীয় রাজাদের কাহিনী সংক্ষেপে বর্ণনা কর।

৪। তিব্বতে বৌদ্ধধর্ম প্রসারে দীপংকর শ্রীজ্ঞান অতীশের ভূমিকা বর্ণনা কর।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। 'সহস্র বুদ্ধ' কি?

২। টীকা লিখঃ দীপংকর শ্রীজ্ঞান অতীশ।

৩। 'সুবর্ণভূমি' বলিতে কি বুঝ?

সংক্ষিপ্ত বা মৌখিক প্রশ্ন

১। অরেলস্টাইন কে ছিলেন?

২। খোটান কোথায় অবস্থিত?

৩। ফা হিয়েন কে ছিলেন?

৪। আঙ্কোরভাট কি?

৫। বরবুদুর কি?

৬। যশোধরপুর কোথায় অবস্থিত?

১৩ | দিল্লীর সুলতানগণ (১২০৬-১৫২৬ খ্রীঃ অঃ)

ভারতে তুর্কো-আফগানদের আগমন

ভারতে মুসলমান শাসন প্রতিষ্ঠা করিবার উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করিয়াছিলেন গজনীর তুর্কী শাসকগণ। গজনী রাজ্যটি আফগানিস্থানে অবস্থিত ছিল। তাই ভারতে মুসলিম রাষ্ট্র প্রতিষ্ঠায় তুর্কী ও আফগানগণ প্রধান ভূমিকা লইয়াছিল। খ্রীষ্টীয় নবম ও দশম শতাব্দীতে গজনীর তুর্কো-আফগান শাসকগণ ভারতে কয়েকটি অভিযান চালান। গজনীর শাসক সবুক্তগিনের পুত্র সুলতান মামুদ সতেরবার ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন। এই আক্রমণগুলির উদ্দেশ্য ছিল প্রধানতঃ শত্রু দমন, হিন্দুর বিগ্রহ ও মন্দির ধ্বংস, ভারতবর্ষের বিপুল ধনরত্ন লুণ্ঠন, ক্রীতদাস সংগ্রহ। ভারতে স্থায়ী সাম্রাজ্য প্রতিষ্ঠার কথা তখনও তাঁহারা ভাবেন নাই। সুলতান মামুদ ভারতের বিখ্যাত নগর ও তীর্থস্থান নগরকোট, থানেশ্বর, মথুরা, কনৌজ ও উজ্জয়িনী ধ্বংস করেন, গুজরাটের বিখ্যাত সোমনাথের মন্দির ধ্বংস করিয়া উহার বিগ্রহ চূর্ণ করেন। সোমনাথ হইতে মামুদ দুই কোটি স্বর্ণমুদ্রা, কয়েকশত মণ স্বর্ণ ও রৌপ্য-নির্মিত পূজার পাত্র ইত্যাদি গজনীতে লইয়া যান। অন্যান্য স্থান হইতেও তিনি যে ধনসম্পদ লুণ্ঠন করিয়া লইয়া যান, তাহার পরিমাণও বিপুল। সুলতান মামুদ ভারতে রাজ্য স্থাপন না করিলেও তিনিই ছিলেন ভারতে মুসলমান সাম্রাজ্য প্রতিষ্ঠার পথপ্রদর্শক।


ভারতে তখন ঐক্যবদ্ধ রাজশক্তি ছিল না। কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র রাজা স্বাধীনভাবে রাজত্ব করিতেন এবং তাঁহাদের মধ্যে বিরোধ লাগিয়াই ছিল। সুলতান মামুদের আক্রমণে সেই রাজশক্তিগুলি আরও দুর্বল হইয়া পড়ে। অপরদিকে ভারতের সুন্দর জলবায়ু এবং অপরিমিত সম্পদ মুসলমান শক্তিকে ভারতে সাম্রাজ্য স্থাপনে আকৃষ্ট করে। গজনী রাজ্যের পতনের পর আফগানিস্থানের ঘুর রাজ্য শক্তিশালী হইয়া ওঠে। ঘুর রাজ্যের সুলতানের ভ্রাতা শিহাবুদ্দিন মহম্মদ গজনী অধিকার করিয়া ভারত আক্রমণে মন দেন। ইনিই ভারতের ইতিহাসে মহম্মদ ঘুরী নামে পরিচিত। মহম্মদ ঘুরী তরাইনের দ্বিতীয় যুদ্ধে (১১৯২ খ্রীঃ) চৌহানবংশীয়

পৃথিবীরাজকে পরাজিত করিয়া দিল্লী অধিকার করেন এবং এই দেশে মুসলিম শাসনের পত্তন করেন। তাঁহার দুই বিশ্বস্ত অনুচর কুতবউদ্দিন আইবক ও ইক্‌তিয়ারউদ্দিন বক্‌তিয়ার খলজীর সাহায্যে তিনি ভারতবর্ষে মুসলমান আধিপত্যের প্রতিষ্ঠা করেন।

ভ্রাতার মৃত্যুর পর মহম্মদ ঘুরী ঘুর রাজ্যের অধিপতি হন। এইভাবে মুসলিম অধিকার পশ্চিমে আফগানিস্থান হইতে পূর্বে বাংলাদেশের একাংশ পর্যন্ত বিস্তৃত হয়।

দিল্লী সুলতানীর প্রতিষ্ঠা ও বিস্তার

মহম্মদ ঘুরী নিঃসন্তান ছিলেন। স্বদেশে প্রত্যাবর্তনের পূর্বে দিল্লীর শাসনভার তিনি তাঁহার বিশ্বস্ত ক্রীতদাস সেনাপতি কুতবউদ্দিন আইবকের হস্তে অর্পণ করিয়া যান। ১২০৬ খ্রীষ্টাব্দে মহম্মদ ঘুরীর মৃত্যু হইলে ভারতে কুতবউদ্দিন আইবকের নেতৃত্বে তুর্কো-আফগান সুলতানি শুরু হয়। পর পর পাঁচটি রাজবংশ প্রায় তিনশত বৎসর ভারতে রাজত্ব করেন। রাজবংশগুলি যথাক্রমে (১)—দাস সুলতানগণ, (২) খলজী বংশ, (৩) তুঘলক বংশ, (৪) সৈয়দ বংশ এবং (৫) লোদী বংশ নামে পরিচিত। ইঁহাদের শাসনকালই দিল্লী সুলতানীর আমল নামে ইতিহাসে খ্যাত।



কুতব মিনার

দাস সুলতানগণের মধ্যে কুতবউদ্দিন আইবক, ইলতুত্‌মিস, রাজিয়া ও গিয়াসুদ্দিনের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। কুতবউদ্দিন আইবক প্রথম জীবনে ক্রীতদাস ছিলেন বলিয়া তাঁহার প্রতিষ্ঠিত বংশ দাসবংশ নামে পরিচিত। তিনি খুব দানশীল ছিলেন ; তাই তাঁহাকে 'লাখ বখ্‌স' বা লক্ষদাতা উপাধি দেওয়া

হইয়াছিল। ইল্‌তুত্‌মিস দুর্ধর্ষ মংগোল নেতা চেংগিস খানের আক্রমণ হইতে ভারতবর্ষকে রক্ষা করিতে সক্ষম হইয়াছিলেন এবং ১২২৯ খ্রীষ্টাব্দে বাগদাদের খলিফা তাঁহাকে সুলতান-ই-আজম বা মহাসুলতান উপাধিতে ভূষিত করিয়াছিলেন। তাঁহারই রাজত্বকালে কুতব মিনারের নির্মাণকার্য সমাপ্ত হয়। সুলতানা রাজিয়া পৃথিবীর প্রথম মহিলা শাসক। গিয়াসুদ্দিন বলবনের দরবারে আমীর খসরুর (বুলবুল-ই-হিন্দ্‌) মত কবি ছিলেন।



খলজী বংশের শ্রেষ্ঠ সুলতান ছিলেন আলাউদ্দিন খলজী (১২৯৬ খ্রীঃ-

১৩১৬ খ্রীঃ)। তিনি তাঁহার বিশ্বস্ত অনুচর সেনাপতি মালিক কাফুরের সাহায্যে এক বিশাল সাম্রাজ্য বিস্তারে সক্ষম হন। তাঁহার আমলেই সুলতানী শাসনের চরম বিস্তৃতি ঘটে। রাজ্যশাসনেও তিনি যথেষ্ট দক্ষতার পরিচয় দিয়াছিলেন। মাদক দ্রব্যের নিষিদ্ধীকরণ, জায়গিরের পরিবর্তে বেতনদান পদ্ধতি চালুকরণ এবং দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের ব্যবস্থা করা তাঁহার উল্লেখযোগ্য কীর্তি।


আলাউদ্দিন খলজী

তুঘলক বংশের শ্রেষ্ঠ সুলতান মহম্মদ বিন্ তুঘলক। তাঁহার মত জ্ঞানী, গুণী ও বিদ্বান কোন সুলতান ইহার পূর্বে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন নাই। চীনসম্রাট কুবলাই খানের আদর্শ অনুসরণ করিয়া তিনি ভারতে তাম্রমুদ্রার প্রচলন করিয়া খ্যাতি অর্জন করেন। তাঁহার আমলে প্রখ্যাত পর্যটক ও উলেমা ইবন্ বতুতা ভারতে আসিয়াছিলেন। তুঘলক বংশের শেষ সুলতান মামুদ শাহ্ তুঘলকের আমলে দুর্ধর্ষ যোদ্ধা তৈমুরলঙ দিল্লী আক্রমণ ও লুণ্ঠন করেন।


মহম্মদ বিন্ তুঘলক

তুঘলক বংশের পর দিল্লী সুলতানীর পতন আরম্ভ হয়। ইহার পর সৈয়দ ও লোদী বংশের শাসকগণ দিল্লীর অধিপতি ছিলেন। লোদী বংশের ইব্রাহিম লোদীর সহিত

মুঘলবীর বাবরের যুদ্ধ হয়। ইতিহাসে এই যুদ্ধ পানিপথের প্রথম যুদ্ধ নামে খ্যাত (১৫২৬ খ্রীঃ)। ইব্রাহিম লোদীর শোচনীয় পরাজয়ের মধ্য দিয়া এই যুদ্ধের অবসান হয় এবং ভারতে মুঘল শাসনের সূচনা ঘটে।

স্থলতানী আমলে রাজনৈতিক, সামাজিক ও অর্থ নৈতিক জীবন

সুলতানেরা মূলতঃ স্বেচ্ছাচারী শাসক ছিলেন। সমস্ত বিষয়ে সুলতানই ছিলেন প্রধান। রাজদরবারে আমীর-ওমরাহ ও উলেমাগণের প্রভাব ছিল খুবই বেশী। সুলতান সাহসী যোদ্ধা ও সুদক্ষ শাসক হইলে আমীর-ওমরাহ ও উলেমাগণকে নিয়ন্ত্রণে রাখিতে পারিতেন; দুর্বল সুলতানগণের ভাগ্য আমীর-ওমরাহদের উপর নির্ভর করিত। রাজদরবারে ষড়যন্ত্র লাগিয়াই ছিল। হিন্দু শাসকগণের ক্ষমতা সম্পূর্ণ বিনষ্ট হইয়া গিয়াছিল। তবুও প্রশাসনিক ব্যাপারে মুসলিম শাসকগণ হিন্দুদের সাহায্য গ্রহণ করিতেন। প্রাদেশিক সুলতানদের মধ্যে এই বিষয়ে অগ্রণী ছিলেন বাংলার সুলতান হুসেন শাহ এবং নসরৎ শাহ।

সুলতানী আমলে ভারতীয় সমাজে অভিজাত সম্প্রদায়, মধ্যবিত্ত সম্প্রদায়, কৃষক, শ্রমজীবী প্রভৃতি বিভিন্ন শ্রেণীর লোক ছিল। অভিজাত সম্প্রদায়ের লোকেরা সাধারণতঃ আরাম ও বিলাসের মধ্যে জীবন যাপন করিতেন। মধ্যবিত্ত, কৃষক ও অপরাপর শ্রেণীর মানুষ ইহা হইতে বঞ্চিত ছিলেন। মুসলমান সমাজে ক্রীতদাস প্রথা বিশেষভাবে প্রচলিত ছিল লক্ষ্য করা যায়। হিন্দু ও মুসলমান উভয় সমাজেই নারীজাতির অধিকার বিশেষভাবে সংকুচিত ছিল। হিন্দুদের মধ্যে বাল্যবিবাহ এবং সতীদাহ প্রথা প্রচলিত ছিল।

সুলতানী যুগে অর্থনীতি ছিল মূলতঃ কৃষিনির্ভর। সাধারণভাবে সুলতানগণ কৃষির উন্নতির বিষয়ে উৎসাহ ও সাহায্য করিতেন। সেই আমলে কৃষির সংগে সঙ্গে কুটির ও ক্ষুদ্র-শিল্পের বিকাশ ঘটিয়াছিল। শিল্পজাত পণ্য-সামগ্রীর মধ্যে উল্লেখযোগ্য ছিল কাপড়, কাগজ, চিনি, মদ, নানাপ্রকার গন্ধদ্রব্য ইত্যাদি। সূক্ষ্ম-বস্ত্র বয়নে বাংলা ও গুজরাটের খ্যাতি ছিল। সেই যুগে ব্যবসায়-বাণিজ্য খুবই প্রসার লাভ করিয়াছিল।

সুলতানী আমলে সাধারণ মানুষের জীবনযাত্রার মান খুবই নিম্ন ছিল। বিশেষভাবে হিন্দু কৃষকদের অবস্থা ছিল শোচনীয়। অত্যধিক করভার, নানাপ্রকার অবৈধ কর প্রভৃতির চাপে সাধারণ মানুষের জীবন বিপর্যস্ত হইয়া পড়িয়াছিল।

সুলতানী যুগে হিন্দু-মুসলিম সংস্কৃতির সমন্বয়

মুসলমানগণ তাহাদের নিজস্ব নির্দিষ্ট ধর্ম, কর্ম ও সামাজিক আচার-অনুষ্ঠান লইয়া এই দেশে আসিয়াছিল। তাহাদের বিধি-ব্যবস্থা ও রীতিনীতি হিন্দুদের বিধিব্যবস্থা ও রীতিনীতি হইতে ছিল সম্পূর্ণ পৃথক। কিন্তু দীর্ঘকাল পাশাপাশি থাকিবার ফলে হিন্দু ও মুসলিম সভ্যতা ও সংস্কৃতির মধ্যে যোগাযোগ স্থাপিত হয়। হিন্দু-মুসলিম সংস্কৃতির সমন্বয়ে গড়িয়া উঠে এক নূতন শিল্পরীতি, যাহাতে ভারতীয় ও পারসিক শিল্পরীতির সংমিশ্রণ দেখা যায়। দিল্লীর কুতব মিনার এবং বিভিন্ন মসজিদ ও প্রাসাদ নির্মাণে হিন্দু স্থাপত্যের প্রভাব দেখিতে পাওয়া যায়। ভাষা ও সাহিত্যের ক্ষেত্রে এই প্রভাব আরও উল্লেখযোগ্য। ফারসী ভাষার সর্বশ্রেষ্ঠ কবি আমীর খসরুর রচনায় বহু হিন্দী শব্দ স্থান পাইয়াছিল। হিন্দী ও ফারসী ভাষার সমন্বয়ে উর্দু ভাষার সৃষ্টি এই যুগের একটি উল্লেখযোগ্য ঘটনা। তুঘলক আমলে বহু সংস্কৃত গ্রন্থ ফারসী ভাষায় অনূদিত হইয়াছিল। পণ্ডিত আলবেরুনী সংস্কৃত সাহিত্য ও হিন্দু দর্শন বিষয়ে সুপণ্ডিত ছিলেন।

সামাজিক ক্ষেত্রে এই সমন্বয়ের প্রক্রিয়াটি সহজেই ব্যাখ্যা করা যাইতে পারে। মুসলিম পরিবারে বহু ধর্মান্তরিত হিন্দু নারীর বসবাসের ফলে হিন্দু সামাজিক রীতিনীতি মুসলিম সমাজে প্রসার লাভ করে ; হিন্দু মেয়েরা মুসলমান ধর্ম গ্রহণ করিলেও পোশাক-পরিচ্ছদ ও রীতিনীতি সাধারণতঃ হিন্দু সমাজের মতই পালন করিত। ঠিক একই কারণে হিন্দু তাঁতী মুসলমান হইলেও 'মোমিন' নামে পরিচিত তাঁতী বা জোলা-ই থাকিত। ফিরুজ তুঘলক হিন্দু মাতার সন্তান হইয়াও সিংহাসনে বসিতে পারিয়াছিলেন।

এইভাবে ভারতের মুসলমান সমাজে হিন্দুদের আচার-ব্যবহার প্রচলিত হয়।

ইসলাম ধর্মের সংস্পর্শে হিন্দু সমাজে একদিকে গোঁড়ামি বা রক্ষণশীলতা বৃদ্ধি পাইলেও অন্যদিকে ইসলাম ধর্মের গণতান্ত্রিক আদর্শের প্রভাবে হিন্দু ধর্মে 'ভক্তিবাদ' বা উদারনৈতিক ধর্মসংস্কার আন্দোলনের সূত্রপাত হয়। সুলতানী আমলে ইসলাম ধর্মের বিরুদ্ধে হিন্দু ধর্মকে জনপ্রিয় করিয়া তুলিবার জন্য হিন্দু ধর্মাচার্যগণ 'ভক্তিবাদ' আন্দোলন শুরু করেন। ভক্তিবাদের মূলকথা অন্তরের পবিত্রতা, ঈশ্বরে ভক্তি, সৎকর্ম, সদাচরণ ও একেশ্বরে বিশ্বাস। ইহাতে বর্ণাশ্রমের কোন স্থান ছিল না। স্বাভাবিকভাবেই ইহা হিন্দু ধর্মের জাতিভেদ প্রথার বিরুদ্ধে এক বলিষ্ঠ প্রতিবাদ। এই ধর্মসংস্কার আন্দোলনে ইসলাম জগৎও পিছাইয়া ছিল না। মানুষে মানুষে সমতার আদর্শে গড়িয়া উঠিয়াছিল 'সুফিবাদ'। ধর্মসংস্কার আন্দোলন ও হিন্দু-মুসলিম ঐক্য স্থাপনে 'ভক্তিবাদ' ও 'সুফিবাদ' সুলতানী আমলে এক গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করিয়াছিল। এই আন্দোলনের প্রচারকদের মধ্যে কবীর, নানক ও শ্রীচৈতন্যের নাম উল্লেখযোগ্য।

কবীর (১৩৯৮ খ্রীঃ)

ভক্তিবাদের প্রচারক রামানন্দের শিষ্য ছিলেন কবীর। তিনি ছিলেন জাতিতে জোলা-জাতীয় মুসলমান। হিন্দুদের মত তিনি গেরুয়া জামা-কাপড় পরিতেন এবং গুরু রামানন্দের মত রামনাম করিতেন। কবীর হিন্দু ও মুসলমান ধর্মের মধ্যে কোনো পার্থক্য স্বীকার করিতেন না।




কবীর

তিনি রাম ও আল্লাহ্ এক ও অদ্বিতীয় বলিয়া মনে করিতেন। কবীরের

গানগুলি দোঁহা নামে পরিচিত। এই দোঁহাগুলি হিন্দী কাব্য-সাহিত্যের অমূল্য সম্পদ। তাঁহার শিষ্যদের মধ্যে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের লোকই ছিল।

নানক (১৪৫৯ খ্রীঃ—১৫৩৯ খ্রীঃ)

নানক ছিলেন পাঞ্জাবের তালবন্দী গ্রামের এক অখ্যাত তেলীর পুত্র। হিন্দু ও মুসলমান ধর্মের মধ্যে যাহা-কিছু মহান তাহার উপর ভিত্তি করিয়াই তিনি তাঁহার ধর্মমত গড়িয়া তুলিয়াছিলেন। তিনি মূর্তিপূজা, বর্ণভেদ এবং বহু দেবদেবীর পূজার নিন্দা করিতেন। তাঁহার প্রচারিত ধর্মমতের মূলকথা ছিল যে, হিন্দু ও মুসলমান অভিন্ন, ঈশ্বর এক এবং ঈশ্বরপ্রেমই মুক্তিলাভের একমাত্র পথ। হিন্দু ও মুসলমানের ধর্মের ক্ষেত্রে সমন্বয় সাধন করাই ছিল তাঁহার জীবনের ব্রত। ঈশ্বরের গুণকীর্তন বা নাম, জীবের প্রতি সেবা বা দান এবং দৈহিক পবিত্রতা বা স্নান ছিল নানকের প্রধান উপদেশ। নানকের শিষ্যরা শিখ নামে পরিচিত। তাঁহার উপদেশসমূহের সংকলন 'গ্রন্থসাহেব' শিখদের প্রধান ধর্মগ্রন্থ।


নানক

শ্রীচৈতন্য (১৪৮৫ খ্রীঃ—১৫৩৩ খ্রীঃ)

নবদ্বীপের এক পণ্ডিত ব্রাহ্মণ পরিবারে শ্রীচৈতন্যের জন্ম ; তাঁহার পিতার নাম ছিল জগন্নাথ মিশ্র এবং মাতার নাম শচীদেবী। শ্রীচৈতন্যের বাল্যকালের নাম ছিল নিমাই। খুব অল্প বয়সেই তিনি নানা শাস্ত্রে পাণ্ডিত্য অর্জন করেন। তখনকার সময়ে হিন্দুসমাজে গোঁড়া ব্রাহ্মণদের প্রভাব ছিল খুবই বেশী। সমাজের এই গোঁড়ামি উচ্ছেদ করিয়া জাতিভেদ, ধর্মভেদ প্রভৃতির কঠোরতা দূর করিয়া সকল জাতির মধ্যে মিলনের সেতু

রচনা করাই ছিল শ্রীচৈতন্যের প্রধান কাম্য। তিনি যে ধর্মমত প্রচার করেন তাহার নাম বৈষ্ণব ধর্ম। মানবপ্রেমই এই ধর্মের মূলকথা। হিন্দু, মুসলমান ও চণ্ডাল সকলেই এই ধর্মে দীক্ষিত হইয়া তাঁহার শিষ্য



শ্রীচৈতন্য

হইতে পারিত। যবন হরিদাস তাঁহার প্রিয় শিষ্য ছিলেন। শ্রীচৈতন্য-দেবের আবির্ভাবের ফলে তখনকার সমাজের গোঁড়ামি, দলাদলি, উচ্চ ও নীচ ভেদাভেদ প্রভৃতি অনেকাংশে দূর হইয়াছিল। ভক্তিবাদ-প্রচারক তথা ধর্মীয় সংস্কারকদের মধ্যে শ্রীচৈতন্যদেব ছিলেন সর্বশ্রেষ্ঠ। বাঙালীরা তাঁহাকে ভগবান শ্রীকৃষ্ণের অবতাররূপে পূজা করিয়া থাকেন।

ইলিয়াস শাহ এবং হোসেন শাহের আমলে বাংলাদেশ

ইলিয়াস শাহী এবং হোসেন শাহী রাজবংশের শাসনকাল (১৩৪৫ খ্রীঃ —১৫৩৭ খ্রীঃ) বাংলার ইতিহাসে গৌরবময় যুগ। এই সময়ে বাংলাদেশে রাজনৈতিক ঐক্য স্থাপিত হয় এবং কেন্দ্রীয় রাজশক্তি যথেষ্ট শক্তিশালী ছিল বলিয়া সামন্ত ওমরাহগণ বিশেষ ষড়যন্ত্র করিতে পারে নাই। ফলে দেশে শান্তি-শৃঙ্খলা বজায় ছিল।

দীর্ঘদিন পাশাপাশি অবস্থানের ফলে হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের মধ্যে গোঁড়ামি হ্রাস পায়। বাংলার হিন্দুরা মুসলমানদের পোশাক-পরিচ্ছদ, আচার-ব্যবহার, ভাষা-সংস্কৃতি নানাভাবে গ্রহণ করে এবং মুসলমানরাও হিন্দুর আচার-ব্যবহারের দ্বারা প্রভাবিত হয়। 'সত্যপীর', 'ওলাবিবি' প্রভৃতি দেবদেবীর পূজার প্রচলন এই যুগের বৈশিষ্ট্য। হিন্দু মুসলমান উভয় অংশের লোকেরাই এই সকল দেবদেবীর পূজা করিত। হোসেন শাহী আমলেই শ্রীচৈতন্যের আবির্ভাব ঘটিয়াছিল এই বাংলাদেশে। তাঁহার বৈষ্ণবধর্মের বাণী বাংলার ধর্ম ও সামাজিক জীবনে এক অপূর্ব আলোড়ন সৃষ্টি করে।

সুলতানগণের পৃষ্ঠপোষকতা ও ধর্মসংস্কারকগণের স্থানীয় ভাষার ব্যবহার প্রভৃতির ফলে এই আমলে বাংলা ভাষা ও সাহিত্যের যথেষ্ট প্রসার হয়। এই যুগে বাংলা ভাষায় রামায়ণ, মহাভারত ও গীতার অনুবাদ হয়। অনুবাদকদের মধ্যে মালাধর বসু, শ্রীকর নন্দী প্রভৃতির নাম উল্লেখযোগ্য। এই আমলে কবি বিদ্যাপতি, চণ্ডীদাস, কৃত্তিবাস, বিজয় গুপ্ত প্রভৃতির অবদানে বাংলা সাহিত্য সমৃদ্ধ হয়। বিদ্যাপতির বৈষ্ণব পদাবলী, চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন, কৃত্তিবাসের রামায়ণ এবং বিজয় গুপ্তের মনসামঙ্গল কাব্য বাংলা সাহিত্যের অপূর্ব সম্পদ।

সুলতানী যুগের শাসনব্যবস্থা

সুলতানী আমলে শাসনব্যবস্থার সর্বপ্রধান আসনে অধিষ্ঠিত ছিলেন স্বয়ং সুলতান। তাঁহার আদেশই আইন বলিয়া বিবেচিত হইত। এই অর্থে সুলতানগণ স্বেচ্ছাচারী ছিলেন। সামরিক ক্ষমতাই ছিল সুলতানের সর্বময় ক্ষমতার প্রধান উৎস। বিভিন্ন দপ্তর বণ্টন করিয়া তিনি রাজকার্য চালাইতেন ; অবশ্য দপ্তরসমূহের প্রধানদের তিনি নিজের পছন্দ অনুসারেই নিয়োগ করিতেন। সুলতানের আদেশসমূহ কার্যকর করাই এই সকল দপ্তরের প্রধানদের কর্তব্য ছিল। আমীর-ওমরাহ ও বিশ্বস্ত অনুচরদের লইয়া সুলতানের একটি সভা পরিষদ থাকিত। সুলতান গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ইঁহাদের পরামর্শ চাহিতেন। উপস্থিত ব্যক্তিদের পরামর্শের দ্বারা সুলতান

কোন কোন সময় প্রভাবিত হইলেও এই পরামর্শ-গ্রহণ সুলতানের নিকট বাধ্যতামূলক ছিল না। কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের মধ্যে সর্বপ্রধান ছিলেন উজির। তিনি বিভিন্ন দপ্তর তদারক করিতেন। সুলতান স্বয়ং প্রাদেশিক শাসনকর্তাদের নিযুক্ত করিতেন। বিচার বিভাগেরও তিনিই ছিলেন প্রধান। সাধারণ বিচার প্রধানতঃ কাজীরা করিতেন। আইনের ব্যাখ্যার জন্য কাজীরা মুফতীদের সাহায্য লইতেন। বিচার-ব্যবস্থা কঠোর ছিল। স্বীকারোক্তি আদায়ের জন্য দৈহিক নির্যাতনও করা হইত।

প্রশাসনিক ব্যাপারে মুসলমান শাসকগণ হিন্দুদের সাহায্যও গ্রহণ করিতেন। প্রাদেশিক সুলতানদের মধ্যে এই ব্যাপারে বিশেষ অগ্রণী ছিলেন বাংলার সুলতান হোসেন শাহ ও নসরৎ শাহ।

ঘটনাপঞ্জী

গজনীর সুলতান মামুদ—	৯৯৮—১০৩০ খ্রীঃ অঃ।
তরাইনের দ্বিতীয় যুদ্ধ ও মহম্মদ ঘুরীর দিল্লীজয়—	১১৯২ খ্রীঃ অঃ।
কুতুবুদ্দিনের দিল্লীর সিংহাসনলাভ ও দিল্লী সুলতানীর প্রতিষ্ঠা	১২০৬ খ্রীঃ অঃ।
দাসবংশের রাজত্বকাল	১২০৬—১২৯০ খ্রীঃ অঃ।
খলজী বংশের রাজত্বকাল	১২৯০—১৩২০ খ্রীঃ অঃ।
তৈমুরলঙ্গের ভারত আক্রমণ	১৩৯৮ খ্রীঃ অঃ।
পানিপথের প্রথম যুদ্ধ ও মুঘল যুগের সূচনা	১৫২৬ খ্রীঃ অঃ।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। ভারতে তুর্কো-আফগান আক্রমণের সূচনা কিভাবে হইয়াছিল সংক্ষেপে বর্ণনা কর।

২। দিল্লীতে তুর্কো-আফগান সুলতানী প্রতিষ্ঠার বিবরণ দাও।

৩। দিল্লী সুলতানীর সুলতানগণ সাধারণতঃ কয়টি বংশের লোক ছিলেন? দাস বংশ কি প্রকৃতপক্ষে কোন বংশ ছিল?

৪। তুর্কো-আফগান সুলতানীর পতন কি ভাবে ঘটিয়াছিল?

৫। দিল্লী সুলতানী আমলের সমাজ-সংস্কৃতি, অর্থনীতি ও শাসনব্যবস্থা সম্পর্কে যাহা জান লিখ।

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

১। টীকা লিখ ঃ মহম্মদ ঘুরী; ইলতুৎমিস; আলাউদ্দিন খলজী; মহম্মদ বিন তুঘলক; তৈমুরলঙ; পানিপথের প্রথম যুদ্ধ; কবীর; নানক; শ্রীচৈতন্য।

২। তরাইনের দ্বিতীয় যুদ্ধের ঐতিহাসিক গুরুত্ব কি?

৩। আলাউদ্দিন খলজীর কৃতিত্ব কি?

৪। মহম্মদ বিন তুঘলক কেন বিখ্যাত?

৫। 'ভক্তিবাদ' বলিতে কি বুঝ?

৬। শ্রীচৈতন্যের ধর্মমতের মূলকথা কি?

৭। নানক-প্রবর্তিত ধর্মের নাম কি? এই ধর্মের ধর্মগ্রন্থের নাম কি?

৮। দোঁহা বলিতে কি বুঝ?

৯। সত্যপীর ও ওলাবিবি পূজার বৈশিষ্ট্য কি?

সংক্ষিপ্ত বা মৌখিক প্রশ্ন

১। সুলতান মামুদ কে ছিলেন?

২। সোমনাথ কোথায় অবস্থিত?

৩। তরাইনের দ্বিতীয় যুদ্ধ কত খ্রীষ্টাব্দে ঘটিয়াছিল?

৪। পৃথ্বীরাজ কে ছিলেন?

৫। রাজিয়া কে ছিলেন?

৬। কোন্ দাস সুলতান সুলতান-ই-আজম উপাধি লাভ করেন?

৭। খলজী বংশের সর্বশ্রেষ্ঠ সুলতান কে ছিলেন?

৮। কাহার আমলে দিল্লী সুলতানীর রাজ্যসীমা চরম বিস্তৃতি লাভ করে?

৯। তুঘলক বংশের সর্বশ্রেষ্ঠ সুলতান কে ছিলেন?

১০। পানিপথের প্রথম যুদ্ধ কত খ্রীষ্টাব্দে সংঘটিত হয়?

১৪ | মধ্যযুগের অবসানমুখে (১৪শ-১৫শ শতাব্দী)

কনস্টান্টিনোপলের পতন

সেলজ্বক তুর্কীদের আশ্রয়ে থাকিয়াই অপর একটি তুর্কী শাখা শক্তিশালী হইয়া উঠিয়াছিল। তুর্কীদের এই শাখার একজন শক্তিশালী নেতা ওথমানের নাম অনুসারে ইহারা অটোমান তুর্কী নামে পরিচিত হয়। পরবর্তী সময়ে সেলজ্বক তুর্কীদের অবনতি ও দুর্বলতার সুযোগে ইহারা সেলজ্বকদের রাজ্য দখল করে এবং ইহাদের বিজয়বাহিনী বাইজাণ্টাইন সাম্রাজ্যের বহু স্থান নিজেদের দখলে আনিতে সমর্থ হয়। অবশ্য কনস্টাণ্টিনোপলের সম্রাটদের সহিত অটোমান তুর্কীদের সম্পর্ক বেশ ভালোই ছিল; এমন কি বৈবাহিক সম্পর্কের দ্বারা পারিবারিক সম্প্রীতিও গড়িয়া উঠিয়াছিল।

পরবর্তী সময়ে তৈমুরলঙের আক্রমণে অটোমান সুলতানদের অবস্থা শোচনীয় হইয়া পড়ে। তৈমুরলঙের মৃত্যুর পর অটোমান তুর্কীরা আবার শক্তিশালী হইয়া উঠে। এই সময়ে অটোমানদের সহিত কনস্টাণ্টিনোপলের আত্মীয়তার অবসান হয় এবং উভয়ের সম্পর্কের ক্ষেত্রে যথেষ্ট অবনতি ঘটে। অটোমানদের সুলতান দ্বিতীয় মহম্মদের আক্রমণে কনস্টাণ্টিনোপল বিধ্বস্ত হয়। তুর্কীদের বড় বড় কামানের গোলার আঘাতে কনস্টাণ্টিনোপলের সুদৃঢ় প্রাচীর ভাঙিয়া পড়ে। তুর্কীরা নগরের উপর ঝাঁপাইয়া পড়িয়া লুণ্ঠন ও ধ্বংসকার্য চালাইতে থাকে। তিনদিন ধরিয়া বীভৎস হত্যাকাণ্ড চলে এবং প্রায় পঞ্চাশ হাজার নরনারী তুর্কীদের হাতে বন্দী হইয়া ক্রীতদাসরূপে বিক্রয়ের জন্য এশিয়া মাইনরে প্রেরিত হয়। সম্রাট জাস্টিনিয়ানের তৈয়ারী বিখ্যাত সেণ্ট সোফিয়া গির্জাটিকে তুর্কীরা একটি মসজিদে পরিণত করে এবং উহার অপূর্ব প্রাচীর-চিত্র-সমূহ আলকাতরা দিয়া ঢাকিয়া দেওয়া হয়। এইভাবে রোমান সংস্কৃতির শেষ শিখাটিও নির্বাপিত হয়। জার্মানদের হাতে রোমের পতনের ঠিক একহাজার বৎসর পরে অটোমান তুর্কীদের হাতে কনস্টাণ্টিনোপলের পতন ঘটে (১৪৫৩ খ্রীঃ)।

কনস্টান্টিনোপলের পতন ইতিহাসের এক গুরুত্বপূর্ণ ঘটনা। তখনকার যুগে কনস্টান্টিনোপল ছিল শিক্ষা-সংস্কৃতির পীঠস্থান। বহু জ্ঞানী ও গুণী তথায় বাস করিতেন। তখন মুসলমানদের হাত হইতে রক্ষা পাইবার জন্য বহু পণ্ডিত ব্যক্তি পুঁথি, পাণ্ডুলিপি ও পাণ্ডিত্য লইয়া ইউরোপের বিভিন্ন স্থানে ছড়াইয়া পড়িলেন। এইভাবে যে জ্ঞান-বিজ্ঞান কনস্টান্টিনোপলে সীমাবদ্ধ ছিল, তাহা সারা ইউরোপে প্রসারিত হইয়া তথায় নবযুগের সূচনা করিল এবং ইউরোপের 'রেনেসাঁস' বা নবজাগরণের আন্দোলনকে ত্বরান্বিত করিতে বহুল পরিমাণে সাহায্য করিল।

আধুনিক বা বর্তমান যুগের সূচনা

মধ্যযুগের শেষভাগে আরবগণ জ্ঞান-বিজ্ঞান ও শিল্প-সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্রে উন্নতির চরমশীর্ষে আরোহণ করে। প্রাচীন গ্রীকদর্শন ও বিজ্ঞানচর্চা অত্যন্ত গুরুত্ব পাইতে শুরু করে। অ্যারিস্টটলের শাস্ত্র পাঠ করিয়া মধ্যযুগের পণ্ডিতগণ অন্ধবিশ্বাস ত্যাগ করিতে আরম্ভ করে। শিক্ষা-সংস্কৃতির ক্ষেত্রে এই ধারাটি ইউরোপে প্রসারিত হয় এবং তথায় নূতন করিয়া প্রাচীন গ্রীক দর্শন, সাহিত্য, বিজ্ঞান প্রভৃতির চর্চা শুরু হয়। ফলে শিক্ষা-সংস্কৃতির ক্ষেত্রে যুগান্তরের সূচনা ঘটে। অজানাকে জানিবার আগ্রহ, অন্ধবিশ্বাসের পরিবর্তে সব-কিছু যুক্তি দিয়া যাচাই করিয়া লইবার বাসনা এবং সর্বোপরি সুন্দর জীবন যাপনের ইচ্ছা নূতন যুগের সূত্রপাত ঘটায়।

পূর্বে বাইজাণ্টাইন সাম্রাজ্যের মধ্য দিয়া এশিয়ার দেশগুলির সহিত ইউরোপের ব্যবসায়-বাণিজ্য চলিত। তুর্কীদের কনস্টান্টিনোপল অধিকারের পর এই বাণিজ্যপথ বন্ধ হইয়া যায়। তাহা ছাড়া এই বাণিজ্যে আরবগণ খুবই লাভবান হইত। ফলে ইউরোপীয়গণকে স্থলপথে এশিয়ার সহিত সরাসরি বাণিজ্য করিতে দেওয়া আরবগণের পক্ষে ক্ষতিকারক ছিল। ইটালির বন্দরগুলির বণিকসম্প্রদায়ও চাহিত না যে পশ্চিম ইউরোপের দেশগুলি এশিয়ার সহিত সরাসরি বাণিজ্য করে। কিন্তু পশ্চিম ইউরোপের দেশগুলি এশিয়ার দেশগুলির সহিত সরাসরি বাণিজ্য করিলে অনেক

লাভবান হয়। তাই এই সকল ইউরোপীয় দেশগুলি নূতন পথ আবিষ্কারে মাতিয়া উঠে। মার্কো পোলোর কাহিনী এবং টলেমির ভূগোল ইতিমধ্যেই ইউরোপে প্রচারিত হইবার ফলে ইউরোপীয়দের মধ্যে এশিয়ার বিভিন্ন দেশ সম্বন্ধে আগ্রহ জন্মিয়াছিল। কম্পাস বা দিগ্‌দর্শন যন্ত্র আবিষ্কার, অ্যাস্ট্রোলেব নামক অক্ষাংশ নির্ণয়ের যন্ত্র আবিষ্কার, নাবিকদের জন্য মানচিত্র ও নক্‌শার প্রচলন এবং বড় বড় পালতোলা জাহাজের প্রচলন প্রভৃতির ফলে অজানা সমুদ্রে পাড়ি জমানো সম্ভব হইয়া উঠে। ফলে জলপথের মাধ্যমে নূতন নূতন দেশের সহিত ইউরোপের বিভিন্ন দেশের যোগাযোগ স্থাপিত হয় এবং ইউরোপীয় দেশগুলির পক্ষে নূতন নূতন অঞ্চলে উপনিবেশ স্থাপনের পথ প্রশস্ত হয়। এইভাবেই ইউরোপের বিস্তৃতি ঘটে।

ক্রুসেডের সময়ে ইটালির শহরগুলি, বিশেষভাবে মিলান, পিসা, জেনোয়া, রোম, ভেনিস প্রভৃতি ব্যবসায়-বাণিজ্যে খুবই উন্নতি লাভ করে। ক্রমে ঐ সকল স্থানের অনেক অধিবাসী খুবই বিত্তশালী হইয়া উঠেন। তাঁহারা সুন্দর সুন্দর ছবি, প্রাসাদ ও নানাবিধ শিল্পকার্য পছন্দ করিতেন। আবার কন্‌স্টাণ্টিনোপলের পতনের পর সেখানকার পণ্ডিতেরা প্রধানতঃ এই সকল নগরে আসিয়াই তাঁহাদের জ্ঞানভাণ্ডার খুলিয়া বসেন। এই সকল নগরে উক্ত পণ্ডিতগণ খুবই সমাদর লাভ করেন। ফলে ইটালির শহরগুলি শিক্ষা-সংস্কৃতির পীঠস্থানে পরিণত হয়। এই সময়ে এই নগরগুলিতে সামন্ত-প্রথার অবসান ঘটে এবং 'বুরজোয়াজী'রাই রাষ্ট্র ও সমাজ-নিয়ন্ত্রণে প্রধান ভূমিকা পালন করিতে শুরু করে। ইটালিতেই রেনেসাঁসের সূত্রপাত এবং এখান হইতেই শিক্ষা-সংস্কৃতির নূতন ভাবধারা ক্রমে ক্রমে পশ্চিমে—ইউরোপের বিভিন্ন দেশে ছড়াইয়া পড়ে।

এই সময়ের রাষ্ট্রীয় সংগঠনের পরিবর্তনগুলি লক্ষ্য করিবার বিষয় ছিল। মধ্যযুগের চিন্তায় সমস্ত ইউরোপ এক বিরাট অখণ্ড খ্রীষ্টান সমাজরূপে গণ্য হইত। সম্রাট ও পোপদের ইউরোপ-জোড়া কর্তৃত্বের এইবার অবসান ঘটে। বিভিন্ন দেশের রাজারা এখন নিজের নিজের

নিয়ন্ত্রণাধীন এলাকার মধ্যে সম্পূর্ণভাবে স্বাধীন হইয়া বসেন। মধ্যযুগীয় সামন্তদের স্বাধীনতা খর্ব করিয়া অবাধ রাজশক্তি বা কেন্দ্রীভূত রাজশক্তির আবির্ভাব হয় এবং এইরূপ কেন্দ্রীভূত রাজশক্তির পশ্চাতে সমবেত হয় 'বুরজোয়াজী' শ্রেণী বা বিত্তশালী বণিক সম্প্রদায়। ইউরোপে ফ্রান্স, ইংল্যান্ড, পোর্তুগাল, স্পেন প্রভৃতি দেশগুলি শক্তিশালী জাতীয় রাষ্ট্র হিসাবে আত্মপ্রকাশ করে এবং ওলন্দাজগণ জাতীয় মুক্তি আন্দোলনে সামিল হয়। দীর্ঘদিনের রক্তক্ষয়ী সংগ্রামে ইংল্যান্ডের সামন্ত প্রভুদের অবস্থা শোচনীয় হইয়া পড়িয়াছিল। অধিকাংশ সামন্ত প্রভুই পরস্পর যুদ্ধ করিয়া হয় মৃত নতুবা সর্বস্বান্ত হইয়া পড়ে। ফলে মধ্যযুগীয় সামন্ত-প্রথা একরূপ ভাঙিয়া পড়ে। উৎপীড়িত চাষীরা ওআট টাইলারের নেতৃত্বে বিদ্রোহ শুরু করে (১৩৮৯ খ্রীঃ)। ইংল্যান্ডের এই অরাজক অবস্থার হাত হইতে নিষ্কৃতি পাইবার জন্য শক্তিশালী শাসকের প্রয়োজন হয়। প্রতিপত্তিশালী 'বুরজোয়া'গণ নিজেদের স্বার্থে কেন্দ্রীভূত শাসনের পক্ষপাতী হইয়া পড়িতে শুরু করে। এইভাবে সামন্ততন্ত্রের ধ্বংসস্তূপ হইতে অবাধ রাজতন্ত্র বা কেন্দ্রীভূত রাজতন্ত্রের সৃষ্টি হয়। ইংল্যান্ডের টিউডর ও ফ্রান্সের বুর্বন বংশের রাজশক্তি প্রকৃতপক্ষে এই ধরনের।

উৎপাদন ক্ষেত্রেও পরিবর্তন আসে। অনুন্নত দেশে উপনিবেশ স্থাপন ও সাম্রাজ্যের বিস্তার প্রভৃতির ফলে ইউরোপের বণিক সম্প্রদায়ের হাতে প্রচুর অর্থের সমাগম হইতে থাকে। মালিক শ্রেণী অল্প সময়ে বেশী পণ্য এবং আরও সূক্ষ্ম পণ্য উৎপাদনের জন্য সচেষ্ট হয়। ফলে, সামন্তযুগের পণ্যদ্রব্য প্রস্তুত-প্রণালীর পরিবর্তন হয়, আরম্ভ হয় সমবেত হস্তোৎপাদন। একটা গোটা জিনিস এক ধরনের কারিগরে প্রস্তুত না করিয়া তাহার বিভিন্ন অংশ ভিন্ন ভিন্ন লোকেরা তৈয়ারি করিতে শুরু করে। ছোট ছোট কারখানাও শুরু এই সময় হইতে। চাহিদা বৃদ্ধির ফলে স্বাভাবিক নিয়মানুসারেই বিজ্ঞানের নূতন নূতন আবিষ্কারের পথ সুগম হয়।

শিক্ষা-সংস্কৃতির ক্ষেত্রেও নূতন বুরজোয়া ধ্যান-ধারণার উদয় হয়।

এই ধ্যান-ধারণার প্রবক্তাদের 'হিউম্যানিস্ট' বা মানবতাবাদী বলা হয়। তাঁহাদের মূলকথা—স্বর্গরাজ্য বা ধর্মতত্ত্ব লইয়া বেশী মাথা ঘামাইবার প্রয়োজন নাই; পার্থিব জীবনেই অনেক-কিছু করিবার আছে। মধ্যযুগের সামন্তপ্রভু ও নাইটরা আসলে নিষ্কর্মা ও মূর্খ; পুরোহিতরা আসলে অসৎ ও ধূর্ত—জগতের সেরা মানুষ হইল প্রকৃতপক্ষে স্বাধীনচেতা ও পরিশ্রমী বুরজোয়া ব্যবসায়ীরা। জীবনে উন্নতি ও সুবিধার জন্য আধ্যাত্মিক চিন্তা লইয়া মাথা ঘামাইবার প্রয়োজন নাই, প্রয়োজন প্রকৃতপক্ষে অন্য বিদ্যার—ভূগোল, প্রাকৃতিক বিজ্ঞান, জ্যোতির্বিদ্যা, চিকিৎসাশাস্ত্র, সৌন্দর্যচর্চার জন্য সাহিত্য ও শিল্প। এই সমস্ত মানুষের যোগ্য ও প্রয়োজনীয় বিদ্যার অনুশীলনের জন্যই ইঁহারা 'হিউম্যানিস্ট' নামে পরিচিত।

এইভাবে রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক জীবনে একটি মৌলিক বা গুরুত্বপূর্ণ পরিবর্তনের মধ্য দিয়া সামন্তযুগের অবসান হয় এবং বিশ্ব এক নূতন যুগে প্রবেশ করে, যাহাকে আমরা আধুনিক যুগ বলিয়া থাকি।

ঘটনাপঞ্জী

কনস্টাণ্টিনোপলের পতন— ১৪৫৩ খ্রীঃ।

অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন

১। কনস্টান্টিনোপলের পতন ও উহার ফলাফল সংক্ষেপে বর্ণনা কর।

২। রেনেসাঁসের যুগে ইউরোপে রাষ্ট্রনৈতিক সংগঠনে কিরূপ পরিবর্তন সাধিত হয় সংক্ষেপে বর্ণনা কর।

৩। রেনেসাঁস' বা নবজাগরণের ক্ষেত্রে ইটালীর বন্দরগুলির ভূমিকা আলোচনা কর।

৪। রেনেসাঁসের যুগে উৎপাদন ব্যবস্থায় কি পরিবর্তন আসে সংক্ষেপে বর্ণনা কর।

৫। রেনেসাঁসের যুগে শিক্ষা সংস্কৃতির ক্ষেত্রে চিন্তাধারার কি পরিবর্তন সাধিত হয়?

৬। রেনেসাঁসের যুগে ভৌগোলিক আবিষ্কারের কারণ ও গুরুত্ব সংক্ষেপে বর্ণনা কর।